said, "No one could call her gentle. But of all nobly, sympathetic natures she was amongst the finest." She was full of selfless love. With all her intellectual and political activities her perennial fountain of Love was never dry. She was a mother to all. A few incidents can show that her love surpassed even that of an earthly mother. She was very affectionate and sympathetic to the child-widows of the school. One day when she took her meals without offering anything to a child-widow on an Ekadashi day, she felt very sorry and guilty and repeated again and again, "How thoughtless of me, my child !"

No words can describe her service during the plague epidemic of 1898. Her self-sacrifice was so great that she gave up the barest necessities of life to meet the medical expenses of the patients. During the plague epidemic her selfless service and humility were very prominent. One could see her everywhere in Baghbazar slums inspecting the sanitation of the locality. Whenever she saw a lane unclean, she herself swept the place with a broom. Day after day she nursed a sick child who died in her lap. Thereafter to disinfect the place she started white-washing the walls of the house herself. She has fulfilled to the letter her Guru's words,

"Be thou to India's future son
The mistress, servant, friend in one."

Sister Nivedita was a mature educator with keen intellect so she could not be content with offering only consolation and comfort to those who came in contact with her. Almost all her contemporary intellectuals were indebted to her in one way or other. The great scientist J. C. Bose owed a great deal to Sister Nivedita because she helped him in writing his scientific books. Dinesh Sen, the author of a history of the Bengali language and literature in English marvelled at her capacity to work selflessly. She went through his whole manuscript for nearly a year. After the task was over, she asked him not to mention her name in the book. He said, "Such labour of love cannot be bought for money." He further remarked, "I have only read in the

Gita about selfless work, but have hardly come across any one with detatchment like hers."

Knowing Sister Nivedita well, Rabindranath Tagore said about her that "She gave whatever was best in her, whatever was noblest."

She encouraged young artists to be orginal and sent them to study ancient Indian art at Ajanta and Ellora. Whoever tried to work for the country received her help. So all the young men who took part in the struggle for independence found in her a friend, philosopher and guide. A true educator that she was, she could see the latent greatness in persons even when they were obscure. She praised them and encouraged them to do great things. She told Subramanya Bharati, the great Tamial poet, while he was an unknown young man "I am sure you will become famous. God bless you." She advised him to cultivate universal love and not to hate anybody. In Bharati's "Song for Children" (Papea Pattu) in four-line verses he tells the child the way to live in the world thus: One should love all human beings, one should know that God is Truth and have a brave heart. Later he admitted that in this he had visualised the great Nivedita as a model for children. Even long before Ramananda Chatterjee brought out *THE MODERN REVIEW* she predicted that "His genius and character will one day seek a wider scope of activity."

Though Nivedita was kind and loving and helpful, she could not tolerate weakness in any person. In 1905, in the convocation address in Calcutta, Lord Curzon made derogatory remarks about Indians. None in the audience protested against this. She could not pocket the insult tamely. She wrote in the newspapers protesting against this. But she did not spare the audience even. She attacked them severely for their passivity. She boldly told the persons concerned about their cowardice even if it hurt their vanity. But the rebuked persons could feel her love and they felt that as a true friend she had the right to admonish them whenever necessary. Dr. Rashbehari Ghosh truly remarked, "If the dry bones are beginning to stir, it is because Sister Nivedita breathed the breath of life into them." She wanted

India to be great by following the national ideals and not by copying any other nation. Though she was a great advocate of activity and wanted the Hindus to be aggressive, a calm and peaceful attitude always appealed to her. She wanted India as a nation to develop this attitude along with intense activity and in doing this, follow the ideal preached by Sri Ramakrishna and Swami Vivekananda. "I think infinitely more of Sri Ramakrishna's life now than I used to do. I want to see our men standing in groups at all corners of India, not as workers, but simply to pray and witness the lives of Swamiji and Sri Ramakrishna. These two lives are the unity of India. All that is necessary is that India should keep them in heart."

## IN THE EYES OF THE CONTEMPORARIES

I saw a tall, robust woman in the very prime of life. Her face in repose was almost plain. The cheek bones were high and the jaws were square. The face at the first glance expressed energy and determination, but you would hardly have looked at it again but for the forehead and the eyes. The eyes were a calm, deep blue, and literally lit up the whole countenance. The forehead was broad rather than high, and was surmounted by a semi-Indian sari, fastened to the abundant brown hair. In animation the face and its expression were transfigured, in sympathy with the rich, musical voice.

If there were time one might go on for hours expatiating upon the wondrous diversity of her gifts her eloquence, the acuteness of her perceptions, the firmness of her intellectual grasp, the dazzling purity of her mind, the whole-souled devotion which she was ever ready to pour out upon the cause and friends she had made her own

*A. J. Fraser Blair*

Everything about her was sincere, frank and pure while her unaffected modesty was as charming as it is was admirable. And I saw that she was a woman with an extraordinary intellect, of extensive and accurate reading. She was intensely impulsive, but every impulse was generous and her earnestness of purpose was consuming.

Her interests were as varied as they were wide. She was deeply interested in Dr. J. C. Bose's scientific researches. I met her at the house of the American Consul General in Calcutta in earnest conversation with a well known Japanese thinker and writer. I heard her speaking in public. She was a most eloquent and fascinating speaker but her thoughts and language were far too high pitched for the common audience. As a writer the charm of her style abides in her books.

*Novalies*

Her marvellous intellect, her lyric powers of expression, her great industry, the intensity with which she held her beliefs and convictions, and last but not the least, that truly great gift capacity to see the soul of things straightaway – all these would have made her a most remarkable woman of any time and in any country. And when to these were joined as were in her case - a love for India that overflowed all bounds, a passionate devotion to her interest and an utter self-surrender in her service and finally a severe austerity of life accepted not only uncomplainingly but gladly for her sake, is it any wonder that Sister Nivedita touched our imagination and captured our hearts, or that she exercised a profound and far-reaching influence on the thoughts and ideas of those around her, and that we acclaimed her as one of the greatest men and women that have lived and laboured for any land ! Sister Nivedita came to us not to "do good" to us as some people somewhat patronisingly put it ; she came to us not even as a worker for humanity moved to pity by our difficulties, our shortcomings and our sufferings ; she came to us because she felt the call of India.

And the beautiful completeness of her acceptance of India was indeed what no words can express not merely her acceptance of the great things for which India has stood in the past or of those for which, God willing, she shall stand again in the future but of India as she is today with all her faults and shortcomings, undeterred by the hardships or difficulties of our lives, unrepelled by our ignorance, superstition, and even our squalor. As we think of this we see before our eyes a haunting image of the noblest that can be conceived leading us and driving us to greater and better things.

*G. K. Gokhale*

She stands out in bold relief against the background of the national mind, -a great personality carved by the unconscious desire of the people into their own image and likeness and into the living representation of their life and ideals. She consciously voiced the silent want and

the voiceless need of millions and she uttered unto them that message which all the powers of her soul, even at the sacrifice of her own self, formulated as the national consciousness.

Day in and day out for more than fourteen years, she had made her spirit one with that of the land, penetrating into every nook and crevice of the Indian experience for evidences of its greatness as fewest have ever done, searching for the powers and the self-recreating spirit of India. The result and the realisation is the idea and the coinage of the term, the national consciousness.

Masculine-minded and masculine in will she brooked no meddling with or distorting of her convictions. Whatever convictions she had and they were many were the outcome of an earnest search and of a sincere intellect. She had nothing to gain and much to lose from some of the positions she took, but once her will was set it was immovable.

*J. F. Alexander*

She had a versatile, all-round genius, and with that there was another thing in her nature —that was her militancy. She had power, and she exerted that power with full force on the lives of others. A great enthusiasm to take possession of the mind after conquering it worked in her nature. I have not noticed in any other human being the wonderful power that was hers of absolute dedication of herself. In her own personality there was nothing which could stand in the way of this utter self-dedication.

Her resolve was this and this alone that she would give only that which was absolutely genuine ; she would not mix self with it in the least ; no, not her hunger or thirst, profit or loss, name or fame ; neither fear nor shrinking, nor ease nor rest....She was in fact a Mother of the People.

*Rabindranath Tagore*

The whole personality of Nivedita—her face, her voice, her changing moods and daily life, were ever expressing the alternating reaction of outward environment and inward spirit which goes on throughout the individual and social life. She was open at once to

the concrete and the abstract, to the scientific and the philosophic, and her many moods were in perpetual interplay—sparkling with keen observation, with humorous or poetic interpretation, or, opal-like, suffused with mystic light, aflame with moral fire.

*Patrick Geddes*

It is as vain to describe Sister Nivedita in two pages as to reduce fire to a formula and call it knowledge. There was, indeed, something flame-like about her, and not only her language but her whole vital personality often reminded me of fire. Like fire, and like Shiva, Kali, and other Indian powers of the spirit, she was at once destructive and creative, terrible and beneficent. There was no dull tolerance about her, and I suppose no one ever called her gentle. Even with friends her disagreement could be vehement, and her contradiction was very direct. In face of the enemy her eyes turned to glowing steel, and under anger they deepened in colour, like Garibaldi's. Her scorn of presumptuous ignorance and her indignation at wrong were blasting. I do not doubt that rage lacerated her own heart, but she withered the enemy up. No one would call her gentle.

*H. W. Nevinson*

She was like a star, if we should not rather say, like a sun, and it would be sad if this sun should altogether set. Her place can hardly be filled in the present aeon, though one or another may arise who may remind the well-equipped historical student of her.

*Dr. Cheyne*

The land to whose service she had devoted herself made an overwhelming appeal to her its history and thought, its people and their life, its present state in subjection and social transition. There could be no partial surrender with her . she gave herself utterly.

The influences that have gone to the shaping of the New India are still obscure ; but this may be said with complete assurance, that among them all there has been no single factor that has surpassed, or

equalled, the character and life and words of Margaret Noble.

And those to whom she gave the ennobling gift of her friendship knew her as the most perfect of comrades, while they hold the memory of that gift as this world's highest benediction. They think of her years of sustained and intense endeavour, of her open-eyed and impassioned search for truth, of the courage that never quailed, the noble compassionate heart ; they think of her tending the victims of famine and plague, or ministering day by day among the humble folk with whom her lot was cast : putting heart into the helpless and defeated, showing to the young and perplexed the star of a glowing faith and purpose, royally spending all the power of a rich intelligence and an overflowing humanity for all who called upon her in their need. And some among them count it an honour beyond all price that they were permitted to share, in however imperfect a measure, the mind and confidence of this radiant child of God.

*S. K. Ratcliffe*

She was an Indian through and through, an Indian to the very marrow of her bones. Her nationality was but an external incident her soul was Indian. It seemed as if the liberated spirit of some Rishi of the olden times had been reincarnated in her, so that vitalised by the life of the West, she might once again, amid familiar environments, serve the people of her ancient love. No matter what complexion incompatible with an Indian sun was hers, her mind and soul were Indian--she spoke the thoughts of India she dreamt the dreams of India- she passed her days and nights in an atmosphere surcharged with all that was best and noblest in the life of India, ancient and modern.

To us the people of Bengal, it must be a matter of pride and gratification to know and feel that Sister Nivedita, such as she was, such as she lived and died, was the product of the inspiration of a great Bengalee Guru, the illustrious Swami Vivekananda. By the reverence that we owe to their adored memories, by the obligations of duty that bind us to our country, by the considerations of expediency which are

never absent even in the noblest of causes, we are called upon to continue, develop and extend the great work which was theirs and which, as the years roll on, will conduce in an increasing measure to the happiness, the prosperity and the greatness of that ancient land which was theirs, and which is ours, where repose the ashes of revered ancestors and where will rest our bones of our children and our children's children.

*Surendranath Banerjea*

But a nation's chief strength comes out of a belief in its own capacity, and such a belief is the natural product of a conviction of the greatness of its ancestors, the reassuring thought that what they had done their progeny can do. Hence she gloried, and urged us to glory, in ancient India's achievements, not merely in spiritual culture (which is known to all), but also in arts and science, commerce and crafts. She thus became the trumpet voice of what is wrongly called 'Aggressive Hinduism'. This term probably needs explanation today.

This first generation of English-educated Bengalees found nothing to admire in the Hindu religion as then practised nor in the achievements of the ancient Hindus. They regarded our religion, society and historic past with unmixed contempt. Many of our most promising youths became converts to Christianity to solace their souls. In the next generation, many cut themselves equally adrift from Hindu society by becoming Brahmo-Samajists. Most others remained Hindus in name only, hardly concealing their scepticism about the faith and practices of their religion. But in the early eighteen-eighties began a reaction. Orthodox Hinduism publicly raised its head. "Champions sprang up to defend the Hindu philosophy and ritual and to proclaim them to the world as the perfection of human thought. An aggressive Hinduism replaced the shy passive creed that formerly used to be almost ashamed of itself and to stand ever on the defensive amidst growing foes and diminishing adherents. The conversion of educated Hindus even to Brahmoism ceased....Soon the movement spread from the capital of Bengal to the district towns, and every-

where a new Hindu organization raised its head." (Quoted from my *India Through the Ages*). And yet, Nivedita was the furthest removed from the blatant boastfulness of a particular school of noisy, modern, orthodox Hindus. Indeed, she could not be otherwise as a disciple of Vivekananda who was never weary of saying that salvation cannot come from Non-touchism (chut-achut-margi) but from the heart's strength and purity.

She was not a blind admirer of everything in India's past or present. She asked us to penetrate in to the inner significance of our old myths and legends, rites and customs, and take to our modern life everything that was good in them. Here her marvellous power of interpretation (or allegory) came into play.

*Jadunath Sarkar*

As I sat by her bedside the story that she herself had told of Uma Haimavati came vividly before me. This was the very season when she came to her Father's Home. Here, too, was another Uma, the fair daughter of the snows, who had after a long parting come back once more to her Indian home. Had she to wait for this incarnation to know and be with her own? Or is it that in our Father's Mansion there is no such thing as North or South, East or West?

*Mrs. J. C. Bose*

Sister Nivedita was indeed a queen among women, who wore by right divine the spotless myrtle Crown of womanhood. What a lesson of noble purposes, of patience, of courage, of sacrifice and of endurance, is furnished by her life! Sister Nivedita taught us, in the words of Gladstone, that life is a great and noble calling and an elevated and lofty destiny. To live for others was the guiding principle of her life.

Who can say she worked in vain? Who can say she has not made the steps easier for those who will follow her? She taught us that our true salvation lies not in selfish asceticism but in the cultivation of the civic virtues. She was an idealist it is true, but not an idle

visionary. The scavenger, she said, with the civic ideal of cleanliness is a better citizen than a Brahmin if the latter serves only himself.

Death has struck our Sister down before her mission could be accomplished. That, we all know, is the common fate of all ministers of good things, who, as Hooker says, are like torches, a light to others, waste and destruction to themselves. But depend upon it, her work will not perish, nor the cause she had at heart die in her death. Though we meet in sorrow we do not sorrow as those who have no hope, for our Sister has joined

"The choir invisible,
Of those immortal dead who live again
In minds made better by their presence."

*Rash Behari Ghosh*

রামকৃষ্ণ সারদা মিশন

# নিবেদিতা বালিকা বিদ্যালয় পত্রিকা

নিবেদিতা শতবর্ষ-জয়ন্তী-স্মারক সংখ্যা

১৯৬৭

# সূচীপত্র


| | |
|---|---|
| উদ্বোধনী ভাষণ—শ্রীমৎ স্বামী বীরেশ্বরানন্দ | ১ |
| আশীর্বাণী—প্রব্রাজিকা ভারতীপ্রাণা | ৪ |
| স্বামীজী ও তাঁহার গুরুভাইদের দৃষ্টিতে নিবেদিতা | ৫ |
| পত্রাংশ | ৭ |
| গুরু-বন্দনা | ১০ |
| প্রণাম—সুনীতিকুমার চট্টোপাধ্যায় | ১২ |
| ভগিনী নিবেদিতা—রমেশচন্দ্র মজুমদার | ১৬ |
| আমেরিকায় বেদান্ত প্রচারে মার্কিন নারীর ভূমিকা—স্বামী শ্রদ্ধানন্দ | ১৭ |
| ভগিনী নিবেদিতা ও ছাত্রসমাজ—প্রব্রাজিকা মুক্তিপ্রাণা | ২৫ |
| ভগিনী নিবেদিতা স্মরণে—প্রব্রাজিকা শ্রদ্ধাপ্রাণা | ৩১ |
| নিবেদিতা—মনমোহন বর্মা | ৩৫ |
| গুরু ও শিষ্যা—প্রব্রাজিকা নিত্যপ্রাণা | ৩৭ |
| নিবেদিতার চিঠিতে তার মা—শঙ্করীপ্রসাদ বসু | ৪২ |
| গুরু-শিষ্যা-সংবাদ—প্রব্রাজিকা বেদপ্রাণা | ৫২ |
| মাতা ও কন্যা—সবিতা রায় | ৬২ |
| ভগিনী নিবেদিতা : শতক পরের সমীক্ষা—গীতা গুপ্ত | ৬৮ |
| নিবেদিতা : একটি বালিকার আত্মনিবেদন—পম্পা মিত্র | ৭২ |
| শ্রদ্ধাঞ্জলি (সংস্কৃত)—সুমিত্রা দেবী | ৭৭ |
| | |
| ভগিনী নিবেদিতা (কবিতা)—বনফুল | ৮০ |
| স্মৃতি তর্পণ (কবিতা)—বীণাপাণি বসুরায় | ৮১ |
| নিবেদিতা (কবিতা)—রমলা সেন | ৮৫ |
| তাহারে প্রণাম করি (কবিতা)—প্রব্রাজিকা বিশ্বপ্রাণা | ৮৭ |
| নিবেদিতা (কবিতা)—স্বামী নিরাময়ানন্দ | ৮৮ |
| ভগিনী নিবেদিতা (কবিতা)—সজনীকান্ত দাস | ৯২ |
| | |
| স্বামীজীর স্মৃতি—সিস্টার ক্রিস্টিন | ৯২ |
| মিস ম্যাকলাউড ও মিসেস বুল | ১০২ |
| দুইটি পত্র | ১০৬ |

# সূচীপত্র


রবীন্দ্রনাথের দৃষ্টির আলোকে নিবেদিতা ... ১০৯

স্মৃতি কথা ... ১১১

অবনীন্দ্রনাথ ঠাকুর—১১২, ডঃ দীনেশচন্দ্র সেন—১১৩, রামানন্দ চট্টোপাধ্যায়—১১৫, নন্দলাল বসু—১১৭, অধ্যাপক গোকুলদাস দে—১১৭, কুমুদবন্ধু সেন—১১৮, রথীন্দ্রনাথ ঠাকুর—১২০, সরলাবালা সরকার—১২২, [illegible]বালা দাস—১২৪, নির্ঝরিণী সরকার—১২৭, প্রফুল্লমুখী দেবী—১৩০

শ্রদ্ধার্ঘ্য ... ১৩১

বিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস ... ১৩৪

স্মরণীয় পৃষ্ঠা ... ১৪৬

রিপোর্টের দু'এক পাতা ... ১৪৭

[illegible] ... ১৫১

বক্তৃতা ... ১৫৩

নিবেদিতার মহাপ্রয়াণ ... ১৫৪

ভগিনী নিবেদিতা—শ্রী তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ... ১৫৫

নিবেদিতা শতবর্ষ জন্ম-জয়ন্তীর উদ্বোধন লগ্নে ... ১৫৮

Managing Committee 1929-67 ... ১৬১

# উদ্বোধনী ভাষণ

শ্রীমৎ স্বামী বীরেশ্বরানন্দ

প্রেসিডেণ্ট, রামকৃষ্ণ মঠ ও মিশন

বন্ধুগণ,

যে মহাপ্রাণা রমণী বিদেশিনী হয়েও ভারতকে মাতৃভূমি জ্ঞান করে তার সেবায় জীবন উৎসর্গ করে গেছেন, আজ তাঁরই জন্মশতবার্ষিকী উপলক্ষে আমরা এখানে সমবেত হয়েছি। যে হিমালয়ের ক্রোড়ে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন, সেখানে তাঁর সমাধিক্ষেত্রের উপর নির্মিত স্মৃতি-স্তম্ভে উৎকীর্ণ 'এখানে ভগিনী নিবেদিতা শান্তিতে নিদ্রিত—যিনি ভারতবর্ষকে তাঁর সবস্ব অর্পণ করেছিলেন' কথাগুলি অক্ষরে অক্ষরে সত্য।

তাঁর জন্ম আয়র্লাণ্ডে, ইংলণ্ডে লালিত-পালিত আর ভারত ছিল তাঁর কর্মক্ষেত্র। কিন্তু তাঁর জীবন ও কর্মের দিক দিয়ে তিনি সমগ্র বিশ্বের অন্তর্ভুক্ত। তাঁর আদর্শবাদ ও আত্মোৎসর্গ তাঁকে শাশ্বত জীবনের অধিকারী করেছিল। তাঁর পিতামাতা ছিলেন ধর্মপ্রাণ খৃষ্টান। জন্মক্ষণে তাঁর মাতা তাঁকে উৎসর্গ করেন ভগবৎ সেবায়। তিনি স্বয়ং ছিলেন আত্মত্যাগ ও সত্যানুরাগ প্রভৃতি সদ্‌গুণে ভূষিতা। অপেক্ষা ছিল শুধু এক মহৎ প্রাণের জ্বলন্ত স্পর্শ—যে স্পর্শে তাঁর অন্তরে আত্মত্যাগের সুপ্তবহ্নি জ্বলে উঠবে। ১৮৯৫ খৃষ্টাব্দে লণ্ডনে স্বামী বিবেকানন্দের সঙ্গে সাক্ষাতে তারই সূচনা। 'হিন্দুযোগী'র সম্মোহনী ব্যক্তিত্বের দ্বারা প্রভাবিত না হবার জন্য সতর্কতা অবলম্বন এবং নিজের প্রবল স্বাতন্ত্র্যবোধ সত্ত্বেও হিন্দুযোগীর চরিত্র ও শিক্ষার মহত্ত্ব তাঁকে অভিভূত করে। তিনি নিজেই এই সাক্ষাতের পরিণাম সম্বন্ধে বলেছেন, 'ইনি যে বীরোচিত উপাদানে গঠিত ছিলেন, তা আমি হৃদয়ঙ্গম করেছিলাম, এবং তাঁর স্বজাতি প্রেমের নিকট আমি সম্পূর্ণ আনুগত্য স্বীকার করতে চেয়েছিলাম।'

ভগিনী নিবেদিতা ভারতমাতার উদ্দেশ্যে স্বামী বিবেকানন্দের এক অনুপম উপহার। এক প্রতিভাসম্পন্না নারীকে স্বামী বিবেকানন্দ যেন পাশ্চাত্য সংস্কৃতি ও সভ্যতার মূল থেকে ছিন্ন করে এনে রোপণ করলেন ভারতীয় সংস্কৃতি ও সভ্যতার ভূমিতে। ভগিনীর মত দৃঢ়চিত্ত নারীর পক্ষেও এই রূপান্তর ছিল ক্লেশকর। তথাপি পরিণামে তিনি সফলতা লাভ করেন। এই আচার্যের শিষ্যত্ব এবং তাঁর কল্পনার ভারতভূমির সেবিকার ভূমিকা পালন করা সহজ ছিল না। কিন্তু স্বামী বিবেকানন্দ জানতেন, তাঁর কাছে কতখানি প্রত্যাশা করা যায়, এবং তিনি নিরাশ হননি। গুরুর নিকট তিনি যে গভীর আধ্যাত্মিক শিক্ষা লাভ করেন, তাঁর উপর গুরুর অগাধ বিশ্বাস এবং যিনি তাঁকে কন্যারূপে গ্রহণ করেন সেই শ্রীশ্রীমার আশীর্বাদ—এই সকলের ফলেই আপাতদৃষ্টিতে যা অসম্ভব তা সম্ভব হয়েছিল। তারপর থেকে নানাভাবে তিনি ভারতের

সেবায় নিজেকে উৎসর্গ করে গেছেন। ভারতের তরুণ সম্প্রদায়কে তিনি উদ্বুদ্ধ করেছিলেন দেশপ্রেমে, আহ্বান করেছিলেন ভারতমাতার মুক্তি সাধনের জন্য জীবন উৎসর্গ করতে। ভারতীয় নারীর শিক্ষা ও উন্নতিকল্পে তিনি কাজ করে গেছেন। পাশ্চাত্যের নিকট বক্তৃতা ও 'রিলিজন এ্যাণ্ড ধর্ম', 'দি ওয়েব অব ইণ্ডিয়ান লাইফ', 'ফুটফলস্ অব ইণ্ডিয়ান হিস্ট্রী', 'শিব এ্যাণ্ড বুদ্ধ', 'কালী দি মাদার' ইত্যাদি পুস্তকের মাধ্যমে শিল্প, শিক্ষা, সমাজ-জীবন, ধর্ম ও প্রতীক উপাসনা ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে ভারতীয় কৃষ্টি ও আদর্শের ব্যাখ্যা করেছেন। ভারতের তদানীন্তন বহু প্রতিভাবান ব্যক্তির উপর তিনি প্রভাব বিস্তার করেছিলেন। প্রয়োজনীয় কল্পনা শক্তি ও অন্যান্য গুণের অধিকারিণী নিবেদিতার শিক্ষাকার্যে জন্মগত অধিকার ছিল। বালিকাগণের জন্য তিনি যে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন, 'নিবেদিতা বালিকা বিদ্যালয়' তারই পরিণতি। ইহা ব্যতীত ভারতে 'জাতীয় শিক্ষা' প্রসারের ভিত্তি স্থাপনে তিনি বহু অংশে সাহায্য করেন।

শিল্প, সাহিত্য, বিজ্ঞান, শিক্ষা, সাংবাদিকতা ও রাজনীতির ক্ষেত্রে সে যুগে যে সকল প্রতিভাবান ব্যক্তি নেতৃস্থানীয় ছিলেন তাঁদের অনেকেই তাঁর হৃদয় ও বুদ্ধির মহৎ গুণাবলী ও সর্বতোমুখী প্রতিভার দ্বারা আকৃষ্ট হয়েছিলেন। বহু ব্যক্তিকে তাঁদের স্ব স্ব কর্মক্ষেত্রে তিনি অনুপ্রাণিত করেছিলেন, সাহায্য করেছিলেন। তাঁর চরিত্রের দৃঢ়তা, স্বকীয়তা, সহৃদয়তা ও আত্মবিলোপ বহু লোকের হৃদয়ে অনুরাগপূর্ণ শ্রদ্ধার উদ্রেক করেছিল। তার মধ্যে বিশেষ তাৎপর্যপূর্ণ শ্রদ্ধাঞ্জলি হোল— 'এই জ্যোতির্ময় দেবকন্যা'। মার্গারেট এলিজাবেথ নোবলের ঐকান্তিক পবিত্রতা এবং তাঁর গুরু ও শ্রীশ্রীমার আশীর্বাদ তাকে রূপান্তরিত করেছিল 'এই জ্যোতির্ময় দেবকন্যারূপে।'

সমগ্র শক্তি দ্বারা ভারতকে সেবা করতে গিয়ে তাঁর দৃঢ় প্রত্যয় জন্মে যে, জাতি গঠনের জন্য রাজনৈতিক মুক্তি অপরিহার্য। যে রামকৃষ্ণ সংঘ তাঁর প্রতিষ্ঠাতা স্বামী বিবেকানন্দের নির্দেশে সম্পূর্ণভাবে রাজনীতি বর্জন করেছিল তার সঙ্গে নিবেদিতা কোনরূপ আপস করতে চাননি। সুতরাং নিজের ও সংঘের প্রতি সুবিচারের উদ্দেশ্যে তিনি সংঘের সদস্যপদ ত্যাগ করেন এবং এইভাবে রাজনীতির ক্ষেত্রে কাজ করবার জন্য স্বাধীনতা লাভ করেন। কিন্তু সংঘের সঙ্গে আধ্যাত্মিক যোগ তিনি বরাবর রেখেছিলেন। সংঘ ত্যাগের পরেও তাঁর প্রতি স্বামীজীর গুরু-ভ্রাতাদের স্নেহ ও ভালবাসা ছিল পূর্বের মত। পূর্বের মতই তিনি তাঁদের একজন বলে গণ্য হতেন। অন্য কোন কারণে নয়—কেবল সংঘের নিরাপত্তার জন্যই এই বিচ্ছেদ ছিল প্রতিষ্ঠানগত এবং সম্পূর্ণরূপে বাহ্যিক। কোন কোন ক্ষেত্রে যারা তাঁর এই কাজের ভুল অর্থ করেছেন, তারা এই সিদ্ধান্ত গ্রহণের পশ্চাতে অবস্থিত প্রকৃত কাহিনী অবগত ছিলেন না। নিঃসন্দেহে এটা ছিল তাঁর কাছে বেদনাদায়ক কিন্তু তিনি উপলব্ধি করেছিলেন, নিজের এবং যে সংঘ তাঁর অতি প্রিয় তার প্রতি বিশ্বস্ত থাকবার এই একমাত্র উপায়।

তাঁর রাজনীতি ছিল আক্রমণশীল এবং আবেদন-নিবেদনমূলক নরমপন্থী রাজনীতি তিনি সহ্য করতে পারতেন না। সুতরাং স্বদেশী আন্দোলন তাঁর পূর্ণ সমর্থন লাভ করে। রাজনীতি সম্পর্কে এই দৃষ্টিভঙ্গী সত্ত্বেও তিনি ছিলেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের বন্ধু, কারণ তিনি বরাবরই উপলব্ধি করেছিলেন যে, স্বাধীনতা অর্জনের জন্য ভারতকে ঐক্যবদ্ধ হতে হবে। ভারত-বর্ষে 'ধর্মের পুনঃপ্রতিষ্ঠা হবে যখন সমগ্র জাতি কোন দুর্বলতা, দুর্ভাগ্য অথবা অভিযোগের দাবীতে

নয়, পরন্তু এক মহান্ জাতীয়তা, এর উত্তরাধিকারের বিরাট সদা জাগ্রত চেতনায় ঐক্যবদ্ধ হবে এই ছিল তাঁর স্বপ্ন।

কঠোর দুঃখ ও পরীক্ষার পূর্ণ অংশ নিবেদিতাকে গ্রহণ করতে হয়েছে। তাঁর জীবন ছিল কৃচ্ছ্রসাধনপূর্ণ। কিন্তু তিনি তার জন্য সর্বদা প্রস্তুত ছিলেন। স্বামীজী তাঁর সম্মুখে ত্যাগের আদর্শ স্থাপন করেছিলেন, 'আত্মোৎসর্গই ছিল অতীতের নীতি, এবং হায় যুগ যুগ ধরে তাই চলতে থাকবে।' গুরু-প্রদর্শিত এই ত্যাগের আদর্শ নিবেদিতা অন্তরের সঙ্গে গ্রহণ করেছিলেন। তাই তাঁর 'কালী দি মাদার' পুস্তকে দেখি, 'নিজের জন্য করুণা প্রত্যাশা কোর না। আমি তোমাকে অপরের জন্য করুণার মহা আধার করে তুলব। সাহসের সঙ্গে বরণ কর তোমার নিজের অন্ধকার, তোমার দীপালোক বহুজনের অন্ধকার দূর করে আনন্দ দান করবে। তুচ্ছতম কাজটিও আনন্দের সঙ্গে সম্পাদন কর, বিসর্জন দাও উচ্চপদের আকাঙ্ক্ষা।'

ভারতমাতার উদ্দেশ্যে নিবেদিতা যে বিবেকানন্দের অতুলনীয় উপহার সেই বিবেকানন্দের নিকট আন্তরিক প্রার্থনা এই মহান নিবেদিত জীবন দেশের তরুণ সম্প্রদায়কে অনুপ্রাণিত করুক স্বদেশের সেবায়।

শান্তিঃ শান্তিঃ শান্তিঃ

২৮শে অক্টোবর মহাজাতি সদনে প্রদত্ত ভাষণের বঙ্গানুবাদ।

# আশীর্বাণী

যুগাচার্য স্বামী বিবেকানন্দের কন্যা ভগিনী নিবেদিতার শতবর্ষ জয়ন্তী উপলক্ষ্যে তাঁহারই প্রতিষ্ঠিত বিদ্যালয় হইতে স্মারক গ্রন্থ প্রকাশিত হইতেছে—ইহা অতিশয় আনন্দের বিষয়।

ভগিনী নিবেদিতা স্বামীজীর আদেশে শ্রীশ্রীমায়ের আশীর্বাদ শিরোধার্য করিয়া ভারতীয় আদর্শের অনুসরণে ভারত-রমণীর জন্য এই বিদ্যালয় স্থাপন করেন। ভবিষ্যৎ ভারতের জন্য তিনিই প্রথম আদর্শ নারী বিদ্যালয়ের বীজ বপন করিয়া গিয়াছেন।

পরাধীন ভারতে তাঁর আদর্শকে ভিত্তি করিয়া শিক্ষায়তন স্থাপন সহজ ছিল না। কেমন করিয়া নিবেদিতা সরকারের সামাজিক অর্থনৈতিক বাধা উপেক্ষা করিয়া তাঁহার অপরিসীম ত্যাগ ও অক্লান্ত পরিশ্রম দিয়া এই বিদ্যালয় গড়িয়া তুলিয়াছেন তাহা আমাদের শৈশবে আমরা চোখের সম্মুখে ঘটিতে দেখিয়াছি।

তিনি কোনদিনও নিরাশ হন নাই। তিনি সর্বদা অনুভব করিতেন, শ্রীশ্রীমা তাঁহার ক্ষুদ্র প্রচেষ্টাকে আশীর্বাদ করিতেছেন। স্বামীজী এবং স্বামী ব্রহ্মানন্দ, স্বামী সারদানন্দ, স্বামী শিবানন্দ, স্বামী অখণ্ডানন্দ প্রভৃতি স্বামীজীর সকল গুরুভ্রাতাগণের এই প্রতিষ্ঠানটির উপর অতিশয় স্নেহ ছিল এবং তাঁহারা মনে করিতেন ইহার মধ্যে এক বিরাট, মহৎ সম্ভাবনা নিহিত আছে। শ্রীশ্রীমাকে কেন্দ্র করিয়া শ্রীরামকৃষ্ণের অন্তরঙ্গ ভক্তমণ্ডলী যথা—গোপালের মা, যোগীন মা, গোলাপ মা প্রভৃতি মহাভাগিনীগণ স্নেহ, যত্ন ও পূত সান্নিধ্য দিয়া ইহাকে প্রতিবেশী ও ছাত্রীদিগের নিকট একটি পবিত্র আশ্রম সদৃশ করিয়া তুলিয়াছিলেন।

এই বিদ্যালয়ের প্রথম পর্বে ভগিনী নিবেদিতা তিল তিল করিয়া ইহার জন্য জীবনী শক্তি নিঃশেষ করিয়াছেন। তাঁহার অন্তর্ধানের পর ভগিনী ক্রিস্টীন ইহাকে সযত্নে রক্ষণাবেক্ষণ করিয়াছেন। ভগিনী সুধীরা ভারতীয় হিন্দু রমণীগণের মধ্যে প্রথম এই বিদ্যালয়ের কার্যে আত্মোৎসর্গ করেন।

আমি ভগিনী নিবেদিতার পদপ্রান্তে বসিয়া শিক্ষালাভ করিবার সৌভাগ্য লাভ করিয়াছিলাম। আমি অনুভব করিতে পারি নিবেদিতা বিদ্যালয়ের ছাত্রীগণও কিরূপ গৌরবান্বিত।

শ্রীশ্রীমার চরণে প্রার্থনা করি, আজ নিবেদিতার শতবর্ষ জয়ন্তী উৎসব পালনের ভিতর দিয়া ছাত্রীরা সকলে নূতন ভারতবর্ষের জন্য আত্মোৎসর্গের মন্ত্রে উদ্বুদ্ধ হইয়া উঠুক।

প্রব্রাজিকা ভারতীপ্রাণা
অধ্যক্ষা, শ্রীসারদামঠ
দক্ষিণেশ্বর

# স্বামীজী ও তাঁহার গুরুভাইদের দৃষ্টিতে নিবেদিতা

"এর পর দেখবি নিবেদিতার কার্যকরী শক্তি। নিবেদিতার প্রাণ অতি মহৎ। তার ভেতর কোথাও প্রতিষ্ঠা, যশঃ কি মুরুব্বিয়ানা নেই। তার হৃদয় অতি উদার, পবিত্র। জানবি, এর কথা শুনে সবার হুঁশ লেগে যাবে। নিবেদিতা প্রাণ দিতে এসেছে, গুরুগিরি করতে আসেনি।"

'সমগ্র ভারত তার ভাবে মুখর হয়ে উঠবে—India shall ring with her.'

স্বামী বিবেকানন্দ

"আমাদের Mother (মাদার) ঐ Mrs. Sevier (মিসেস সেভিয়ার)—উনি অপূর্ব ত্যাগের আদর্শ, আর উঁহার ভক্ত পতিও ছিলেন তদনুরূপ। আর আমাদের ব্যাসদেবের গণেশ Goodwin (গুডউইন) এবং নিবেদিতা কি অসীম ত্যাগের আদর্শ দেখাইয়া গিয়াছেন। বলিতে কি ··· আমি নিত্য উঁহাদের উদ্দেশে ফুল দি, যেদিন পূজা করি। আমি জানি আমি স্বামীজীর এইসব ভক্তদের দাসানুদাস, গোলামের গোলাম।"

স্বামী প্রেমানন্দ

"পূজ্যপাদাচার্য স্বামী বিবেকানন্দের অলোকসামান্য ত্যাগ ও চরিত্রবলে মুগ্ধ হইয়া তৎ-প্রদর্শিত 'আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ' সর্বস্বত্যাগরূপ পন্থার অনুসরণ করত পাশ্চাত্যের যে সকল মহাপ্রাণা রমণী দুঃখদারিদ্র্যপীড়িত ভারতের কল্যাণে নিজ জীবন নিয়োজিত করিতে অগ্রসর হইয়াছিলেন, সিস্টার নিবেদিতা তাঁহাদিগের মধ্যে সর্বোচ্চ আসন অধিকার করিয়াছেন, একথা বলিলে এক হিসাবে অত্যুক্তি হয় না। ঐ ব্রতাবলম্বন করিয়া ১৮৯৮ খৃষ্টাব্দে শীত ঋতুর অবসানে তিনি কলিকাতায় পদার্পণপূর্বক ১৯১১ খৃষ্টাব্দে অক্টোবর মাসের ত্রয়োদশ দিবসে ইহসংসার হইতে বিদায় গ্রহণ করিয়া শ্রীভগবানের পরমধামে চলিয়া গিয়াছেন। ঐ ত্রয়োদশ বর্ষ তিনি যে কিভাবে অতিবাহিত করিয়াছিলেন—যে অপূর্ব নিষ্ঠা, অনন্ত অধ্যবসায় ও তন্ময় ধ্যানে রত থাকিয়া তিনি সর্বদা লক্ষ্যাভিমুখে অগ্রসর হইয়াছিলেন, সে কথা সাধারণে অবগত নহে।···

ঐ বিষয় জানিতে হইলে নিশ্চয় আমাদিগকে নিবেদিতার বাহ্যজীবন যবনিকার অন্তরালে দৃষ্টিপাত করিতে হইবে। লোক-নয়নের সম্মুখে অনুষ্ঠিত তাঁহার বড় বড় কার্যগুলি মাত্র দেখিয়া উহা নিরূপণ করিলে চলিবে না। দেখিতে হইবে—দৈনন্দিন জীবনে তিনি কিভাবে তাঁহার দরিদ্র অশিক্ষিত প্রতিবাসিবর্গের সহিত ব্যবহার করিয়াছিলেন, কিভাবে তিনি তাহাদিগের সকল প্রকার সুখ-দুঃখের সমভাগিনী হইবার জন্য সর্বদা সচেষ্ট ছিলেন, সাংঘাতিক ব্যাধিগ্রস্তকে মৃত্যুমুখ হইতে রক্ষা করিবার জন্য তিনি কিভাবে নিজ অমূল্য জীবনকে তুচ্ছজ্ঞান করিয়া তাহার সেবায় রত থাকিতেন, দারিদ্র্যের কঠোর কশাঘাত হইতে অপরকে রক্ষা করিবার জন্য তিনি নিজের অবস্থা সচ্ছল না হইলেও কিভাবে মুক্তহস্তে দান করিতে অগ্রসর হইতেন এবং দুর্ভিক্ষের তাড়না

হইতে গ্রামবাসীদিগকে রক্ষা করিতে কৃতসঙ্কল্প হইয়া কিভাবে তিনি অনশন, অনিদ্রা প্রভৃতি শারীরিক কঠোরতা স্বেচ্ছায় স্বীকার করিয়া পদব্রজে বন্যার জল ভাঙ্গিয়া গ্রাম হইতে গ্রামান্তরে গমন করতঃ তাহাদিগের প্রকৃত অবস্থার সংবাদ সাধারণের অবগতির জন্য আনয়ন করিয়াছিলেন। দেখিতে হইবে, ভারতের প্রাচীন গৌরব ও অক্ষুণ্ণ জ্ঞানসম্পদকে বর্তমান যুগের বিজ্ঞানাবিষ্কৃত সত্য-সমূহের সহিত সম্মিলিত করিয়া দেশের রমণীকুলের মধ্যে শিক্ষার সম্প্রসারণেই ভারতের ভবিষ্যৎ উন্নতি সম্ভবপর- এই ধারণার বশবর্তী হইয়া তিনি কিভাবে এক নূতন ধরনের স্ত্রী-বিদ্যালয় স্থাপন ও অভিনব শিক্ষা-প্রণালী প্রচলিত করিয়া আমাদিগের কুলবধূগণের হৃদয়-মনে বিশুদ্ধ প্রেমের অধিকার-স্থাপনে সমর্থা হইয়াছিলেন। আর দেখিতে ও পরিমাপ করিবার চেষ্টা করিতে হইবে নিত্যানুষ্ঠিত ঐ প্রকারের শত চেষ্টার পশ্চাতে বিরাজিত তাঁহার হৃদয়ের সেই ভালবাসা, সতত-বর্ধনশীল ভালবাসা—যে ভালবাসায় তিনি ভারতের প্রত্যেক নরনারীকে কা কথা, প্রত্যেক উপল-খণ্ডকেও পবিত্র ও আপনার হইতে আপনার বলিয়া চিরকাল হৃদয়ে গ্রহণ করিতেন।

বাস্তবিক মহতের মহত্ত্বের পরিচয় আমাদিগকে চিরকাল ঐভাবে ক্ষুদ্র ক্ষুদ্র দৈনন্দিন কার্য-সহায়ে হৃদয়ঙ্গম করিতে হয়। ...সিস্টার নিবেদিতার জীবনের সকল প্রকার ক্ষুদ্র চেষ্টা ও অনুষ্ঠানের পশ্চাতে আমরা ঐরূপ যথার্থ মহত্ত্বের নিত্য-পরিচয় পাই বলিয়া সকল সম্প্রদায়ের সকল লোকে অদ্য তাহার অদর্শনে শোকে ম্রিয়মান হইয়াছেন এবং ঐ জন্যই সকলে আজি তাঁহার জীবন্ত শক্তিমতী মূর্তি হৃদয়ে স্থাপিত করিয়া গভীর শ্রদ্ধার সহিত তাঁহার পূজা করিতেছেন।"

স্বামী সারদানন্দ

# পত্রাংশ

( নিবেদিতাকে লিখিত স্বামীজীর পত্রাবলীর অংশ বিশেষ )

৫ই মে, ১৮৯৭

এতে কোন সন্দেহ নেই যে, জীবনে এমন অনেক মুহূর্ত আসে যখন মন একেবারে নৈরাশ্যে ডুবে যায়—বিশেষতঃ কোন আদর্শকে রূপ দেবার জন্য জীবনব্যাপী উদ্যমের পর যখন সাফল্যের ক্ষীণ আলোকরশ্মি দৃষ্টিগোচর হয়, ঠিক সেই সময়ে যদি আসে এক প্রচণ্ড সর্বনাশা আঘাত। দৈহিক অসুস্থতা আমি গ্রাহ্য করি না, দুঃখ হয় এইজন্য যে, আমার আদর্শগুলি কার্যে পরিণত হবার কিছুমাত্র সুযোগ পেল না। আর তুমি তো জানই, অন্তরায় হচ্ছে অর্থাভাব।

এ পর্যন্ত তো কেবল কাজের কথা হল। এখন তোমার নিজের কথা পাড়ছি। প্রিয় মিস নোবল, তোমার যে অনুরাগ ভক্তি বিশ্বাস ও গুণগ্রাহিতা আছে, তা যদি কেউ পায়, তবে জীবনে সে যত পরিশ্রমই করুক না কেন, তাতেই তার শতগুণ প্রতিদান হয়। তোমার সর্বাঙ্গীন কুশল হোক।

৪ঠা জুলাই, ১৮৯৭

তোমাদের সমিতির কার্যপ্রণালীর সঙ্গে আমি সম্পূর্ণ একমত, এবং ভবিষ্যতে তুমি যাই কর না কেন, তুমি করে নিতে পারো, তাতে আমার সম্মতি থাকবে। তোমার ক্ষমতা ও সহানুভূতির উপর সম্পূর্ণ বিশ্বাস আছে। তোমরা ইংরেজরা বড় ভাল, বড় স্থির বড় খাঁটি--ভগবান তোমাদের সর্বদা আশীর্বাদ করুন।

২৩শে জুলাই, ১৮৯৭

তুমি এখানে না এসে ইংলণ্ডে থেকেই আমাদের জন্য বেশী কাজ করতে পারবে। দরিদ্র ভারতবাসীর কল্যাণে তোমার বিপুল আত্মত্যাগের জন্য ভগবান তোমাকে আশীর্বাদ করুন।

১লা অক্টোবর, ১৮৯৭

অনেকে অপরের নেতৃত্বে সবচেয়ে ভাল কাজ করতে পারে। সকলেই কিছু নেতা হয়ে জন্মায় না। কিন্তু শ্রেষ্ঠ নেতা তিনিই, যিনি শিশুর মত অন্যের উপর নেতৃত্ব করেন। শিশুকে আপাততঃ অন্যের উপর নির্ভরশীল বলে মনে হলেও, সে-ই সমগ্র বাড়ির রাজা। অন্ততঃ আমার ধারণা এই যে, এই হোল নেতৃত্বের মূল রহস্য।

...আমি দেখতে পাই---অনেকে তাদের প্রায় সবটুকু ভালবাসাই আমাকে অর্পণ করে, কিন্তু প্রতিদানে কোন ব্যক্তিকে আমার তো সবটুকু দেওয়া চলে না, কারণ একদিনেই তবে

সমস্ত কাজ পণ্ড হয়ে যাবে। অথচ নিজের গণ্ডীর বাইরে দৃষ্টি প্রসারিত নয়—এমন লোকও আছে, যারা এইরূপ প্রতিদানই চায়। কর্মের সাফল্যের জন্য যত বেশী সম্ভব লোকের উৎসাহপূর্ণ অনুরাগ আমার একান্ত প্রয়োজন, অথচ আমাকে সম্পূর্ণভাবে সব গণ্ডীর বাইরে থাকতে হবে। নতুবা হিংসা ও কলহে সবকিছু ভেঙে চুরমার হয়ে যাবে। নেতা যিনি তিনি থাকবেন ব্যক্তির গণ্ডীর বাইরে। আমার বিশ্বাস তুমি একথা বুঝতে পারছ।

আমার ভালবাসা একান্তই আমার আপনার জিনিস, আবার প্রয়োজন হলে—বুদ্ধদেব যেমন বলতেন 'বহুজনহিতায়, বহুজনসুখায়'—তেমনি আমি নিজ হস্তেই আমার হৃদয়কে উৎপাটিত করতে পারি। এ প্রেমে উন্মত্ততা আছে, কিন্তু কোন বন্ধন নেই। প্রেমের প্রভাবে অচেতন জড়বস্তু চেতনে পরিবর্তিত হয়।

২৫শে আগস্ট, ১৮৯৮

··সর্বদা মনে রাখবে, 'কর্তব্য হচ্ছে যেন মধ্যাহ্ন-সূর্যের মত—তার তীব্র রশ্মি মানুষের জীবনী-শক্তি ক্ষয় করে। সব রকম অন্যায়ের কাছে যে মাথা নোয়ায়, সে চরমে অপরের অনিষ্টই করে। নিজেদের নিঃস্বার্থপরতা দিয়ে অপরকে স্বার্থপর করে তোলার কোন অধিকার আমাদের নেই।

১লা নভেম্বর, ১৮৯৯

··মনে হচ্ছে তোমার মনে যেন কি একটা বিষাদ রয়েছে। তুমি ঘাবড়িও না, কিছুই তো চিরস্থায়ী নয়। যাই কর না কেন, জীবন কিছু অনন্ত নয়। আমি তার জন্য খুবই কৃতজ্ঞ। জগতের মধ্যে যারা শ্রেষ্ঠ ও সবচেয়ে সাহসী, যাতনাই তাদের বিধিলিপি।

৬ই ডিসেম্বর, ১৮৯৯

··যদি সত্যই জগতের বোঝা স্কন্ধে নিতে তুমি প্রস্তুত হয়ে থাকো, তবে সর্বতোভাবে তা গ্রহণ কর, কিন্তু তোমার বিলাপ ও অভিশাপ যেন আমাদের শুনতে না হয়। তোমার নিজের জ্বালা-যন্ত্রণা দিয়ে আমাদের এমন শঙ্কিত করে তুলো না যে, শেষে আমাদের মনে করতে হয়, তোমার কাছে না এসে আমাদের নিজের দুঃখের বোঝা নিয়ে থাকাই বরং ছিল ভাল। যে ব্যক্তি সত্যসত্যই জগতের দায় ঘাড়ে নেয় সে জগৎকে আশীর্বাদ করতে করতে আপন পথে চলতে থাকে। তার মুখে একটিও নিন্দার কথা, একটিও সমালোচনার কথা থাকে না, তার কারণ এ নয় যে জগতে পাপ নেই, তার কারণ এই যে, সে স্বেচ্ছায় স্বতঃপ্রবৃত্ত হয়ে সেই পাপ নিজের কাঁধে তুলে নিয়েছে। যিনি পরিত্রাতা তাঁকেই সানন্দে আপন পথে চলতে হবে, যারা পরিত্রাণ পাচ্ছে, এ কাজ তাদের নয়।

দুঃখভার-প্রপীড়িত যে যেখানে আছ, সব এসো, তোমাদের সব বোঝা আমার উপর ফেলে দিয়ে আপন মনে চলতে থাকো, আর তোমরা সুখী হও এবং ভুলে যাও যে, আমি একজন কোনকালে ছিলাম।

২৪শে জানুয়ারি, ১৯০০

আমরা সকলেই নিজের নিজের ভাবে উৎসর্গীকৃত। মহাপূজা চলছে, একটা বিরাট বলি ভিন্ন অন্য কোন প্রকারে এর অর্থ পাওয়া যায় না। যারা স্বেচ্ছায় মাথা পেতে দেয়, তারা অনেক যন্ত্রণা থেকে অব্যাহতি পায়। আর যারা বাধা দেয় তাদের জোর করে দাবানো হয়, এবং তাদের দুর্ভোগও হয় বেশী। আমি এখন স্বেচ্ছায় আত্মসমর্পণ করতে বদ্ধপরিকর।

১৫ই ফেব্রুয়ারি, ১৯০০

… ভয় ক'রো না—তোমার বিদ্যালয়ের জন্য টাকা আসবে, আসতেই হবে। আর যদি না আসে, তাতেই বা কি আসে যায়? মা জানেন, কোন রাস্তা দিয়ে নিয়ে যাবেন। তিনি যে দিক দিয়ে নিয়ে যান সব রাস্তাই সমান।

… ধৈর্য ধরে থাকো, শক্ত ও নরম—সবই ঠিক ঘুরে আসবে। এই যে তোমার নানা রকম অভিজ্ঞতা লাভ হচ্ছে, এইটুকুই আমি চাই। আমারও শিক্ষা হচ্ছে।

২৬শে মে, ১৯০০

আমার অনন্ত আশীর্বাদ জেনো এবং বিন্দুমাত্র নিরাশ হয়ো না। শ্রীওয়া গুরু, শ্রীওয়া গুরু। ক্ষত্রিয় শোণিতে তোমার জন্ম। আমাদের অঙ্গের গৈরিক বাস তো যুদ্ধক্ষেত্রের মৃত্যু-সজ্জা। ব্রত-উদ্‌যাপনে প্রাণপাত করাই আমাদের আদর্শ, সিদ্ধির জন্য ব্যস্ত হওয়া নয়। শ্রীওয়া গুরু।

…দৃঢ় হও, মা! কাঞ্চন কিংবা অন্য কিছুর দাস হয়ো না, তবে সিদ্ধি আমাদের সুনিশ্চিত।

২৫শে অগস্ট, ১৯০০

আমি পূর্বেও তোমাকে কোন আদেশ করিনি, এখন তো কাজের সঙ্গে আমার কোন সম্পর্কই নেই—এখন আর কি আদেশ দেবো? কেবল এই পর্যন্ত আমি জানি যে, যতদিন তুমি সর্বান্তঃকরণে মায়ের সেবা করবে, ততদিন তিনিই তোমাকে ঠিক পথে চালিয়ে নেবেন।

১২ই ফেব্রুয়ারি, ১৯০২

সর্বপ্রকার শক্তি তোমাতে উদ্বুদ্ধ হোক, মহামায়া স্বয়ং তোমার হৃদয়ে এবং বাহুতে অধিষ্ঠিতা হোন। অপ্রতিহত মহাশক্তি তোমাতে জাগ্রত হোক এবং সম্ভব হ'লে সঙ্গে সঙ্গে অসীম শান্তিও তুমি লাভ কর—এই আমার প্রার্থনা।…

যদি রামকৃষ্ণ সত্য হন, তবে যেমন ভাবে তিনি আমাকে জীবনে পথ দেখিয়েছেন, ঠিক তেমনিভাবে কিংবা তার চেয়ে সহস্রগুণ স্পষ্টভাবে তোমাকেও যেন তিনি পথ দেখিয়ে নিয়ে যান।

# গুরু-বন্দনা

[ভগিনী নিবেদিতা তাঁর উদ্দীপনাপূর্ণ ও আবেগময়ী বক্তৃতা এবং অমর লেখনী সহায়ে নানাভাবে তাঁর মহান্ গুরুর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সেই সব বক্তৃতার কিছু কিছু অংশ এবং 'স্বামীজীর সহিত হিমালয়ে (Notes of Some Wanderings with the Swami Vivekananda)," ও স্বামী মাধবানন্দ অনূদিত 'স্বামীজীকে যেরূপ দেখিয়াছি (The Master as I Saw Him)," গ্রন্থদ্বয় হতে বিশেষ বিশেষ অংশ সংকলিত হোল।]

আজ সন্ধ্যায় আমি আপনাদের নিকট উপস্থিত হইয়াছি স্বামী বিবেকানন্দ সম্পর্কে কিছু বলিবার জন্য। স্মরণ রাখিবেন, আমি তাঁহার শিষ্যা, তাঁহার কন্যা রূপেই আমার বক্তব্য নিবেদন করিব। ঐতিহাসিক বা সাংবাদিকের নিকট আপনারা যেরূপ আশা করিয়া থাকেন, আমার মহান্ গুরুর সম্বন্ধে সেরূপ আবেগবর্জিত, নিরুত্তাপ ও নিরপেক্ষ সমালোচনা আমার পক্ষে অসম্ভব। নিজের ঐকান্তিকতা ও বিশ্বস্ততাপূর্ণ অন্তরের কাহিনীই আপনাদের নিকট নিবেদন করিতে আসিয়াছি।

*　　　*　　　*

হে আমার আচার্যদেব! আমি কি সত্যই আপনার জীবনালেখ্য রচনা করিব? হায়, আমার পক্ষে উহা সম্ভব নহে। বিভিন্ন মতাবলম্বী বহু ব্যক্তিকে, আপনি কত বিচিত্র উপায়ে ভালবাসিয়াছেন! আমি কি উহার সব উপলব্ধি করিতে সক্ষম? ভারতবাসীর হৃদয়ে আপনার কোন রূপটি সর্বাপেক্ষা অধিক সাড়া জাগায়?—গোড়া প্রাচীনপন্থী অথবা নবীনপন্থীর নিকট আপনার কোন রূপটি অধিকতর প্রিয়? সে কি শৈশবে ক্রীড়ারত আপনার শিবযোগিবেশধারী ধ্যানমগ্ন রূপ?—অথবা ভিক্ষুক বৈরাগীর আলখাল্লা পরিহিত সেই অপূর্ব রূপটি? পরবর্তী কালে ভিক্ষাপাত্র হাতে যখন দ্বারে দ্বারে ঘুরিয়া বেড়াইয়াছিলেন, সেইরূপ?—অথবা সুদূর বিদেশে মঞ্চের উপর দণ্ডায়মান হইয়া যখন আপনি বিদেশীর নিকট উজাড় করিয়া দিয়াছিলেন আপনার জাতীয় সম্পদ—যখন আপনার বজ্রকণ্ঠে ভারত নিজ নাম বিঘোষিত হইতে শুনিয়াছিল—আপনার সেই রূপটিই কি ভারত-হৃদয়ে স্পন্দন জাগায়? কোন রূপেই বা আপনি পাশ্চাত্য দেশের হৃদয় জয় করিয়াছেন? কোন দৃষ্টিতে আপনাকে দেখিয়াছিল আমেরিকাবাসী? ইংরেজ জাতির নিকট আত্মপ্রকাশ করিয়াছিলেন কোনরূপে? বিভিন্ন সুরের খেলা যিনি জানেন, তিনিই কেবল তাঁহার কণ্ঠে যথাযথরূপে আপনার রচিত সেই সঙ্গীত ধ্বনি ফুটাইয়া তুলিতে পারেন।

*　　　*　　　*

অতএব, আমি আপনার জীবনালেখ্য রচনার প্রচেষ্টা পরিত্যাগ করিলাম। আমি নিজে যতটুকু দেখিয়াছি, হৃদয়ঙ্গম করিয়াছি, শুধু তাহারই বর্ণনা করিয়া সন্তুষ্ট থাকিব। এই দেখা ও

বোঝা কবে হইতে শুরু হইল, কেমন করিয়া ধীরে ধীরে উহা বিস্তার লাভ করিতে লাগিল, কত স্মৃতি সঞ্চয় করিলাম—তাহারই কাহিনী শুনাইয়া যাইব। এ কাহিনী খণ্ড-ছিন্ন কাহিনী—তাহার অধিক নহে। তবু প্রার্থনা, যে কাহিনীর মধ্যে এখানে ওখানে আপনার অজ্ঞাতে কিছু দুই একটি বাণী যেন প্রকাশ পায়, যেন তাহারই মধ্য দিয়া আচার্যের মহৎ অন্তঃকরণের [illegible] ফুটিয়া উঠে।

* * *

হিমালয়ের গোপন উৎস হইতে নিঃসৃত হিন্দুধর্মের বিপুল স্রোতধারা তাঁহার বাণীর মধ্য দিয়া নবীন সুশীতল প্রাণপ্রদ বারিরূপে আসিয়া পড়িয়াছে ভারতের সকল শিক্ষা ও সমাজ-ক্ষেত্রে।

আমাদের অনেকের নিকটেই স্বামী বিবেকানন্দের বাণী তৃষ্ণার্তের নিকট সুশীতল পানীয়ের ন্যায় উপস্থিত হইয়াছিল।

* * *

তিনি এমন একজন মহান পুরুষ ছিলেন যিনি কাহারও কথা কাহারও কল্পনা ধার করেন নাই,—যাহার বাণীর মধ্যে নেতিবাচক কিছু ছিল না। তিনি যাহা কিছু বলিয়াছেন—সবই প্রাণশক্তিতে পরিপূর্ণ।

* * *

এই মহান্ সত্য তিনি উপলব্ধি করিয়াছিলেন যে শিষ্যের নিকট আচার্য ভগবান হইল গুরুর, শিক্ষাদাতার—স্থাবর সম্পদ। ভৃত্যরূপে যে পরিচয় সমাপ্ত হইতে পারে না।

* * *

তাঁহার শিষ্য-শিষ্যাদের নিকট বিবেকানন্দ চিরদিন আদর্শ সন্ন্যাসীর দৃষ্টান্ত হইয়া থাকিবেন। বস্তুত তাহাদের মধ্যেই তিনি আমাদের সর্বাপেক্ষা অধিক উদ্বুদ্ধ করিয়াছিলেন।

* * *

যাহা কিছু ভারতীয় বিবেকানন্দের নিকট সে সকলই একান্তভাবে সমান পবিত্র।

* * *

তিনি বলিতেন, "মনে রাখিও যদি তুমি ভারতকে সত্যই ভালবাসিতে চাও, ভারত বর্তমানে যেরূপ—তাহাকে সেইরূপেই ভালবাসিতে হইবে। ভবিষ্যতে তাহার যে রূপ তুমি কল্পনা করিতেছ—সেই কল্পনার ভারতকে ভালবাসিলে চলিবে না।'

* * *

তাঁহার মতে স্বদেশই স্বদেশের ভরসাস্থল, বিদেশ নহে।

* * *

এই মহান্ আচার্যের নিকট জগৎ শুধু ধর্ম, দর্শন বা ভারতীয় সমাধি সম্বন্ধেই জ্ঞান লাভ করে নাই। তিনি ছিলেন বিপুল প্রতিভা-প্রবাহের উৎস—ভারতীয় প্রতিভার শাশ্বত সাক্ষীস্বরূপ।

* * *

যদি গুরুর সঙ্গে ভূ-প্রদক্ষিণ করা যায়, তাহা হইলে উহাই তীর্থযাত্রা হইয়া দাঁড়ায়।

* * *

নানাস্থানে পরিভ্রমণকালে—সর্বত্রই এমন সব সময় আসিয়াছিল যাহা কখনো ভুলিবার নহে, এমন সব কথা শুনিয়াছি যাহা আমাদের সারাজীবন ধরিয়া প্রতিধ্বনিত হইতে থাকিবে।...

এমন এক প্রেমের বিকাশ আমরা দেখিয়াছি, যে প্রেম ক্ষুদ্র হইতে ক্ষুদ্রকেও, অজ্ঞান হইতে অজ্ঞানকেও আলিঙ্গন করিয়া এক হইয়া যায় এবং তাহারই দৃষ্টিতে তখন সমস্ত জগতকে দেখে, যেন তাহাতে কোনরূপ প্রতিবাদ করিবার কিছুই নাই।

বিরাট প্রতিভার বিশাল খেয়ালে আমরা কৌতুক করিয়াছি, বীরত্বের উচ্ছ্বাসে উত্তেজিত হইয়া উঠিয়াছি—এ সমস্ত দিব্যলীলায় মনে হয় যেন বালরূপী ভগবান তাঁহার শিশুশয্যা হইতে জাগিতেছেন, আর আমরা দাঁড়াইয়া সাক্ষিস্বরূপ নিরীক্ষণ করিয়াছি।

* * *

আমরা এরূপ এক মহাপুরুষের সঙ্গলাভ করিয়াছি, যিনি সকল লোককেই নিজের কাছে আকর্ষণ করিতেন, সকলের বক্তব্য শুনিতেন, প্রত্যেকের সঙ্গে সহানুভূতি করিতেন, কাহাকেও প্রত্যাখ্যান করেন নাই। যে দীনতার কাছে সকল দৈন্য দূরীভূত হয়, যে ত্যাগ অত্যাচারীর প্রতি প্রচণ্ড ধিক্কারে এবং উৎপীড়িতের জন্য অসীম করুণায় আত্মবলিদানে উন্মুখ, যে প্রেম তীব্র উৎপীড়ন এবং মৃত্যুর আসন্ন পদসঞ্চারকেও আশিস্‌বচনে স্বাগত-সম্ভাষণ করে—সে দীনতা, সে ত্যাগ, সে প্রেম আমরা প্রত্যক্ষ করিয়াছি।

* * *

এমনি মানুষের মাঝেই হয়তো বা আমরা পাইব ভবিষ্যৎ বেদের সন্ধান।

* * *

স্বামীজীর এক অদ্ভুত বৈশিষ্ট্য ছিল। তাঁহার নিকট যাঁহারা অবস্থান করিতেন তাঁহাদের সকলকে তিনি বড় করিয়া তুলিতেন। তাঁহার সান্নিধ্যে মানুষ তাহার জীবনের অনভিব্যক্ত মহৎ উদ্দেশ্য যেন স্পষ্টরূপে দেখিতে পাইত এবং দেখিয়া উহাকে ভালবাসিতে শিখিত। আর দোষ-ত্রুটিগুলির কালিমা যেন অনেকটা মুছিয়া যাইত, মনে হইত, জীবনের সম্যক বিকাশের জন্য ইহাদের সম্পাদন যেন ঠিকই হইয়াছে। স্বামীজীর শিষ্যারূপে আমি যে জগতের মধ্যে প্রবেশ করিলাম, তাহার সম্বন্ধে আমার ক্রমলব্ধ অভিজ্ঞতা, কতকটা পূর্বোক্ত ধরনের। এইরূপে প্রতিপদে তাঁহারই ভাবরাজি দ্বারা পরিবৃত ও তাঁহারই প্রগাঢ় স্বদেশপ্রেমের দ্বারা অনুপ্রাণিত হইয়া আমি যেন কোন দেবলোকের স্নিগ্ধ জ্যোতির মধ্যে বিচরণ করিতে লাগিলাম, যেখানে প্রত্যেক নরনারী তাহাদের স্বভাবের অপেক্ষা বড় হইয়া দেখা দিত।

* * *

স্বামীজী কখনো তাঁহার নিজের ধারণাগুলি শিষ্যদের উপর চাপাইতে চেষ্টা করিতেন না। সেরূপ করিলে, তিনি স্বাধীনতা বলিতে যাহা বুঝিতেন, তাহার সম্পূর্ণ বিপরীতাচরণ করা হইত।

একদিন আমি তাঁহার নিকটে বসিয়াছিলাম, এমন সময় তথায় একখানি কালীপ্রতিমা আনা হইল। প্রতিমাখানিতে কোন একটি ভাব চকিতের মত লক্ষ্য করিয়া আমি সহসা বলিয়া উঠিলাম —"স্বামীজী, হয়তো মা কালী সদাশিবেরই ধ্যানযোগে উপলব্ধ মূর্তিবিশেষ। তাই কি?" তিনি

আমার দিকে মুহূর্তের জন্য চাহিলেন। পরে স্নেহভরে বলিলেন, "বেশ, তাই হোক, তোমার নিজের ভাবেই ওটি প্রকাশ কর।"

* * *

তিনি সর্বদাই শ্রীরামকৃষ্ণের পদাঙ্কানুসারী হইতে চেষ্টা করিতেন, এবং তাঁহার নিজের কোন বাণীর উল্লেখ যেন তাঁহার নিকট অপরাধ বলিয়া বোধ হইত। এতদ্ভিন্ন, তিনি বিশ্বাস করিতেন যে, যে শক্তি শুধু ভাবপ্রবণতায় ব্যয়িত হয়, তাহা বৃথাই নষ্ট হয়, শক্তিকে সংযত করিলেই তাহা সঞ্চিত হইয়া কর্মরূপে প্রকাশ পায়। তথাপি তাঁহার যথাসম্ভব গোপনে দান করিবার প্রবল বাসনা তাঁহাকে অভিভূত করিত এবং তিনি উহা দমন করিতে পারিবার পূর্বেই আবার তাঁহার স্বদেশ ও স্বজাতি সম্বন্ধে প্রেম ও আশাপূর্ণ চিন্তাসকল চতুর্দিকে ছড়াইতে থাকিতেন।... শ্রীরামকৃষ্ণ যেরূপ কোন পুস্তক না পড়িয়াও বেদান্তের মূর্তিমান সারনিষ্কর্ষস্বরূপ ছিলেন, শ্রীবিবেকানন্দও সেইরূপ জাতীয় জীবনের সারনিষ্কর্ষস্বরূপ ছিলেন।... তাঁহার গুরুদেবের প্রতি প্রযুক্ত তাঁহার নিজমুখের কথাতেই বলিতে হয়, 'তিনি শুধু সেই মহৎ জীবন যাপন করিয়াই সুখী ছিলেন, তাহার ব্যাখ্যা অপরে খুঁজিয়া বাহির করুক।'

* * *

ব্যক্তিগত ব্যাপারে স্বামীজীর নির্ভীক উপদেশ এই যে আমাদিগকে ব্যক্তিত্বের গণ্ডী ছাড়াইয়া ঐ সকলের প্রতি দৃষ্টি রাখিতে হইবে। আমাদিগকে শত্রুর অন্যায় সহ্য করিতে হইবে—এই আদেশ অপেক্ষা "শান্তিস্বরূপ হও" এই আদেশই অধিক শুনা যাইত। জগতে আমার কোন শত্রু আছে, এইরূপ চিন্তা করাই এই মনীষীর চক্ষে দ্বেষবুদ্ধির প্রমাণ। তিনি বিশেষভাবে বলিতেন যে 'অহেতুক না হইলে প্রেমই নহে', পাশ্চাত্য বক্তা হইলে এই ভাবটি "উদ্দেশ্যবিরহিত" শব্দ দ্বারা প্রকাশ করিতে চেষ্টা করিতেন, কিন্তু বোধ হয় তাহাতে বক্তার জোর কতকটা কমিয়া যাইত।

* * *

এই কথাগুলি লিপিবদ্ধ করিতে করিতে আমি বেশ বুঝিতেছি যে, ইহা যে বিশাল হৃদয়ের কথা, তাহার বিন্দুমাত্র আভাস আমি দিতে পারিব না। জগতের যে কোন লোকের প্রতি সামান্য কষ্টও যেন আমাদের গুরুদেবের হৃদয়কে স্পর্শ না করিয়া যাইত না, আর কোন যন্ত্রণাই, এমনকি মৃত্যু যন্ত্রণাও যেন তাঁহার মুখ হইতে প্রেম ও আশীর্বাদ ভিন্ন অন্য কিছু বাহির করিতে পারিত না।... আমরা ইহা বুঝিতে পারিলাম যে, সেদিন আমরা এমন কয়েকটি ঘণ্টা তাঁহার সঙ্গে কাটাইয়াছি, যাহার উজ্জ্বল বিভায় আমাদের সমগ্র ভবিষ্যৎ জীবন প্রতিভাসিত হইবে।

* * *

সচরাচর লোকে জিনিসকে যে চক্ষে দেখিয়া থাকে, তিনি তৎপ্রতি আদৌ খেয়াল করিতেন না। অত্যধিক সফলতা লাভ করিয়াও তিনি কদাপি একটুকু চমকিত বা সন্দিহান হইতেন না। বিস্মিত না হইবার কারণ—যে মহাশক্তি তাঁহার মধ্য দিয়া কার্য করিতেছিল, তাহার মাহাত্ম্য তিনি অতি গভীরভাবে হৃদয়ঙ্গম করিয়াছিলেন।

কিন্তু কোন কার্যে বিফল মনোরথ হইলেও তিনি হতাশ হইয়া পড়িতেন না। জয়,

পরাজয় উভয়ই আসিবে এবং চলিয়া যাইবে, তিনি তাহাদের সাক্ষিমাত্র। তিনি একবার বলিয়াছিলেন, "যদি জগৎটাই অদৃশ্য হয়, তাতেই বা আমার কি? আমার দর্শনের মতে সেটাতো একটা চমৎকার জিনিস হবে।" পরক্ষণেই সহসা গম্ভীরভাব ধারণ করিয়া বলিলেন, "কিন্তু প্রকৃতপক্ষে, যা কিছু আপাততঃ আমার প্রতিকূলে রয়েছে, সমস্তই শেষে আমার স্বপক্ষে আসবে। আমি কি তাঁর (মহামায়ার) সৈনিক নই?"

*                    *                    *

পাশ্চাত্যের বিলাসিতার মধ্য দিয়া তিনি নির্ভীকভাবে এবং কিছুমাত্র ইতস্ততঃ না করিয়া বিচরণ করিতেন। ভারতে আমি যেমন তাঁহাকে অবিচলিতভাবে সাধারণ লোকদের মত বস্ত্র ও উত্তরীয়মাত্রে আচ্ছাদিত হইয়া মেঝেয় বসিয়া হাতে করিয়া গ্রাস মুখে তুলিতে দেখিয়াছি, ঠিক তেমনই ভাবে কিছুমাত্র সন্দেহ বা সঙ্কোচ না করিয়া তিনি আমেরিকা ও ফ্রান্সের নানা ভোগবহুল জীবনকেও গ্রহণ করিয়াছিলেন। তিনি বলিতেন, "সাধু ও রাজা একই মুদ্রার এপিঠ-ওপিঠ মাত্র। জগতের সব শ্রেষ্ঠ বস্তু ভোগ করা এবং সে সব ত্যাগ করা—এ দুয়ের মধ্যে অতি অল্পই ব্যবধান।"

*                    *                    *

স্বামীজীর চক্ষে প্রত্যেক জাতির জাতীয়ত্ব বিশেষ বিশেষ ধর্মমতের ন্যায় অতি পবিত্র বস্তু বলিয়া গণ্য হইত। তিনি মনে করিতেন, প্রত্যেকেই যেন আদর্শ মনুষ্যত্ব সম্বন্ধে নিজের সমগ্র ধারণাটির প্রকাশ করিতে প্রাণপণ চেষ্টা করিতেছে। একবার তিনি সহসা বলিয়া উঠিয়াছিলেন "যত বয়স হচ্ছে, ততই আমার মনে হচ্ছে যে, এক 'মনুষ্যত্ব' কথাটিতেই জাতি বল, ধর্ম বল, সবারই সার নিহিত।"

*                    *                    *

কি পুরুষে, কি নারীতে, তিনি এই একমাত্র গুণের বিকাশ দেখিতে চাহিতেন—উহা বল (strength)। প্রকৃত বল কাহাকে বলে, তৎসম্বন্ধে তিনি কী কঠোরভাবেই না বিচার করিতেন। নিজেকে জাহির করা, অথবা অতিরিক্ত ভাবোচ্ছ্বাস—এ দুই-এর কোনটির তিনি প্রশংসা করিতেন না। সেই প্রাচীনকালের মৌন মাধুর্য ও নিষ্ঠার আদর্শভূত চরিত্র সমূহে তাঁহার মন এতদূর মুগ্ধ হইয়াছিল যে, কেবল বাহ্য আড়ম্বর দ্বারা উহা আর আকৃষ্ট হইত না।···(তাঁহার মতে) যে রমণী যত বড় হইবেন তিনি ততই চরিত্র-গুণের রমণীসুলভ দুর্বলতাগুলিকে অতিক্রম করিবেন।

*                    *                    *

কিন্তু একটি জিনিস আচার্যদেবের প্রকৃতিতে বদ্ধমূল ছিল—যাহাকে তিনি কিরূপে ঠিকমত রাখিবেন, তাহা নিজেই জানিতেন না—উহা তাঁহার স্বদেশ প্রেম এবং স্বদেশের দুর্দশার প্রতীকারেচ্ছা।

কয়েক বৎসর ধরিয়া আমি তাঁহাকে প্রায় প্রত্যহ দেখিতে পাইতাম, দেখিতাম, ভারতের চিন্তা তাঁহার নিকট শ্বাস-প্রশ্বাস স্বরূপ হইয়া রহিয়াছে। সত্য বটে, তিনি কোন বিষয়ের উন্নতি করিতে চাহিলে একেবারে উহার মূলে না গিয়া ছাড়িতেন না, তিনি "জাতীয়ত্ব" শব্দটিও ব্যবহার করিতেন না, বা বর্তমান যুগকে "জাতি গঠনের"ই যুগ বলিয়া ঘোষণা করিতেন না, তিনি বলিতেন, "আমার কাজ মানুষ গড়া"। কিন্তু তিনি প্রেমিকের হৃদয় লইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন, আর জন্মভূমিই তাঁহার আরাধ্য দেবতা ছিল।

*　　*　　*

স্পাইর‍্যালের (ক্রম সূক্ষ্মাকার পেঁচের) বৃত্তগুলি যেমন ঘুরিয়া ঘুরিয়া মোটা হইতে ক্রমশঃ সরু হইয়া উঠিতে উঠিতে শেষে এক বিন্দুতে পর্যবসিত হয়, স্বামীজীর স্বদেশভক্তিরূপ আবেগও যেন সেইরূপ একটি বিরাট বস্তু ছিল, স্বদেশের মৃত্তিকার প্রতি ভালবাসা ও নিসর্গ প্রেমই ছিল উহার সর্বনিম্ন বৃত্তগুলি, জাতি, অভিজ্ঞতা, ইতিহাস এবং চিন্তা—এই সকল সম্পর্কীয় যাহা কিছু, সমস্তই উহার পরবর্তী বৃত্তগুলির অন্তর্গত, আর সমস্তটি সরু হইয়া আসিয়া একটিমাত্র নির্দিষ্ট বিন্দুতে কেন্দ্রীভূত।

ভারত যে উহার সমালোচকগণের ধারণামত স্থবির ও ক্ষীণ হইয়া পড়ে নাই, বরঞ্চ যুবাবস্থায় আছে এবং উহার ভাবী সমৃদ্ধি-বীজ যে পরিপক্ক হইয়াছে, আর উহা যে, এই বিংশ শতাব্দীর প্রারম্ভে, পূর্বে যাহা কখনো হয় নাই, এরূপ এক মহান বিকাশের পথে পদার্পণ করিয়াছে — এই দৃঢ় বিশ্বাসই ঐ কেন্দ্রস্থানীয় বিন্দু।

কিন্তু একবার মাত্র আমি তাঁহাকে এই ভাব সজ্ঞানে প্রকাশ করিতে শুনিয়াছি। খুব শান্তিপূর্ণ একটি মুহূর্তে তিনি বলিয়াছিলেন, "আমি নিজেকে বহু শতাব্দীর পর আবির্ভূত পুরুষ বলিয়া অনুভব করিতেছি। আমি দেখিতেছি যে ভারত যুবাবস্থ।"

কিন্তু প্রকৃতপক্ষে তাঁহার প্রত্যেক কথাটিতে এই উপলব্ধির পরিচয় পাওয়া যাইত। তাঁহার প্রত্যেক ধমনীতে ইহার স্পন্দন অনুভূত হইত। যাহা কিছু ভারত-সংক্রান্ত তাহার জন্য লজ্জাস্বীকার করাকে তিনি সর্বান্তঃকরণে ঘৃণা করিতেন, আর কোন মিথ্যা অপবাদ ও অবজ্ঞাসূচক সমালোচনার তীব্র প্রতিবাদ করিতে করিতে, অথবা কিরূপ বিশ্বাস ও ভালবাসা লইয়া স্বদেশ সেবায় প্রবৃত্ত হওয়া উচিত, তন্ময়ভাবে এই বিষয়ে কাহাকেও শিক্ষা দিতে দিতে কতবারই না মনে হইত, তাঁহার সন্ন্যাসীর পরিচ্ছদ খসিয়া পড়িয়া গিয়াছে, এবং তাঁহার ভিতর হইতে যোদ্ধার বর্ম বাহির হইয়া পড়িয়াছে।

*　　*　　*

(আর তাই) তাঁহার জাতির উদ্দেশ্যে, প্রতিটি ব্যক্তির উদ্দেশ্যে একটিমাত্র বাণীই তিনি বারবার উচ্চারণ করিয়াছেন: "উত্তিষ্ঠত, জাগ্রত, প্রাপ্য বরান্ নিবোধত।"

# প্রণাম

।। নিবেদিতা-জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ।।

শ্রীরামকৃষ্ণ-বিবেকানন্দ-চরণাশ্রিতা তপোমূর্তি উমাস্বরূপিণী, ভারতীয় জনগণের মাধ্যমে বিশ্বজনের সেবায় যিনি নিজ সমস্ত শক্তি উৎসর্গ করিয়াছিলেন, মাতৃরূপিণী সেই পুণ্যকীর্তি ভগিনী নিবেদিতার স্মৃতির উদ্দেশে কোটি কোটি প্রণাম ।।

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়

১ ।। আষাঢ়, ১৮৮৯ শকাব্দ ।।

# ভগিনী নিবেদিতা

ডঃ রমেশ চন্দ্র মজুমদার

ষাট বৎসর পূর্বে যখন কলিকাতায় কলেজে পড়িতাম তখন সভা সমিতিতে ভগিনী নিবেদিতার বক্তৃতা শুনিতে যাইতাম। কারণ এই বিদেশিনী মহিলার জীবন কাহিনী তখন যেটুকু জানিতাম তাহাতেই আমাদের ছাত্র-মহলে তাহার প্রতি একটি গভীর শ্রদ্ধার ভাব ছিল। ব্রহ্মচারিণীর বেশে এই আইরিশ দুহিতা যখন বক্তৃতা করিতেন শ্রোতৃগণ মুগ্ধচিত্তে তাহার উদ্দীপনাময় বাণী শুনিয়া অভিভূত হইতেন। তখন স্বদেশীর যুগ—ছাত্রমহলে দেশপ্রেমের বন্যা প্রবাহিত—ভগিনী নিবেদিতার ওজস্বিনী বক্তৃতায় আমরা দেশমাতৃকার বাণীমূর্তি দেখিতাম। বহু বৎসর অতীত হইয়াছে—কিন্তু এখনো মনে পড়ে এই অধঃপতিত জাতির এক মহান্ আদর্শে অনুপ্রাণিত হইয়া তিনি শিক্ষা-দীক্ষা আচার ব্যবহারে আমাদের জাতীয় ঐতিহ্যের প্রতি যাহাতে দৃষ্টি পড়ে নানাভাবে তাহার প্রেরণা যোগাইতেন।

জীবনের প্রারম্ভে তাহার প্রতি যে শ্রদ্ধা ও ভক্তির উদ্রেক হইয়াছিল জীবনের সায়াহ্নে তাহা শতগুণে বর্ধিত হইয়াছে। তাহার কর্মময় জীবনের বিচিত্র কাহিনী পাঠ করিয়াছি, তাহার চিন্তাশীল লেখার সহিত পরিচিত হইয়াছি—বাংলাদেশের তথা ভারতের সেই নবজাতীয়তার উন্মেষের যুগে তিনি যে সক্রিয় অংশ গ্রহণ করিয়াছিলেন তাহা কতকটা অনুধাবন করিতে সক্ষম হইয়াছি। এই দেশকে তিনি যে কিরূপ ভালবাসিতেন, ইহার কৃষ্টি ও সভ্যতার প্রতি তাঁহার কী গভীর শ্রদ্ধা ছিল—ইহার সর্ববিধ উন্নতির জন্য তিনি যে সমগ্র জীবন কঠোর অধ্যবসায়ের সহিত কিরূপ কৃচ্ছ্রসাধন করিয়াছেন—ইহা ভাবিলে এই মহীয়সী মহিলার প্রতি শ্রদ্ধায় মস্তক অবনত হয়। পাশ্চাত্য সভ্যতার আবেষ্টনে জীবন যাপন করিয়াও বাংলা দেশের সমাজে বহু দুঃখ কষ্ট লাঞ্ছনা,

সহ্য করিয়া তিনি অবিচলিত ধৈর্যে ইহার সহিত মিশিয়া গিয়াছিলেন। আর্তের সেবা, নারীজাতির শিক্ষা ও আমাদের জাতীয় জীবন গঠনের জন্য তিনি নিজেকে সম্পূর্ণভাবে উৎসর্গ করিয়াছিলেন।

তাঁহার গুরুর প্রতি অনন্যসাধারণ ভক্তিই এই দুর্গম জীবন যাত্রায় তাঁহার সহায় ছিল। তাঁহার জীবন ও কর্মের দ্বারা তিনি গুরুদত্ত নাম 'নিবেদিতা' যেভাবে সার্থক করিয়াছিলেন তাহার অনুরূপ দৃষ্টান্ত বড় দেখা যায় না।

এই মহীয়সী মহিলার মননশীলতার গভীরতা ও বিস্তার সত্যসত্যই বিস্ময়ের বস্তু। বৈজ্ঞানিক জগদীশ চন্দ্র বসু, নাট্যাচার্য গিরিশ চন্দ্র ঘোষ, রাজনীতিক বিপিনচন্দ্র পাল ও অরবিন্দ ঘোষ, সাংবাদিক রামানন্দ চট্টোপাধ্যায় প্রভৃতির সহিত তিনি সহযোগিতা করিয়াছেন। ভারতীয় শিল্পের সম্বন্ধে তিনি নন্দলাল বসু ও অসিত হালদারকে প্রেরণা যোগাইয়াছেন।

তাঁহার জীবনের মহত্তম ব্রত ছিল নারী শিক্ষার উন্নতি। ইহার জন্য তিনি যাহা করিয়াছেন তাহার তুলনা মিলে না। তাঁহার নামে পরিচিত বালিকা বিদ্যালয়টি তাঁহার স্মৃতির উপযুক্ত স্তম্ভরূপে চিরকাল বিরাজ করিবে—এই আশার বাণী উচ্চারণ করিয়াই আমার শ্রদ্ধাঞ্জলি সমাপ্ত করিলাম।

# আমেরিকায় বেদান্ত প্রচারে মার্কিন নারীর ভূমিকা

স্বামী শ্রদ্ধানন্দ

১৮৯৩ সালের ১০ই সেপ্টেম্বর চিকাগো শহরের রাস্তায় ভ্রমণক্লান্ত, ক্ষুৎপিপাসাকাতর, দ্বারে দ্বারে আশ্রয় ভিক্ষা করিয়া প্রত্যাখ্যাত, অপরিচিত বেশভূষাধারী বিদেশী বলিয়া উপহসিত, [illegible], বিপন্ন সন্ন্যাসী বিবেকানন্দকে সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে পথিপার্শ্বস্থ এক অট্টালিকার দরজা খুলিয়া যিনি সাদর অভ্যর্থনাসহ ভিতরে ডাকিয়া আনিলেন এবং মাতৃহৃদয়ের স্নিগ্ধ মমতা দিয়া আগন্তুকের দেহ ও মনকে সুস্থ করিয়াছিলেন তিনি একজন আমেরিকান নারী। সেই দারুণ সংকট ক্ষণে স্বামীজীর সম্মুখে দ্বারপ্রান্তে দেবীর মত এই মহীয়সীর আবির্ভাব না ঘটিলে চিকাগো [illegible] যোগাযোগ [illegible] হইত কিনা [illegible] অনুষ্ঠান [illegible] মিসেস হেলের সেবাযত্নে [illegible] শক্তি [illegible]। পরের দিন ধর্মমহাসভায় বিবেকানন্দের [illegible] আত্মপ্রকাশ [illegible]।

[illegible] আমেরিকায় স্বামীজীর বেদান্ত প্রচারের সহিত মিসেস হেলের মত [illegible] পাশ্চাত্য [illegible] ভগিনী নিবেদিতা, মিসেস সেভিয়ার, [illegible] ভগিনী [illegible], মিসেস লেগেট, [illegible] মিসেস এলান প্রভৃতির নাম স্বামী বিবেকা-[illegible] পরিচিত [illegible]।

আমেরিকায় [illegible] স্বামীজী [illegible] চার বৎসর [illegible]। এই সময়ের মধ্যে আমেরিকান মহিলাদিগের নিকট তিনি যে সহানুভূতি ও সহায়তা পাইয়াছিলেন তাহার জন্য তাঁহার কৃতজ্ঞতার সীমা ছিল না। বিদেশের অপরিচিত পরিবেশে ইঁহারা মাতার করুণাময়ী মূর্তিতে এবং ভগিনীর পবিত্র স্নেহে তাঁহার [illegible] উৎসাহদাত্রী [illegible]। কখনো কখনো বহুতর সমালোচনা ও বিরুদ্ধতার মধ্যেও আমেরিকান নারীগণ নিজেদের আত্মীয়স্বজন এবং ধর্মযাজকদের সতর্কবাণী ও শাসন উপেক্ষা করিয়া ন্যায় ও সত্যের মর্যাদা রক্ষার জন্য এই বিদেশী সন্ন্যাসীর পাশে বন্ধুরূপে আসিয়া দাঁড়াইয়াছিলেন।

স্বামীজী চিকাগো হইতে ২৮।১২।১৮৯৩ তারিখে শিষ্য হরিপদ মিত্রকে লিখিয়াছিলেন: 'এদেশের স্ত্রীদের মত স্ত্রী কোথাও দেখি নাই। সৎ পুরুষ আমাদের দেশেও অনেক, কিন্তু এদেশের মেয়েদের মত মেয়ে বড়ই কম। 'যা শ্রীঃ স্বয়ং সুকৃতিনাং ভবনেষু':—যে দেবী সুকৃতী পুরুষের গৃহে লক্ষ্মী রূপে বিরাজমানা—এ কথা বড়ই সত্য। এ দেশের তুষার যেমন ধবল,

তেমনি হাজার হাজার মেয়ে দেখেছি। আর এরা কেমন স্বাধীন! [illegible] করে। যতদিন এখানে এসেছি এদের মেয়েরা বাড়িতে স্থান দিয়েছে, খেতে দিচ্ছে [illegible] প্রচার করার সব বন্দোবস্ত করে, সঙ্গে করে বাজারে নিয়ে যায়, কি না করে বলতে পারি না। শত শত জন্ম এদের সেবা করলেও এদের ঋণ মুক্ত হবো না।"

২৫।১২।১৮৯৪ তারিখে স্বামীজীর স্বামী রামকৃষ্ণানন্দকে লিখিত একটি পত্রে দেখিতে পাই: "এরা রূপে লক্ষ্মী, গুণে সরস্বতী, আমি এদের পুষ্যিপুত্র, এরা সাক্ষাৎ জগদম্বা [illegible] এদের পূজা [illegible] সব সিদ্ধি লাভ হয়। এই রকম মা জগদম্বা যদি [illegible] আমাদের দেশে [illegible] তৈরি করে মরতে পারি তবে নিশ্চিন্ত হয়ে মরব।

স্বামীজীর আমেরিকা [illegible] পর [illegible] বৎসর [illegible]। [illegible] পৃথিবীতে শিল্প, বিজ্ঞান, রাজনীতি, সমাজ, পরিবার [illegible] সর্বক্ষেত্রে বিপুল পরিবর্তন ঘটিয়াছে। দুইটি বিশ্বযুদ্ধ মানুষের [illegible] নাড়া দিয়াছে। স্বামীজী আমেরিকার নারীর যে [illegible] অনেকাংশে হয়তো আজ বিবর্ণ [illegible] একটি মহৎ উদ্দেশ্যের [illegible] হয়। আমেরিকার নারীর [illegible] কিন্তু তবুও ঐ বিপুল দেশের [illegible], শত শত সহস্র সহস্র [illegible] বৃদ্ধা রহিয়াছেন [illegible] মহৎ [illegible] উৎসাহ [illegible] ত্যাগ স্বীকার [illegible] পশ্চাৎপদ নন। [illegible] কল্যাণকর প্রচেষ্টায়, তাঁহাদের সেবাবৃত্তি আজও [illegible]।

স্বামী বিবেকানন্দ আমেরিকায় বেদান্ত [illegible] সত্তর বৎসর হইল। তাঁহার [illegible] দ্বারা [illegible] হইয়াছে ও হইতেছে। কিন্তু এই বিস্তার ও [illegible] পশ্চাতে [illegible] সহযোগিতা, স্বার্থবিসর্জন, সেবা ও তপস্যা রহিয়াছে [illegible] দেখিয়াছেন তাঁহাদের হৃদয়ে উচ্চ [illegible] খ্রীষ্টধর্মাবলম্বীদের দেশ। খ্রীষ্ট যে সব উপদেশ দিয়াছেন তাহা [illegible] ঘেঁসিয়া যায়। ধর্মপ্রাণ হিন্দুর পক্ষে [illegible] এর [illegible] উপর শ্রদ্ধা ও [illegible] খুবই স্বাভাবিক। কিন্তু পাশ্চাত্য দেশে [illegible] প্রতিষ্ঠান [illegible] হয় তাহার পটভূমি ও দৃষ্টিভঙ্গী বেদান্তের শিক্ষা হইতে [illegible] ভোগ, সুখ, নিরাপত্তা, মান প্রতিপত্তির অভিমুখে [illegible] একটি অতিলৌকিক উৎসাহ ও ভরসা দেওয়াই যেন ঐ [illegible] বোকামি কাম লোভ হিংসা দ্বেষ ও প্রমত্ত বাসনার পরিপোষণ ছাড়া আর [illegible] পরিত্রাতা রূপে বিশ্বাস করিলে সাংসারিক সুখের [illegible] মৃত্যুর পরও 'স্বর্গ' নামক কোন স্থানে অনন্তকাল ঐরূপ সুখ ভোগ করা চলিবে। আর খৃষ্টকে যদি না গ্রহণ কর তাহা হইলে নরকের প্রচণ্ড বহ্নিতে জ্বলিয়া পুড়িয়া কাল-যাপন করিতে হইবে, সে শাস্তির

কখনো অবসান হইবে না। আমেরিকায় লক্ষ লক্ষ খৃষ্টধর্মাবলম্বী ধর্মের ঐরূপ ধারণাতেই সন্তুষ্ট। তাঁহাদের নিকট ধর্মের অভ্যাস মানে রবিবারে (অন্ততঃ বৎসরে একবার ইস্টারের সময়) গির্জায় গিয়া পাদরীর মুখ হইতে ঐ ঘোষণা শুনিয়া আসা। যে দেশে ধর্মের পরিবেশ প্রধানতঃ এবম্বিধ সেই দেশে কেহ যদি আসিয়া বিবেক বৈরাগ্য, ত্যাগ, অন্তর্দৃষ্টি, ধ্যান-ধারণা, ভগবৎ প্রেম, আত্ম-জ্ঞানের কথা বলেন তো তাঁহার কথা শুনিবার আগ্রহ বেশী লোকের হইবে না,—ইহা সহজেই বুঝিতে পারা যায়। সেই বক্তাকে এবং তাহার শ্রোতৃবৃন্দকে যে অনেক বিদ্রূপ ও সমালোচনা সহ্য করিতে হইবে তাহাও জানা কথা। সেই জন্য যে সকল আমেরিকান মহিলা ভারতীয় সন্ন্যাসীদের নিকট বেদান্ত শিক্ষা করিতে আসেন তাঁহাদের সত্যানুসন্ধিৎসা, সাহস এবং ভাবগভীরতার প্রশংসা না করিয়া পারা যায় না।

স্বামী বিবেকানন্দ বার বার ধর্মকে মানুষের অন্তর্নিহিত দেবত্বের পরিবিকাশ বলিয়া সংজ্ঞিত করিয়াছেন। সেই দেবত্বকে চিরকাল চাপিয়া রাখা যায় না। ভোগৈশ্বর্যবিলাসের মধ্যে ডুবিয়া থাকিয়া মানুষ তাহার দেব প্রকৃতিকে কিছুকালের জন্য ভুলিয়া থাকিতে পারে কিন্তু বরাবর নয়। একদিন ভিতরের দেবতা জাগিয়া উঠেন—একদিন জীবনের গভীর প্রশ্ন সারা অন্তরকে ব্যাকুল করিয়া তোলে। অতঃ কিম্, অতঃ কিম্? আমেরিকার লক্ষ লক্ষ নরনারীর জীবনে ধর্ম সম্বন্ধে গভীর জিজ্ঞাসা উপস্থিত হইবার সুযোগ অবশ্যই কম। কিন্তু কাহারও কাহারও প্রাণে ঐ প্রশ্ন নিশ্চতই জাগে—মানব প্রকৃতির স্বাভাবিক নিয়মেই জাগে, তাঁহারাই ভারতের সনাতন অধ্যাত্ম-বাণীর প্রতি আকৃষ্ট হন।

তাঁহারা ঐশ্বর্যবিভব জাতি বিদ্যা সমাজ গৌরব পিছনে রাখিয়া সুদূর ভারতবর্ষের রিক্ত সন্ন্যাসীদের নিকট মাথা নোয়াইতে আসেন। দেশের শত সহস্র গির্জার আড়ম্বরময় প্রচার তাঁহাদিগের প্রাণের ক্ষুধা মিটাইতে পারে নাই। তাঁহারা খোঁজেন নানাপ্রকার মতবাদ দ্বারা অনাবৃত একটি সহজ শুভ্র সত্য যাহা এই পৃথিবীতেই প্রত্যক্ষ করা যায়, প্রত্যক্ষ করিয়া সকল সংশয় এবং মোহ হইতে মুক্ত হওয়া যায়। তাঁহারা অনেক দরজায় আঘাত করিয়াছেন, অনেক পণ্ডিতের বাগ্মিতা শুনিয়াছেন, অনেক পুরোহিতের আশ্বাস পাইয়াছেন, প্রাণ কিন্তু শান্ত হয় নাই। তাহারা বলেন এবার শেষ বারের মত এই নূতন দরজায় ঘা দিয়াছি। এই খোঁজাই শেষ খোঁজা। বেদান্ত যদি প্রাণের তৃষ্ণা মিটাইতে না পারে তো কিছুতেই পারিবে না।

আমেরিকান পুরুষের চেয়ে নারীরই হৃদয়ে এই জিজ্ঞাসা, এই ব্যাকুলতা বেশী। আমেরিকান পুরুষ অর্থ রোজগার এবং জাগতিক সিদ্ধির সিঁড়ির পর সিঁড়ি ওঠা লইয়া গলদঘর্ম। তাঁহার খাওয়ার সময় নাই, বিশ্রামের সময় নাই, সূক্ষ্ম কোন চিন্তা বা ভাববিলাসিতার সময় নাই। পরিবারের সকলকে লইয়া সপ্তাহে, মাসে বা বৎসরে একদিন গির্জায় যাওয়া—ধর্মের ব্যাপারে বড় জোর এইটুকু কোনও মতে তিনি করিতে পারেন, তদতিরিক্ত কিছু করিবার সময় ও ঝোঁক তাহার নাই। আমেরিকান নারীর কথা আলাদা। যদিও তিনি গৃহস্বামী বাড়ি, বাগান, ছেলে-মেয়েদের লালন পালন, হাটবাজার, রান্নাবান্না প্রভৃতি লইয়া অত্যন্ত কর্মব্যস্ত তথাপি ঘরের বাহিরে শিক্ষা সংস্কৃতি ও সমাজকল্যাণ সংক্রান্ত কোনও না কোন আন্দোলনের সহিত জড়িত থাকিতে খুবই উৎসাহান্বিতা,—ধর্মও ইহাদের অন্যতম। যে মহিলা ধর্মের প্রতি ঝুঁকিয়াছেন তিনি ঐ ঝোঁককে

পরিপুষ্ট করিতে সময় ও অর্থব্যয় করিতে কুণ্ঠিতা নন। আমেরিকার হাজার হাজার গির্জা টিকিয়া আছে এবং পরিপুষ্ট হইতেছে অনেকটা এই সকল আমেরিকান নারীর বদান্যতায়। ইঁহাদের মধ্যে কাহারো কাহারো ধর্মানুরাগ প্রকৃতই গভীর।

বেদান্ত আন্দোলনে যোগ দেওয়া এবং ঐ আন্দোলনকে সহায়তা করা এই দুইটির জন্য আমেরিকান নারীর পক্ষে কয়েকটি বিষয় অনুকূল, যথা—তাঁহার সুশিক্ষা, স্বাবলম্বন, কর্মোৎসাহ এবং জাতিগত বদান্যতা। আমেরিকায় মেয়েদের সর্ববিষয়ে শিক্ষার সুযোগ অপর্যাপ্ত এবং সহস্র সহস্র নারী যথাসম্ভব সেই সুযোগ গ্রহণ করিতে আগ্রহবতী। বয়স বেশী হইলেও তাঁহাদের শিক্ষা গ্রহণে উৎসাহ স্তিমিত হয় না। নাতি-নাতনীর বয়সের তরুণ তরুণীর সহিত মিশিয়া প্রৌঢ়ারা কলেজে কোন কোর্স লইতেছেন ইহা আমেরিকার একটি অতি স্বাভাবিক ঘটনা। 'যাবৎ বাঁচি তাবৎ শিখি'—এই মনোভাবটি মার্কিন মহিলার চরিত্রে বেশ গাঁথিয়া গিয়াছে। সেইজন্য যাঁহারা বেদান্তে আসেন তাঁহাদের অনেকেই একটি গভীর অনুসন্ধিৎসা লইয়া আসেন।

বেদান্তের শিক্ষিতব্য বিষয়গুলি তাঁহাদের নিকট অত্যন্ত নূতন, নিজেদের দেশের ধর্মযাজক এবং দার্শনিকদের মুখে তাঁহারা কখনো এ সকল কথা শুনেন নাই। সে জন্য বিষয়গুলি ধারণা করিবার জন্য যে ধৈর্য, অধ্যবসায়, প্রীতি ও বুদ্ধির প্রাখর্য দরকার তাহা তাঁহারা সোল্লাসে অনুশীলন করেন।

মার্কিন নারী অর্থনৈতিক ও পারিবারিক দিক দিয়া আমাদের দেশের স্ত্রীজাতির অপেক্ষা বহুগুণে স্বাবলম্বী। পুরুষের উপর নির্ভর না করিয়া তিনি নিজের ভরণপোষণ ভ্রমণ বা নিজের অভিলাষানুযায়ী কোনও ব্যাপৃতি চালাইয়া নিতে পারেন। বেদান্তধর্ম অনুসরণ করিবার জন্য অনেক সময়ে তাঁহাকে আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবদের নিকট বহুতর বাধার সম্মুখীন হইতে হয়। কিন্তু চরিত্রের স্বাবলম্বন বৃত্তির জন্য সেই সকল প্রতিপক্ষতা প্রতিহত করা তাঁহার পক্ষে খুব কঠিন হয় না।

কর্মোৎসাহ আমেরিকান চরিত্রের একটি বিশেষ উজ্জ্বল দিক। কি পুরুষ, কি স্ত্রী,—সকলেই কাজ করিতে উৎসাহী। "Do it yourself" (নিজে নিজেই করে নাও) হইল আমেরিকার একটি সুপরিচিত স্লোগান। এই স্লোগান অনুসরণ করিয়া আমেরিকান দম্পতী বাড়ি মেরামত ও রং করা, বাগান করা, ঘরে বসিয়া যন্ত্রপাতির সাহায্যে পোষাক পরিচ্ছদ এবং আরও নানা প্রকার জিনিস তৈরী করা, কাপড় জামা পরিষ্কার করা ইত্যাদি ইত্যাদি বহুবিধ কাজ আনন্দের সঙ্গে সম্পাদন করেন। রুটি রোজগারের জন্য গৃহস্বামীকে অধিকাংশ সময় বাহিরেই থাকিতে হয় বলিয়া এই সকল ফালতু কাজের ভার বেশীর ভাগ গৃহলক্ষ্মীরই উপর। অবশ্য স্বামী অবসর মত সাহায্য করেন। ছেলেমেয়েদের লালন পালন, রান্নাবান্না, বাড়ি-ঘর পরিষ্কার, বাজার হাট এই সব নিত্যনৈমিত্তিক কাজ তো আছেই। চাকর চাকরানী রাখা আমেরিকায় অত্যন্ত ব্যয় সাপেক্ষ। খুব বড়লোকরাও উহার চেষ্টা করেন না। নিজেদের কাজ নিজেরা করিয়া লওয়ার নীতি তাঁহারাও সাদরে বরণ করেন।

আমেরিকান নারী যখন বেদান্ত সমিতিতে যোগ দেন তখন তাঁহার স্বাভাবিক কর্মপ্রবণতা একটি নূতন ধারা গ্রহণ করে। একদিন নিজের গৃহসংসার এবং ব্যক্তিগত আরাম ও খেয়ালের

গোকর্মাথে তিনি যে অক্লান্ত পরিশ্রম করিতেন এখন ঐ শ্রম তিনি নিয়োজিত করিতে চান তাঁহার নূতন ভালবাসার পাত্র—বেদান্ত আন্দোলনের জন্য। সেইজন্য আমেরিকার প্রত্যেক বেদান্ত সমিতিতে দেখিতে পাওয়া যায় ভক্ত মহিলারা কাজের পোষাক পরিয়া অত্যন্ত উৎসাহের সহিত হাসিমুখে সমিতির নানা কাজ দিনের পর দিন করিয়া চলিতেছেন। ঘর ও আসবাবপত্র পরিষ্কার করা, বাগানের কাজ, হিসাবপত্র রাখা ও টাইপ করা, পুস্তক ও পত্রিকাদি সম্পাদনা, বেদান্ত সাহিত্য বিক্রয় করা, লাইব্রেরীর দেখা শোনা, সমিতির জন্য ব্যাঙ্ক ও অফিস সমূহে যাওয়া আসা, মন্দিরে বেদান্ত পূজা সাজানো, প্রয়োজন মত গাড়ি চালানো, বাজার করা, ছোট ছোট ছেলে-মেয়েদের ধর্মশিক্ষার জন্য সমিতির পরিচালিত রবিবাসরীয় স্কুল ( Sunday School ) পরি-চালনা, এতদ্ভিন্ন রান্নার কাজই না এই সকল মহিলা-কর্মীরা করিয়া থাকেন। কোনও প্রকার প্রত্যাশা না রাখিয়া কর্মযোগের বুদ্ধিতে তাঁহারা এই সব কাজ করেন।

আমেরিকার পশ্চিম উপকূলস্থিত একটি বেদান্ত কেন্দ্রের বিস্তীর্ণ বনভূমিতে মহিলা-কর্মিগণকে বড় বড় মেশিন চালাইয়া জঙ্গল পরিষ্কার করিতে দেখিয়া একবার কতিপয় ভারতীয় ভ্রমণকারী অত্যন্ত বিস্ময় প্রকাশ করিয়াছিলেন। বাস্তবিক নারীর এইরূপ কর্মশক্তি ভারতে আমরা কল্পনাও করিতে পারি না। শারীরিক শ্রমের কাজ আমেরিকায় কেহ ছোট কাজ বলিয়া মনে করে না। ভারতবাসীদের চোখে মেয়েদের এই ধরনের নানা শ্রমসাধ্য কাজ যতই অস্বাভাবিক মনে হউক আমেরিকান সমাজে ঐরূপ ধারণার কোনও অবসর নাই।

আমেরিকানরা ডলারের উদগ্র উপাসক সন্দেহ নাই। কিন্তু অর্থ তাহারা যেমন উপার্জন করে, তেমনি খরচও করে মুক্ত হস্তে। নিজেদের সুখ-স্বাচ্ছন্দ্য, বিলাস-ব্যসন মিটাইবার পর যাহা থাকে তাহা তাহারা নানা কাজে ব্যয় করে। জনসাধারণের দানে চলে এমন শত শত প্রতিষ্ঠান আমেরিকার সব অঞ্চলে দেখিতে পাওয়া যায়। ধর্ম, শিক্ষা, সমাজ, স্বাস্থ্য, সাহিত্য, শিল্প, বিজ্ঞান প্রভৃতি নানা বিষয়ের পরিপোষক প্রতিষ্ঠান আছে। যাহারা বেদান্তের প্রতি আকৃষ্ট হইয়াছেন তাঁহারা নিজেদের চারিত্রগত বদান্যতা এই নূতন আন্দোলনের জন্য প্রসারিত করিতে কুণ্ঠিত হন না। আমেরিকার লোকসংখ্যার তুলনায় বেদান্তানুরাগী নরনারীর সংখ্যা যদিও একান্তই নগণ্য, তথাপি বিগত সত্তর বৎসর ধরিয়া এই আন্দোলনের জন্য আমেরিকান ভক্তেরা কম টাকা ব্যয় করেন নাই। আমেরিকা যুক্তরাষ্ট্রে শাখাকেন্দ্র লইয়া বর্তমানে মোট ১৭টি বেদান্তকেন্দ্র আছে। উহাদের প্রত্যেকটিরই নিজস্ব বাড়ি রহিয়াছে। সকল কেন্দ্রের আর্থিক অবস্থা অবশ্য সমান নয়, কিন্তু প্রত্যেকটি কেন্দ্রের যাবতীয় খরচ কেন্দ্রের ভক্ত ও বন্ধুগণই বহন করেন। যেহেতু তাঁহাদের সংখ্যা খুব বেশী নয়, সেইজন্য মোট ব্যয় মিটাইবার জন্য প্রত্যেককে বেদান্তসমিতির জন্য বেশ স্বার্থত্যাগ করিতে হয়। এমন অনেক মহিলা আছেন যাঁহারা নিজেদের পোষাক পরিচ্ছদ এবং ব্যক্তিগত অন্যান্য বিষয়ের খরচ যথাসম্ভব কমাইয়া যাহা কিছু সঞ্চয় করিতে পারেন তাহা সমিতির কাজে দান করেন। প্রমত্ত ভোগবিলাসের দেশে যদি কেহ ভোগবিমুখ হন, সাদাসিধা অনাড়ম্বর সংযত জীবন যাপন করিতে চান তাহা হইলে তাঁহাকে আত্মীয়স্বজন, বন্ধু ও প্রতিবেশীদের নিকট সাধারণতঃ নানা টিটকারী সহ্য করিতে হয়। বেদান্তানুরাগী ভক্তগণ—বিশেষতঃ যাঁহারা মহিলা—তাঁহারা কিন্তু এই পরিস্থিতি গ্রাহ্য করেন না। পক্ষান্তরে তাঁহাদের শান্ত প্রকৃতি, অনমনীয়

আদর্শনিষ্ঠা, সংযত চালচলন অনেক সময়ে বন্ধুবান্ধবীদের হৃদয়ে উহার প্রভাব বিস্তার করে। বান্ধবীরা বিস্ময়াবিষ্ট হইয়া ভাবেন, সুদূর ভারতবর্ষের শ্যামবর্ণ ধর্মশিক্ষকগণের নিকট এমন কি ইহারা পাইয়াছে যাহাতে ইহারা এত আত্মতৃপ্ত, এত সাহসী, এত আনন্দময়? কেহ কেহ কৌতূহল বশে বান্ধবীদের সঙ্গে বেদান্তের বক্তৃতা শুনিতে আসেন। এমনও ঘটে দু'চার বার আসিবার পর তাহাদেরও চিত্তে বেদান্তের ছোঁয়াচ লাগে।

স্বামী বিবেকানন্দ ভগিনী নিবেদিতাকে ব্রহ্মচর্যব্রতে দীক্ষিত করিয়াছিলেন এবং তাঁহারও জীবনের শেষ দিন পর্যন্ত গুরুনির্দিষ্ট সুমহান ত্যাগ ও সেবার মহাব্রত আশ্চর্য সার্থকতার সাথে উদ্‌যাপিত করিয়াছিলেন। ভগিনী নিবেদিতা ছিলেন অসাধারণ তেজস্বিনী বৈরাগ্যপূর্ণা আইরিশ নারী। তাঁহার ন্যায় দৃঢ়ব্রতা দলে দলে মিলে না।

তাই দেখিতে পাওয়া যায় যদিও স্বামী বিবেকানন্দের ন্যায় আচার্যশ্রেষ্ঠের সান্নিধ্য ও উপদেশ বহু আমেরিকান নারী লাভ করিয়াছিলেন তথাপি ত্যাগ ও সেবার আদর্শে জীবন সম্পূর্ণভাবে নিয়োগ করা তাঁহাদের অধিকাংশের ভাগ্যে ঘটে নাই। স্বামীজী মাদাম মেরী লুইজ নামক জনৈকা ফরাসী আমেরিকান মহিলাকে সন্ন্যাস দীক্ষা এবং অভয়ানন্দ নাম দিয়াছিলেন। ইনি ছিলেন বিদুষী, লেখিকা ও বাগ্মী। আমেরিকায় বেদান্ত প্রচারকার্যে কিছুকাল সহায়তা করিবার পর ১৮৯৯ সালে ভারতবর্ষে যান। স্বামীজী তখন বেলুড় মঠে বাস করিতেন। ভারতের নানা স্থানে স্বামীজীর নির্দেশে তিনি বক্তৃতা করিয়া প্রশংসা অর্জন করেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি শ্রীগুরুর প্রতি আনুগত্য রাখিতে পারেন নাই। ভগিনী ক্রিস্টিন হইলেন দ্বিতীয় আমেরিকান মহিলা, যিনি স্বামী বিবেকানন্দ কর্তৃক ত্যাগব্রতে দীক্ষিত হইয়াছিলেন। ভগিনী নিবেদিতার সহিত দীর্ঘকাল ভারতে স্ত্রীশিক্ষা প্রচারে রত থাকিয়া তিনি শ্রীগুরুর অভিলষিত কার্যে ঐকান্তিক নিষ্ঠা দেখাইয়াছেন। কিন্তু ইহা ছাড়াও আমেরিকায় বেদান্ত আন্দোলনের প্রারম্ভিক যুগে তাঁহার ভক্তিবৈরাগ্যময় পবিত্র জীবন আমেরিকান ভক্তগণের নিকট আলোকস্তম্ভস্বরূপ।

স্বামী বিবেকানন্দের পর স্বামী অভেদানন্দ, স্বামী তুরীয়ানন্দ, স্বামী ত্রিগুণাতীতানন্দ এবং আরও পরে স্বামী পরমানন্দের সংস্পর্শে আসিয়া বিভিন্ন সময়ে বহু আমেরিকান মহিলা সন্ন্যাসের আদর্শে আকৃষ্ট হইয়াছেন। আমেরিকার বেদান্ত আন্দোলনে এই সকল ব্রহ্মচারী ও ব্রহ্মচারিণীগণের অবদান কম নয়। গত কুড়ি বৎসর হইল হলিউড বেদান্ত সমিতির উদ্যোগে লস এঞ্জেলেস হইতে আশী মাইল উত্তরে প্রশান্ত মহাসাগরের তীরস্থিত সান্টাবারবারা শহরের উপকণ্ঠে মনোরম প্রাকৃতিক পরিবেষ্টনীতে একটি নারীমঠ স্থাপিত হইয়াছে। নাম—সারদা মঠ। এই মঠের ব্রহ্মচারিণীদের অনেকে আনুষ্ঠানিক ব্রহ্মচর্য ও সন্ন্যাস দীক্ষা লাভ করিয়াছেন। অনুরূপ একটি নারীমঠ স্যানফ্রান্সিস্কো বেদান্ত সমিতি কর্তৃক বারো বৎসর হইল প্রতিষ্ঠিত হইয়াছে। এখানকার ব্রহ্মচারিণীদের কয়েকজন ব্রহ্মচর্যদীক্ষা গ্রহণ করিয়াছেন। এখনো কেহ প্রব্রাজিকা হন নাই। পাশ্চাত্য-দেশে রোমান ক্যাথলিক সম্প্রদায়ে অবশ্য নারী সন্ন্যাসিনী ও ব্রহ্মচারিণী অনেক আছেন—কিন্তু প্রধানতঃ প্রোটেস্টাণ্ট্ আমেরিকায় নারীদের সর্বত্যাগ করিয়া ভগবৎ সাধনা ও মানব সেবায় জীবন নিয়োগ একান্তই অচিন্তনীয় ব্যাপার। যীশুখৃষ্টের ত্যাগ বৈরাগ্যের উপদেশ প্রোটেস্টাণ্টেরা আদৌ বুঝিতে পারে না। বেদান্ত আন্দোলনের মাধ্যমে আমেরিকার ধর্মজীবনে ত্যাগ ও বৈরাগ্যের

অনুপ্রবেশ ও বিস্তার সত্যই আমেরিকান জাতির পক্ষে অশেষ কল্যাণকর। যে সকল মার্কিন মহিলা ব্রহ্মচারিণী ও সন্ন্যাসিনীর জীবন যাপন করিতেছেন তাঁহারা নিজেদের আধ্যাত্মিক বিকাশ ছাড়া বেদান্ত আন্দোলনের পরিপুষ্টি এবং স্বদেশের ধর্মশক্তির সহায়তা এই দুই শুভকার্যের পরিবাহন হইয়াছেন। অতএব তিন দিক দিয়া তাঁহাদের জীবন সার্থক।

বেদান্ত সাহিত্যের সঙ্কলন ও প্রচারে আমেরিকান নারীর ভূয়সী সহায়তা অবিস্মরণীয়। মিসেস ওয়ালডোর উদ্যম ও পরিশ্রম ব্যতীত স্বামী বিবেকানন্দের শ্রেষ্ঠ কয়েকখানি পুস্তক প্রকাশিত হইতে পারিত কিনা সন্দেহ। স্বামী অভেদানন্দের ও স্বামী পরমানন্দের বিবিধ বেদান্ত গ্রন্থাবলীর সঙ্কলন ও সম্পাদনায় কত আমেরিকান মহিলা ভক্তের অক্লান্ত পরিশ্রম রহিয়াছে তাহা আমরা ভুলিতে পারিনা। ভগিনী দেবমাতার রচিত নানা পুস্তক এবং মিসেস মেরী লুই বার্ক প্রণীত Swami Vivekananda in America- New discoveries বেদান্ত সাহিত্যের বিশেষ উল্লেখযোগ্য সংযোজন।

শ্রীরামকৃষ্ণ ভাবচক্ষুতে তাঁহার সুদূর সাগরপারের গৌরবর্ণ ভক্তদের দেখিতে পাইয়াছিলেন। আমেরিকায় যে সকল নারী বেদান্তকে আবিষ্কার ও গ্রহণ করিয়াছেন ও করিতেছেন তাহারা এই গৌরবর্ণ ভক্তগোষ্ঠীর অন্তর্ভুক্ত। তাঁহাদের ভিতর শ্রীরামকৃষ্ণ, শ্রীশ্রীমা, স্বামীজী এবং অপরাপর শ্রীরামকৃষ্ণ পার্ষদগণের প্রতি প্রগাঢ় শ্রদ্ধা দেখিতে পাওয়া যায়। ভারতের সনাতন আধ্যাত্মিক আদর্শের তাঁহারা একনিষ্ঠ অনুসারী। ভারতবর্ষের সুখদুঃখ তাঁহাদের হৃদয়ে গভীরভাবে সাড়া জাগায়। ভারত তাঁহাদের নিকট স্বপ্নলোকের পুণ্য স্বর্গ। তাঁহাদের ন্যায় ভারত-বন্ধু ভারতেও খুব বেশী নাই। তাঁহারা ভারতকে ভালবাসিয়া, ভারতের শ্রেষ্ঠ সম্পদ গ্রহণ করিয়া যেমন ধন্যা হইয়াছেন, ভারতজননীও তেমনি এই শুভ্রচিত্তা সুকন্যাগণকে পাইয়া গর্বিতা সন্দেহ নাই।

# ভগিনী নিবেদিতা ও ছাত্র সমাজ

প্রব্রাজিকা মুক্তিপ্রাণা

ভগিনী নিবেদিতার শতবর্ষ পূর্ণ হইল। ইতিহাসের পৃষ্ঠায় শতাব্দী শতাব্দী তাহার চরণ চিহ্ন আঁকিয়া চলে। ভারত-ইতিহাসে উনবিংশ শতাব্দীকে বলা হয় যুগ সন্ধিক্ষণ। এই যুগেই, একদিকে বিদেশী কর্তৃক ভারত-বিজয় সম্পূর্ণ, অপরদিকে ভারতবাসীর মাঝে জাতীয় চেতনার উন্মেষ। উনবিংশ শতাব্দীর শেষভাগে যে জাতীয় চেতনার উন্মেষ বিংশ শতাব্দীর প্রারম্ভে জীবনের সর্বস্তরে সেই চেতনার অপূর্ব বিকাশ। সেদিন যে সব মনীষী সেই নবযুগের উদ্বোধন করিয়াছিলেন, তাঁহাদের সকলের মাঝখানে প্রদীপ্ত শিখার মত আসিয়া দাঁড়াইয়াছিলেন ভগিনী নিবেদিতা। ভারতের সহিত তাঁহার একাত্মবোধ এক বিস্ময়কর কাহিনী। ভারতের জাতীয় ও সমাজ জীবনে এমন কোন সমস্যা ছিল না, যাহা তিনি সমগ্র মনপ্রাণ দিয়া সমাধান করিবার চেষ্টা করেন নাই অথবা নূতন আলোকপাত করেন নাই।

নিবেদিতা বলিতেন তিনি যে ভারতবর্ষকে ভালবাসেন তাহার কতকগুলি কারণ আছে। সংক্ষেপে বলিতে গেলে, তাহার মতে ভারত পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ ধর্মমতসমূহের জন্মদাত্রী। তাহার উপরে বিরাজ করিতেছে চিরতুষারমণ্ডিত হিমালয় পর্বতমালা—যাহা সহজেই হৃদয়ে গাম্ভীর্য ও উচ্চ ভাবের উদ্রেক করে। ভারতের পারিবারিক জীবন সহজ, সরল ও সুন্দর, ভারতই বিশেষ ভাবে মহীয়সী নারীকুলের জন্মদাত্রী। সর্বোপরি ভারতই একমাত্র দেশ যেখানে ছাত্র-জীবনের মহান্ আদর্শ ব্রহ্মচর্য পালন। দৃঢ়তার সহিত তিনি বলিতেন ছাত্র-জীবনে ব্রহ্মচর্য পালন ব্যতীত প্রাচীন যুগের অমিত বীর্য লাভ অসম্ভব।

নিবেদিতার দেহত্যাগের পর বহুবর্ষ অতীত হইয়াছে। পরিবর্তনশীল জগতে নিত্য পরিবর্তন ঘটিতেছে। ভারতের সমাজ জীবনের মত ছাত্রজীবনেও বিস্ময়কর পরিবর্তন ঘটিয়াছে। 'ছাত্রাণাম্ অধ্যয়নং হি তপঃ' অথবা গুরুগৃহে বাস করিয়া ব্রহ্মচর্য পালন—প্রাচীন যুগের ঐ সকল আদর্শ বা নীতির দ্বারা বর্তমান ছাত্রসমাজ আর পরিচালিত নহে। উহাকে মহৎ ও উচ্চ আদর্শ হিসাবেও যেন আর গ্রহণ করা চলে না। জীবনের সকল দ্বার রুদ্ধ করিয়া অধ্যয়নরূপ তপস্যায় মগ্ন হইয়া থাকা নিতান্তই অর্থহীন ও হাস্যকর মনে হয়। নীতি বা আদর্শ কি চিরকাল অপরিবর্তিত থাকিবে? সুতরাং ঐ সকল আদর্শের উল্লেখ না করাই সমীচীন। নীতির পরিবর্তন ঘটিয়াছে। বর্তমানে রাজনীতি বা পলিটিক্স (Politics) আমাদের সমগ্র জীবন নিয়ন্ত্রিত করিতেছে। ছাত্রজীবনই বা তাহার প্রভাব হইতে মুক্ত হইবে কি করিয়া? ছাত্রজীবনে রাজনীতির স্থান আদৌ থাকা সঙ্গত কি না, অথবা থাকিলেও তাহার মাত্রা নিরূপণ করা প্রয়োজন কিনা—এসব জটিল প্রশ্ন না তোলাই ভাল। অনেকের মতে ভবিষ্যৎ নাগরিক

হিসাবে দেশের শাসন কার্য পরিচালনায় ছাত্রের অজ্ঞতা কোন ক্রমেই যুক্তিযুক্ত নহে; বরং ছাত্রজীবনেই ঐ বিষয়ে সর্বশেষ শিক্ষা এবং হাতে-কলমে অভিজ্ঞতা লাভ বিশেষ প্রয়োজন। অপর পক্ষ বলিবেন, তাহা হইলে ছাত্রজীবনের প্রধান লক্ষ্য তো উপলক্ষ্য হইয়া দাঁড়ায় ইত্যাদি। 'ছাত্র' শব্দের প্রকৃত সংজ্ঞা কী, ছাত্রজীবনের লক্ষ্যই বা কী—সে সম্পর্কে বহু মতভেদ আছে। তবে সম্ভবতঃ অনেকেই এ বিষয়ে একমত হইবেন যে, অধ্যয়নের জন্য নির্দিষ্ট কালই ছাত্রজীবন বলিয়া অভিহিত হয়। ঐ সময় মূলতঃ জ্ঞানার্জনের সহিত চরিত্র গঠনের কাল, বর্তমানে পরবর্তী কালের জীবিকা-অর্জনের জন্য উপযুক্ত শিক্ষা লাভের কাল। বস্তুতঃ ছাত্রজীবনে চরিত্র গঠনের সঙ্গে চলে ভবিষ্যৎ জীবনের প্রস্তুতি। অন্য কোন উদ্দেশ্যে প্রত্যক্ষভাবে ঐ সময়ে লিপ্ত হওয়ার অর্থ ছাত্রজীবনের যথার্থ লক্ষ্য হইতে ভ্রষ্ট হওয়া।

ভগিনী নিবেদিতা ছাত্রদের ভালবাসিতেন। তাই তাহাদের নিকট তাঁহার প্রত্যাশা বা দাবী ছিল অনেক। তাঁহার আস্থাও ছিল তাহাদের উপর গভীর। তিনি জানিতেন, তাহারাই দেশের ভবিষ্যৎ। আরও জানিতেন, স্বভাবতই প্রাণের প্রাচুর্যে পূর্ণ, আবেগে মত্ত, উৎসাহে চঞ্চল, তরুণ ছাত্র-সম্প্রদায় নিরন্তর আত্মপ্রকাশের পথ খুঁজিতেছে। সকল বাধা-বিপত্তি চূর্ণ করিয়া তাহারা অগ্রসর হইতে চাহিতেছে উদ্দামগতিতে। কিন্তু আত্মপ্রকাশের পথ কী ধ্বংসে অথবা সৃজন-শক্তিতে? জীবনের সার্থকতা বিনাশে অথবা সংগঠনে? কত সহজেই তো ধ্বংস করিয়া ফেলা যায়, কিন্তু কোন কিছু গড়িয়া তোলা কত কঠিন! সংসারের দায়িত্ব সম্বন্ধে ছাত্ররা উদাসীন, কর্তব্য সম্পাদনে অনিচ্ছুক, অথচ তাহাদের আগ্রহ দেশের সর্ববিধ ব্যবস্থায়, রাষ্ট্র পরিচালনায় তাহারা মতামত প্রকাশ করিবে, ইচ্ছামত অংশ গ্রহণ করিবে;—যাহা মনে হয়, পরস্পর বিরোধী। কিন্তু এই আপাত-বিরোধী মত প্রকাশ, উচ্ছল আবেগ, সুসংযত চিন্তার অভাব এবং পরিণাম সম্বন্ধে উদাসীনতার সহিত যে কোন কর্মে আত্মনিয়োগ—এ সকলের মূলে আছে অপরিণত বুদ্ধির সহিত আন্তরিকতা এবং মহৎ বা বৃহৎ কিছু করিবাব দুর্নিবার আকাঙক্ষা। কেবল তাহারা জানে না, কোন পথে সেই আকাঙক্ষা চরিতার্থতা লাভ করিবে।

ছাত্র-হৃদয়ের এই গোপন রহস্য নিবেদিতা অবগত ছিলেন। তিনি একান্ত ভাবে চাহিতেন, তাহাদের মধ্যে যে সুপ্ত সম্ভাবনা রহিয়াছে তাহা পরিপূর্ণভাবে প্রকাশ করিবার সুযোগ তাহারা লাভ করুক। ছাত্রদের জন্য তাই নিবেদিতার একটি কার্যসূচী ছিল। সংক্ষেপে বলা যায়, তিনি চাহিতেন, খেলাধূলা ও ব্যায়ামের দ্বারা তাহারা শরীরেব পুষ্টি সাধন করিবে; বিভিন্ন মনীষীর —কেবল স্বদেশের নহে, বিদেশেরও—জীবন ও কর্মপ্রচেষ্টা অধ্যয়ন করিয়া অনুপ্রেরণা লাভ করিবে; সকল দেশেব বিভিন্ন যুগের ও জাতির ইতিহাস পাঠ করিয়া পরিমার্জিত বুদ্ধির দ্বারা বিচিত্র উত্থান-পতনের মধ্য দিয়া মানব সভ্যতার অগ্রগতির ইতিহাসের সহিত পরিচিত হইবে। সর্বোপরি, অধ্যয়নের অবকাশকালে ছোট ছোট দল গঠন করিয়া ভারতের বিভিন্ন তীর্থ পরিক্রমা করিবে! অবশ্যই ঐ পরিক্রমাকালে যতদূর সম্ভব বিলাস বর্জন করিয়া স্বল্প ব্যয়ে সহজ জীবন-যাত্রা অনুসরণ করিতে হইবে। তীর্থ ভ্রমণের মাধ্যমে অখণ্ড ভারতের সহিত তাহাদের পরিচয় ঘটিবে, ভারতকে তাহারা ভালবাসিতে শিখিবে। ভারতবর্ষ এক আশ্চর্য দেশ! বিভিন্ন প্রদেশের ভাষা বিভিন্ন; পোষাক-পরিচ্ছদ, আচার-ব্যবহার, রীতিনীতি সবই পৃথক—অথচ এক মহান্ আদর্শ

সমগ্র দেশের জীবনে এক আশ্চর্য সমন্বয় সাধন করিয়াছে। সে আদর্শ আধ্যাত্মিক। বেদ-উপনিষদ, রামায়ণ-মহাভারত, গুরু-গীতা-গঙ্গা সমগ্র ভারতকে এক অখণ্ড ঐক্যসূত্রে আবদ্ধ করিয়াছে। ভারতের অধিবাসী মাত্রেই জন্মসূত্রে কতগুলি বিশিষ্ট ভাবধারার অধিকারী।

তাঁহার একান্ত আকাঙ্ক্ষা ছিল পর্যটনের মাধ্যমে ছাত্রদল ভারতের ঐ অখণ্ড রূপটি আবিষ্কার করিবে—যেমন করিয়াছিলেন স্বামী বিবেকানন্দ তাঁহার পরিব্রাজক জীবনে। ভারতের যে কোন বড় তীর্থস্থানে বিভিন্ন প্রদেশের নরনারী সম্মিলিত হয়। সুতরাং ঐ সকল স্থানে বিভিন্ন ভাষা-ভাষী ও আচার-ব্যবহার অবলম্বী নরনারীর জীবনযাত্রা পর্যবেক্ষণ ও তাহাদের ঘনিষ্ঠ সম্পর্কে আসা কত সহজ! এইভাবে সহজ মেলামেশার মাধ্যমে পরস্পরের প্রতি ভালবাসা ও নিভরতা গড়িয়া উঠিবে—সকলেই যে এক দেশমাতৃকার সন্তান এই ভাবটি জাগ্রত হইবে এবং তখনই তাহাদের মধ্যে উদ্ভূত হইবে সেই মহান্ জাতীয়তাবোধ—যে জাতীয়তার জাগরণ বিনাশ করিবে সকল বিভেদ, উদ্বুদ্ধ করিবে দেশমাতার শৃঙ্খল মোচনে অগ্রসর হইতে, বিশ্বের দরবারে গৌরবের সহিত তাঁহাকে প্রতিষ্ঠা করিবার জন্য আত্মনিয়োগ করিতে।

এই রকম এক কল্পনার দ্বারা উদ্বুদ্ধ হইয়া তিনি ভ্রমণকালে দেশের সর্বত্র ছাত্রগণের সহিত যোগাযোগ স্থাপন করিতেন। তাহাদের নিকট গীতার ব্যাখ্যা করিয়া বলিতেন, অন্যায়ের সঙ্গে সংগ্রাম করাই জাতীয় ধর্ম। স্বামী বিবেকানন্দের মহান্ আদর্শ ও বাণী প্রচার করিয়া তাহাদের হৃদয়ে ধর্ম ও দেশের প্রতি অনুরাগ সঞ্চার করিতেন।

এই কল্পনায় বিভোর হইয়াই তিনি ছাত্রদের জন্য একটি প্রতিষ্ঠান গড়িয়া তুলিতে চাহিয়া-ছিলেন। তাঁহার পরিকল্পনা ছিল, ছাত্রগণ ঐ প্রতিষ্ঠানে অবস্থান করিয়া ছয়মাস অধ্যয়নে রত থাকিবে এবং ছয়মাস পর্যটনে বহির্গত হইবে আবার ছয়মাসকাল অধ্যয়ন করিবে। কেবল কল্পনা নহে, অর্থ সংগ্রহ করিয়া নিতান্তই মধ্যবিত্ত ঘরের একদল ছেলেকে সুদূর হিমালয়ে কেদার-বদরী অঞ্চলে প্রেরণ করিয়াছিলেন। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর তাঁহার উদ্দেশ্য অবগত হইয়া নিজপুত্র রথীন্দ্রনাথ ঠাকুরকে ঐ দলের সহিত পাঠাইয়া দেন। বলা বাহুল্য তখন ঐসব পথ অতিশয় দুর্গম ছিল এবং যাত্রীদের জন্য কোন বিশেষ ব্যবস্থা করা সম্ভব হয় নাই, বেশ কষ্ট স্বীকার করিয়াই তাহাদের যাইতে হইয়াছিল। অর্থাভাবে অন্যান্য পরিকল্পনার ন্যায় নিবেদিতাকে এ উদ্যম পরিত্যাগ করিতে হয়। তথাপি তাঁহার পত্রে বারবার 'বিবেকানন্দ হোমে'র উল্লেখ দেখা যায়। তিনি ছিলেন 'বিবেকানন্দ সোসাইটি'র অন্যতম প্রতিষ্ঠাতা। সোসাইটির উদ্দেশ্যে লিখিত একটি প্রবন্ধে তিনি ছাত্রগণের চরিত্রগঠনের উদ্দেশ্যে নিজের সুচিন্তিত অভিমত প্রকাশ করিয়াছেন।

ছাত্রগণকে তিনি ভালবাসিতেন এবং সেইজন্যই তাহাদের চরিত্রে কোন প্রকার ত্রুটি বা গলদ দেখিলে বেদনা বোধ করিতেন। ১৯০১ খৃষ্টাব্দে ইংলণ্ডে অবস্থানকালে এবং পরবর্তীকালেও তিনি সর্বদাই চেষ্টা করিতেন ইংলণ্ডে অবস্থিত ভারতীয়গণের সহিত পরিচিত হইতে। ঐ সময়ে তিনি বিলাতে অধ্যয়নরত বহু ছাত্রের সংস্পর্শে আসেন এবং অনেকেরই দাস মনোভাব ও বিদেশীর অনুকরণ স্পৃহা তাঁহার নিকট বিশেষ পীড়াদায়ক ছিল। ১৯০৫ খৃষ্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন সভায় বক্তৃতা দিতে উঠিয়া লর্ড কার্জন যখন প্রাচ্যদেশবাসীর সত্যবাদিতা সম্বন্ধে কটাক্ষ

কবেন, তখনই ক্রোধে, অপমানে উদ্দীপ্ত নিবেদিতা কীভাবে অমৃতবাজাব পত্রিকায় তাহাব প্রতিবাদ কবেন--সে কাহিনী অনেকেই অবগত আছেন। ঐ বক্তৃতা সভায় লর্ড কার্জনেব ভাষণে অপমানিত বোধ কবিলেও শ্রোতৃবৃন্দেব কেহই কোন প্রত্যুত্তব কবে নাই, নিবেদিতা উহাতে বিশেষ আহত হইযাছিলেন এবং তাহাব প্রবন্ধে অগ্নিময়ী বাণী নিক্ষেপ কবিয়া বলিযাছিলেন, "যে ছাত্রগণেব উদ্দেশ্যে ভাষণ প্রদত্ত হইযাছিল, তাহাদেব নীববতা প্রশংসনীয়, কিন্তু পূর্বপুরুষগণেব প্রতি অভিযোগ নিঃশব্দে সহ্য কবা সঙ্গত হয় নাই।"

ছাত্রদেব অশিষ্ট আচবণ তিনি কোনক্রমেই সহ্য কবিতে পাবিতেন না। ছাত্রগণ 'ডিসিপ্লিন' ভঙ্গ কবিবে ইহা তাহাব নিকট ছিল অসহ্য। একটি ছাত্রেব অশিষ্ট আচবণ লক্ষ্য কবিয়া তিনি বলিযাছিলেন, 'we ought to hammer them' – অর্থাৎ উহাদেব কঠোব হস্তে শাসন করা উচিত। আবাব ছাত্রটি দুর্বল দেখিযা ব্যায়াম ও ফুটবল, ক্রিকেট প্রভৃতি খেলাধুলা কবিযা শবীব সবল কবিবাব উপদেশও তাহাকে স্নেহেব সহিত দিযাছিলেন। তাহাব বিদ্যালয়ে কোন মেযে অন্যায় কবিলে অথবা শৃঙ্খলা ভঙ্গ কবিলে তিনি কঠিন কণ্ঠস্ববে তাহাদেব ঐরূপ কবিতে নিষেধ কবিতেন; আবাব সস্নেহে 'আমবা নিশ্চয় পাবব, নিশ্চয় কবব' ইত্যাদি বলিযা তাহাদেব হৃদযে আশা ও উৎসাহেব সঞ্চাব কবিতেন।

১৯০৫ খৃষ্টাব্দে বঙ্গ বিভাগ আইনে পবিণত হইবাব পূর্বে ও পবে ছাত্রদেব উদ্যোগে কলেজ স্কোযাব ও 'ফীল্ড এন্ড একাডেমী'তে বহু সভা অনুষ্ঠিত হয। কেহ কেহ লিখিযাছেন, ঐ সকল সভায নিবেদিতা একাধিকবাব জ্বালাময়ী বক্তৃতা দিযাছেন। নিবেদিতা তাহাব ডাযেবীতে স্বপ্রদত্ত বক্তৃতাব বিষয, স্থান, তাবিখ এবং সময লিখিযা বাখিতেন। ঐ সময়ে ডাযেবীতে যে সব বক্তৃতাব উল্লেখ পাওযা যায সেগুলিব বিষয সম্পূর্ণ পৃথক। সংবাদপত্রেও এসব সভায বক্তৃতা প্রসঙ্গে নিবেদিতাব নামোল্লেখ দেখা যায না। বস্তুত ছাত্র সভা সমিতিতে তাহাব বক্তৃতাগুলি ছিল স্বদেশ অথবা জাতীযতামূলক।

একথা সত্য, দেশ তখন পবাধীন এবং নিবেদিতা চাহিতেন, স্বাধীনতাব জন্য সংগ্রাম আবম্ভ হইলে ছাত্রগণ যেন নিশ্চেষ্ট না থাকে। পাটনায় 'পাটলীপুত্র হিন্দু বালক সংঘ' কর্তৃক আমন্ত্রিত হইযা নিবেদিতা ছাত্রগণেব উদ্দেশে বলিযাছিলেন, তাহাদেব সর্বদা চিন্তা কবা কর্তব্য ভাবত তাহাদেব নিকট কী প্রত্যাশা কবে। মহাভাবতেব কথা তাহাদেব স্মবণ রাখিতে হইবে। বক্তৃতাব শেষে তিনি বলিযাছিলেন, "তোমাদেব লক্ষ্য হোক মাতৃভূমিব কল্যাণ। মনে বেখো, অখণ্ড ভাবতই তোমাব দেশ এবং এই দেশেব বর্তমান প্রযোজন কর্ম। জ্ঞান, শক্তি, সুখ ও ঐশ্বর্য লাভেব জন্য চেষ্টা কব। ঐগুলিই যেন তোমাদেব জীবনেব লক্ষ্য হয। আব যখন সংগ্রামেব আহ্বান আসবে, তখন যেন তোমবা নিদ্রায মগ্ন থেকো না।"

সাধাবণতঃ ছাত্রদেব জন্য তাঁহাব কার্যসূচীর মধ্যে বাজনীতিব স্থান ছিল না। তরুণ শিল্পিগণকে তিনি বাবংবাব সাবধান কবিতেন, আর্টের সাধনা ত্যাগ কবিয়া তাহারা যেন পলিটিক্সে যোগদান না করে। বস্তুতঃ তাঁহার অভিমত ছিল ছাত্রাবস্থায় ছেলেবা উপযুক্ত শিক্ষালাভেব সহিত সর্বতোভাবে নিজেদের চরিত্র গঠন কবিবে যাহাতে ভবিষ্যতে তাহাবা দেশমাতৃকার জন্য সংগ্রামে এবং দেশের সংগঠন কার্যে আত্মনিয়োগ করিতে পারে। শিক্ষা' সম্বন্ধে প্রবন্ধগুলিতে

শিক্ষার লক্ষ্য ও প্রয়োগ সম্পর্কে তাঁহার গভীর চিন্তা বর্তমানেও সমান মূল্যবান। নিবেদিতা বলিতেন, শিক্ষার্থীকে মনে রাখিতে হইবে, তাহার উন্নতির লক্ষ্য কেবল আত্ম-কল্যাণ নয়, পরন্তু জন-দেশ-ধর্মই তাহার প্রধান লক্ষ্য।

এক হিসাবে নিবেদিতাকে প্রাচীনপন্থী বলা যাইতে পারে। কারণ ছাত্রজীবনে প্রাচীন ভারতের আদর্শ ব্রহ্মচর্য পালনের উপর তিনি অতিশয় গুরুত্ব প্রদান করিতেন। তাঁহার এক বক্তৃতায় নারীগণের নিকট আকুল আবেদন জানাইয়া বলিয়াছিলেন, "হিন্দুমাতা তাহার ছেলেদের মধ্যে ব্রহ্মচর্যের তৃষ্ণা পুনরায় জাগাইয়া তুলুন। এ ছাড়া জাতির পক্ষে তাহার প্রাচীন বীর্যলাভ সম্ভব নহে। ভারত ব্যতীত পৃথিবীতে আর কোথাও ছাত্রজীবনের এমন মহান্ আদর্শ নাই, এখানেই যদি উহা নষ্ট হইয়া যায়, তবে আর কোথায় তাহাকে রক্ষা করিবার আশা করা যাইতে পারে? ব্রহ্মচর্যের মধ্যেই সমস্ত শক্তি ও মহত্ত্ব প্রচ্ছন্ন রহিয়াছে। প্রত্যেক জননী যেন দৃঢ় প্রতিজ্ঞা করেন যে, তাহার সন্তানগণ মহৎ হইবে।"

ছাত্রগণের জন্য নিবেদিতার চিন্তাধারা বা কার্যসূচীর সার্থকতা বর্তমানে কতখানি বলা কঠিন। তাহার লক্ষ্য ছিল বিশ্বের দরবারে ভারতমাতার গৌরবপূর্ণ প্রতিষ্ঠা। তাহার [illegible] প্রয়োজন ছিল দেশমাতৃকার পরাধীনতার শৃঙ্খল মোচন। উহারই পরিপ্রেক্ষিতে সকল সমস্যা সম্বন্ধে চিন্তা ও তদনুযায়ী কার্যধারা গ্রহণ ছিল একান্তই স্বাভাবিক। বিভিন্ন দলে বিভিন্ন পন্থার মাধ্যমে যে উদ্দেশ্য সাধিত হইয়াছে, সেইসব সংগ্রামে বহু ছাত্র তাহাদের অমূল্য জীবন আহুতি দিয়াছে। বর্তমানে লক্ষ্য সম্বন্ধে পরিষ্কার ধারণা কতখানি আছে তাহা বলা কঠিন। কারণ সমস্যাবহুল জীবনে চিন্তা করিবার মত মানসিক স্থৈর্যের অভাব। বলা বাহুল্য, লক্ষ্য ঠিক থাকিলে কর্ম-পদ্ধতি স্থির করা সহজ হয়। দেশের এক সংকট মুহূর্তে নিবেদিতার আগমন। অতি প্রতিকূল অবস্থার মধ্যেও তখন সমগ্র জাতির সামনে একটা আদর্শ ছিল—ছিল মহৎ প্রাণের সম্ভাবনা। সেই আদর্শকে বাস্তবে পরিণত করিবার জন্য, লক্ষ্যে উপনীত হইবার জন্য নিবেদিতা যোদ্ধার ন্যায় সংগ্রাম করিয়া গিয়াছেন। সে সংগ্রাম কেবল বিদেশীর বিরুদ্ধে নহে। সর্বতোভাবে দেশকে উন্নত করিবার জন্য যে অনলস সাধনা তাহাই কঠোরতর সংগ্রাম। ভারতবর্ষের স্বাধীনতা লাভ সম্বন্ধে গুরুর মতই তাহার কোন সংশয় ছিল না। সেই সঙ্গে সাহিত্য, বিজ্ঞান, শিল্প, শিক্ষা—এক কথায় জীবনের সর্বস্তরে ভারতকে উন্নত করিবার স্বপ্ন তিনি দেখিয়াছিলেন। বর্তমানে আমাদের সম্মুখে আবার নিদারুণ সংকটকাল। ইহারই মধ্যে ভগিনী নিবেদিতার জন্মশত-বার্ষিকী উপলক্ষ্যে ছাত্রগণের মধ্যে নূতন করিয়া তাহার কথা স্মরণ করিবার আগ্রহ দেখা যাইতেছে। ঐ আগ্রহ কেবল সভা-সমিতি ও বক্তৃতার মাধ্যমে তাহার প্রতি শ্রদ্ধা নিবেদন করিয়াই যদি মিটিয়া যায় তবে তাহা দুঃখের বিষয় হইবে। তাহার মহৎ চরিত্র ও রচনা অধ্যয়ন, অনুধ্যান করিয়া তাহার মধ্য হইতে কিছু গ্রহণ করিবার জন্য মনোযোগ অর্পণ করিলে উপকৃত হইবার সম্ভাবনা।

বিংশ শতাব্দীর প্রারম্ভে মেয়েদের 'ছাত্রজীবন' বলিয়া কিছু ছিল না। সুতরাং পৃথক করিয়া তাহাদের সম্বন্ধে কিছু বলিবার প্রশ্ন নিবেদিতার মনে না উঠিবারই কথা, যদিও মেয়েদের শিক্ষা সম্বন্ধে তিনি বহু চিন্তা করিয়াছেন, তাহাদের নানা সমস্যা সম্বন্ধেও সুচিন্তিত অভিমত সহকারে সমাধানের ইঙ্গিত দিয়া গিয়াছেন। বর্তমানে অন্যান্য অগ্রণী রাষ্ট্রগুলির সহিত তুলনায় বহু পশ্চাতে

পড়িয়া থাকিলেও ভারতের ছাত্রী সংখ্যা কোনক্রমেই নৈরাশ্যজনক বলা যায় না। সম্প্রতি Home Science বা গার্হস্থ্য বিজ্ঞান প্রবর্তিত করিয়া মেয়েদের শিক্ষা ব্যবস্থায় কিঞ্চিৎ পার্থক্য আমদানী করিবার চেষ্টা হইলেও মূলত: শিক্ষা ব্যবস্থা প্রায় অভিন্ন এবং দ:খের বিষয় অধিকাংশ ছাত্রীই ছাত্র সংস্থাগুলির বিধান মানিয়া লইয়া নির্বিবাদে তাহাদের সর্ববিধ আচরণের অনুকরণে রত। মৌলিকতা অথবা চিন্তাশক্তির অভাবই কি উহার হেতু? সে যাহা হউক, এ কথা বোধ করি নিশ্চয় করিয়াই বলা চলে যে, নিবেদিতার পুস্তকাবলীর পঠন-পাঠন ছাত্রীগণের চিন্তাশক্তি বৃদ্ধি করিবে, তাহাদের দৃষ্টিভঙ্গী প্রসারিত করিবার সহায়তা করিবে।

ছাত্রজীবনের জন্য নিবেদিতার কর্মসূচী অনুশীলন করা কতখানি সম্ভব, অথবা আদৌ সম্ভব কিনা তাহার সমাধানের ভার ছাত্রছাত্রীগণের উপর।

"তোমরা তোমাদের এই প্রাচীনা, তপোবৃদ্ধা জন্মভূমিকে ভাল করে দেখ। এর এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত পরিভ্রমণ করে এর তীর্থ-মহিমা উপলব্ধি কর, এব ঐতিহাসিক উত্থান পতনের প্রত্যক্ষ জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন কর। এ দেশের নাড়ী-স্পন্দনের সঙ্গে তোমাদের হৃদ্-স্পন্দনও সমতালে স্পন্দিত হোক।"

# ভগিনী নিবেদিতা স্মরণে

প্রব্রাজিকা শ্রদ্ধাপ্রাণা

ভগিনী নিবেদিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তাঁকে স্মরণ ও শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা তাঁর প্রতিষ্ঠিত বিদ্যালয়ের পক্ষে বিশেষ কর্তব্য। কিন্তু দেখা যাচ্ছে এই উপলক্ষ্যে সমগ্র দেশবাসীও তাঁকে স্মরণ করবার প্রেরণা অনুভব করছেন। বিংশ শতাব্দীর প্রথম দশকে দেশের ও সমাজের শীর্ষস্থানীয় ব্যক্তিগণ ও শিক্ষিত সম্প্রদায়ের উপর তাঁর প্রভাব ছিল বিস্ময়কর। তার কারণ সে যুগে জাতীয় চেতনার বেদীমূলে প্রাণের প্রদীপটি অনির্বাণ শিখায় যিনি জ্বালিয়ে দিয়ে গিয়েছিলেন, তিনি হলেন ভগিনী নিবেদিতা।

১৮৯৫ থেকে ১৯১১। ১৮৯৫ খৃষ্টাব্দের নভেম্বরে এক মহান্ আত্মার সংস্পর্শে যে দীপ প্রজ্বলিত হয়েছিল, তীব্র রশ্মি বিকিরণ করে তা নির্বাপিত হোল ১৯১১ খৃষ্টাব্দের অক্টোবরে। কেবল ষোলটি বৎসর। তার মধ্যে মাত্র আট বৎসর তিনি অতিবাহিত করেছেন ভারতবর্ষে। কিন্তু এই অল্প সময়ের মধ্যে কি বিরাট শক্তির স্ফুরণ ঘটেছিল তাঁর দেহ ও মন অবলম্বন করে। বিশ্বকবি রবীন্দ্রনাথ তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করতে গিয়ে বলেছিলেন, "মানুষের সত্যরূপ, চিৎরূপ যে কী, তাহা যে তাঁহাকে জানিয়াছে সে দেখিয়াছে। মানুষের আন্তরিক সত্তা সর্বপ্রকার স্থূল আবরণকে একেবারে মিথ্যা করিয়া দিয়া কিরূপ অপ্রতিহত তেজে প্রকাশ পাইতে পারে তাহা দেখিতে পাওয়া পরম সৌভাগ্যের কথা। ভগিনী নিবেদিতার মধ্যে মানুষের সেই অপরাহত মাহাত্ম্যকে সম্মুখে প্রত্যক্ষ করিয়া আমরা ধন্য হইয়াছি।"

১৮৯৫ খৃষ্টাব্দের নভেম্বর মাসের এক সন্ধ্যা। মার্গারেট নোব্‌লের অন্তরে তখন পরম সত্যকে জানবার জন্য এক বিপুল আলোড়ন। সেই সঙ্গে মহত্তম কোনও আদর্শের জন্য আত্মোৎসর্গের এক অব্যক্ত প্রেরণায় হৃদয় অধীর। জীবনের সেই সন্ধিক্ষণে স্বামী বিবেকানন্দ তাঁকে আহ্বান করলেন, "ওঠো, জাগো, মহাপ্রাণ, জগৎ দুঃখে ক্লেশে দগ্ধ হচ্ছে। তোমাদের কি নিদ্রা সাজে?" অন্তরের সুপ্ত বহ্নি উদ্দীপ্ত হোল। মার্গারেটের মহাপ্রাণ সে আহ্বানে জেগে উঠল। তাঁর নিজের মতে তখনই তাঁর ধর্মবিশ্বাসের ক্ষেত্রে পরিবর্তনের সন্ধিক্ষণ এল।

ইংলণ্ড থেকে ভারতবর্ষ। পিছনে পড়ে রইল পরিবার, সমাজ, স্বদেশ, নিশ্চিন্ত জীবন। ১৮৯৮ খৃষ্টাব্দের জানুয়ারি মাসে তিনি পদার্পণ করেন ভারতে। মার্চ মাসে স্বামী বিবেকানন্দ তাঁকে ব্রহ্মচর্য ব্রতে দীক্ষিত করে নাম দিলেন নিবেদিতা। সে নিবেদন কী জগন্মাতার পদতলে অথবা ভারতমাতার সেবায়? নিবেদিতার কাছে জগজ্জননী ও দেশজননী এক হয়ে দেখা দিয়েছিলেন। তারই সাধনায় তাঁর তিল তিল করে আত্মদান।

নিবেদিতা ভারতবর্ষকে ভালবেসেছিলেন। সে ভালবাসার স্বরূপ অনুধাবন করা আমাদের পক্ষে

কঠিন। স্বামী বিবেকানন্দ তাকে লিখেছিলেন, "এদেশের দুঃখ, কুসংস্কার, দাসত্ব প্রভৃতি কীরূপ, তা তুমি ধারণা করতে পার না। এদেশে আসবার পর তুমি নিজেকে অর্ধউলঙ্গ অসংখ্য নরনারীতে পরিবেষ্টিত দেখতে পাবে, তাদের জাতি ও স্পর্শ সম্বন্ধে বিকট ধারণা।" ভারতের এই পরিচয়ের সত্যতা উপলব্ধি করতে তাঁর বিলম্ব হবার কথা নয়। সুতরাং ভারতে আগমনের পূর্বে যদি ভারত সম্বন্ধে তাঁর কোনরূপ ভ্রান্ত ধারণা বা মোহ থেকে থাকে তবে নিশ্চয়ই তার অবসান ঘটেছিল। কিন্তু নিবেদিতার অনুতাপের কোন কারণ ঘটেনি। "ভারতের পক্ষে যা কিছু ভারতীয়, তা যতই অর্থহীন ও তুচ্ছ হোক আমার কাছে নমস্য।" গুরুর নিকট দিব্যদৃষ্টি লাভ করে ভারতের অন্তরাত্মাকে তিনি চিনেছিলেন। তাঁর জীবন ও দৃষ্টিভঙ্গীর উপর স্বামীজী এক নূতন আলোকপাত করেছিলেন। ভারতের প্রতি তাঁর ভালবাসা ও একাত্মবোধ পরিপূর্ণরূপে ঘটেছিল—বিন্দুমাত্র ফাঁক সেখানে ছিল না। বিদেশী সংস্কার সম্পূর্ণরূপে বর্জন করে তিনি মনেপ্রাণে খাঁটি ভারতীয় হয়েছিলেন। 'এই জীবনে মিটালো মোর জনম জন্মান্তর' কবির একথাটি বোধহয় আমাদের অপেক্ষা তাঁর সম্বন্ধে প্রয়োগ করা চলে।

তারপর থেকে নিবেদিতার কর্মসাধনার শুরু। কিন্তু সে কর্ম অধ্যাত্মযোগশূন্য নয়। ধ্যানে তিনি ভারতমাতার মহিমময় রূপ দর্শন করেছেন, জপ করেছেন নিরন্তর ভারতবর্ষ, ভারতবর্ষ, আর প্রাত্যহিক জীবনের প্রতি কার্যে, প্রতি চিন্তায়, আচরণে সেই ভারতেরই সেবা করে গেছেন। "আমি বিশ্বাস করি ভারতের বর্তমান তার অতীতের সঙ্গে দৃঢ়সম্বদ্ধ, আর তার সামনে রয়েছে গৌরবোজ্জ্বল ভবিষ্যৎ।" এই গৌরবোজ্জ্বল ভবিষ্যৎ ভারতের প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখে সমাহিত চিত্তে তিনি কাজ করে গেছেন।

ভারতবাসের প্রথম যুগে তাঁর স্বপ্ন ছিল ভারত ও ইংলণ্ডের মধ্যে প্রীতির সম্পর্ক স্থাপন। বিদেশী শাসকের শাসন ও শোষণ নীতি যখন সুস্পষ্ট হয়ে দেখা দিল তখন সম্পূর্ণভাবে মোহমুক্ত নিবেদিতা হৃদয়ঙ্গম করেছিলেন ভারতের মুক্তির জন্য ভারতবাসীকে জাতীয় চেতনায় ঐক্যবদ্ধ হতে হবে। শুধু জগতের সামনে ভারতকে পরিচিত করা নয়, ভারতের মর্মবাণী ভারতবাসীর হৃদয়ঙ্গম করা দরকার। প্রয়োজন প্রতি ভারতীয় ভাষায় মহৎ সাহিত্যের রচনা ও অনুশীলন। সাহিত্যের মধ্য দিয়েই গৌরব অতীতকে মুখর করে তোলা যায় এবং আপাতনৈরাশ্যপূর্ণ বর্তমানে জাতীয়তার ভাব উদ্দীপ্ত করার প্রবৃত্তি রাখে। অতএব জাতীয়তার আদর্শ সৃষ্টি করাই বর্তমান ভারতবাসীর ও তার সাহিত্যিকদের প্রধান লক্ষ্য হওয়া উচিত। নিবেদিতা স্বয়ং কী নিষ্ঠা ও দৃঢ়তার সঙ্গে সাহিত্যের মাধ্যমে সমগ্র ভারতে এই ঐক্যবোধ জাগ্রত করবার চেষ্টা করেছেন তার প্রমাণ তাঁর রচিত পুস্তকগুলি।

অজস্র প্রবন্ধ, পত্র ও বক্তৃতার মাধ্যমে জাতীয়ভাবে মানুষ গঠনের ব্রত নিয়ে নিবেদিতা ভারতের এক প্রান্ত হতে অপর প্রান্ত পর্যন্ত উল্কার গতিতে পরিভ্রমণ করেছেন। ভারতের মর্মকথা এমনভাবে বোধহয় আর কেহ উপলব্ধি করতে পারেননি। তিনি লিখেছেন, "বর্তমান ভারত একটি সমস্যা। তার অতীত ইতিহাসের আলোকেই কেবল এই সমস্যাকে জানা যায়। অনুরাগের সঙ্গে ধীরে ধীরে তার অতীত অধ্যয়ন করলে তবেই আমরা হৃদয়ঙ্গম করতে পারব তার প্রকৃত স্বরূপ, তার ক্রমবিকাশের অর্থ—এবং তার সুপ্ত শক্তির প্রকাশ কীভাবে ঘটতে পারে।"

ভারতবাসীকে আহ্বান করে দৃপ্তকণ্ঠে তিনি বলেছিলেন, "ভারতবর্ষ এক বিশাল বিশ্ববিদ্যালয়। তার চতুঃসীমানার মধ্যে জন্মগ্রহণ করেছে যেসব সন্তান তাদের প্রত্যেকের উপর দায়িত্ব—ভারতমাতার সেবায় আত্মনিয়োগ। প্রত্যেকটি জীবন—যতই সাধারণ হোক্, ভবিষ্যৎ উত্তরাধিকার গড়ে তুলতে সাহায্য করবে।"

তিনি আরও বলেছিলেন, "ভারতবাসী এতদিন তাদের দুর্বলতার কথাই কেবল শুনে এসেছে। এখন সময় এসেছে তাদের নিজ শক্তি সম্বন্ধে অবহিত হবার—এবং সেই শক্তিকে প্রমাণ করবার জন্য তাদের অগ্রসর হতে হবে।"

নিবেদিতা বলতেন, "প্রতীচ্যের কাছে সভ্যতা যে বস্তু, আমাদের কাছে ধর্ম (righteousness) তাই। এই ধর্ম রক্ষার জন্য আমাদের জীবন উৎসর্গ করতে হবে।"

ভগিনী নিবেদিতার অভিধানে নিরাশা শব্দটি ছিল না। তাই তাঁর কণ্ঠে সেদিন ভারতের অবশ্যম্ভাবী পুনরুত্থানের কথা স্পষ্টভাবে উচ্চারিত হয়েছিল—"বিপ্লব ও বিবর্তনজনিত ক্লান্তি ও অবসাদের ফলে বর্তমান কাল পর্যন্ত ভারতের প্রকৃত সমস্যার সঙ্গে জাতীয়মনের পরিচিতি ঘটে ওঠেনি, এবং তার স্বরূপও ভাষায় রূপায়িত হতে পারেনি। আজ প্রথম পর্বের শেষ। ভারতীয় জীবন আর জড়তাগ্রস্ত নয়, সে এক নূতন শক্তির সন্ধান লাভ করেছে, এবং বর্তমান ও বিগতকালের সমগ্র জীবনকে বিশ্লেষণ করে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছে, তারই পটভূমিকায় ভবিষ্যৎ ভারত গড়ে তুলতে সে আজ কৃতসঙ্কল্প।"

আজ যখন মনে হয় বর্তমান যেন হতাশার অন্ধকারে আবৃত, ভবিষ্যৎ আলোকের আভাস দেখা যায় না, হৃদয় নৈরাশ্যে পীড়িত, তখন ভগিনী নিবেদিতার এই দৃপ্ত আশ্বাসবাণী আমাদের নূতন করে উৎসাহ দান করবে, হৃদয়ে প্রেরণা সঞ্চার করবে। নিবেদিতা যখন প্রথম ভারতে পদার্পণ করেন, প্রধানতঃ তার উদ্দেশ্য ছিল ভারতের নারীজাতির শিক্ষাকার্যে সহায়তা। স্বামী বিবেকানন্দ তাঁকে বলেছিলেন, "আমার স্বদেশের নারীগণের উন্নতিকল্পে আমার কতকগুলি সংকল্প আছে, আমার মনে হয়, ঐগুলি কার্যে পরিণত করতে তুমি বিশেষ ভাবে সাহায্য করতে পার।" ১৮৯৮ খৃষ্টাব্দে ১৩ই নভেম্বর কালীপূজার দিন স্বামীজীর সংকল্পিত একটি মহৎকার্যের উদ্বোধন হয়। স্বামী বিবেকানন্দ ও তার অন্যান্য গুরুভ্রাতাগণের উপস্থিতিতে শ্রীশ্রীমা নিবেদিতা বিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন পূজা সম্পন্ন করে ভাবী ছাত্রীগণের উদ্দেশ্যে আশীর্বাণী উচ্চারণ করেন।

একদিকে ভারতের জাতীয় চেতনা উন্মেষকল্পে তাঁর বিশাল ও মহৎ হৃদয়ে কত চিন্তা, কত পরিশ্রম! আর একদিকে ধরিত্রীর মত একান্ত স্নেহ ও সহিষ্ণুতার সঙ্গে ক্ষুদ্র বিদ্যালয়টির লালন পালন! আমাদের এই বিদ্যালয় ছিল ভগিনী নিবেদিতার সাধনপীঠ। ধন্য আমরা, যারা বিদ্যার্থীরূপে, কর্মীরূপে এই বিদ্যালয়ের সঙ্গে যুক্ত থাকতে পেরেছি। তাঁরই তপস্যার বলে বিদ্যালয় আজ অগ্রগতির পথে। নিবেদিতা নিজেও মনে করতেন, শ্রীশ্রীমা, যুগাচার্য স্বামীজী ও তাঁর গুরুভ্রাতাদের আশীর্বাদ ধন্য এই শিক্ষা প্রতিষ্ঠান "ভারতে নব জাগরণের উদ্বোধন-মন্ত্রস্বরূপ হবে।"

তাঁর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণের সঙ্গে সঙ্গে আমরা যেন আমাদের মহান্ কর্তব্য সম্বন্ধে সচেতন হই। তাঁর অমর জীবনী ও বাণী যেন ভুলে না যাই বা অপরকে

স্মরণ করিয়ে দিতে বিস্মৃত না হই। তিনিই আমাদের পথ প্রদর্শিকা—তাঁর নিবেদিত জীবন সামনে রেখে আমাদেরও আত্মোৎসর্গের মন্ত্রে দীক্ষিত হতে হবে। তাঁরই কথা উচ্চারণ করে বলি, "সত্যকেই যে কেন্দ্র করে চলে উৎসাহ ও উদ্দীপনাই হয় তাব অফুরন্ত পাথেয়; নৈরাশ্য তাকে প্রতিহত করতে পারে না।"

---

"আজ আমাদের দেশ ও ধর্ম দারুন দুর্দশায় এসে পড়েছে। ভাবতমাতা এই মুহূর্তে তাঁব মেয়েদের বিশেষভাবে আহ্বান করছেন—তাঁরা যেন প্রাচীনকালেব মত শ্রদ্ধাপূর্ণ হৃদয়ে তাঁকে সাহায্য কবতে অগ্রসর হন।"

# নিবেদিতা

প্রমথনাথ বিশী

গ্রহান্তরনিক্ষিপ্ত উল্কাখণ্ডের মত একদিন অকস্মাৎ ভগিনী নিবেদিতা আমাদের দেশের স্থবির সমাজের উপরে এসে পড়লেন এবং দেখতে দেখতে আলোকে তেজে দাহিকা শক্তিতে চারদিক উজ্জ্বল উত্তপ্ত হয়ে উঠল। তার এদেশে আগমনের ঘটনাকে গ্রহান্তরনিক্ষিপ্ত উল্কা ছাড়া আর কোন ভাষায় প্রকাশ করা যায় না, কেননা, এ দেশের ইতিহাসের মধ্যে তার কার্যকারণ-সূত্রের অভাবটা স্পষ্ট। আবার সেই উল্কা যেমন বায়ুমণ্ডলের সংঘর্ষে জ্বলে ওঠে, জ্বলে উঠে আলো দেয়, তেজ বিকিরণ করে, আলো ও তেজ বিকিরণ করতে করতে ক্রমে ক্ষীণতর হয়ে আসে, কিন্তু তৎসত্ত্বেও নিঃশেষ হয়ে যাওয়ার আগে আকাশের গায়ে এঁকে দিয়ে যায় নীলাভ পীত অগ্নিময় স্বাক্ষর; আর কালের নিয়মে সে স্বাক্ষর যখন মিলিয়ে যায়, তখনো তার স্মৃতি ও প্রভাব অক্ষয় হয়ে বিরাজ করতে থাকে দর্শকের মনে। এই হচ্ছে নিবেদিতা ও তাঁর ইতিহাস।

এই বিদেশী মহিলা সাকুল্যে মাত্র পাঁচ ছয় বৎসর এদেশে বাস করেছিলো—যদিচ শেষ বিশ্রামের স্থান এখানেই, জন্মভূমি থেকে অনেকদূরে তাঁর এই ধর্মভূমিতে। এই অল্প সময়ের মধ্যে নিবেদিতা এদেশের মনীষী সমাজের উপর যে প্রচণ্ড প্রভাব বিস্তার করেছিলেন তা সত্যই বিস্ময়কর। সত্য কথা বলতে কি, তৎকালীন কলকাতায় এমন কোন মনস্বী ব্যক্তি ছিলেন না যিনি তাঁর প্রভাবাধীন হননি। একেশ্বরবাদী রবীন্দ্রনাথ, ব্রাহ্মবৈষ্ণব বিপিনচন্দ্র, বিপ্লবী ঋষি শ্রীঅরবিন্দ, রোমান ক্যাথলিক বৈদান্তিক ব্রহ্মবান্ধব, নিষ্ঠাবান হিন্দু রামেন্দ্রসুন্দর, এমন বিচিত্র পর্যায়ের আরও অনেক নাম করা যায়। স্বামীজীর কথা তুলছি না, কারণ তিনিই স্বামীজীর প্রভাবাধীন। তখন জাতীয় চৈতন্যের নবোন্মেষের সময়, সকলেই চিন্তা করছেন, পথের সন্ধান করছেন, এমন সময়ে উল্কার ইসারা টেনে দিয়ে এসে উপস্থিত হলেন নিবেদিতা।

নূতন ভারতবোধ দুটি স্বতোবিরুদ্ধ উপাদানের সংমিশ্রণে গঠিত, রাজনৈতিক ও আধ্যাত্মিক। ভারতের আধ্যাত্মিক সত্তা সম্বন্ধে প্রাচীনকাল থেকে এদেশ সচেতন ছিল, রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞ, শঙ্করের চতুর্মঠ স্থাপন, ধর্মাচার্যগণের ভারত প্রদক্ষিণ, এসব আধ্যাত্মিক চেতনার ফল। নূতন যুগের দাবীতে ভারতের রাজনৈতিক সত্তার বোধ ক্রমে পরিস্ফুট হয়ে উঠতে লাগলো। রামমোহন থেকে বঙ্কিমচন্দ্র হয়ে বিবেকানন্দ, রবীন্দ্রনাথ ও সুভাষচন্দ্র; অন্যপ্রান্তে তিলক ও গান্ধী, সকলেরই ঐ এক প্রচেষ্টা, দুয়ে মেলাতে হবে, অসাধ্যসাধন করতে হবে। কেবল নেহরু একটু স্বতন্ত্র। এই অসাধ্যসাধন প্রক্রিয়ায় নিবেদিতার দান ও কৃতিত্ব অসামান্য, এখনো তার মাত্রা নির্দিষ্ট হয়নি; তাঁর জন্মের তারিখ এখন দ্বিতীয় শতকে পৌঁছলো, আশা করা যায় এবারে মাত্রা নিরূপণের চেষ্টা সফল হবে এবং তার ফলে দেশের ঐ অধ্যায়টি নূতন করে লিখতে হবে; সেই সঙ্গে অনেক

পুরাতন অধ্যায়ে নূতন পাদটীকা সংযুক্ত হবে। এই প্রসঙ্গে মনে করিয়ে দেওয়া অন্যায় হবে না যে, আজ দেশময় যে অশান্তি দেখা দিয়েছে, তার মূলে আছে একটা বিপরীত প্রয়াস। রাজনীতিকে আধ্যাত্মিকতাবর্জিত করবার প্রয়াস—বর্তমান অশান্তির মূল প্রেরণা। যদি তা সফল হয় (ভগবান না করুন) তবে স্বধর্ম ও বৈশিষ্ট্য বর্জিত ভারত ভাগ্যহতের গাদায় গিয়ে পড়বে, যার শেষ আশ্রয় ইতিহাসের আস্তাকুঁড়। নিয়তির ইঙ্গিতে ও কালচক্রের অধীনে ঠিক এই সময়টাতে নিবেদিতার জন্ম-শতক পূর্ণ হোল, তাঁকে আর একবার স্মরণ করবার সুযোগ এলো। এ অত্যন্ত প্রয়োজন ছিল।

কোন ভারতবর্ষে আমরা বাস করতে চাই স্থির করবার দিন এসেছে। একদিকে অন্নময় রূপ, একদিকে অন্নব্রহ্মময় রূপ। অন্নের অবশ্যই প্রয়োজন আছে, নইলে প্রাণ বাঁচে না, কিন্তু সেখানেই কি শেষ! প্রাণের অতিরিক্ত যদি কিছু থাকে? তাই আবশ্যক অন্নব্রহ্মময়রূপের। যে-সব দেশ অন্নের অতিরিক্ত কিছু স্বীকার করে না, তাদের অবস্থা তো দেখতে পাচ্ছি, তারা সুখে নাই, শান্তিতেও নাই। তবু সব দেখে শুনেও কি সেই পথেই অগ্রসর হতে হবে? আরও একটা পথ আছে; সে পথ প্রথমে দুর্গম ও সঙ্কীর্ণ, পরিণামে সরল ও প্রশস্ত; সে পথ অন্নব্রহ্মময় রূপের দেশে গিয়েছে; সেখানে রাজনীতি ও অধ্যাত্ম দুয়ে এক, একে দুই; শাসক ও সাধক দু'য়ে এক, একে দুই; সেখানে স্বপ্ন ও বাস্তব দুয়ে এক, একে দুই। যাদের কাছে এ আদর্শ নিচক স্বপ্ন বলে মনে হবে তাদের স্মরণ করিয়ে দি, কোনো লোকের বাস্তব যখন টুকরো টুকরো হ'য়ে ভেঙে পড়ে, তখনো এ স্বপ্ন অটুট থাকে, কারণ এ অলীক নয়, এ vision। মানুষের ইতিহাস এইসব স্বপ্নদ্রষ্টার সৃষ্টি। সেই অন্নব্রহ্মময় নবভারত স্রষ্টাদের অন্যতম প্রধান এই মহীয়সী নারী যিনি ভারতবর্ষের কাছে নিবেদিতা।

(আনন্দবাজার পত্রিকার অনুমতিক্রমে পুনর্মুদ্রিত)

# গুরু ও শিষ্যা

## প্রব্রাজিকা নির্ভয়প্রাণা

ভগিনী নিবেদিতার ভারতপ্রীতি এবং ভারতের বেদীতে আত্মবলিদান যুগ যুগান্তর ধরে মানব হৃদয়ে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। রবীন্দ্রনাথ বলেছিলেন—"তিনি যখন 'our people' বলিতেন তাহার মধ্যে যে একান্ত আত্মীয়তার সুরটি লাগিত আমাদের কাহারও কণ্ঠে তেমনটি লাগে না।" মিঃ র‍্যাটক্লিফ্ ভগিনীর প্রবন্ধাবলীর সঙ্কলন 'Religion & Dharma' পুস্তকের ভূমিকাতে অনুরূপ মন্তব্য প্রকাশ করেছেন—প্রবন্ধগুলিতে ভগিনীর 'আমরা' এবং 'আমাদের' শব্দ প্রয়োগ পাঠক মাত্রের দৃষ্টি আকর্ষণ করবে। তাঁরা উপলব্ধি করতে পারবেন ভারত এবং ভারতীয় ভাবের সহিত নিবেদিতা কিভাবে নিজেকে সম্পূর্ণ অভিন্ন বোধ করতেন।

নিবেদিতার ভারত-প্রেমের মূল প্রেরণা তাঁর গুরু বিবেকানন্দের জীবন-দর্শন। কি সেই জীবনদর্শন এবং কিভাবে তা নিবেদিতা-চরিত্র-রূপায়ণে সাহায্য করেছে তাই বর্তমান প্রবন্ধের বিষয়বস্তু।

মনীষী ইঙ্গারসোল একদিন স্বামী বিবেকানন্দকে প্রশ্ন করেছিলেন—"আপনার ধর্ম কি আপনার দেশ কি?" তিনি উত্তর দিলেন, "সমগ্র বিশ্ব আমার দেশ, সত্য আমার ধর্ম"। এহেন সত্যব্রতী বিবেকানন্দের স্বদেশ প্রেমকে যে গতানুগতিক স্বদেশ প্রেমের সমপর্যায়ে অন্তর্ভুক্ত করা যায় না তা সহজেই অনুমেয়। সন্ন্যাসীর 'দেশ' এবং 'ধর্ম' বিরাট ও ব্যাপক। একমাত্র আধ্যাত্মিকতার পরিপ্রেক্ষিতে তার সম্যক অর্থ অনুধাবন করা সম্ভব।

নিবেদিতা ছিলেন সন্ন্যাসিনী। নিঃশেষে নিজেকে বলি দেবার নাম সন্ন্যাস। সে আক্ষরিক অর্থের সার্থক উপমাস্থল নিবেদিতা-চরিত্র। 'আমি'ত্ব শূন্য সন্ন্যাসিনীর 'আমরা', 'আমাদের' প্রয়োগ যে ভৌগোলিক সীমায়িত ভূমিখণ্ডে আবদ্ধ থাকতে পারে না তা বলা বাহুল্য। ভারত, আর্য ঋষিগণের আত্ম-উপলব্ধি-গবেষণাগার, সর্বজনীন সনাতন ধর্মের শাশ্বত প্রকাশ ভূমি। যথার্থ সত্যসন্ধিৎসু, যথার্থ আত্মসাক্ষাৎকার-লাভেচ্ছু এর মহিমা উপলব্ধি করে আবহমান কাল সপ্রেম শ্রদ্ধা জানিয়ে নিজেকে কৃতার্থ বোধ করবে—এ অতি সত্য কথা। তথাপি যে নিবেদিতা অতি অনায়াসে স্বীয় গুণমুগ্ধ অনুগামীদের পুরোভাগে নেত্রীপদলাভ করতে পারতেন তিনি কেন সেবিকার ভাবে আত্মনিবেদন করে গেলেন, কেন "নিজেকেই ফল-পুষ্পে বিকশিত করিবার জন্য নহে" অন্যান্য-গুলির সাররূপে ব্যবহৃত হবার জন্য "সর্ব প্রচেষ্টা সাধন করে গেলেন তা বাস্তবিকই প্রণিধান-যোগ্য।"

সুদূর অতীতের একখানা অনবদ্য চিত্র আমাদের মানস নয়নে ভেসে আসে—রাজকুমার সিদ্ধার্থ দীর্ঘ তপস্যান্তে বুদ্ধত্ব লাভ করেছেন। বিভিন্ন দেশ ভ্রমণান্তে সশিষ্য বুদ্ধদেব কপিলাবস্তুর

পথে সমাগত। সংবাদ শুনে পিতা শুদ্ধোদন আনন্দোৎফুল্ল। পুত্রকে রাজসমারোহে বরণ করার জন্য বিপুল আয়োজন—হস্তী, অশ্ব, রথ, সৈন্য সামন্ত নগরের প্রবেশদ্বারে সারিবদ্ধ দণ্ডায়মান। কিন্তু বাহ্য সমারোহের প্রতি সম্পূর্ণ উদাসীন, কাষায়বস্ত্র পরিহিত বুদ্ধদেব, নগ্নপদে এগিয়ে চলেছেন—হস্তে ভিক্ষাপাত্র, বদনে প্রশান্তি। পুত্রসমীপে ত্বরান্বিত হয়ে রাজা স্মরণ করিয়ে দেন, "বৎস! কেন এ ভিখারীর বেশ! তোমার বংশের মর্যাদা অনুসারে রথারোহণে রাজসমারোহে নগরে প্রবেশ কর।" তথাগতের সুমধুর সুস্পষ্ট দৃঢ়তাব্যঞ্জক উত্তর এল—"আমাদের বংশের এই রীতি।" পিতাকে জানিয়ে দিলেন তিনি সমস্ত জাগতিক সম্বন্ধ ছিন্ন করেছেন। বুদ্ধ-বংশের, সচ্চিদানন্দ-বার্তাবহদের এই ধারা। সে বংশের রীতিমাত্র তিনি অনুসরণ করে চলেছেন।

মানবের অন্তরে সুপ্ত চৈতন্যকে উদ্বুদ্ধ করার জন্য, আত্মবিস্মৃতি অপনয়নপূর্বক দেবত্ব-প্রকাশ-সাধন মানসে, হৃদয়ে হৃদয়ে ত্রি-তাপাতীত সত্যম্-শিবম্-সুন্দরম্-এর প্রতিষ্ঠা কামনায় "মানব দুয়ারে দেবতা ভিখারী"—, যুগ যুগ ধরে এ লীলা অভিনীত হয়ে আসছে। সে ভিখারীর মূল্যায়নে স্বল্প লোকই সমর্থ। যাচ্ঞার আবরণে আবরিত পরমদানের আকৃতি মুষ্টিমেয় লোকের অন্তর স্পর্শ করে থাকে। সে মহাভিক্ষুদের, যে "বসন্তবৎ লোকহিতং চরন্তঃ" পথচারীদের দ্বারে দ্বারে করাঘাত, আত্মতৃপ্ত আত্মাবান যোগীদের ভিখারীর সাজে ভ্রমণ কোন মহান্ উদ্দেশ্যে সাধিত—ক'জন তার অর্থ অনুধাবনে সমর্থ, ক'জনই' বা এর অর্থ গ্রহণে সচেষ্ট। সর্বতোমুখী প্রতিভাসম্পন্না সিংহরূপিণী নিবেদিতার ব্রত-উদ্‌যাপনের কাহিনীও অপূর্ব।

আমাদের মহাপুরুষেরা বলেন—আসল গুরু সচ্চিদানন্দ। তিনি অন্তরে রয়েছেন এবং শরণাগত মুমুক্ষু সাধককে শ্রেয়ের পথে সর্বদা চালিত করছেন। সাধকের ব্যাকুলতায় স্থূল দেহধারী গুরুরূপে আবির্ভূত হন এবং যথার্থ মুমুক্ষু শিষ্যকে মুক্তির সন্ধান এবং পন্থা নিরূপণ করে দেন—

মা ভৈষ্ট বিদ্বংস্তব নাস্ত্যপায়ঃ
সংসার সিন্ধোস্তরণেঽস্ত্যুপায়ঃ
যেনৈব যাতা যতয়োঽস্য পারং
তমেব মার্গং তব নির্দিশামি ॥

সুদূর ইংলণ্ডে মার্গারেট নোবল্ যখন যথার্থ সত্যানুসন্ধিৎসা নিয়ে আকুল, নানা নিরীক্ষা-পরীক্ষা, গবেষণায় রত, স্বামী বিবেকানন্দ উপনীত হলেন পাশ্চাত্যের দ্বারে—সনাতন-ধর্ম-নিহিত শাশ্বত সত্যের মহান্ উদার বার্তাবহরূপে। মুমুক্ষু শিষ্যার গুরুকে চিনে নিতে বিলম্ব হোল না। বিবেকানন্দের বাণী শোনামাত্র নিবেদিতার মনে হোল—The people who walked in darkness have seen a great light. ভারতাগত আচার্যের মহিমময়ী বাণীতে খুঁজে পেলেন তৃষ্ণাবারি। সে অমৃতময় সর্বজনীন উদার আহ্বান তাঁর মর্মে মর্মে অনুরণিত হোল। "আশ্চর্যোঽস্য বক্তা কুশলোঽস্য লব্ধা"—উপনিষদ্ বাণীর সত্যতা আবার জগৎসমক্ষে প্রমাণিত হোল বিবেকানন্দ-নিবেদিতা চরিত্রে। গুরু-নির্দেশ, গুরুদত্ত সত্যের জ্যোতির্ময় রূপ শুভ্রা চন্দ্রিমার ন্যায় এমন সুন্দরভাবে গ্রহণ আর বিকীরণ জগৎ অতি অল্পই প্রত্যক্ষ করেছে।

স্বামী বিবেকানন্দ যখন বজ্রনির্ঘোষে আহ্বান জানালেন—"জগৎ এমন বিশজন লোক চায়

যারা বুকে হাত দিয়ে বলতে পারে ভগবান ছাড়া কিছু চাই না....।" নিবেদিতা প্রাণে প্রাণে অনুভব করলেন,—তিনি সেই বিশজনের একজন। যথার্থই বুকে হাত দিয়ে বলতে পারেন—"হ্যাঁ, আর কিছুই চাই না, জাতি-কুল-মান-যশ আমার জন্য নয়, আমি মরজগতের নই, আমার বংশ আলাদা। আমি সত্যকে জেনেছি, আমার জন্মান্তর ঘটেছে।" নচিকেতারই মত তাঁর মনে শ্রদ্ধা জাগে, আত্মপ্রত্যয় আসে—"বহূনামেমি প্রথমো, বহূনামেমি মধ্যমো—বিবেকানন্দ-বিঘোষিত মহান্‌ব্রতে আমি অংশ গ্রহণ করে ধন্য হতে পাবি।" সে মহান্‌ ভাবকে নিজস্ব করার মানসে অন্তরে তীব্র ব্যাকুলতা জাগে। গুরুকে প্রশ্ন করেন—আপনার মিশনের উদ্দেশ্য এবং আদর্শ কি হবে? উত্তর পেলেন—"মানুষের অন্তর্নিহিত দেবত্বের প্রচার আর সেই দেবত্ব বিকাশের পন্থা নিরূপণ করা।" স্বাতী নক্ষত্রেব জল হৃদয়ে ধারণ করে শুক্তি মুক্তো গড়ে তোলাব মানসে অগাধ জলে ডুব দিল।

শ্রীরামকৃষ্ণের মহাসমাধির পর স্বামী বিবেকানন্দের একমাত্র চিন্তা—গুরু যে আমাদের উপর সনাতন ধর্মের পুনরুজ্জীবনের ভার দিয়ে গেছেন, সে সর্বজনীন উদার ভাবেব লুপ্ত গৌরব পুনরুদ্ধারের উপায় কি, পন্থা কি?

সে উজ্জীবন কি কেবল ভারত আর ভারতীয়দের জন্য? আর্য ঋষি যেমন উদাত্ত কণ্ঠে আহ্বান জানিয়েছেন—

"শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রা:
আ যে ধামানি দিব্যানি তস্থৌ........

কেবল মর্ত্যবাসী নয়, দিব্যলোকবাসীরাও অবধান কর আমি সে দিব্য জ্যোতির্ময় পুরুষকে জেনেছি, যাকে জানলে মৃত্যুর পারে যাওয়া যায়। এ পথ ভিন্ন আর অন্য পথ নেই।"

শ্রীরামকৃষ্ণের আগমন ও সাধনা সমগ্র জগতের জন্য। বিংশ শতাব্দীর বৈজ্ঞানিক যুগে নবধর্মের বাণী ভারত হতেই আবার বিঘোষিত হোল—"অদ্বৈত জ্ঞান আঁচলে বেঁধে যা ইচ্ছা তাই কব।" জীবনের চরম আদর্শ সম্বন্ধে পরম সত্যের স্বরূপ সম্বন্ধে সদা জাগ্রত থাকতে হবে। 'যত মত, তত পথ', 'শিবজ্ঞানে জীবসেবা'—সে অদ্বৈত জ্ঞান আঁচলে বাঁধার বিভিন্ন পন্থা মাত্র। শ্রীরামকৃষ্ণের বার্তাবহ স্বামী বিবেকানন্দ তাই সনাতন ধর্মকে নূতনরূপে নূতন ভাষায় সর্বসমক্ষে, প্রাচ্য-পাশ্চাত্য নির্বিশেষে, প্রতিষ্ঠা করলেন। এ কর্ম-পরিণত-বেদান্তজ্ঞানে (Practical Advaitism) সকলেই স্ব স্ব পরিবেশে পূর্ণ মর্যাদা, পূণ প্রতিষ্ঠা, পূর্ণ আদর্শ লাভের অধিকারী হতে পারে।

বেদান্ত সূর্য বিবেকানন্দের কিরণসম্পাতে মুকুলিকা মার্গারেট নোবলের নয়ন উন্মীলিত হয়েছেল, পূর্ণ প্রস্ফুটিত নিবেদিতা পুষ্পের প্রতিটি পাপড়ি তাই বুঝি বা বেদান্ত আভাতে সমুজ্জ্বল। নিবেদিতার অতি সাধারণ কথা, অতি সাধারণ লেখা, অতি সাধারণ নির্দেশ পর্যন্ত সেই অদ্বৈতজ্ঞানের প্রকাশক। জীবনের আদর্শ এবং উদ্দেশ্য সম্বন্ধে তিনি নি:সংশয়, গতসন্দেহ। সেখানে কোন লুকোচুরি, রাখাঢাকা বা দ্বিরুক্তির স্থান নেই। বহু স-প্রশ্ন কৌতূহল এবং জল্পনা-কল্পনাকে তিনি নিবৃত্ত করে দিয়েছেন স্বীয় অনুপম স্বাক্ষর দিয়ে—"রামকৃষ্ণ-বিবেকানন্দের নিবেদিতা।"

"রামকৃষ্ণ-বিবেকানন্দের নিবেদিতা"—এই তাঁর স্বয়ংসম্পূর্ণ সর্বশ্রেষ্ঠ পরিচয়। তাঁর জীবনের অন্যান্য ভূমিকা স্বীয় বহুমুখী প্রতিভার বিভিন্ন দৃক্-দর্শন মাত্র।

আমাদের শাস্ত্র বলেন, গুরুর কাজ আত্মার সঙ্গে পরমাত্মার সাক্ষাৎ করিয়ে দেওয়া। বিবেকানন্দ প্রদত্ত আধ্যাত্মিক অঞ্জন নিবেদিতাকে ভারতমাতার মধ্যে সে পরমাত্মার সন্ধান দিয়েছিল, আত্মা পরমাত্মাতে একীভূত হয়ে গিয়েছিলেন। 'The Master as I Saw Him' গ্রন্থে উল্লেখ করেছেন—"স্বামীজী 'the task before us' বলতে গিয়ে বলতেন, 'আমি এমন একটা মন্দির করতে চাই যেখানে সকল দেশের লোক নিজ নিজ পূজা করতে পারবে, সেখানে কেবল 'ওঁ' থাকবে"—কিন্তু আমাদের মধ্যে কেউ কেউ তাঁর সে উক্তির মধ্যে আরও মহত্তর মন্দিরের আভাস পেয়েছিলেন; তা হোল ভারতমাতা নিজে। মহিমময়ী মাতারূপে তিনি চির-বিরাজমানা —যিনি সকল সম্প্রদায়কে সমভাবে ক্রোড়ে ধারণ করেছেন, সকল ধর্মকে নির্বিশেষে আশ্রয় দিয়েছেন।

স্বামী বিবেকানন্দ পাশ্চাত্য বিজয়ের পর ভারতে পদার্পণ করে বলেছিলেন—আগে একে ভালবাসতাম, এখন এর প্রতিটি ধূলিকণা আমার কাছে পবিত্র, ভারতবর্ষ পুণ্যভূমি। সেই পুণ্যভূমির অধঃপতন দর্শন করে ব্যাকুল হৃদয়ে মাদ্রাজবাসীকে বলেছিলেন—"তোমরা কি প্রাণে প্রাণে বুঝিতেছ দেব ও ঋষির বংশধরগণ পশুপ্রায় হইয়া দাঁড়াইয়াছে!!....অধ্যাত্ম-পিপাসু নরনারী প্রাণবারির জন্য সতৃষ্ণনয়নে ভারতের দিকে তাকিয়ে আছে ....।"

নিবেদিতা যে সে অধ্যাত্ম পিপাসার তীব্রতা এবং অমিয়বারির মৃত-সঞ্জীবনী ক্ষমতা—দুই-ই জানেন! ভারতমাতা তাঁকে কন্যারূপে গ্রহণ করে তাঁকেও যে দেবদুর্লভ উত্তরাধিকার দিয়েছেন। "দেবত্ব প্রচার আর দেবত্ব প্রকাশের পন্থা দেখিয়ে দেওয়া"—এই তাঁর সাধনা। সাধনায় তিনি পাগল হলেন। কিন্তু সে পাগলামী তাঁকে চঞ্চলা না করে শান্ত স্নিগ্ধ করে তুলেছিল, অপরের প্রতি সমালোচনা-প্রবণা না করে পরম সহানুভূতিশীলা করেছিল। সাহস ও বীরত্বের সঙ্গে মলয় মারুতের কোমলতা লাভ করে, হৃদয়স্থিত পরমানন্দের প্রকাশে তিনি দেবজ্যোতিতে জ্যোতির্ময়ী হয়েছিলেন। তদানীন্তন জনসমাজ সে দেবী-সত্বাকে অকুণ্ঠ শ্রদ্ধা না জানিয়ে পারেনি।

ধর্মভাব নিজস্ব করার অর্থ নিজেকে তদ্ভাবে ভাবিত করা। নিবেদিতা সনাতন ধর্মকে নিজস্ব করেছিলেন, তিনি তার সঙ্গে এক এবং অভিন্ন হয়ে গিয়েছিলেন। তাই তিনি ভারতের ভগিনী নিবেদিতা, আধি-ব্যাধি-গ্রস্ত আপামর সাধারণের মাতা নিবেদিতা, সেবিকা নিবেদিতা—সমাজের সকল ক্ষেত্রে তাঁর অবাধ বিচরণ। কেউ তাঁকে বিদেশিনী বলে পরিচয় দিলে তিনি মর্মাহত হতেন।

ভগিনী নিবেদিতা বলতেন—"কি আমরা শিখেছি তাই বড় কথা নয়, সে শিক্ষাকে ধরে রাখার জন্য সম্যকরূপে কি ত্যাগ বরণ করেছি তাও ভাববার কথা।" স্বীয় জীবন দিয়ে তিনি সে উক্তির যাথার্থতা প্রমাণ করেছেন।

পূজ্যপাদ স্বামী ব্রহ্মানন্দের মতে শিষ্য তিন প্রকার। প্রথম—গুরু বলা সত্ত্বেও যে সে নির্দেশ পালন করে না। দ্বিতীয়—গুরু আদেশ করলে তা পালনে যথাসাধ্য যত্নপর হয়। তৃতীয়—

গুরুর আদেশের অপেক্ষা না রেখে, তাঁর মনোগত ভাব বুঝতে পেরে তা পালনের জন্য সর্বান্তঃকরণে সচেষ্ট হয়। ভগিনী নিবেদিতা স্বীয় গুরু বিবেকানন্দের মনোগত ভাব সমষ্টিকে নিজ জীবনে, চিন্তায় ও কর্মে প্রয়োগ করার ব্রত উদ্‌যাপন পূর্বক শ্রেষ্ঠ শিষ্যার নিদর্শন রেখে গেছেন। তাঁর লেখা পুস্তক ও প্রবন্ধাবলী চিরদিন সে সাক্ষ্য বহন করে থাকবে।

স্বভাবতই প্রশ্ন জাগে, এহেন শিষ্যা কেন গুরু প্রবর্তিত রামকৃষ্ণ-সংঘ ত্যাগ করে এক ভিন্ন পরিবেশে জীবন কাটিয়ে গেলেন। মনে পড়ে একবার দেওয়ান হরিদাস বিহারী দাস স্বামী বিবেকানন্দকে স্নেহময়ী মাতা এবং ভ্রাতা ভগিনীদের অসহায় অবস্থায় ত্যাগ করে সন্ন্যাসী হওয়ার জন্য অনুযোগ করেছিলেন। স্বামীজী উত্তরে লিখেছিলেন—"যদি আমি সংসার ত্যাগ না করিতাম, তবে আমার মহান্‌ গুরু শ্রীরামকৃষ্ণ পরমহংস যে বিরাট সত্য প্রচার করিতে অবতীর্ণ হইয়াছিলেন, তাহা প্রকাশিত হইতে পারিত না।' ঐরূপ বিরাট পরিধি না হলেও অপেক্ষাকৃত সঙ্কীর্ণ পরিপ্রেক্ষিতে বলা চলে যে, ভগিনীর বহুমুখী প্রতিভা সংঘরূপ গণ্ডীর মধ্যে না থেকে বহির্জগতে সমাজের সর্বস্তরে এক ব্যাপক প্রেরণা এবং প্রভাব বিস্তার করে স্বামী বিবেকানন্দের মূল ভাবধারাকে দ্রুত রূপায়িত করতে সমর্থ হয়েছিল। ধর্মের তথাকথিত কোন বাহ্য চিহ্ন তাঁর জীবনকে সাধারণ জনসমাজ থেকে পৃথক করে রাখেনি বলে সকলেই ভগিনীকে নিঃসঙ্কোচে স্ব স্ব গোষ্ঠীর সঙ্গে এক করে নিতে পেরেছিলেন। সাহিত্যিক তাকে সাহিত্যসেবী ভাবে, শিল্পী শিল্পানুরাগী জ্ঞানে, রাজনীতিক রাজনীতিবিদরূপে, ঐতিহাসিক ইতিহাসবেত্তাবোধে সানন্দে সাগ্রহে ভগিনীকে বরণ করে নিয়েছিলেন। রামকৃষ্ণ-বিবেকানন্দের নিবেদিতা কিন্তু সর্বত্র একটি মাত্র সঙ্গীতকে নানা রাগে, নানা আলাপে সুর দিয়ে গেলেন—অন্তর্নিহিত দেবত্বের প্রকাশ এবং জীবনে তার প্রয়োগ, ভারতের মূল সুর আধ্যাত্মিকতার উচ্চ আদর্শকে সর্বপ্রচেষ্টাতে রূপায়িত করার সাধনা। ওস্তাদ সঙ্গীতজ্ঞ বিবেকানন্দ যে অমোঘ-মন্ত্রপূত রামকৃষ্ণ-বীণা নিবেদিতার হস্তে তুলে দিয়েছিলেন যোগ্যতমা শিষ্যারূপে তিনি তার প্রতিটি তন্ত্রীতে অপূর্ব ঝঙ্কার তুলতে পরিপূর্ণভাবে সমর্থা হয়েছিলেন।

কি সরল সুস্পষ্ট নিগূঢ় ইঙ্গিতে পরিপূর্ণ ভগিনী নিবেদিতার রচনাবলী! জীবনের সর্বক্ষেত্রে বহুত্বের মধ্যে একত্বের সাধনাকে কিভাবে সফল করে তুলতে পারা যায় তা তিনি নানাভাবে চিত্রিত করেছেন। তিনি বলতেন—"অদ্বৈতবাদীর নিকট জাগতিক পারমার্থিক বলে কোন সীমারেখা থাকতে পারে না, প্রচেষ্টা মাত্রই পূজা। Man-making education, আর আত্মবিদ্যা গবেষণার মধ্যে প্রকারগত কোন ভেদ নেই, মনুষ্যত্ব বিকাশের পূর্ণতার মধ্যে দেবত্ব প্রকাশের সূচনা।

"পৌরুষ মুক্তিরই নামান্তর মাত্র। বাস্তবিক পৌরুষ সম্পন্ন ব্যক্তির স্বীয় পৌরুষ সম্বন্ধে সচেতন থাকবার পর্যন্ত অবকাশ ঘটে না। যেসব মনোবৃত্তি আমাদের কর্মের মধ্যে পৌরুষের প্রকাশ সাধনে সক্ষম তাকেই মর্যাদা দেওয়া উচিত। জীবনের সাধারণ পরিস্থিতিগুলিতে সুষ্ঠ সুন্দর নির্ভীক প্রকাশই জীবনের বৃহত্তর পরিধিতে বীরত্বরূপে স্বতঃস্ফূর্ত হতে দেখা যায়।"

কত গভীর আবেগ আর শুভেচ্ছা নিয়েই না গুরু শিষ্যাকে আশীর্বাদ করেছিলেন—"সংসারক্ষেত্রে প্রবেশ কর। যদি আমি তোমায় সৃষ্টি করে থাকি তবে সেখানে বিনাশপ্রাপ্ত হও আর

যদি মা ব্রহ্মময়ী তোমাকে সৃষ্টি করে থাকেন তবে বেঁচে থাক।"—কর্তব্য এবং পন্থা সম্বন্ধে সুস্পষ্ট সম্পূর্ণ স্বাধীনতার ইঙ্গিত। সে স্বাধীনতাকে প্রয়োজনবোধে প্রয়োগ করতে নিবেদিতা বিন্দুমাত্র দ্বিধাবোধ করেননি। নোঙ্গর কিন্তু চিরদিনের জন্য গুরু-পাদপদ্মে বাঁধা ছিল। তাই বিভিন্ন স্রোতমুখে বিভিন্ন গতি তাঁকে ভাসিয়ে নিতে পারেনি। সম্পূর্ণ স্ব-প্রতিষ্ঠ থেকে স্ব-বশে নিজেকে পরিচালিত করতে সমর্থ হয়েছিলেন। রামকৃষ্ণ-বিবেকানন্দের নিবেদিতারূপেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন—The boat is sinking but I shall see the sunrise —তরণী ডুবছে আমি কিন্তু সূর্যোদয় দেখব—জীবনে যাকে সমগ্র সত্তা দিয়ে বরণ করেছিলেন, জীবনান্তে সেই জ্যোতির্ময় স্বরূপেই পরম মিলন সংসাধিত হোল।

---

"ব্রহ্মচর্যের মধ্যেই সমস্ত শক্তি ও মহত্ব প্রচ্ছন্ন আছে।"

# নিবেদিতার চিঠিতে তাঁর মা

শঙ্করীপ্রসাদ বসু

নিবেদিতা অনর্গল লেখিকা ছিলেন, কত বিষয়ের এবং কত মানুষের কথা লিখেছেন, কিন্তু নিজের মায়ের কথা লিখে যাননি। শ্রীমা সারদাদেবী, নিবেদিতা যাঁকে নিখিল মাতৃত্বের প্রতীক মনে করতেন, তাঁর কথা লিখেছেন, মিসেস ওলি বুল, স্বামীজীর মত নিবেদিতাও যাঁকে মা বলতেন, তাঁর কথা লিখেছেন, লেখেননি শুধু নিজের মায়ের কথা, বোধহয় এইজন্য যে, যে-পূর্বজীবনের সঙ্গে সম্পর্ক চুকিয়ে এসেছেন তাকে প্রকাশ্য আলোচনার বিষয় করতে তাঁর নীতিতে বেধেছিল, এবং আত্মমর্যাদায় বেধেছিল ব্যক্তিগত সম্পর্ককে প্রকাশ্যে গৌরবান্বিত করতে।

কিন্তু কী গভীরভাবে ভালবাসতেন নিবেদিতা তাঁর মাকে। শ্রদ্ধায় এবং করুণায় মিশ্রিত সেই ভালবাসা। মায়ের সুদীর্ঘ দুঃখজীবনকে নিবেদিতা স্বচক্ষে দেখেছেন, দেখেছেন সাধারণ এক জীবনে অসাধারণ সহনের, দায়িত্বের বোঝার চাপে নিষ্পিষ্ট যাতনাকে, তারই মধ্যে শান্ত তপস্যাকে। দেখেছেন—সামান্য অর্জনের জন্য যাঁকে বুকের রক্ত তুলে খাটতে হয়েছে, তিনিই কী উদার মহিমায় ত্যাগ করেছেন তার সর্বশ্রেষ্ঠ ধনটিকে।

নিবেদিতার মায়ের জীবনের দিকে তাকালে দেখব, তাঁর ক্ষেত্রে সুখ কত ক্ষণস্থায়ী। জন্ম হয়েছিল ১৮৪৫ খৃষ্টাব্দে, বিয়ে হয় স্যামুয়েল নোবলের সঙ্গে ১৮৬৬ খৃষ্টাব্দে (১)। বিয়ের সময়ে স্যামুয়েল মোটামুটি ছিল ব্যবসায়ী। বিয়ের এক বছর পরে প্রথম সন্তান মার্গারেট অর্থাৎ নিবেদিতার জন্ম হয়। আরও এক বছর পরে স্যামুয়েল আদর্শের টানে, জনসাধারণের মধ্যে কাজ করার আকাঙ্ক্ষায়, ব্যবসা বেচে দেন এবং শিশু কন্যাটিকে নিজের মায়ের কাছে সঁপে দিয়ে নতুন জায়গায় গিয়ে হাজির হন। সঞ্চিত পুঁজিতে দু'এক বছর কাটে, তারপর অর্থকষ্ট, তখন ধর্মযাজকের বৃত্তি গ্রহণ করতে হয় স্যামুয়েলকে, কিন্তু অস্বাস্থ্যকর পরিবেশ ও কঠোর শ্রম তাঁর স্বাস্থ্য নষ্ট করে দেয়, ক্ষয়রোগ ধরে, যার ফলে কয়েক বৎসরের মধ্যে দেহত্যাগ করেন। মেরীর বয়স তখন মাত্র বত্রিশ।

এগারো বছরের বিবাহিত জীবনে মেরী একদিকে যেমন আদর্শবাদী স্বামীর সান্নিধ্যে উদ্দীপ্ত হয়েছেন, ধর্মসঙ্গিনী এবং কর্মসঙ্গিনীরূপে নিজ দায়িত্ব পালন করেছেন, অন্যদিকে পেয়েছেন দারিদ্র্য ও মৃত্যুশোক। স্বামীর মৃত্যুর আগেই কয়েকটি সন্তানের মৃত্যু হয়েছিল। অবশিষ্ট তিনজনকে নিয়ে (দুই কন্যা মার্গারেট ও মে এবং পুত্র রিচমণ্ড) মেরীর কঠোর জীবনসংগ্রাম আরম্ভ হয়—সেই সংগ্রামের অনেকখানি অংশ নিবেদিতার স্বচক্ষে দেখা। নিবেদিতা দেখেছেন—দুশ্চিন্তা ও পরিশ্রম কিভাবে কুরে কুরে খেয়েছে তাঁর মায়ের প্রাণসার। তারপরে দুঃখদিন শেষ হবার সম্ভাবনা যখন দেখা গেছে, মেয়ে দুটি জীবনে প্রতিষ্ঠিত, ছেলে শিক্ষিত ও প্রাপ্তবয়স্ক, —ঠিক তখনি বড় মেয়ে চেয়েছে অজানা এক দেশে পাড়ি দিতে—অজানা ধর্মের মধ্যে—অজানা আশঙ্কার মধ্যে।

মেয়ের যাত্রায় মা বাধা দেননি।* মেয়ে মনের দিক থেকে স্বতন্ত্র, তা জানেন, সেজন্য কষ্টও কম ছিল না। বৈধব্য-জীবনে মেরী স্বাচ্ছন্দ্যের স্বাদ পাননি, আনুগত্যের তৃপ্তিও পাননি, কেননা বড় মেয়ে পারিবারিক ধর্মবিধির বিরুদ্ধে দীর্ঘদিন ধরে, স্বামীজীর সঙ্গে সাক্ষাতের পূর্ব থেকেই, বিদ্রোহ করে আসছিল।

মনের দিক থেকে নিবেদিতা মায়ের অন্তরঙ্গ নন, কিন্তু ভুলবেন কি করে মায়ের দীর্ঘ দুঃখের উপাখ্যান। যখন ইংলণ্ড থেকে ভারতে যাত্রা করলেন, তারপরে ভারতে বাস করতে লাগলেন—সমস্ত সময়েই 'ছোট্ট মা-টি'র কথা তাঁর মনের কোণে বেঁধা একটি কাঁটা হয়ে রইল। সামান্য স্পর্শে তাতে চাপ লাগত, আর রক্তক্ষরণ হত।

সেই ব্যথাতুর, কাতর কন্যাহৃদয়ের ছবি নিবেদিতার পত্রাবলী থেকে আমরা পাই। যে-কথা কোনোদিন প্রকাশ্যে লেখেননি, পত্রে-পত্রে ছড়িয়ে দিয়েছেন সেই মনের কথা, নিজের 'ছোট্ট মা-টি'র চারপাশে বিছানো সেই সতৃষ্ণ ভালবাসার অপরূপ কথাগুলি।

নিজের মায়ের কথা চিঠিতে লেখার সময়ে নিবেদিতা 'ছোট্ট মা-টি' ভিন্ন লেখেননি প্রায়। ভালবাসার অপূর্ব এই রূপ—কন্যা যেন পরম স্নেহে মাকে কন্যারূপে দেখছে।

১৮৯৮ খৃষ্টাব্দের ৫ জুনের এক চিঠিতে নিবেদিতা নিজের বাল্যের অভিমানী স্বভাবের কথা লিখেছেন— 'জানো কি, ছোটবেলায় প্রাণপণে চেষ্টা করে তবে আমার গর্বিত মাথাখানি নামিয়ে মায়ের কাছে খাবার চাইতে পারতাম।'' মায়ের এই অভিমানী জেদী মেয়েটি দেশ ছেড়ে ভারতবর্ষে এসে বিশ্বমায়ের আঁচলের তলায় যদিও পরম আশ্রয় পেলেন, তখনকার সুগভীর আনন্দও কিন্তু গর্ভধারিণী জননীর সঙ্গে বিচ্ছেদের যাতনাকে মুছতে পারেনি। মিস ম্যাকলাউডকে ১২ মার্চ, ১৮৯৯, তারিখে লিখেছেন ''তুমিই একে (সারদাদেবীকে) মা বলে ডাকতে শিখিয়েছ—আমার ছেড়ে-আসা ছোট্ট মায়ের দাবির সঙ্গে এই নতুন সম্পর্কের একটা টানাটানি ছিলই।''

বিষণ্ণ মধুরতায় ভরা লাইনটি। একদিকে নবজীবনে নবপ্রাপ্তির আনন্দ, অন্যদিক গত

---

* বাধা না দেবার একটা গূঢ় কারণ ছিল। প্রথম সন্তানসম্ভবা হলে মেরী আশঙ্কায় অস্থির হয়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করে বলেন, শুভ প্রসব হলে সন্তানটিকে তিনি দেবোদ্দেশ্যে উৎসর্গ করবেন। নিবেদিতা সেই প্রথম সন্তান। ঘটনাটি নিবেদিতার মা একমাত্র মিস ম্যাকলাউডকে বলেন। তিনিই সকলের গোচর করেন। রোমাঁ রোলাঁকেও ম্যাকলাউড এই ব্যাপারটি বলেছিলেন, রোলাঁর ডায়েরীতে তা পাওয়া যায়।

নিবেদিতার বোনের বাড়ি থেকে জানা গিয়েছে, নিবেদিতার পিতা মৃত্যুকালে পত্নীকে বলে যান, কন্যা যদি ধর্মের জন্য আত্মদান করতে চায়, তাকে যেন বাধা না দেওয়া হয়। দেখা যাচ্ছে, ম্যাকলাউড নিজেই রোলাঁকে জানান

"Nivedita 'I cannot understand my little mother, the widow of an orthodox clergyman, opening every door to me when I wanted to go to India.' But the mother had made a vow when she was with child that she would consecrate the child to the Lord when He should call her. She told the story once to Miss MacLeod who told it later herself to Nivedita. Vivekananda himself never knew it."

জীবনের সঙ্গে বিচ্ছেদের বেদনা, একসঙ্গে। মার্গারেট নোবল ভারতবর্ষে এসে 'নিবেদিতা' নামের শ্বেতবস্ত্রে রাগরক্ত অতীত জীবনকে আবৃত করেছেন, নবজীবনের আলয়ে মাতৃরূপে পেয়েছেন চিরমাতৃত্বের বিগ্রহরূপিণী এক নারীকে, যাঁর চরণপদ্মের আলপনা চলে গিয়েছে দ্বারপথ থেকে মন্দিরকক্ষে, কিন্তু এই ভবনে প্রবেশের আগে ছেড়ে এলেন কোন পুণ্যবান স্নেহাঞ্চলের শান্তিকে।

সুগভীর, শিহরিত, আলোড়িত দীর্ঘশ্বাস নিবেদিতার—আমার ছোট্ট মা-টি!

নিজ পরিবারের সঙ্গে বিচ্ছেদের পরে তাঁদের বিষয়ে দুশ্চিন্তায় কিভাবে নিবেদিতার মন মথিত থাকত, তার কিছু কিছু পরিচয় তাঁর চিঠিতে পাওয়া যায়। আশঙ্কার কালো ছায়াভরা মনের রূপ, ম্যাকলাউডকে লেখা এক চিঠিতে (২১ ফেব্রুয়ারি, ১৮৯৯)—

"আমাদের পরিবারের বিষয়ে কিছু মিষ্টি খবর লিখতে চেষ্টা করবে কি? আমি কি খুবই স্পর্শ-কাতর হয়ে পড়েছি, কি জানি, কিন্তু বাড়ির লোকজনের হস্তাক্ষরে কোনো চিঠি এলে আমি থরথরিয়ে কেঁপে উঠি এবং না-পড়ে পুড়িয়ে ফেলতে ইচ্ছা হয়। বাস্তবিক তাদের সংশ্লিষ্ট বিষয় সম্বন্ধে এমন বোকার মত ভীতু হয়ে উঠেছি যে, একজন যখন আমাকে জিজ্ঞাসা করল, বাড়ির জন্য মন-কেমন করছে কিনা, তখন বলেছি, আমি বোধহয় কিছুতে সুখী হব না, যতক্ষণ না কোনো দুর্বিপাকের ঢেউ হঠাৎ এসে অন্য পৃথিবীতে তাদের ভাসিয়ে নিয়ে যায়। জানি উদ্ভট কথা, কিন্তু এক্ষেত্রে যুক্তিবিচার অর্থহীন। নাগালের মধ্যে প্রেতচ্ছায়া—তার অস্তিত্ব ভুলতে চাইছি যেন। এ হেন মনোভাবের মধ্যে সবচেয়ে বড় পাপ হোল, এখানকার (ভারতের) জীবনকে ভালবাসছি। প্রিয় জয়া, যদি তুমি কোনো অসুস্থ মনের চিকিৎসা করতে সমর্থ হও—সে মন অন্তত একবারের জন্য—এবারের জন্য—আমারই হোক—আমাকে একটু সাহায্য করো, যাতে এইসব ব্যাপার সম্বন্ধে উচিত মনোভাব অবলম্বন করতে পারি।"

নেল হ্যামণ্ডকে লেখা একটি চিঠিতে (৯.৩.১৮৯৯)—

"নেল তুমি জানো না যে, নিজের পরিবার সম্বন্ধে আমার হৃদয়হীনতার ভাবটি আমি কত অনুভব করি। কিন্তু আমরা এত পৃথক হয়ে পড়েছি যে, এইসব কথা (সারদাদেবীর প্রতি ভক্তির কথা ইত্যাদি) কী করে তাদের বলব? আমার সমস্ত হৃদয় এই নূতন ধর্মীয় আকর্ষণে যেভাবে গ্রথিত হয়েছে, সে-বিষয়ে তাদের কিছু বলতে সাহস করি না।"

নিজের পরিবর্তিত ধর্মবিশ্বাস (নিবেদিতা একেবারে কালীতত্ত্বে পর্যন্ত বিশ্বাসী হয়েছিলেন) কি ভাবে নিজ পরিবারের গোচর করবেন এবং তাঁরা কিভাবে ব্যাপারটিকে গ্রহণ করবেন, সে বিষয়ে যথেষ্ট দুশ্চিন্তা নিবেদিতার ছিল। কালী সম্বন্ধে তাঁর মত যদি ইংলণ্ডে জানাজানি হয়ে যায়, তাহলে বোনের বিয়ের ব্যাপারে অসুবিধা পর্যন্ত ঘটতে পারে বলে আশঙ্কা করেছিলেন। এদিকে নিবেদিতার মা কন্যাকে 'ব্যাকুলভাবে কাছে পেতে চাইছিলেন', এবং নিবেদিতা ব্যাকুলভাবে বিশ্বাস করতে চাইছিলেন, তাঁর পরিবর্তিত ধর্মবিশ্বাসের অপরিচিত চেহারা 'মায়ের বুক ভেঙে দেবে না,' (২৮.৫.৯৯) যদিও বিপরীতই ছিল অনুভব।

নিবেদিতার সমস্ত আশঙ্কা দূর হয়ে গেল একটি পরম ঘটনায়—১৮৯৯ খৃষ্টাব্দে পাশ্চাত্যযাত্রা

করে স্বামীজী হাজির হলেন ইংলণ্ডে, এবং নিবেদিতার পরিবারে কয়েকদিন কাটালেন। বিবেকানন্দের উপস্থিতিই সবচেয়ে বড় সান্ত্বনা—সাহস—সত্তা। নিবেদিতা লিখেছেন (১২.৮.১৮৯৯)—

"নিম-এর (বোনের) প্রণয়ী আচার্যদেবের চরণে নতজানু হয়েছিল, যেমন হয়েছিল মা, নিম ও রিচ। অপরূপ।"

নিবেদিতা অনুভব করেছিলেন—

"আমাদের বাড়ির সবকিছু যেন ভারতের জন্যই উৎসর্গীকৃত। বিশ্বাস করি, আমার ভাইও একদিন স্বামীজীর সন্তান হয়ে দাঁড়াবে, তবে মা বেঁচে থাকতে তা হবে না বলেই মনে হয়।" (২২.৩.১৯০১)

মা বেঁচে থাকতে থাকতেই রিচ স্বামীজীর আহ্বানে সাড়া দিতে পারতেন, যদি না স্বামীজী স্বয়ং বিপরীত ইচ্ছা করতেন—

"তুমি জানো স্বামীজী তাকে ডাক দেবেন বলেছিলেন, কেবল ভেবেছিলেন, মাকে দুটি সন্তান থেকে বঞ্চিত করা অপরাধ, অথচ আমার প্রিয় ছোট্ট মা-টি কখনই অভিযোগ করতেন না আমি জানি।"

রিচ পবিত্র ছিলেন কারণ তিনি স্বামীজীকে দেখেছিলেন। বহুদিন পরে তিনি লিখেছেন "স্বামীজীকে সশরীরে দেখার আগে কারো পক্ষে বোঝা সম্ভব নয় তিনি কী ছিলেন। তাঁকে আমার অধ খ্রীষ্ট বলে কিছুটা জানা।" রিচমণ্ড নোবল যখন এই কথাগুলি লিখেছেন, তখন তিনি খ্রীষ্টীয় যাজক।

১৮৯৯ খ্রীষ্টাব্দে স্বামীজীর সঙ্গে সাক্ষাতের পর থেকে নিবেদিতার মায়ের জীবনের চতুর্থ পর্ব শুরু হোল বলা যায়। প্রথম পর্বে তার কুমারী জীবন, দ্বিতীয় পর্বে বিবাহিত জীবন, তৃতীয় পর্বে বৈধব্যজীবন ও সংগ্রামজীবন—(নিবেদিতার ইংলণ্ড ত্যাগ ও প্রথম ভারতবাস পর্যন্ত সময়), এই তৃতীয় পর্ব পর্যন্ত তিনি নিজ সম্প্রদায়ের সীমায় আবদ্ধ ধর্মপ্রাণ নিষ্ঠাবতী নারী। চতুর্থ পর্বই শেষ পর্ব, এইকালে নিজ ধর্মধারণার প্রতি নিষ্ঠা বজায় রেখেও উদার আধ্যাত্মিক বোধে জাগরিত। বিবেকানন্দের প্রভাব তার মনে।

স্বামীজীর সঙ্গে সাক্ষাতের আগেই ভারত সম্বন্ধে তিনি সচেতন হয়েছিলেন সন্দেহ নেই। তার স্বামীর ভারতচিন্তায় আগ্রহ ছিল। ভারতীয় ধর্ম সম্বন্ধে নিজ কন্যার ক্রমবর্ধমান আগ্রহ ও পরিশেষে ভারতের কাজে ঝাঁপিয়ে পড়া তার মনে অবশ্যই নাড়া দিয়েছিল, কিন্তু তার মধ্যে বিরূপ প্রতিক্রিয়াও থাকতে পারে, স্বামীজীর সঙ্গে সাক্ষাতের আগে যা দূর হয়নি।

অতঃপর ভারতবাসীর জন্য তাঁর দ্বার খুলে গিয়েছিল। ১৯০০ খৃষ্টাব্দে সস্ত্রীক জগদীশ-চন্দ্র বসুকে তিনি সাদরে গ্রহণ করেছিলেন। নিবেদিতা লিখেছেন (২৮.৯.১৯০০)—

'আমার ছোট্ট মা-টি এখানে এসেছিলেন ডাঃ বসু ও মিসেস বসুর থাকার কথা বলতে। তাঁর পক্ষে এটা খুবই মিষ্টি ব্যবহার নয় কি?"

স্বামীজীর প্রভাব সংক্রামিত হওয়ায় উদারতর হয়েছে দৃষ্টিভঙ্গি কিন্তু পূর্বতন সংস্কার ও ধারণা দূর হয়নি—মায়ের এমনই একটি মানসিক অবস্থার বর্ণনা নিবেদিতা করেছেন ওলিবুলের কাছে ২৭ সেপ্টেম্বর, ১৯০০-র চিঠিতে—

"অনেকেই এখন দেখছি আমার ছোট্ট মা-টিকে ভালবাসে এবং তিনি বিশেষ ধরনের যে-সব সাচ্ছন্দ্য দিতে পারেন, তার জন্য প্রত্যাশী হয়। মাকে এ ব্যাপারে সচেতন করতে চেষ্টা করছি, কারণ তিনি খৃষ্টীয় ধরনের কর্ম-উপাসনার নিষ্ঠুরদিকের অভিজ্ঞতা পেয়ে আধমরা হয়েছেন। এখন যেহেতু তাঁর কাজের কাল শেষ হয়েছে তাঁর সাহায্যের দরকার আমাদের কারোরই নেই—তিনি মনে করছেন, তিনি এখন বোঝার মত, এবার যেতে পারলেই হয়। এখনই আমি হিন্দু ভাব ও রীতির সৌন্দর্য ও মর্যাদার রূপ বুঝতে পারছি : মানুষের সত্যকার বাঁচার জীবন তো এই সময় থেকেই আরম্ভ হয়। মানুষের বিষয়ে মার যা ধারণা, ঈশ্বরের বিষয়েও তাই—ঈশ্বর তাঁর কাছ থেকে সেবা ও বন্দনা চান, (কী নির্বোধ ও যুক্তিহীন শোনাচ্ছে কথাগুলো, তা জানি, কিন্তু সম্পূর্ণ আন্তরিক এবং স্বাভাবিক, তাও না ভেবে পারছি না)। মা তাই অনুভব করতে পারেন না—ঈশ্বরকে শুধু ভালবেসে যাওয়াই একমাত্র কাজ হতে পারে। এই অপর দিকটি শুধু বলে বোঝানো যায় না, তবু বিশ্বাস করি, যেভাবেই হোক, তা মায়ের মধ্যে সঞ্চারিত হবে। বন্ধুদের পেলে একদিন এবিষয়ে মাকে বলতে তাঁদের বলব। বন্ধুদের আসতে বলতে ইতস্তত করছি, কারণ, চাকর-বাকর না থাকলে ঘণ্টাখানেকের জন্যও যদি কোনো অতিথি আসে তাহলে মাকে এত ব্যস্ত হতে হয় ও খাটাখাটুনি করতে হয় যে খুবই ক্লান্ত হয়ে পড়েন—তাঁকে ঠাণ্ডা রাখার চেষ্টা করেও কোনো ফল হয় না।"

এর পরে নিবেদিতা কিছু কথা লিখেছেন, যার মধ্যে তাঁর স্পর্শকাতর মনটি অপূর্ব ফুটেছে—

"স্বামীজীকে কোনো খবরাখবর দিইনি, এই ব্যাপারটিকে তুমি যদি অদ্ভুত মনে করো, তার উত্তর, আমি স্বামীজীকে জানাতে চাই—'আমি মা-এর সঙ্গে বাস করতে গিয়েছি', এবং কিছু সময়ের জন্য এমনকি তার (স্বামীজীর) বিষয়েও ভাবতে চাইনা।"

["If you think it funny that I send no messages to Swami, I would like him to know that I 'have gone away to stay with Mother', and I do not want even to *think* of him for a while."]

বিচিত্র বিমিশ্র মন এখানে। একদিকে স্বামীজীর বিরুদ্ধে অভিমানের ব্যঞ্জনা, তিনিই যেন মার কাছ থেকে কেড়ে নিয়েছেন, অন্যদিকে সূক্ষ্ম অভিযোগ, নিজের মায়ের কাছ থেকে কেড়ে নিয়েও স্বামীজী তাঁকে জগন্মাতার নিত্য সান্নিধ্য দান করেননি যে-সান্নিধ্যে অপর পক্ষে তিনি নিত্য বাস করেন। নিবেদিতা যখন সেই অচেনা মাকে লাভ করলেন না, তখন তাঁর চেনা ছোট্ট মা-টি ছাড়া গতি কি? স্বামীজীর বাক্-ভঙ্গির নকল করে অভিমানের খোঁচাটুকু দিলেন—নিজের মায়ের সম্বন্ধে লিখতে গিয়ে 'Mother' শব্দটিকে বড় অক্ষরে ('Mother') লিখে জানালেন, কি করব, আমার ক্ষেত্রে অগত্যা নিজের মাই-ই ঈশ্বর-মা।

নিবেদিতার মায়ের জীবনে নূতন স্বাচ্ছন্দ্যের পরিসর দেখা দিয়েছিল অতঃপর। তিনি সহানুভূতি-স্নিগ্ধ হৃদয়সান্নিধ্য পেয়েছিলেন নিবেদিতার সুহৃদদের কাছ থেকে। মিস ম্যাকলাউড এবং মিসেস ওলি বুল এগিয়ে এসেছিলেন তাঁর অনেক সমস্যার সমাধানে। সেজন্য নিবেদিতার কৃতজ্ঞতার অন্ত ছিল না। ৭ মে, ১৯০৩, তারিখে ম্যাকলাউডকে লিখেছেন :

"লেডী বেটীর (মিসেস লেগেট) সহৃদয়তা সবচেয়ে মর্মস্পর্শী।...আমার ছোট্ট মা-টি সহসা দেখছেন—প্রাণোচ্ছল বন্ধুমণ্ডলীর মধ্যে তিনি অবস্থিত, যখন ভেবেছিলেন, এ পৃথিবীতে তিনি বড় নিঃসঙ্গ "

১৮ অগাস্ট একই জনকে লেখা—

"সেণ্ট সারা (মিসেস বুল) এবং আমার কাছে লেখা মায়ের এ সপ্তাহের চিঠি তোমার ও লেডী বেটীর কথায় পূর্ণ। পাঁচ বছরের শিশুও যার থেকে গভীরতর মধুরতর সুখ পাবে না, এমন সুখ আমার ছোট্ট মা-টি পেয়েছে। আর, তোমার জ্যাকেট, মসলিনের গাউন, পালকের টুপি প্রভৃতির চেয়ে সমধুর সুখের বহিরঙ্গ উপাদান আর কি হতে পারে।"

মায়ের দুঃখময় জীবনের কথা মনে সদাই জাগরূক ছিল বলে নিবেদিতা তার যন্ত্রণা বৃদ্ধি করতে চাইতেন না, এমনকি যখন ১৯০৫ সালে ব্রেন ফিভার হয়ে প্রায় মৃত্যুমুখে, তখনো মাকে খবর দিতে দেননি, আরোগ্যের পরেও অসুখের সংবাদ জানাতে নিষেধ করেছেন (ম্যাকলাউডকে লেখা ৫ এপ্রিলের চিঠি)। মায়ের জন্য সদাই কাতর তার মনের ছবি ফুটেছে ১৯০৭ সালের এক চিঠিতে (ম্যাকলাউডকে লেখা)--

"অগস্ট বা সেপ্টেম্বরে পাশ্চাত্যে যাচ্ছি। যে-সব বন্ধুদের বন্ধুত্বের মূল্য দিতাম, তাদের কতজন শেষবার ইংলণ্ড ছাড়ার পরে মারা গেছে! মাকে দেখতে আবার গিয়েছি, ভাবতে ইচ্ছা করছে। বেচারা ছোট্ট মা-টি—কত রোগা, পাতলা হয়ে গেছেন।"

ঐ বছরই ১০ সেপ্টেম্বরে ওলিবুলকে—

"তুমি যে ইংলণ্ড আসছ, এ সংবাদ পূর্ণ তৃপ্তিকর। মা মিষ্টিতম ছোট্ট নীড়টি তৈরী করে রেখেছেন—আমাদের সকলের আসার জন্য মনে মনে প্রস্তুত। সুতরাং শুভস্য শীঘ্রম।"

নিবেদিতার এই মাতৃগৃহে প্রত্যাবর্তনের বর্ণনা করেছেন প্রব্রাজিকা মুক্তিপ্রাণা।

"য়ুরোপ হইয়া সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে নিবেদিতা ইংলণ্ডে পৌঁছিলেন। দীর্ঘ পাঁচ বৎসর পরে মাতা ও ভাই-ভগিনীর সঙ্গে সাক্ষাৎ। ভারতের যে আধ্যাত্মিক জীবন নিবেদিতাকে আকৃষ্ট করিয়াছে, তাহার আস্বাদ প্রিয়জনকে দিবার জন্য তাহার কী আগ্রহ! কত জিনিস তিনি সংগ্রহ করিয়া আনিয়াছেন, আত্মীয় ও বন্ধুগণের জন্য—মাটির প্রদীপ, ধূপ, ধূপদানী, নানা রকমের মালা, কবচ, পাথরের নুড়ি, ছোট ছোট বেতের বাক্স, কৃষ্ণ, গোপাল প্রভৃতি দেবতার ক্ষুদ্র পট। . বোতলে করিয়া আনিয়াছেন গঙ্গাজল। একদিন গোপালের মার সুদীর্ঘ কাহিনী বর্ণনা করিয়া নিবেদিতা যখন তাহার নিকট রক্ষিত মালাটি মাতাকে স্পর্শ করিতে দিলেন, তিনি অভিভূত হইলেন।"

১০ নভেম্বর নিবেদিতা মিস ম্যাকলাউডকে লিখেছেন—

"বাড়ি ফিরতে কী সুখ! কী আনন্দ!—যেখানে স্নিগ্ধতম আত্মাটি বিরাজ করছে। মা তাঁর নিজের রাজ্যে মাধুর্যে, সাহায্যে, সেবায় পূর্ণ। প্রতিটি জিনিস এখানে অপরূপ সুন্দর।"

এই সুন্দর নীড়-স্বপ্নটি ছিন্ন হয়ে গেল বছর খানেকের মধ্যে। ইংলণ্ড থেকে আমেরিকায়

কাজের জন্য নিবেদিতা গিয়েছিলেন, সেখানে দারুণ আহ্বান গেল প্রত্যাবর্তনের জন্য—শেষ শয্যায় মেরী—অবিলম্বে না এলে দেখা হবে না।

নিবেদিতার ব্যাকুল উর্ধ্বশ্বাস প্রত্যাবর্তন-চেষ্টার রূপ ছড়িয়ে আছে কয়েকটি চিঠিতে। কালবিলম্ব না করে যাত্রা করতে চেয়েছিলেন, ব্যবস্থা করে দেবার জন্য একান্ত মিনতি করে লিখেছিলেন প্রতিপত্তিশালী মিঃ লেগেটকে। ১১ জানুয়ারি, ১৯০৭-এর সেই চিঠি -

প্রিয় মিঃ লেগেট,

এই দারুণ সংকটকালে আপনার নিকটে প্রার্থনার সুযোগ গ্রহণ করছি যদিও জানি, এর দ্বারা কী অসুবিধা ঘটাচ্ছি, এবং জানি, আপনার সময়ের মূল্য কতখানি।

মিসেস বুলের নামে টেলিগ্রাম করছি :

অনুগ্রহ করে ক্যাম্পানিয়া খার্টিনথ্-এ মার্গটের জন্য আসন সংগ্রহ করুন। যদি সম্ভব হয়, ইণ্ডিয়ান মিশনারী রেটে। তারে উত্তর জানান।

—সারা বুল।

আমরা এখানে হিসাব করে দেখেছি, ক্যাম্পানিয়া (কুনার্ডলাইন) নিউইয়র্ক থেকে পরশু, ১৩ই সকাল দশটায় ছাড়বে। আমাদের ধারণা, সস্তাতম স্থান সংগ্রহের ব্যাপারে অন্য যে-কারো চেয়ে আপনার ক্ষমতা বেশী।

আর একটি নিবেদন করতে পারি কি?—আপনার পক্ষ থেকে টেলিফোনে যদি কেউ জেনে নেয় যে, আগামীকাল, মঙ্গলবার, সন্ধ্যায় মালপত্র নিয়ে জাহাজে উঠে বসতে পারি কিনা, এবং সেই খবরটি যদি টেলিগ্রাফ করে কেউ আমাদের জানিয়ে দেয়। মিসেস বুল স্থির করেছেন ট্রেনে বিকাল তিনটে কি চারটেয় আমার সঙ্গে নিউইর্ক যাবেন, তারপরে ষ্টেশন থেকে গাড়ি করে মারী হিল হোটেলে। সেখানে আমার মালপত্রের জন্য ওয়াগন নেবেন, জাহাজে উঠবেন আমার সঙ্গে, এবং যদি সম্ভব হয় রাত্রিটা জাহাজেই কাটাবেন।

এ সমস্ত হতে পারে, এমন জানিয়ে যদি একটি টেলিগ্রাম এসে পেঁছায়, কী না কৃতজ্ঞ হব আমরা!

গভীর ভালবাসার সঙ্গে, এবং যে-অসুবিধা ঘটাচ্ছি, তার জন্য শত সহস্র দুঃখের সঙ্গে।

পরদিন মিস ম্যাকলাউডকে—

"আগামীকাল সকালে ক্যাম্পানিয়াযোগে বিদায়। মিঃ লেগেটকে তার করেছিলাম, তিনি আমার টিকেট কেটেছেন। তার এসেছিল শনিবার দুপুরে। .

জানি তুমি আমার জন্য এই প্রার্থনা করবে যে, শেষ ক্ষণে আমি যেন মায়ের সেবায় লাগতে পারি। আহা আমার প্রিয় জননী।

তাঁর কাছে যেতে পারছি—তাতে গভীর শান্তি আর আনন্দ।"

১৬ জানুয়ারি জাহাজ থেকে একই জনকে—

"এই যাত্রায় সব কিছুই বিষাদের নয়। আমাকে আহ্বানের কারণটি দারুণ, নিশ্চয়ই, কিন্তু এই অপরূপ ব্যাপারটি তো রয়েছে--আমি যেতে পেরেছি—হয়তো সময়েই পৌঁছব।"

যাত্রাশেষে কী ঘটল, অতি সংক্ষিপ্তভাবে তা মিঃ লেগেটকে লিখে জানিয়েছেন মিসেস ওলি বুলি ২৭ জানুয়ারিতে—

"গতকাল মার্গটের কাছ থেকে একটি তার এসেছে। শুধু লেখা : 'শান্তি।' তাহলে ছোট্ট মা-টি মার্গটকে অভ্যর্থনা করবার জন্য পাণটি ধরে রেখেছিলেন, এবং মার্গট প্রার্থনা করতে পেরেছে কয়েকদিন।"

অন্তিম পর্বের বর্ণনা পাই নিবেদিতার দুটি চিঠি থেকে, একটি ম্যাকলাউডকে, অন্যটি ওলি বুলিকে লেখা। মৃত্যুর বর্ণনায় নিবেদিতার লেখনী চিরদিনই গভীর রসময়। আর এখানে তো ঘনিষ্ঠতম মর্ত্যবন্ধনের ছেদ! তথাপি বৈরাগ্যশান্ত স্বর। নিবেদিতার সঙ্গে একদা তাঁর মায়ের সংঘর্ষ হত ধর্মবিশ্বাস নিয়ে। খৃষ্টীয় যাজকের পত্নী, পুত্রীর ধর্মীয় স্বাধীনাচারে ক্ষুব্ধ হয়েছেন দিনে দিনে। তিনি শেষক্ষণে আকাঙ্ক্ষা করলেন 'ভারতীয় মৃত্যুকে।' অমোঘ প্রভাব বিবেকানন্দের।

৩০ জানুয়ারিতে মিস ম্যাকলাউডকে লেখা চিঠি :

"গত মঙ্গলবার সকালে মা মারা গেছেন—তখন নিম আর আমি শুধু ছিলাম তাঁর কাছে। আমি চাপাস্বরে বললাম—'হরি ওঁ।'—যাতে তাঁর কানে তাই হয় শেষ শব্দ। ঈশ্বরের করুণার শেষ নেই—ঠিক সময়ে আমি পৌঁছতে পেরেছিলাম। বৃহস্পতিবার বলেছিলেন, এখন তিনি যাচ্ছেন 'পূর্ণ তৃপ্তি' নিয়ে। ২৪ ঘণ্টা একত্র ছিলাম আমরা, আমি দেখলাম—তাঁর সমস্ত আত্মা ফিরল পরজীবনের দিকে। শুক্রবার সকাল থেকে মোটামুটি সারাক্ষণ ওষুধে নিঃঝুম ছিলেন।

শেষ যে সামঞ্জস্যপূর্ণ কথা তিনি বলেছিলেন, তা হোল, 'ভারতীয় মৃত্যু হচ্ছে আমার।' আমরা ভাবলাম, তিনি অগ্নিসংকার চাইছেন, যা পূর্বেও চেয়েছেন। বৃহস্পতিবার অপরাহ্ণে তাঁর সে ইচ্ছা পালিত হোল। আমাদের পারিবারিক যাজক সংকারমন্ত্র পড়লেন—আহা, কী সুন্দরভাবে! একমাত্র এই পরিবর্তন করেছিলেন- 'Commit her body to the *fire*, in the sure and certain hope of the resurrection of the *body*.'

'এর শরীর অর্পণ কর অগ্নিতে, এই স্থির নিশ্চিত প্রত্যাশায় : পুনরুত্থিত হোক দেহখানি।'

কী আনন্দ হোল শুনে, কারণ তিনি ঐ অর্থে ইতিমধ্যেই পুনরুত্থিত হয়েছেন, যে-'দেহ-বস্ত্রখানি' আমরা সরিয়ে দিলাম, তার সঙ্গে (পুনরুত্থানের) ঐ দেহের কোনোই সম্পর্ক নেই।

তাঁকে হারিয়ে কত না হারিয়েছি, তোমাকে বলে বোঝাতে পারব না। আর কিছু চাইবার নেই। এখন একমাত্র কাজ, যত দ্রুত ও নীরবে সম্ভব ভারতে ফিরে যাওয়া। বুঝতেও পারিনি কতখানি গুরুত্ব নিয়ে তিনি জীবনের ক্ষেত্রে বর্তমান ছিলেন। এখন দেখছি, তাঁর উপস্থিতি কত জিনিসের মূলে। কিন্তু তিনি, প্রিয় ছোট্ট মা-টি আমার, তাঁর দ্বিতীয় বিবাহ দিন পেয়েছিলেন। কী সুখী, একেবারে শিশুর মত—নিশ্চয় এখন তাই হয়ে উঠেছেন। কত উদার ছিলেন, প্রেমে

পূর্ণ, নিঃস্বার্থপর। এখন তিনি এমন সত্তালোকে পৌঁছেছেন, যেখানে বিরাট প্রেমের তরঙ্গ তাঁর উপর ভেঙ্গে পড়বে, উন্নীত করবে তাঁকে, স্থাপন করবে সমুচ্চ তরঙ্গচূড়ে।

পুণ্য! পুণ্য! পুণ্যপ্রাণ!—শুধু এইটুকুই বলতে পারি।"

মিসেস ওলি বুলকে ৪ ফেব্রুয়ারির চিঠিতে মৃত্যুকালের আরও বিস্তারিত বর্ণনা:

"'সূর্যের একটি কিরণরেখা ছড়িয়েছিল, আমাদের প্রত্যেককে—সকলকে—সেবা ও আশীর্বাদ করতে',—তোমার এই কথাগুলি কী সুন্দরভাবে মায়ের বিষয়ে ভাবপ্রকাশ করেছে! আহা, আমার পৌঁছানো তাঁর কাছে কতখানি না হয়ে উঠেছিল! মিঃ অ্যাডামস যা বলেছিলেন, তা যেন আক্ষরিকভাবে সত্য হয়েছিল। নিম বলেছে, আমি ঠিক সময়ে পৌঁছতে পেরেছিলাম, সুতরাং এর পরে আর সে কখনো ঈশ্বর-করুণায় অবিশ্বাস করতে পারবে না।

তোমার উপস্থিতি বড়ই চেয়েছিলেন—সেকথা প্রায়ই বলেছেন। প্রার্থনাধরে শান্ত প্রহরটির জন্য আমি খুবই কৃতজ্ঞ, কারণ আমি জানি, তুমি তাঁকে সাহায্য করেছিলে। কেনই না মনে হয়, অপর জীবনের মধ্যে জন্মলাভ এই পৃথিবীতে জন্মলাভের মতই ব্যাপার—প্রেম ও প্রার্থনা তাতে বহুল সহায়তা করে।

নিম খুবই শোক পেয়েছে। পুত্রশোকের মত বেদনা। আর্নেস্ট ও রিচ—এই দুজনই ছিল শুধু কফিন-বাহক—এখানে ও অগ্নিসংকার স্থানে। তাঁর বিষয়ে 'ভাইকার'-এর কত ব্যক্তিগত আগ্রহ ও সুকোমল আন্তরিকতা।*

শেষ সন্ধ্যায়, শেষের শিহর যখন দেখলাম, তখন শ্রীরামকৃষ্ণ ও স্বামীজীর কাছে প্রার্থনা করলাম—এঁকে তুলে নাও করুণা করে, যত শীঘ্র সম্ভব, মধ্যরাত্রির আগেই। তারপরে ভাবলাম, প্রার্থনা তো করেছি, এখন আর কিছু চাওয়া উচিত নয়, তাঁদের কাছে বা অন্য কারো কাছে, অপরপক্ষে 'পরম বিশ্বাসের সঙ্গে প্রত্যাশা' করতে হবে, যা শ্রেয়, তাই তাঁরা করবেন এঁর জন্য। আরও দেখলাম, আমার প্রার্থনার পরে তাঁরা যা কিছু শ্রেয় বলে স্থির করেন, তাকেই বরণ করতে হবে।

সকালে যখন তাঁর কাছে গেলাম, দেখি শ্বাসরীতির পরিবর্তন হয়েছে। নিম বলল, পাঁচটা নাগাদ এমন হতে শুরু করেছে।

* মায়ের অগ্নি সংকার অনুষ্ঠান যে খৃষ্টান যাজক পরিচালনা করেছিলেন তাঁর উদারতার জন্য নিবেদিতার কৃতজ্ঞতার শেষ ছিল না। ম্যাকলাউড ও ওলি বুল, দুজনকে লেখা চিঠিতেই তাঁর বিষয়ে সশ্রদ্ধ উল্লেখ আছে। প্রায় দেড় বছর পরে অক্সফোর্ডের বিখ্যাত ধর্মশাস্ত্রের অধ্যাপক ডাঃ চেনীকে লেখা চিঠিতে (১৭, ৪, ১৯১০) পুনশ্চ কৃতজ্ঞতা জানিয়েছেন—

"আপনাকে কখনো বলা হয়নি, গত বছর যখন মা মারা গেলেন, দূর ইয়র্কশায়ারের ছোট 'প্যারিশ'-এ—সেই সময়ে আমাদের যাজকের কাছে অসীম কৃতজ্ঞতা আমাদের। তাঁর নাম, বার্কলি ই. আর। তিনি আপনার অধীনে ছিলেন, সেইসঙ্গে অক্সফোর্ডের প্রভাবও পেয়েছেন, তাঁর মন এত প্রশস্ত—সহায়ক—সুন্দর। আপনি গভীর আনন্দ পেতেন যদি দেখতেন—তাঁর মানসিক প্রসারতা কিভাবে কর্মপরিণত হয়েছে, এবং আমাদের সকলের পক্ষে শুভকর হয়েছে।"

প্রাতরাশে গেলাম, যদিও মুহূর্তের জন্যও তাঁকে ছেড়ে যাওয়া কঠিন ছিল। তাড়াতাড়ি ফিরলাম, তৎক্ষণাৎ নিমকে ডাকলাম।

কিন্তু আর্নেস্ট যতক্ষণ না গিয়েছে, নিম আর আমি শুধু তাঁর কাছে আছি—ততক্ষণ মৃত্যুলক্ষণ দেখা দেয়নি। তারপর শেষের শুরু। আহা—তিনি যা চেয়েছিলেন, ঠিক সেই জিনিসটি সর্বাংশে, একেবারে আক্ষরিকভাবে যেন ঘটে গেল। বলে সেকথা বোঝানো যাবে না।

আমি সাক্ষাৎ অনুভব করলাম—স্বামীজী এসেছেন—এক জীবন থেকে অন্য জীবনের দ্বার তিনি নিজে উন্মুক্ত করে দিচ্ছেন। আমি চাপা স্বরে বললাম, 'হরি ওঁ।'—যেন তাঁর কানে পৃথিবীর শেষ শব্দ হয় ঐগুলিই। এত স্তব্ধ-গভীর আমরা, এত সুগম্ভীর, মৃত্যুর অপূর্ব নিবোধের তীব্রতা এমন অভিভূত করে ফেলল আমাদের যে, চোখের জল বা তেমন সব কিছু আবেগ স্তম্ভিত হয়ে রইল, ছেয়ে গেল অনুপম শান্তি আর আনন্দ, ঊর্ধ্বলোকের বস্তু যা—সারাদিনের জন্য।''

৪২ বছর বয়সে নিবেদিতা তাঁর ৬৪ বছরের মাকে হারালেন। ৩২ বছর বয়সে বিধবা হয়েছিলেন মা, আরও ৩২ বছর পরে স্বামীর সঙ্গে পুনর্মিলিত হবার জন্য তাঁর আত্মা ঊর্ধ্বপ্রয়াণ করল। ঐ ৩২ বছরের বৈধব্য তিনি কী নিয়ে কাটিয়েছিলেন, নিবেদিতার চিঠিতে তারই কথা (৪.২.১৯০৯):

"মা আমাকে বাবার সব-কটি উপদেশ-ভাষণ বিচ ও তাঁর সন্তানদের জন্য সাজিয়ে গুছিয়ে রাখতে বলেছিলেন। বাবার ভাষণগুলি অপূর্ব—একজন ঋষি যেন তাঁর হৃদয় উদ্‌ঘাটিত করে ছড়িয়ে দিয়েছেন নিজের জনগণের স্থূল মস্তিষ্ক কিন্তু প্রেমপূর্ণ হৃদয়ের উপরে। এগুলো যে পড়তে হোল, তার জন্য খুবই আনন্দিত। সেইসঙ্গে এইকথা ভেবে বুকে আঁচড় লাগল—বেঁচে থাকতে মা কতখানি সুখ পেতেন এইগুলি থেকে।

১৮৭৫ বা ১৮৭৬ সালের ভারতীয় দুর্ভিক্ষের উপর লিখিত একটি ভাষণ পেয়েছি, সেটি তোমাকে পাঠিয়ে দেবার ইচ্ছা আছে।

এই ভাষণগুলি মায়ের কাছে হৃদয়ের সামগ্রী, যাদের ধারণ করে তিনি তাঁর অপূর্ব বৈধব্য যাপন করেছেন।''

মায়ের মৃত্যুদিন তাঁর দ্বিতীয় বিবাহদিন বলে মনে হয়েছিল নিবেদিতার কাছে। ডেভনশায়ারে পিতা সমাহিত, সেখানে মার ভস্ম স্থাপন করতে নিবেদিতা গেলেন—

"পিতার সমাধিতে মায়ের ভস্ম স্থাপন করবার জন্য ডেভনশায়ারে গিয়েছিলাম মে ও আর্নেস্টের সঙ্গে। ইস্টার ইভের দিন সে কাজ করা হয়েছে, সুন্দর নয়কি? স্থানীয় লোকজনই সে কাজ করেছে, মাকে সম্মান জানাতে। সুতরাং তাঁরা দুজনই এখন একই বিশ্রামস্থানে, পাইনঘেরা জায়গাটিতে। আমরা যেন অনুভব করেছিলাম—তাঁরা আবার তাঁদের তরুণ জীবনে ফিরে গেছেন। আহা—হায়! কত অধৈর্য আর অবহেলার স্মৃতিকে বেদনাশ্রুর সঙ্গে স্মরণ করতে হচ্ছে। তোমার কাছে যেন কখনো দুষ্টু না হই—হতে দিওনা কখনো।''

(ম্যাকলাউডকে লেখা—৫.৪.১৯০৯)

এরপরে অবশিষ্ট রইল শুধু স্মৃতির উদাস রোমন্থন। যথারীতি রহস্যময় ভাষায় অনির্বচনীয়ের প্রকাশ চেষ্টা। পরপর কয়েকটি চিঠি উদ্ধৃত করে যাচ্ছি :

বোন মিসেস উইলসনকে লেখা ১৫.৫.১৯০৯

মার স্মৃতি 'শান্ত স্তব্ধ'—এই ভাবটি আমাকে অনেকখানি শান্তি দিয়েছে, কারণ আমার মনে হত তা যেন সঞ্চরমান। তোমাকে বলেছি কি—সংবাদটি যখন সেই সকালে ওর নবার কাছে পৌঁছেছিল—সে তারই প্রতীক্ষায় ছিল। খুব ভোরে তার ঘুম ভেঙে যায়, তার মাথার দিকে কে যেন দাঁড়িয়ে জেগে ওঠার সঙ্গে সঙ্গে দ্রুত সরে যায়—'বেরিয়ে যায় ঘর থেকে।' ওলিয়া আধো তন্দ্রায় স্বপ্নে শিশুকে বলল, 'সিলভিয়া, ও একটা অশরীরী আত্মা।' কিন্তু শিশু বলল, 'না, না, মানুষ।' ওলিয়া বলল 'না, অশরীরী।' সেই কথার সঙ্গে সঙ্গে সে পুরোপুরি জেগে উঠল, ব্যাপারটা মনে এতই প্রভাব রাখল যে সে উঠে ঘড়ি দেখল, তখন তিনটে বাজতে পনের। ব্যাপারটা স্বপ্ন হতে পারে, একথা কিন্তু পরেও তার মনে হয়নি।

সুতরাং প্রিয় বোনটি, আমি অনুভব করছি, মা তাঁর সুদীর্ঘ যাত্রারম্ভ করার পরে আমরা যেন আমাদের পরম প্রিয়ের নিশ্চিত বার্তা পেয়েছি। কিন্তু দীর্ঘ যাত্রা—না, তা তো নয়—এতো শুধু বর্তমান থেকে চিরন্তন প্রেমে নিমজ্জন।

সুইডেনবর্গ আমাকে খুবই সান্ত্বনা দিয়েছে। আর্নেস্টও যে পছন্দ করেছে তার জন্য খুবই আনন্দিত। কারণ সুইডেনবর্গ অনুভব করিয়ে দেয়—যবনিকার এদিকেই যত যাতনা, আর কেউ যখন তা অনুভব করে, তখন প্রিয়তম মানুষের মৃত্যুতে পর্যন্ত বেদনাদংশনটুকু থাকে না। হায়, পূর্ণ দিব্য সুখে অবস্থিত কাউকে ভালবাসতে যে আমরা প্রায়ই অভ্যস্ত নই। মিঃ স্টেডের লিপিটুকু তোমাকে পাঠিয়ে দেব, আশা করি রক্ষা করবে। আমাদের প্রিয়তম মৃতের বিশ্রাম কী সুপবিত্র। সে শান্তি যাতে বিঘ্নিত না হয়, তারজন্য গভীর উদ্বিগ্ন আমি। সে শান্তি থেকে মাত্র কয়েক মুহূর্তের যাতনাপূর্ণ চৈতন্যে তিনি অবতরণ করুন আমাদের আহ্বানে—তাও আমি সহ্য করতে পারব না। এক্ষেত্রে ভারতীয় ভাবনা কী সত্য।—একটি অস্তিত্ব-প্রকৃতি আছে, যাকে এইসব ক্ষণে নিজেদের মধ্যে অনুভব করতে পারি, যেখানে সবই আনন্দ, যেখানে বিচ্ছেদের কল্পনাও অচিন্তনীয়, মৃত্যুতেও যেখানে কোনো পরিবর্তন ঘটে না। এখানেই আসল সান্ত্বনা—সেই পরমে, অভেদে, নিত্যে—শান্তি থেকে কাউকে টেনে জাগানোয় নয়। 'এই অসত্য হইতে আমাদের সেই সত্যে লইয়া যাও।' "

১ জুলাই, ১৯০৯, একই জনকে—

"অগস্টের শেষে কয়েক মুহূর্ত তুমি এবং আমি আমাদের বড় ভালবাসার মায়ের পাশে উপস্থিত ছিলাম—মুহূর্তগুলি আমার নিত্য মনের সাথী। এ পৃথিবীতে আর বেশী যন্ত্রণা মাকে সইতে হয়নি, তার জন্য গভীর কৃতজ্ঞ। প্রিয় বোনটি, আমি হাজির হলে তিনি তোমাকে ভুলে গিয়েছিলেন, একথা কদাপি সত্য নয়। ঐ দিনগুলিতে আমরা দুজনই একসঙ্গে তাঁর মনে ছিলাম। মৃত্যু এল—কী অপরূপ। জীবন থেকে তাঁর প্রস্থানের সেই মুহূর্ত কয়টিতে তিনি যতখানি জীবন্ত, এমন আর কখনো ছিলেন না।"

মায়ের মৃত্যুর এক বছর পরে লেখা চিঠি (৬.১.১৯১০), একই জনকে—

"তোমার হৃদয়ভাব খুবই অনুভব করছি, কিন্তু তার কাছে হারলে চলবে না। যখন আমরা ভাবি যে, আমাদের প্রিয়জনটির প্রভাব সর্বদিকে বুঝি হারিয়ে যাচ্ছে—আমাদের জীবন থেকে, তখন ঐ ধরনের অনুভূতি তীব্রতর আকারে হাজির হয়। এক্ষেত্রে কী বলতে পারি বলো ? শুধু বলি, পরিবর্তন ঘটছে ভালোর জন্যই, তাঁর অনন্ত ভালোর জন্য, আর এর মধ্যে একটা তাৎপর্য আছে, যা আমরা একদিন খুঁজে পাবই যদি ধৈর্য ধরি। জীবন স্বপ্নও নয়, দুঃখও নয়, শুধু অনন্ত অর্থে পূর্ণ, সুখ ও দুঃখকে যা নিজস্ব যন্ত্র-রূপে ব্যবহার করে থাকে।

যখন এই চিঠি তুমি পাবে, সেই শেষ দিনগুলি পুনশ্চ যাপিত হবে পৃথিবীর দুই প্রান্তে, এবং গত বৎসর যা শান্ত ও উদ্গীত মনে হয়েছিল, এখন মনে হবে তা নিদারুণ।....প্রিয় বোনটি, শোনো, আমার কাছে এই সবকিছুর সার অর্থ হচ্ছে : প্রতিটি সম্পর্কবন্ধনই মূল্যবান, যেহেতু মৃত্যুচ্ছায়াবিস্তার যে-কারো উপর হতে পারে। আহা, মাকে যদি আবার ফিরে পাই, তাঁর মূল্য কত না বড় হয়ে ধরা দেবে। তাই এসো—আমাদের চারপাশের সবাইকে ভালবাসি, পূজা করি। আমাদের আত্মার উদ্যান থেকে মানবিক সম্পর্কের শ্যামল ভূমিখণ্ডগুলি এখনো শুকিয়ে যায়নি একেবারে। আমাদের সকলেরই উপর সূর্যকিরণ ছড়াবে, হাঁ, ভবিষ্যতে পুনঃপুনঃ তা ঘটবে, যে-পর্যন্ত না আমরা ব্যাকুল ভালবাসার এবং সেবার অনন্ত আকৃতির শিক্ষা নেব, যাতে শোক করবার আর কোনো কারণ থাকবে না, এবং এই সবকিছু থেকে উড়ে যাবার জন্য প্রস্তুত করে দেবে—ঈশ্বরের দিকে পাখা মেলে দেওয়ার জন্য। আবার আমরা মাকে দেখব, দেখবই, তুমি এবং আমি দুজনই। তাঁকে তখন ভালবাসব, সেবা করব, অতীতের সেই নিদারুণ ক্ষোভ ও বিভ্রান্তির মধ্য দিয়ে নয় কিন্তু। আ—হা! কী যে পবিত্র ভালবাসা ও আত্মিক উদারতা তিনি দিয়ে গেছেন! তাঁর দোষগুলি সবই বহিরঙ্গ, অন্তরে তাঁর তুল্য কেউ নয়। ঈশ্বর রক্ষা করুন তাঁকে, সুখী করুন—যেখানে তিনি আছেন। তিনি আমাদের চিরদিনের—চিরদিনের—প্রেমপাত্রী।"

৫ মে, ১৯১০, একই জনকে—

"আমি নিতান্ত নিশ্চিতভাবে জানি,—মা, তুমি এবং আমি আবার একত্র হব। খুবই ভরসা করি যে, অন্য জীবনে আমি তোমার উপর বোঝা চাপাবো না, যা নিতান্ত স্বার্থপরের মত এ জীবনে করেছি। সত্যসত্যই আশা করি তা। সত্যই আশা করি যে, আমাদের ছোট্ট মা-টির উপর ভালবাসা উজাড় করে দেব। যাই হোক না কেন আমি স্থির নিশ্চিত—সাহায্য তিনি পাবেন, কেননা আমাদের দ্বারাই আমাদের হৃদয় পরিতৃপ্ত হবে, তিনি তৃপ্ত হবেন, যা হয়েছেন তা হয়ে ওঠার সুযোগ পেয়েছেন বলে ; তুমি আমি তৃপ্ত হব তাঁর জন্য যা করতে চাই তা করার সামর্থ্য পেয়েছি বলে। জীবনের নবলব্ধ স্বাধীনতা ও মহিমার আলোকে তখন দৃষ্টিপাত করতে পারব। এ জীবনে সকল বৃহৎ ব্যাপারে তিনি কী যথার্থ মহিমা ও মহত্ত্বের অধিকারী ছিলেন! এবং ক্ষুদ্র ব্যাপারগুলিতে কী অসহনীয় স্বভাবের!"

১২ জুন, ১৯১০, একই জনকে—

"(বদরীনারায়ণ যাত্রাপথে লিখিত) প্রতিরাত্রে মায়ের স্বপ্ন দেখি। কত সকরুণ স্বপ্নগুলি! মৃতের জন্য প্রার্থনার যোগ্যভূমি নাকি বদরীনারায়ণ। তোমাদের সকলের কথা কত মনে পড়ে।"

মৃত্যুর পরে মায়ের সঙ্গে মিলিত হতে এত উৎকণ্ঠিত ছিলেন নিবেদিতা—তার জন্য বেশী দেরী করতে হয়নি তাঁকে। ১৯১১ খৃষ্টাব্দের ১৩ অক্টোবর দেহান্ত হোল তাঁর। 'ভারতীয় মৃত্যুই' হোল। ভস্মীভূত করা হোল মরদেহ। ভস্মাবশেষের কিছু অংশ পাঠিয়ে দেওয়া হোল ইংলণ্ডে, পরিবারবর্গের কাছে। সেই চিতাভস্ম সমাহিত করা হয়েছিল ডেভনশায়ারে, পাইন ঘেরা সেই জায়গাটিতে, যেখানে মাত্র আড়াই বছর আগে নিবেদিতা নিজে গিয়ে মায়ের চিতাভস্ম স্থাপন করে এসেছিলেন পিতার সমাধি পার্শ্বে।

তারিখটি ছিল ১৯১২ খৃষ্টাব্দের ১২ অক্টোবর। নিবেদিতার প্রথম মৃত্যুবার্ষিকীর পূর্ব-দিন। সমাধিকৃত্য করিয়েছিলেন গ্রেট টরিংটনের কংগ্রিগেসন্যাল চার্চের 'মিনিস্টার' রেভাঃ এডওয়ার্ড বার্ণসটীন। নিবেদিতার পিতা ওখানেই 'প্যাস্টর' ছিলেন। চার্চের পক্ষে আরও কয়েক-জন উপস্থিত ছিলেন অনুষ্ঠানে। "মর্ত্যজীবনে সিস্টার নিবেদিতা নামে কথিত যে-আত্মা অল্পদিন পূর্বেও স্বল্পাবশিষ্ট ভস্মরাশিকে জীবন্ত করে রেখেছিল, সেই আত্মার প্রভায় পূর্ণ ছিল স্থানটি।"

নিবেদিতার সমাধিকৃত্য একবার অনুষ্ঠিত হোল ভারতে, আর একবার ইংলণ্ডে। একটি আদি মাতৃভূমিতে, অন্যটি বরণ-করা দেশে। প্রাচ্য ও পাশ্চাত্যের জীবন্ত যোগসূত্র যিনি ছিলেন, তাঁকে সম্মান জানাতে দুই মহাদেশ মিলিত হোল। পঞ্চভূতে বিলীন হলেন নিবেদিতা, ভারতে চিতা যখন জ্বলেছিল, 'তেজ' তাঁকে গ্রহণ করেছিল, সূক্ষ্মতর অংশ ছড়িয়ে গিয়েছিল 'মরুৎ'-এর মধ্যে, তা মিশিয়ে গিয়েছিল 'অপ্'-এ, অবশিষ্ট অংশ টেনে নিল 'ক্ষিতি', ভারতে ও ইংলণ্ডে, আর সবকিছু রইল 'ব্যোম'-এর উদার আশ্রয়ে।

নিবেদিতা তাঁর পিতা, মাতা, আত্মীয়-স্বজন এবং আত্মার আত্মীয়দের সঙ্গে চিরতরে রইলেন সর্বভূতে ব্যাপ্ত হয়ে, সমাহিত হয়ে।

কথাগুলি আমার নয়। এমন একজনের, যিনি মার্গারেট নোবলকে তার বাবার কাছে গ্রেট টরিংটনে দেখেছিলেন, তখন থেকে জানতেন। সেই ছোট্ট মেয়েটিকে—হাসিতে খুশীতে প্রাণোচ্ছলা মেয়েটিকে। পরেও মেয়েটিকে দেখেছেন, ভারতের কাজে যখন সে জীবন উৎসর্গ করেছে। তারও পরে, যখন সে ফিরে এসেছে পিতার সমাধিপার্শ্বে মাতার ভস্ম সমাহিত করতে। তারও পরে, যখন সে এসেছে—সে আসেনি, এক মুষ্টি পবিত্র ভস্ম এসেছে পিতা ও মাতার সমাধিমূলে স্নেহাশ্রয় লাভের জন্য।

O Krishna, Thou loving Shepherd of the people,
Buddha, Lord of infinite compassion,
Jesus, Thou Lover and Saviour of the soul,
May Ye and all the nameless Masters of the spirit,
Receive and save this soul !
Keep her in Thine own presence, O Lord God,
And let light perpetual shine upon her.

# গুরু-শিষ্য-সংবাদ

প্রব্রাজিকা বেদপ্রাণা

ভারতবর্ষের শাশ্বত সাধনার অধ্যাত্মসম্পদ বেদ ও উপনিষদের মধ্যে নিহিত। ভারতীয় সংস্কৃতির মূল আকর ঔপনিষদ ব্রহ্মবিদ্যা বা আত্মতত্ত্ব। সমগ্র জগতের সভ্যতার ইতিহাস অনুধাবন করলে বোঝা যায় একমাত্র ভারতবর্ষই উদাত্তস্বরে ঘোষণা করেছে যে মনুষ্য জীবনের উদ্দেশ্য সর্ববিধ অজ্ঞানতা থেকে আত্যন্তিক মুক্তি। এই মুক্তিরই ভিন্ন রূপ, ভিন্ন নাম আনন্দ,—আনন্দ থেকেই সর্বজীবের উদ্ভব, আনন্দেই স্থিতি, আনন্দেই সম্পূর্ণ বিলয়। ভারতের এই অধ্যাত্মতত্ত্ব আবহমানকাল থেকে গুরুশিষ্যপরম্পরাক্রমে অনুস্যূত হয়ে এসেছে। ব্রহ্মবিদ্যায় পারদর্শী ত্রিকালজ্ঞ ঋষি গুরুস্থানে নিযুক্ত, আর শ্রদ্ধাবান জিজ্ঞাসু যথার্থ অধিকারী শিষ্যস্থান অধিকার করেছে। এই-রূপ চিত্রই আমরা প্রাচীন ভারতের অধ্যাত্মইতিহাসে দেখতে পাই—

"পরীক্ষ্য লোকান্ কর্ম-চিতান্ ব্রাহ্মণো
নির্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন।
তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্ ॥

(মুণ্ডকোপনিষদ—১।২।১২)

ছান্দোগ্যোপনিষদের চতুর্থাধ্যায়ে চতুর্দশখণ্ডে উপকোসলোপাখ্যান প্রসঙ্গে গুরুশিষ্যসংবাদ বর্ণিত হয়েছে।

বৃহদারণ্যকোপনিষদে গুরুশিষ্যের পারম্পর্য নির্দিষ্ট হয়েছে চতুর্থাধ্যায়ের ষষ্ঠ ব্রাহ্মণে—যার নাম বিদ্যাসম্প্রদায়।

ভারতীয় দর্শনের মূলকথাই হোল জিজ্ঞাসা। তত্ত্বজিজ্ঞাসার আত্মোপলব্ধিতে পরিসমাপ্ত। অধ্যাত্মবিদ্যার সাধনক্ষেত্রে ভারতে যুগে যুগে ঘটেছে বহু লোকোত্তর মহাপুরুষের আবির্ভাব। উপনিষদের যুগে ব্যষ্টিগত আত্মসাক্ষাৎকারের মধ্যেই জীবনের পরমার্থ নিহিত ছিল। পারমার্থিক স্তরে আত্মসাক্ষাৎ-কারের ফলশ্রুতি ব্যবহারিক জগতের সর্বক্ষেত্রে পরিদৃষ্ট হয়নি, অর্থাৎ নির্বিকল্প সমাধিযোগে আত্মোপলব্ধিই মনুষ্যজীবনের পরিপূর্ণতা। ব্রহ্মই চরম লক্ষ্য ও পরম পরিণতি। কিন্তু ব্রহ্ম আর তার শক্তি যে অভেদ—'তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ'— 'ব্রহ্ম সমগ্র জগৎ সৃষ্টি করে তাতেই অনুপ্রবেশ করলেন'—এই তত্ত্ব ঊনবিংশ শতাব্দীর শেষার্ধে যুগাবতার শ্রীরামকৃষ্ণের আবির্ভাবে ও সাধনপ্রভাবে নবতম রূপ পরিগ্রহ করেছিল। ভারতীয় সনাতন ধর্মমতসমূহের জীবন্ত প্রতীক শ্রীরামকৃষ্ণ গুরুস্থান অধিকার করেছিলেন আর যুক্তিবাদী বিচারশীল প্রগতিভাবাপন্ন মেধাবী নরেন্দ্রনাথ শিষ্য স্থান গ্রহণ করেছেন। আপাতদৃষ্টিতে যদিও আমরা প্রশান্তচিত্ত, শমগুণান্বিত সমিৎপাণি

শিষ্যের চিত্র এ গুরুশিষ্য সংবাদে পাইনা, তথাপি নিঃসন্দেহে বলা যায় যে স্বামী বিবেকানন্দের ব্যক্তিসত্তায় তৎকালীন যুগমানসেরই অপূর্ব প্রতিফলন সুপরিস্ফুট।

তীক্ষ্ণশাণিত ক্ষুরধার বুদ্ধির দ্বারা শাস্ত্রসমূহ নিপুণভাবে অধ্যয়নপূর্বক শিষ্য বুঝেছিলেন যে অতীন্দ্রিয়লোকের অস্তিত্ব অবশ্য স্বীকরণীয়। পরিবর্তনশীল এ জগৎপ্রপঞ্চের পশ্চাতে এক শাশ্বত সনাতন নিত্যপুরুষ বিদ্যমান। কিন্তু সেই তত্ত্বোপলব্ধি সাধনসাপেক্ষ। অতএব নরেন্দ্রনাথ সেই-রূপ তত্ত্বজ্ঞ গুরুর অনুসন্ধানে প্রবৃত্ত হলেন। গুরু ও শিষ্য প্রথম দর্শনেই পরস্পর পরস্পরকে চিনলেন এবং উভয়েই উভয়ের শক্তি ও অধিকার সম্বন্ধে হলেন অসন্দিগ্ধ। পরমহংসদেব নরেন্দ্রনাথকে লক্ষ্য করে বললেন—'নরেন্দ্র নিত্যসিদ্ধ খুব উঁচু ঘর, পুরুষের সত্তা এত ভক্ত আসে ওর মত একটিও নয়। ও খাপখোলা তলোয়ার ও অখণ্ডের ঘর সপ্তর্ষির একজন নরনারায়ণ ঋষির নর। নরেন্দ্র যেন সহস্রদলকমল।'

নরেন্দ্রনাথও দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণের প্রথম দর্শনে বলিয়াছেন "তাঁহার সদালাপ ও ভাব-সমাধি দেখিয়া মনে হইল সত্য সত্যই ইনি ঈশ্বরার্থে সর্বস্বত্যাগী এবং যাহা বলিতেছেন তাহা স্বয়ং অনুষ্ঠান করিয়াছেন। তিনি অপর ধর্মপ্রচারক সকলের ন্যায় কল্পনা বা রূপকের সহায়তা লইয়া একরূপ বলিতেছেন না, সত্যসত্যই সর্বস্ব ত্যাগ করিয়া এবং সম্পূর্ণ মনে ঈশ্বরকে ডাকিয়া যাহা প্রত্যক্ষ দেখিয়াছেন তাহাই বলিতেছেন।"—দীর্ঘ চ' বছর নানা পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে শিষ্য গুরুর অতীন্দ্রিয় রাজ্যের উপলব্ধি সম্বন্ধে অবিচল বিশ্বাস লাভ করলেন। গুরু কর্তৃক শিষ্যের মধ্যে আধ্যাত্মিক শক্তি হোল অনুসৃত। কাশীপুরে শ্রীরামকৃষ্ণের তিরোভাবের পূর্বেকার ঘটনা থেকে বোঝা যায় যে গুরুপরম্পরাক্রমে এই অধ্যাত্মশক্তি আবহমানকাল ভারতের পুণ্যভূমিতে প্রতিষ্ঠিত।

এই গুরুশিষ্য সংবাদের মধ্যে আমরা দেখতে পাই শিষ্যের তীব্র আত্মজিজ্ঞাসাই দিয়েছিল সদ্‌গুরুর সন্ধান এবং ব্রহ্মনিষ্ঠ গুরু শিষ্যকে অধ্যাত্মপথের যথার্থ অধিকারী করে পরমার্থ লাভের উদ্দেশ্যে করেছিলেন সুপরিচালিত। শ্রীরামকৃষ্ণ নরেন্দ্রনাথ প্রসঙ্গের সর্বাপেক্ষা অর্থপূর্ণ তাৎপর্যটি এখানে উল্লেখযোগ্য। এই অপূর্ব ঘটনাটির মধ্যে শ্রীরামকৃষ্ণ আবির্ভাবের গূঢ় রহস্য নিহিত। অবতার পুরুষগণ যুগে যুগে আবির্ভূত হন যুগধর্মসংস্থাপন উদ্দেশ্যে। শ্রীরামকৃষ্ণ-যুগধর্ম এই ঘটনাটির মর্মমূলে বিরাজিত। শিষ্য নরেন্দ্রনাথ অখণ্ডের ঘর, সপ্তর্ষির একজন জেনেও যে শ্রীরামকৃষ্ণ তাঁকে মা কালী মানাবার জন্য আকুল প্রয়াস করেছিলেন তার ইতিবৃত্ত অনুধাবন করলে আমরা দেখতে পাই শ্রীরামকৃষ্ণ-জীবন-দর্শনের গভীর রহস্য। যে নরেন ব্রাহ্মসমাজে যায়, মূর্তিপূজা মানে না, তাকে ভবতারিণীর মন্দিরে পাঠানোর মধ্যে শ্রীরামকৃষ্ণের যুগধর্মের মৌল বীজটি উপ্ত রয়েছে। সাংসারিক দুঃখে নিপীড়িত নরেন্দ্রনাথকে শ্রীরামকৃষ্ণ পাঠিয়েছেন—মা ভবতারিণীর কাছে অন্নবস্ত্রের প্রার্থনায়। কিন্তু নরেন্দ্রনাথ অন্নবস্ত্রের পরিবর্তে কামনা করেছেন জ্ঞান, ভক্তি, বিবেক-বৈরাগ্য। আর শ্রীরামকৃষ্ণের কাছে মায়ের গান শিখে নিয়ে সারারাত্রি বিভোর হয়ে রয়েছেন মায়ের ভাবে। পরদিবস শ্রীরামকৃষ্ণ সানন্দে সকলকে সংবাদ দেন, 'নরেন কালী মেনেছে'—যেন শ্রীরামকৃষ্ণের মহাবিজয়ের শুভদিন—পরম সার্থকতার পুণ্যলগ্ন। যে মহাকালীকে—যুগের মহাশক্তিকে শ্রীরামকৃষ্ণ সাধনবলে জাগ্রত করেছেন সেই মহাশক্তির উত্তরসাধক যিনি হবেন, এবং ভাবীকালের কাছে আধ্যাত্মিক বিদ্যুৎশক্তি সঞ্চারিত করবার উপযুক্ত আধার

বেদান্তকেশরী স্বামী বিবেকানন্দ—তিনি কালীকে মেনেছেন ; অতএব শ্রীরামকৃষ্ণের কাছে এই দিনটির অতি গভীর তাৎপর্য আছে বৈকি।

শ্রীরামকৃষ্ণ জীবনদর্শনের গূঢ় রহস্যই এই যে তিনি এই আবির্ভাবে ব্রহ্ম আর তার শক্তি উভয়কেই অভিন্নরূপে স্বীকার করেছেন ; বলেছেন—"এক বৈ আর কিছুই নেই। সেই পরব্রহ্ম 'আমি' যতক্ষণ রেখে দেন ততক্ষণ দেখান আদ্যাশক্তিরূপে সৃষ্টি স্থিতি প্রলয় করছেন।....ব্রহ্ম আর আদ্যাশক্তি—প্রথম দুটো বোধ হয়। কিন্তু ব্রহ্মজ্ঞান হলে আর দুটো থাকে না—অভেদ, এক।....শুধু ব্রহ্ম সম্বন্ধে বলতে হলে সৎ চৈতন্য বা আনন্দ বলা হয়, মুখে তার স্বরূপ প্রকাশ করা যায় না। এক কথায় 'অদ্বৈতম্'—যার দুই নেই, যেমন যেখানে অগ্নি সেখানেই দাহিকাশক্তি।"

অতএব ব্রহ্মতত্ত্বাভিলাষী বিবেকানন্দের কাছে মহামায়া শুধু কল্যাণী দয়াময়ীরূপেই প্রকাশিত নন। ইনি সুখদুঃখ—উভয়বিধাত্রী ; দিন ও রাত্রির যেমন দুইটি বিভিন্ন কারণ হয়না, সুখ ও দুঃখ, মঙ্গল অমঙ্গল—জন্ম মৃত্যুর কারণ সেইরূপ এক, একমেব। তিনিই জন্ম, তিনিই জীবন। তিনিই মৃত্যু, তিনিই অমৃত। এই অদ্বৈতপর অনুভূতিই বিবেকানন্দের কালীচেতনার মূলসূত্র। সুতরাং শিষ্য যখন নির্বিকল্প সমাধিতে ডুবে থাকতে চেয়েছিলেন তখন গুরু শ্রীরামকৃষ্ণদেব বলেছিলেন—"সে কিরে ? এর থেকেও উঁচু অবস্থা আছে।"—অর্থাৎ সর্বভূতে সেই একচৈতন্য সত্তারই অনুভূতি। শ্রীরামকৃষ্ণ-দর্শনের গভীর তত্ত্ব বিবেকানন্দের মানসপটে সুদৃঢ় রূপে অঙ্কিত হয়েছিল। জগৎপ্রপঞ্চ যে মিথ্যা মায়ামাত্র নয়—বৈদান্তিক বিবেকানন্দের কাছে তা অনুভূত সত্য। সমগ্র জীবজগৎ সেই অখণ্ড ব্রহ্মেরই সত্তা—সেই চিন্ময়েব পূর্ণ বিকাশ। অতএব গুরুনির্দিষ্ট পথেই বিবেকানন্দের মানসচেতনার পূর্ণাভিব্যক্তি—'জীবকে শিবরূপে সেবা বা পূজা।' বনের বেদান্তকে ঘরে আনবার ঐশী অনুপ্রেরণা লাভ করেছিলেন স্বামীজী গুরুর শিক্ষামাধ্যমে। সর্বস্বত্যাগ করে শুষ্ক বৈদান্তিকের নির্বিকল্প সমাধিতে অবস্থান শিষ্যের পক্ষে সম্ভব হয়নি। সর্বজীবে একই ঈশ্বর বিরাজিত—এই তত্ত্ব বিবেকানন্দ-চেতনায় নবীনালোক সঞ্চার করেছিল। মহিমময় দেশ ভারতবর্ষ—তার অত্যুজ্জ্বল গৌরবময় ধর্ম আর শিবস্বরূপ জনগণ। স্বদেশের প্রতি ঐকান্তিকী শ্রদ্ধা, অপরিসীম ধর্মানুরাগ, জনগণের প্রতি অকৃত্রিম প্রেম—এই ত্রিবেণী সঙ্গমে, স্বামীজীর ব্যক্তিসত্তা অপূর্ব মাধুর্য ও ঔদার্য লাভ করেছিল। জন-দেশ-ধর্মের উদ্দেশ্যে উৎসর্গীকৃত প্রাণপুরুষ স্বামী বিবেকানন্দ স্বীয় জীবনালোকে যে জীবনপ্রদীপটি জ্বালিয়েছিলেন সে জীবনালেখ্যও আমাদের আলোচ্য বিষয়ের অন্তর্ভুক্ত। এবারে আমরা সে গুরুশিষ্য প্রসঙ্গের অবতারণা করবো।

আয়র্ল্যাণ্ডের ধর্মযাজক স্যামুয়েল রিচমণ্ডের কন্যা মার্গারেট এলিজাবেথ নোবল অনুসন্ধান করছেন অধ্যাত্মপথের কাণ্ডারীকে। মার্গারেটের ধর্মানুরাগ, আদর্শের প্রতি ঐকান্তিকতা ও চরিত্রের অতুলনীয় দার্ঢ্য সত্যোপলব্ধির জন্য সৃষ্টি করেছিল এক অনুকূল পরিবেশ। মাতৃগর্ভে ঈশ্বরের জন্য বলিপ্রদত্তা মার্গারেটের পরম অভিলাষ—অধ্যাত্মজীবনের মাধ্যমে সত্যের স্বরূপ উদ্ঘাটন। অধ্যাত্ম-জীবন ও ব্যবহারিক জীবনের সঙ্গে সুসমঞ্জস সুরটি খুঁজতে লাগলেন মার্গারেট। বহির্জগতের সাফল্য ও প্রতিষ্ঠা মার্গারেটের তৃষিত অন্তরকে শান্ত করলো না। অন্তর্জগতে সৃষ্টি হোল গভীর দ্বন্দ্ব ও নৈরাশ্য। আনুষ্ঠানিক আচারবহুল খৃষ্টানধর্মের প্রতি যখন মার্গারেটের শ্রদ্ধা ক্রমশঃ শিথিল হোল তখনই মিললো গুরুর সন্ধান, যিনি সকল সংশয়ের ঊর্ধ্বে দেবেন আলোকময় আভাস এবং যাঁর দ্বারা সম্পন্ন হবে জীবনের আমূল পরিবর্তন।

প্রথম দর্শনের দিন থেকেই স্বামীজীর বাণীসমূহ নির্বিচারে গ্রহণ করতে পারেননি মার্গারেট। সুনিপুণ বিচারশক্তি ও পরিশীলিত বুদ্ধিমত্তার প্রভাবে মার্গারেট নিরন্তর যুক্তিতর্কের অবতারণাপূর্বক স্বামীজীর প্রচারিত বেদান্ততত্ত্ব অনুধাবন করতে চেষ্টা করলেন। অন্তর্দৃষ্টিসম্পন্ন গুরুও বুঝলেন অতীন্দ্রিয় সত্য উপলব্ধির দুর্বার অভিলাষ মার্গারেটের অন্তরে বিদ্যমান। তিনি কেবলমাত্র চিন্তাশীল ব্যক্তিদের মত বুদ্ধির দ্বারা আদর্শের ভাব গ্রহণে পরিতুষ্ট নন। মার্গারেটের আদর্শপ্রিয়তা শুধু কল্পনাপ্রসূত ভাববিলাস নয়। মহান্ আদর্শের বেদীমূলে জীবন উৎসর্গ করতে সতত প্রস্তুত মার্গারেট। মার্গারেটের বিশ্লেষণী বুদ্ধিমত্তাকে সাদরে স্বাগত জানালেন স্বামী বিবেকানন্দ। লণ্ডনে একদিনের ক্লাসে স্বামীজীর উদাত্ত আহ্বান মার্গারেটের ভাবনা জগতে সকল দ্বন্দ্বের অবসান ঘটালো।—"লক্ষ্য বস্তুকে ক্রমশঃ নিকটে আনিতে হয়, কিন্তু উহাকে হীন করিয়া নহে, নিকটতর হইতে হইতে স্বর্গস্থ ঈশ্বরের জড়প্রকৃতির মধ্যগত ঈশ্বররূপে প্রকাশিত হন—'তত্ত্বমসি' তুমিই সেই, হে মানব তুমিই সেই।"

বেদান্তের এই উদার আদর্শের বেদীমূলে আত্মনিবেদন করতে দৃঢ়সঙ্কল্প মার্গারেট ভারত যাত্রার জন্য প্রস্তুত হলেন। "জগতে আজ কিসের অভাব জান? জগৎ চায় এমন বিশজন নরনারী যাহারা সদর্পে পথের উপর দাঁড়াইয়া বলিতে পারে আমাদের ঈশ্বর ভিন্ন আপনার বলিতে আর কিছুই নাই। কে কে যাইতে প্রস্তুত? কিসের ভয়?....ইহাই যদি সত্য হয়, তবে অন্য কিছুতে আর কী প্রয়োজন? আর যদি ইহা সত্য না হয় তাহা হইলে আমাদের জীবনে বা ফল কি?"—স্বামীজীর এই অগ্নিগর্ভ মর্মস্পর্শী বাণী মার্গারেটের জীবন-সম্বল এবং হৃদয়ের মূলধন। ভারতে পদার্পণ করে মার্গারেট অনুভব করলেন স্বামীজীর ব্যক্তিত্বের মধ্যে যে বৈশিষ্ট্য বিদ্যমান তার মূল উৎসই হোল স্বামীজীর স্বদেশ, স্বধর্ম ও স্বদেশবাসীর প্রতি গভীর প্রেম। স্বামীজীর ভারতসেবার মূল সুরটি আধ্যাত্মিকতার সুরে সমন্বিত। অতএব স্বামীজীর দৃষ্টিতে ভারতীয় সমাজ ও জনগণ 'বিরাট মহামায়ার ছায়া' মাত্র। ভারতের জনগণের সেবা ও অধ্যাত্ম উপাসনা স্বামীজীর দৃষ্টিতে অভিন্ন। গুরুর কাছে যে যাদুমন্ত্র ও যাদুস্পর্শ লাভ করেছিলেন স্বামীজী, যে মহাশক্তিকে অনুভব করেছিলেন জগতের অনুপরমাণুতে সেই শক্তিরই উদ্বোধন করতে চাইলেন শিষ্যার সমগ্র সত্তায়।

১৮৯৮ খৃষ্টাব্দের ২৫শে মার্চ স্বামীজী মার্গারেটকে দীক্ষিত করলেন ব্রহ্মচর্যব্রতে। ভারতমাতার অভয়ক্রোড়ে মার্গারেট নবজন্ম লাভ করলেন, হলেন নিবেদিতা। যে অধ্যাত্মজীবনে স্বামীজী নিবেদিতাকে প্রতিষ্ঠিত করতে চান তার মূল উদ্দেশ্য দুটি—প্রথমতঃ প্রাচ্যের শান্ত পরিবেশের সঙ্গে নিবেদিতার পরিচিত হওয়া প্রয়োজন। নিবেদিতা যে প্রচণ্ড কর্মশক্তির অধিকারিণী, সে শক্তি উত্তেজনাবিহীন শান্ত নয়। অহমিকা ও কর্তৃত্ববুদ্ধির সম্পূর্ণ বিলোপ সাধনেই অধ্যাত্মসত্তার বিকাশ। আধ্যাত্মিকতা ব্যতিরেকে ভারতসেবা সম্ভব নয়। দ্বিতীয়তঃ কুশলী গুরু বুঝেছিলেন শিষ্যার অবচেতন মনে ব্যক্তিত্বের প্রতি নির্ভরশীলতা পরিলক্ষিত। স্বামী বিবেকানন্দের মধ্যে নিবেদিতা পেয়েছেন ঊর্ধ্বলোকের আনন্দসন্ধান। কিন্তু সে আনন্দ যদি ব্যক্তিসত্তার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত হয় তবে নিবেদিতার নৈর্ব্যক্তিক সাধনায় সিদ্ধিলাভ সম্ভব নয়। অতএব ব্রতগ্রহণের মাত্র দুটি মাস পরেই স্বামীজী শিষ্যাসহ যাত্রা করলেন হিমালয়ের উদ্দেশ্যে। হিমালয় ভ্রমণের প্রথম অংশে স্বামীজীর পূতসান্নিধ্যে নিবেদিতা অন্তরে অনুভব করলেন গভীর আনন্দ ও প্রশান্তি। গুরুমুখে শুনলেন ভারত-তীর্থের অপূর্ব জয়গাথা। তারপর ভ্রমণের দ্বিতীয়াংশে স্বামীজীর ঔদাসীন্য ও অনুপস্থিতি নিবেদিতাচিত্তে সৃষ্টি করলো দুর্জয় আলোড়ন। ধর্মজীবনের

নিঃসঙ্গ একক অভিযাত্রায় শিষ্যার মনোবলের পরিমাপ করবেন গুরু—তারই পরীক্ষায় রত হয়েছেন। এই সময়ে নিবেদিতার মানসিক সংগ্রামের পরিচয় আমরা পাই। হৃদয়ের অতলগভীরে নিবেদিতা অনুভব করলেন যে, নৈর্ব্যক্তিক সাধনায় উন্নীত হওয়ার জন্যই গুরুকর্তৃক এই কঠোর অগ্নিপরীক্ষা। হিমগিরির নির্জন প্রদেশে এক সন্ধ্যায় শ্রীগুরুর পদপ্রান্তে নতজানু হয়ে নিবেদিতা জীবনের শ্রেষ্ঠ আশীর্বাদ গ্রহণ করলেন,--প্রাচ্যের ভাবক্রোড়ে শিষ্যার মানস-সত্তার নবরূপায়ণ সংঘটিত হোল। গুরু আশীর্বাণী বর্ষণ করলেন নিবেদিতার শিরে অজস্রধারে--"নিবেদিতা, তুমি কঠোর পরীক্ষায় উত্তীর্ণ হয়েছ। আজ হতে তোমার সত্যিকারের পুনর্জন্ম হলো। তোমার নিবেদিতা নাম সার্থক।"

সকল দ্বন্দ্ব সংগ্রামের ঊর্ধ্বে নৈর্ব্যক্তিক সাধনলব্ধ আনন্দলোকে নিবেদিতা প্রতিষ্ঠিতা। এই সময়ের মনোভাব প্রকাশ করে নিবেদিতা লিখছেন—"স্বামীজীর সান্নিধ্যে মানুষ তাহার জীবনের অনভিব্যক্ত মহৎ উদ্দেশ্য যেন স্পষ্টরূপে দেখিতে পাইত, এবং দেখিয়া উহাকে ভালবাসিতে শিখিত। আর দোষত্রুটিগুলির কালিমা যেন অনেকটা মুছিয়া যাইত--মনে হইত জীবনের সম্যক বিকাশের জন্য ইহাদের সংঘটন যেন ঠিকই হইয়াছে। স্বামীজীর শিষ্যারূপে আমি যে জগতের মধ্যে প্রবেশ করিলাম, তাহার সম্বন্ধে ক্রমলব্ধ অভিজ্ঞতা কতকটা পূর্বোক্ত প্রকারের। এইরূপে প্রতিপদে তাঁহারই ভাবরাজি দ্বারা পরিবৃত ও তাঁহারই প্রগাঢ় স্বদেশপ্রেমের দ্বারা অনুপ্রাণিত হইয়া আমি যেন কোন দেবলোকের স্নিগ্ধ জ্যোতির মধ্যে বিচরণ করিতে লাগিলাম, যেখানে প্রত্যেক নরনারী তাহাদের স্বভাবের অপেক্ষা বড় হইয়া দেখা দিত।" গুরুর শিক্ষাদান শিষ্যার চরিত্রে অপরভাবে প্রতিফলিত—স্বামীজীর অনুভূতির জগতে ভারতের জন-দেশ-ধর্ম যে গভীর ঐক্য ও সম্প্রীতির সৃষ্টি করেছিল সুযোগ্য শিষ্যার অন্তরে সেই ঐক্যের সুরই হোল প্রতিধ্বনিত। নিবেদিতা অনুভব করলেন—যতক্ষণ 'আমি' ও 'আমার' অর্থাৎ অহংতা ও মমতা বোধ রয়েছে ততক্ষণ একশক্তির অপরিমেয় ঐশ্বর্যের অনুভব নেই। শূন্যতার উপলব্ধিতে যেদিন জন্মান্তর হোল নিবেদিতার সেই শূন্য হৃদয়েই সঞ্চারিত হয়েছিল গুরুশক্তি। একাধারে অনন্ত শূন্যতা ও অপরিমেয় শক্তির অনুভবই নিবেদিতার 'কালী দি মাদার'। গুরুপরম্পরাক্রমে অনন্তস্বরূপিণী কালীই নিবেদিতার জীবনদেবতা। স্বামীজী স্বয়ং এই মহাকালীর ধ্যানে নিবেদিতাকে উদ্বুদ্ধ করেছিলেন। স্বামীজী বলেছিলেন, 'মা হলেন universal power behind all'—এই মহাশক্তিরই প্রকাশ বহির্জগৎ, আর অন্তর্জগতে এই শক্তিই জীবাত্মা। কালীর এই সংজ্ঞা যেমন বিবেকানন্দ বুঝেছিলেন তার গুরুর শিক্ষার মাধ্যমে নিবেদিতাও গুরুর শিক্ষার প্রভাবে অনুভব করলেন মানুষের জীবনে ও ব্রহ্মাণ্ডে শক্তির প্রবাহ বইছে অনিবার। এই মহাশক্তির উপাসনাই অদ্বয় ব্রহ্মসাক্ষাৎকারে পরিসমাপ্ত। জন-দেশ-ধর্মের-এককথায় ভারতের সামগ্রিক সত্তার নিষ্কাম সেবার মধ্যেই নিবেদিতা এই উপাসনার সার্থকতা খুঁজে পেয়েছেন। এই ছিল তাঁর সত্যানুসন্ধান এবং সত্যেরই জন্য তাঁর সর্বস্ব সমর্পণ।

নিবেদিতার দৃষ্টিতে ভারতের শিক্ষা, শিল্প, সাহিত্য, দেশসেবা সর্বক্ষেত্রে উন্নয়নের মূল উদ্দেশ্য ছিল আধ্যাত্মিক জাগরণ। এই জাগরণের অন্য নাম জাতীয়তা। এই জাতীয়তার উদ্বোধনই নিবেদিতার জীবনব্রত। ভারতের ইতিহাস, ভারতীয় ধর্ম, ভারতীয় নারীর মহিমোজ্জ্বল চরিত্র ভারতের শিল্পকলার অন্তর্নিহিত রহস্য নিবেদিতার লেখনীর মাধ্যমে অপূর্ব রূপ পরিগ্রহ করলো—ভারতের ইতিহাস প্রসঙ্গে নিবেদিতা বলছেন—'তোমার দেশের কল্যাণই তোমার লক্ষ্য হওয়া উচিত। সমগ্রদেশই তোমার দেশ এবং তোমার দেশের জন্য কর্ম চাই। জ্ঞানের জন্য সংগ্রাম কর, দেশের সুখ ও মঙ্গলের জন্য

সংগ্রাম কর। এই সকলই তোমার জীবনের লক্ষ্য হোক। যে জাতীয়তাবাদে বিশ্বাস করে সে ভারতকে নবীনা বলে মনে করে—যৌবনসম্পন্না ভারতবর্ষ তার হৃদয়ে পাঁচহাজার বছরের স্মৃতি বহন করে চলেছে। পৃথিবীর সমগ্র জাতির মধ্যে বস্তুতঃ ভারতই সুপ্রাচীনা এবং যৌবনা, বীর্যশালিনী, সংগ্রামের জন্য সদা প্রস্তুত। ভারত এশিয়ার হৃদয়স্বরূপা। ভারতীয় চিন্তাধারার যথোপযুক্ত নামই হিন্দুধর্ম।"

হিন্দুধর্ম সম্বন্ধে নিবেদিতা বলেছেন—"জগতের মধ্যে হিন্দুধর্মেরই সবাপেক্ষা সুন্দর ও সঙ্গতিপূর্ণ বিবৃদ্ধি ঘটেছে। হিন্দুধর্ম কেবলমাত্র হিন্দু আচার-ব্যবহারের রক্ষক নয় কিন্তু প্রকৃতপক্ষে হিন্দু চরিত্রের স্রষ্টা। হিন্দুধর্মের মত জগতের আর কোন ধর্ম এমন বৈপ্লবিক পরিবর্তন সৃষ্টি করতে পারে না।"

জাতীয় শিক্ষা সম্বন্ধে নিবেদিতার চিন্তাধারা সত্যই অভিনব। শিক্ষাক্ষেত্রে নিবেদিতা আনতে চেয়েছিলেন এক বৈপ্লবিক চেতনা। তাঁর Hints on National Education গ্রন্থে লিখেছেন—"জাতীয় জীবন গঠনে শিক্ষার মত প্রয়োজনীয় ভূমিকা আর কিছুর নয়। আজ ভারতবর্ষের শিক্ষা কেবলমাত্র জাতীয়করণ নয়, জাতিগঠনের শিক্ষার প্রয়োজন। জাতীয় অনুভূতি যাতে উদ্বুদ্ধ হয় তারই শিক্ষাদান। জাতীয় অনুভূতি অর্থাৎ অপরের জন্য দরদ। এই জনগণের প্রতি দরদের মূল উৎস গণ-চেতনার মধ্যে নিহিত। আমাদের সন্তানদের জাতি ও দেশ সম্বন্ধে সচেতন করা প্রয়োজন। যতক্ষণ আমরা অনুভূতিকে শিক্ষিত ও আমাদের জীবনের মূল্যবোধকে নিয়ন্ত্রিত করতে না পারি, আমাদের শিক্ষা সম্পূর্ণ নয়। সেরূপ শিক্ষিত মানুষ অর্থোপার্জন দ্বারা আহার্য সংগ্রহ করতে পারে কিন্তু জীবনদান করতে পারে না বা হৃদয়ের কাছে তার কোন আবেদনই গ্রাহ্য হয় না।"

ভারতের সনাতন ধর্মের নবতম রূপায়ণে শ্রীরামকৃষ্ণ-শিষ্য স্বামী বিবেকানন্দের অবদান অতুলনীয়। ধর্ম, শিক্ষা, সমাজ, স্ত্রীজাতি প্রভৃতির মাধ্যমে রাষ্ট্রের ও দেশের সামগ্রিক সত্তার এক অভিনব চেতনার উদ্বোধন করেছিলেন স্বামী বিবেকানন্দ। যোগ্যতম গুরুর যোগ্যা শিষ্যার মধ্যেও আমরা এমনই বৈপ্লবিক মনোভাবেরই পরিচয় লাভ করি। আচার্য বিবেকানন্দ শ্রীরামকৃষ্ণের অনুপম সৃষ্টি, আর স্বামী বিবেকা-নন্দের সার্থক সৃষ্টি ভগিনী নিবেদিতা। ভারতমাতার বেদীমূলে নিজেকে যিনি অর্ঘ্যরূপে নিবেদন করেছিলেন এবং ভারতের অখণ্ড সত্তাকে হৃদয়ের গভীরে অনুভব করেছিলেন—সেই নিবেদিতারই উক্তি উদ্ধৃত করে আমরা প্রবন্ধের উপসংহার করি—

"আমি বিশ্বাস করি, ভারতবর্ষ এক অখণ্ড, অবিভাজ্য। এক আবাস, এক স্বার্থ ও এক সম্প্রীতির উপরেই জাতীয় ঐক্য গঠিত। আমি বিশ্বাস করি, বেদ ও উপনিষদের বাণীতে ধর্ম ও সাম্রাজ্য সমূহের সংগঠনে, মনীষিবৃন্দের বিদ্যাচর্চায় ও মহাপুরুষগণের ধ্যানে যে শক্তি প্রকাশ পাইয়াছিল তাহাই আর একবার আমাদের মধ্যে উদ্ভূত হইয়াছে এবং আজিকার দিনে উহারই নাম জাতীয়তা।"

আজ ভারতের আদর্শবিপ্লবের দিনে যখন চারিদিকে আমরা দেখি আদর্শবিহীন জীবনযাত্রা, স্বার্থানুসন্ধান, পরস্পরের মধ্যে মতানৈক্য এবং সর্বোপরি স্বদেশ ও স্বজাতির প্রতি আড়াবহুল ঔদাসীন্য তখনই এ গুরু-শিষ্য-সংবাদ আমাদের জটিল সমস্যাপূর্ণ জীবনের অন্ধতামসের মধ্যে জীবনালোক দান করবে বলে বিশ্বাস করি। আজ জন্মশতবর্ষ পূর্তি উৎসবের মুহূর্তে সেই পুণ্যশ্লোকা লোকমাতা ভগিনী নিবেদিতার উদ্দেশ্যে জানাই আমাদের অন্তরের শ্রদ্ধাবিনম্র অজস্র ভক্তিপ্রণতি।

# মাতা ও কন্যা

ভারতী রায়

ভারতভূমিতে আগমনের পর যে দুটি দিন নিবেদিতার জীবনে স্মরণীয় হয়েছিল এবং জীবনের শেষ দিন পর্যন্ত বিশেষ স্মরণ-মনন, ধ্যান-ধারণায় যে দিন দুটি তিনি অতিবাহিত করতেন—তার একটি হোল ১৭ই মার্চ (১৮৯৮ খৃষ্টাব্দ)। তাঁর ডায়েরীতে ঐ দিনটি 'Day of days' রূপে উল্লিখিত আছে। ঐ দিন তিনি সংঘজননী শ্রীশ্রীসারদামাতার প্রথম সাক্ষাৎ লাভ করেন। ছয় বছর পরে এই দিনটির কথা উল্লেখ করে তিনি মিস ম্যাকলাউডকে লিখেছেন—

Calcutta
March 17th, 1904

Dear Miss M,

Six years ago this very day, and on a Thursday too, I saw the Holy Mother for the first time, and went home with you again to the cottage. In the cycle of the years we have come round to the same days again. Friday next, March 25th, will be the anniversary of the first day I was called 'Nivedita.' We are, then, entering on the seventh year ;—"ছয় বৎসর পূর্বে আজিকার দিনটিতে আমি শ্রীশ্রীমার প্রথম দর্শন লাভ করি এবং তোমার সঙ্গে বেলুড়ে গমন করি। সেদিনও বৃহস্পতিবার ছিল। কালের প্রবাহে পুনরায় আমরা সেই দিনগুলিতে আসিয়াছি। পরের শুক্রবার, ২৫শে মার্চ, যেদিন আমি নিবেদিতা নামে প্রথম অভিহিত হই, তাহার বার্ষিক দিবস। সুতরাং আমরা সপ্তম বর্ষে পদার্পণ করিতেছি।"

শ্রীমায়ের সঙ্গে তাঁর শেষ দেখা হয় ১৯১১ সালের এপ্রিল-মে মাসে। ১১ই এপ্রিল দাক্ষিণাত্য ভ্রমণ শেষ করে শ্রীমা উদ্বোধনে এসে পৌঁছান। ঐ দিনই শ্রীমাকে দর্শন ও প্রণাম করতে নিবেদিতা গেলেন উদ্বোধনে। মাসখানেক পর ১৭ই মে শ্রীমা জয়রামবাটী যাত্রা করেন। এই মাসাধিক কাল নিবেদিতা শেষবারের মত তাঁর পূত-সঙ্গ লাভ করার সুযোগ পান এবং "শত কাজ ফেলিয়া তিনি ছুটিয়া যাইতেন শ্রীমার নিকট। তাঁহার অন্তরে কে যেন বলিতেছে, আর সময় নাই, যাহা করিবার সত্বর করিয়া লও।" মাঝখানের কয়েকটি বছর শ্রীমা যখনই কোলকাতায় এসে থাকতেন, তখনই নিবেদিতা তাঁর পবিত্র সঙ্গ-লাভের সুযোগ পেতেন। প্রায় প্রতিদিনই কিছুক্ষণ তাঁর স্বর্গীয়-সান্নিধ্যে কাটিয়ে ফিরে আসতেন মন আনন্দরসে পূর্ণ করে। উভয়ের মধ্যে শ্রদ্ধাভক্তি, স্নেহপ্রীতির যে মধুর সম্পর্ক গড়ে উঠেছিল তাকে ভাষায় ব্যক্ত করা যায় না, শুধুমাত্র অনুভব করা যায়। একদিকে সম্পূর্ণ আত্মনিবেদন, আর একদিকে কত সহজ সরল স্বীকৃতি। এই যে মাতা ও কন্যার নিবিড় সম্পর্ক, সেখানে বৈষয়িক কোন দান প্রতিদানের কলুষ ছায়া মাত্র ছিল না, ছিল কেবল অনাবিল আনন্দের আস্বাদন।

ভারতের নারী সমাজকে শিক্ষাদানের অতি দুরূহ দায়িত্ব নিয়ে যিনি এসেছিলেন, গুরুর নির্দেশে তাঁর সর্বপ্রথম প্রয়োজন হয়েছিল ভারতীয় হিন্দু নারীজীবনের ঘনিষ্ঠ পরিচয় লাভের। গুরু বিবেকানন্দ তাই তাঁকে সমর্পণ করেন শ্রীমায়ের পাদপদ্মে। কারণ তিনিই ছিলেন হিন্দু নারীর সর্বশ্রেষ্ঠ আদর্শ। গভীর আগ্রহ ও কৌতূহলে নিবেদিতা নিরীক্ষণ করেছেন তাঁর পবিত্র ও শান্ত জীবনযাত্রা। তিনি সদ্য আগত পাশ্চাত্য রমণী—স্বীয় সমাজে দেখে এসেছেন উচ্চ শিক্ষিত, বুদ্ধিদীপ্ত নারীকুল, দেখে এসেছেন আত্মমর্যাদা ও স্বাতন্ত্র্যবোধ, সদা চঞ্চল কর্মপ্রবাহ এবং বিভিন্ন সামাজিক কর্মে নারীশক্তির সার্থক প্রয়োগ। কিন্তু এখানে দেখলেন এক সুনির্দিষ্ট শৃঙ্খলায় বিধৃত শান্ত জীবনযাত্রা, যেখানে নেই কোন সোচ্চার আত্মঘোষণা, আছে সর্বজনের কল্যাণকামনায় নিরন্তর নীরব প্রার্থনা, সুষ্ঠু কর্তব্য সাধন। মুগ্ধ হলেন তিনি, তাঁর সত্যসন্ধানী দৃষ্টিতে ধরা পড়ল আপাতবৈচিত্র্যহীন জীবনের অন্তর্নিহিত সৌন্দর্য ও শক্তি এবং শ্রীমায়ের চরিত্র মাধুর্য ও মহিমা। "আত্মীয়-পরিজন, ভক্তবৃন্দ, ভালমন্দ লইয়া বাহ্যত: যে সাংসারিক জীবন শ্রীমা যাপন করিতেন, তাহার মধ্যে অন্তঃসলিলা ফল্গুর মত যে আধ্যাত্মিকতা, পরম নির্লিপ্ততা, প্রেম এবং সর্বোপরি অনির্বচনীয় প্রশান্তি বিরাজ করিত নিবেদিতা তাহার আভাস পাইয়াছিলেন, তাই ভারতীয় নারী চরিত্রের আদর্শ সম্বন্ধে তাঁহার সংশয়ের অবকাশ ছিল না।" নিবেদিতার বিস্ময়াবিষ্ট মুগ্ধচিত্তের অপূর্ব প্রকাশ দেখতে পাই তাঁর পত্রাবলীতে, The Master as I Saw Him গ্রন্থে।

"অনেকবার ভাবিয়াছি, তোমাকে সেই মহিলার কথা বলিব। তিনি শ্রীরামকৃষ্ণের সহ-ধর্মিণী। নাম সারদা। একজন হিন্দু বিধবার মতই তাঁহার পরিচ্ছদ শুভ্র। এই শুভ্র শাড়ীটি তাঁহার সারা দেহ পরিবেষ্টন করিয়া মাথা পর্যন্ত উঠিয়া গিয়াছে। যেন পাশ্চাত্য দেশের সন্ন্যাসিনীর অবগুণ্ঠন। তাঁহাকে ভাল করিয়া জানিলে বোঝা যায়, তাঁহার মধ্যে সাধারণ-বুদ্ধি এবং তৎপরতার কী চমৎকার প্রকাশ। তিনি মাধুর্যের প্রতিমূর্তি—এত শান্ত, নম্র, স্নেহপ্রবণ, আবার ছোট বালিকার মতই সদা উৎফুল্ল।"

"আমার সব সময় মনে হইয়াছে, তিনি যেন ভারতীয় নারীর আদর্শ সম্বন্ধে শ্রীরামকৃষ্ণের শেষ বাণী। কিন্তু তিনি কি একটি পুরাতন আদর্শের শেষ প্রতিনিধি, না নূতন কোন আদর্শের অগ্রদূত। তাঁহার মধ্যে দেখা যায় সাধারণতম নারীরও অনায়াসলভ্য জ্ঞান ও মাধুর্য। তথাপি আমার নিকট তাঁহার শিষ্টতার আভিজাত্য ও মহৎ উদার হৃদয় তাঁহার দেবীত্বের মতই বিস্ময়কর মনে হইয়াছে। যত নূতন বা জটিল কোন প্রশ্ন হউক না কেন, আমি তাঁহাকে উহার উদার ও সহৃদয় মীমাংসা করিয়া দিতে ইতস্তত: করিতে দেখি নাই। তাঁহার সমগ্র জীবন একটানা নীরব প্রার্থনার মত।"

"আমার ধারণায় তিনি বর্তমান পৃথিবীর মহত্তমা নারী।"

"অসীম মাধুর্যে ভরপুর ইনি। কী স্নিগ্ধ ভালবাসা এঁর। অথচ বালিকার মতই হাসিখুশী।"

"সন্ধ্যা তারার আলো, চাঁদের উদয়, আর প্রার্থনার সুর এ সবকিছুই যেন আমাদের শ্রীমায়ের সান্নিধ্যের মত। প্রদোষের সঘন মধুরিমার মতই তাঁর সঙ্গ—বিশেষত: যখন তিনি পূজার আসনে। আহা অপরূপ। অপরূপ।"

"শ্রীমা যখন পূজা করিতে বসেন, তাঁহাকে কী সুন্দর দেখায়। সেই মুহূর্তে আমি তাঁহাকে সর্বাপেক্ষা ভালবাসি।"

"গতকাল শ্রীমা আমাকে দেখতে এসেছিলেন।....এমন ভালবাসায় ভরা মুখ আমি কোথাও দেখিনি।"

নিবেদিতার দৃষ্টিতে সারদামাতা ও মেরীমাতা ছিলেন অভিন্ন। বস্টনে পীড়িতা মিসেস বুলের জন্য গীর্জায় প্রার্থনান্তে ফিরে এসে ডায়েরীতে লিখেছেন—"গির্জায় গিয়েছিলাম। সারদা-দেবীকে আমাদের মেরীমাতা বলে মনে হোল। তাঁর সান্নিধ্য শুদ্ধিকর। শ্রীরামকৃষ্ণের অভিপ্রায়, আমরা সকলেই তাঁর (শ্রীমার) মত হই।"

নীরবে মায়ের পাশটিতে বসে থাকাতেই কি তৃপ্তি, কি শান্তি! শুধু নিজের অন্তরের শ্রদ্ধার্ঘ্যই নয়, মাকে আরও কত কি দিতে ইচ্ছা হয় নিবেদিতার। ১৯০৪ সালের ২৪শে ফেব্রুয়ারি শ্রীমায়ের আশীর্বাদলাভে ধন্য নিবেদিতা ম্যাকলাউডকে লেখেন—

"মাতাদেবী এখানে রহিয়াছেন। কি রকম রোগা, রোগা ও কালো হইয়া গিয়াছেন! পল্লীজীবনের কঠোরতাই তাঁহার স্বাস্থ্যভঙ্গের কারণ। কিন্তু পূর্বের ন্যায় সেই নির্মল অন্তঃকরণ—নারীত্বের মহিমায় সুপ্রতিষ্ঠিতা! তাঁহাকে স্বাচ্ছন্দ্যে রাখিবার জন্য কত জিনিস যে দিতে ইচ্ছা করে। একটি নরম বালিশ, একটি তাক ও একখানি কম্বলের প্রয়োজন। কত জিনিসেরই দরকার! ..আমার ইচ্ছা করে, তাঁহাকে একখানি সুন্দর ছবি দিই।"

শ্রীমায়ের কাছে তিনি ছিলেন 'আদরের খুকী', মুগ্ধ, অনুগত কন্যা। "যখন তিনি শ্রীশ্রীমায়ের নিকট গিয়া বসিতেন, তখন বালিকার ন্যায় তাঁহার দিকে চাহিয়া থাকিতেন। ভগিনী নিবেদিতা যাঁহার ন্যায় তেজস্বিনী রমণী রমণীকুলে দুর্লভ, যাঁহার বুদ্ধির আলোকে প্রদীপ্ত নয়নের অন্তর্ভেদী দৃষ্টি দেখিলে মনে হইত তাহা যেন জগতের সকল রহস্য উদ্ঘাটনেই সমর্থ,—মাতা-দেবীর নিকট অবস্থিতা তাঁহাকে দেখিলে যেন পঞ্চমবর্ষীয়া নিতান্ত শিশু প্রকৃতির একান্ত মাতৃ-নির্ভরপরায়ণা বালিকা বলিয়া মনে হইত। মাতাদেবী যখন তাঁহার দিকে সস্নেহ-হাস্যে চাহিতেন তখন মায়ের আদরে বালিকার মত তিনি একেবারে গলিয়া যাইতেন। মা যে আসনে বসিতেন, নিবেদিতা যেদিন সেই আসনখানি পাতিয়া দিবার অধিকার পাইতেন, সেদিন তাঁহার যে আনন্দ হইত, তাহা বলিয়া বুঝাইবার নহে—সে আনন্দ তাঁহার মুখের দিকে ঐ সময় চাহিলেই কেবল বুঝা যাইত। পাতিবার পূর্বে আসনখানিকে তিনি বারংবার চুম্বন করিতেন এবং অতি যত্নে ধূলা ঝাড়িয়া পরে উহা পাতিতেন; তাঁহার ভাব দেখিয়া, তখন বোধ হইত, মাতাদেবীর একটু সেবা করিতে পাইয়াই যেন তাঁহার জীবন সার্থক জ্ঞান করিতেছেন।"

অসাধারণ তেজোময়ী যে নারীর সুদৃঢ় ব্যক্তিত্বের সান্নিধ্যে এসে মনোবলসম্পন্ন ও শক্তিমান ব্যক্তি পর্যন্ত অভিভূত হতেন, সেই নারীর এই ভক্ত, উপাসিকা ও মুগ্ধা বালিকা রূপ কি আমাদের মনে কোন প্রশ্ন জাগায় না? প্রথম দর্শনের দিন হতেই শ্বেতবস্ত্রাবৃতা, অবগুণ্ঠনবতী রমণীমূর্তির ভিতরে কোন্ অসামান্য রূপকে তিনি প্রত্যক্ষ করেছিলেন? কোন বাহ্যিক রূপের অন্তরালবর্তী প্রকৃত স্বরূপ চিনে নিতে বিশেষ শক্তি ও দৃষ্টির প্রয়োজন। নিবেদিতার ছিল সেই শক্তি ও দৃষ্টি। যুগাবতার শ্রীরামকৃষ্ণের লীলাসঙ্গিনী শ্রীশ্রীমা ছিলেন অনন্ত শক্তির আধার। তাঁর শান্ত ও কোমল মানবীমূর্তির অন্তরাল হতে সেই দেবী শক্তির চকিত প্রকাশ নিবেদিতা সূক্ষ্ম বোধশক্তি দিয়ে উপলব্ধি করতে পেরেছিলেন, তাই মায়ের সম্মুখে এসে তিনি হতেন মাতৃনির্ভর ও মাতৃঅনুরাগিনী ছোট শিশুটি।

অন্যদিকে দেখতে পাই প্রথম দর্শনেই সমস্ত সামাজিক বন্ধন ও সংস্কার দূরে ঠেলে দিয়ে আপন কন্যাটির মতই শ্রীমা তাঁকে সাদরে গ্রহণ করেছিলেন, পরিণামে সমাজের কাছ থেকে কত তিক্ত ও বিরূপ সমালোচনার আঘাত তাঁকে সহ্য করতে হবে জেনেও দ্বিধাগ্রস্ত হননি। নিবেদিতা লিখেছেন—"বরাবরই তিনি ছিলেন রক্ষণশীলা, কিন্তু আশ্চর্য, পাশ্চাত্যবাসিনীগণকে দেখিবার পর মুহূর্তে তাঁহার রক্ষণশীলতার কিছুই অবশিষ্ট রহিল না। তিনি আমাদের সহিত একসঙ্গে বসিয়া আহার করায় সকলেই আশ্চর্য হইয়া গিয়াছে। তাঁহার এই আচরণ আমাদিগকে মর্যাদা দান করিয়াছে, আর আমার ভবিষ্যৎ কার্যের সম্ভাবনাকে যতখানি সফল করিয়া তুলিয়াছে, আর কিছুই তেমন পারিত না।" নানা কথা, নানা ভাবে প্রকাশিত হত নিবেদিতার প্রতি তাঁর অকৃত্রিম স্নেহ, ভালবাসা। শ্রীমায়ের স্বহস্ত নির্মিত পশমী পাখা পেয়ে আনন্দে অভিভূতা নিবেদিতাকে দেখে মা সস্নেহে বলেন—"কি একটা সামান্য জিনিস পেয়ে ওর আহ্লাদ দেখেছো! আহা, কি সরল বিশ্বাস! যেন সাক্ষাৎ দেবী। নরেনকে (স্বামীজী) কি ভক্তিই করে! সে এই দেশে জন্মেছে বলে সর্বস্ব ছেড়ে এসে প্রাণ দিয়ে তার কাজ করছে। কি গুরুভক্তি! এদেশের উপরই বা কি ভালবাসা!" যেদিন শ্রীমা স্কুল দেখতে এসেছিলেন সেদিন নিবেদিতার যেন আনন্দের আর অবধি ছিল না। শ্রীমা এসে পৌঁছানমাত্র তিনি সাষ্টাঙ্গ প্রণাম করে সাদরে মাকে এনে বসালেন। পুষ্পাঞ্জলির ফুল তুলে দিলেন মেয়েদের হাতে।

ভগিনী নিবেদিতার দেহত্যাগের পর একদিন ভগিনী কৃস্টীন ও সুধীরা উদ্বোধনে এলেন। তাঁরা শ্রীমাকে প্রণাম করে বসবার পর তিনি অশ্রুপূর্ণ নয়নে কৃস্টীনের দিকে চেয়ে বললেন,— "আহা, দুটিতে একসঙ্গে ছিল, এখন একলা থাকতে কত কষ্ট হবে! আমাদেরই তার জন্য প্রাণ কেমন করে, তোমার ত আরও বেশী হবে, মা। কি লোকই ছিল! তার জন্য আজ কত লোক কাঁদছে।"

অন্য একদিন সরলাবালার সদ্য প্রকাশিত 'নিবেদিতা' গ্রন্থখানি পাঠ করে মাকে শোনানো হচ্ছে। পাঠ শুনতে শুনতে মায়ের দুচোখ দিয়ে অশ্রুধারা নেমে এল। ধীরে ধীরে তিনি বলতে লাগলেন,,—"আহা, নিবেদিতার কি ভক্তিই ছিল! আমার জন্য যে কি করবে ভেবে পেত না! রাত্রিতে যখন আমায় দেখতে আসত, আমার চোখে আলো লেগে কষ্ট হবে বলে একখানি কাগজ দিয়ে ঘরের আলোটি আড়াল করে দিত। দেখতুম, যেন পায়ে হাত দিতেও সঙ্কুচিত হচ্ছে।" পুস্তক পাঠ শেষ হলে আক্ষেপ করে মা আবার বললেন, "যে হয় সুপ্রাণী, তার জন্য কাঁদে মহাপ্রাণী (অন্তরাত্মা), জান মা?"

ভক্ত ছেলের সঙ্গে শ্রীমায়ের নানা প্রসঙ্গে আলোচনা হচ্ছে। এক প্রশ্নের উত্তরে তিনি বললেন,—"ঠাকুর, ভাবাবস্থায় বলেছিলেন, 'এরপর ঘরে ঘরে আমার পূজা হবে। আমার যে কত লোক তার কূল কিনারা নেই।' নিবেদিতা বলেছিল, 'মা আমরাও বাঙ্গালী। কর্ম-বিপাকে ওদেশে জন্মেছি। তা দেখবে আমরাও এমন বাঙ্গালী হয়ে যাব যে ঠিক ঠিক।' ওদের (নিবেদিতা প্রভৃতির) এই শেষ জন্ম।"

বিদ্যালয়ের জন্য অর্থ সংগ্রহের উদ্দেশ্যে নিবেদিতা যখন আমেরিকায় কর্মব্যস্ত তখন শ্রীমা তাঁকে আশীর্বাদ জানিয়ে পত্র দেন—"স্নেহের খুকী নিবেদিতা, তুমি আমার ভালবাসা জানিও।

....তুমি সেই সদানন্দময়ী মার প্রতিমূর্তি। আমার সহিত একত্রে তোলা তোমার ফটোটির দিকে আমি অনেক সময় চাহিয়া দেখি ; তখন মনে হয়, তুমি যেন নিকটেই রহিয়াছ।.... ভগবানের নিকট সর্বদা প্রার্থনা, তিনি তোমার মহৎ উদ্যমে সহায় হউন এবং তোমাকে দৃঢ় ও সুখী করুন। আমার আশীর্বাদ জানিও, আধ্যাত্মিক জীবনে উন্নতি লাভ কর ইহাই প্রার্থনা। বাস্তবিক তুমি অতি চমৎকার কার্য করিতেছ। কিন্তু বাংলা ভাষা যেন ভুলিয়া যাইও না। নতুবা যখন তুমি ফিরিয়া আসিবে, তোমার কথা আমি বুঝিতে পারিব না।"

মিসেস বুল তাঁর অন্তিমকালে নিবেদিতাকে কাছে পাবার ব্যাকুল ইচ্ছা জানিয়ে বারংবার পত্র দেন। সেই আহ্বান উপেক্ষা করতে না পেরে অত্যন্ত চিন্তাকুল ও ভারাক্রান্ত হৃদয়ে তিনি আমেরিকায় মিসেস বুলের শেষ শয্যাপার্শ্বে উপস্থিত হন। সেখান থেকে শ্রীমাকে যে পত্রটি লেখেন তা উচ্চ ভাবময় সঙ্গীতের মতই মধুর ; উপলব্ধির গভীরতা ও প্রকাশভঙ্গী অননুকরণীয়।

কেম্ব্রিজ, ম্যাস
রবিবার, ১১ই ডিসেম্বর, ১৯১০

আদরিণী মা,

সারার জন্য প্রার্থনা করব বলে আজ ভোরে আমি গীর্জায় গিয়েছিলাম। সবাই ওখানে যীশু-জননী মেরীর কথা চিন্তা করছে, আমার হঠাৎ মনে পড়ে গেল তোমার কথা। তোমার সেই মনোরম মুখখানি, সেই স্নেহভরা দৃষ্টি, পরণের সাদা শাড়ী, তোমার হাতের বালা—সবই যেন তখন প্রত্যক্ষ দেখতে পেলাম। আমার মনে হোল, তোমার সেই দিব্যসত্তাই যেন বেচারী সারার রোগকক্ষে নিয়ে আসবে শান্তি ও আশীর্বাদ। আমি আরও কি ভাবছিলাম, জানো মা ? ভাবছিলাম, সেদিন শ্রীরামকৃষ্ণের সন্ধ্যারতির সময় তোমার ঘরে বসে আমি যে ধ্যান করবার চেষ্টা করেছিলাম, সেটা আমার কী নির্বুদ্ধিতাই হয়েছিল! আমি কেন বুঝিনি যে, তোমার বাঞ্ছিত চরণতলে ছোট্ট একটি শিশুর মত বসে থাকতে পারাটাই তো যথেষ্ট। মাগো, ভালবাসায় পরিপূর্ণ তুমি। আর, তাতে নেই আমাদের বা জগতের ভালবাসার মত উচ্ছ্বাস ও উগ্রতা। তোমার ভালবাসা কোন এক স্নিগ্ধ শান্তি, যা প্রত্যেককে দেয় কল্যাণস্পর্শ এবং কারও অমঙ্গল চায় না। ও যেন লীলাচঞ্চল একটি হৈমদ্যুতি! কয়েকমাস আগেকার সেই রবিবারটি কী আশিস্‌ই না বয়ে এনেছিল! গঙ্গাস্নানে যাবার ঠিক আগে আমি তোমার কাছে ছুটে গিয়েছিলাম, আবার স্নান করে ফিরে এসেই মুহূর্তের জন্য দৌড়ে তোমার কাছে গেলাম। তোমার আনন্দময় ঘরখানিতে তুমি আমায় যে আশীর্বাদ জানালে, তা আমায় দিয়েছিল এক অদ্ভুত মুক্তির অনুভূতি। প্রেমময়ি মা, চমৎকার একটি স্তোত্র বা প্রার্থনা যদি তোমায় লিখে পাঠাতে পারতাম! কিন্তু তাতেও মনে হয়, বড় বেশী শব্দ করা হবে, সেটা শোনাবে কোলাহলের মত। সত্যই তুমি ঈশ্বরের আশ্চর্যতম সৃষ্টি। শ্রীরামকৃষ্ণের বিশ্বপ্রেম-ধারণের পাত্র। এই সঙ্গহীন দিনে তুমিই রয়েছ তাঁর সন্তানদের কাছে তাঁর প্রতীকস্বরূপ ; আর আমাদের উচিত, তোমার কাছে অত্যন্ত স্তব্ধ ও শান্ত হয়ে থাকা—অবশ্য, কখনো কখনো একটু মজা করা ছাড়া। বাস্তবিকই, ভগবানের যা-কিছু বিস্ময়কর

সৃষ্টি সবই শান্ত, নীরব। গোপনে, অজ্ঞাতে তারা প্রবেশ করে আমাদের জীবনে—যেমন বাতাস ও সূর্যের আলো, যেমন বাগানের ও গঙ্গার মাধুর্য। এই সব শান্ত জিনিসই তোমার তুলনা।

বেচারী এস স্যাবাকে তোমার শান্তির উত্তরীয়খানি পাঠিয়ে দিও। বাগবাজারের উপরে যে গহন প্রশান্তি, সময় সময় তোমার চিন্তা সেখানেই সমাহিত হয় না কি? সেই প্রশান্তি কি পদ্মপত্রে শিশির বিন্দুর মত ভগবৎসত্তায় স্পন্দমান স্নিগ্ধ আশীর্বাদ নয়, পৃথিবীর সংস্পর্শে যা কখনো মলিন হয় না?

প্রিয়তমা মা আমার,
তোমার চিরদিনের নির্বোধ পুত্রী
নিবেদিতা।

"প্রত্যেক জননী যেন দৃঢ় প্রতিজ্ঞা করেন যে, তাঁর সন্তানেরা মহৎ হবে।"

# ভগিনী নিবেদিতা ঃ শতবর্ষ পরের সমীক্ষা

অনীতা গুপ্ত   প্রাক্তন ছাত্রী

বিংশ শতাব্দীর ৬ষ্ঠ দশকে পৌঁছে আমবা উনবিংশ শতাব্দীব স্মবণীয় পূবসূবীদেব জন্ম-শতবর্ষ-উৎসব পালন কবছি। একশ' বছবেব ব্যবধানে দাড়িযে এই যুগেব মানুষেবা আমাদেব অগ্রজদেব সঙ্গে মানসিক যোগসূত্র খুঁজে পাচ্ছে না। অতি দ্রুত আমাদেব সামাজিক অবস্থাব পবিবর্তন ঘটছে। পুবাতন ভাবনাব কাঠামো অনিবার্যভাবে ভেঙ্গে পড়ছে। ঐতিহ্যহাবা উত্তব-সূবীবা আজ বড় প্রশ্ন সময়েব খবস্রোতে অস্তিত্ব বজায় বাখবো কেমন কবে? ভাঙ্গনেব এই মুহূর্তে আমবা নিজ নিজ জীবনকে অবলম্বন কবে বাচতে চাইছি। এই অবস্থায় আমবা ভগিনী নিবেদিতাব শতবর্ষ মহোৎসব পালন কবতে প্রস্তুত হযেছি। যে নাবীব নামেব মধ্যেই তাব জীবনেব তাৎপর্য নিহিত। সমষ্টিব কল্যাণেব চিন্তা এই আত্মসবস্বতাব যুগে উপহাস্য। অথচ অস্তিত্বমাত্র-সম্বল মানুষ আজ বড় দুঃখী। শতবর্ষ পবেব স্মবণ উৎসবে আমবা নিবেদিত জীবনেব থেকে সেই অর্থ সন্ধান কববো যা এই যুগেব মানুষ তাব বর্তমান জীবনেব পবিপ্রেক্ষিতে কাজে প্রযোগ কবতে পাবে।

ভগিনী নিবেদিতাব জীবন থেকে আজকেব দিনে আমবা প্রথমতঃ ও প্রধানতঃ এই শিক্ষা গ্রহণ কবতে পাবি যে যুগসন্ধিক্ষণে নাবীব ভূমিকা কি? পৃথিবীব ইতিহাসে মহীযসী নাবীব আবির্ভাব দুর্লক্ষ্য নয। তথাপি একথা স্বীকাব কবে নিতে হবে যুগ পবিবর্তনেব মূল ভূমিকা পুরুষই প্রধানতঃ গ্রহণ কবে এসেছে। পুরুষেব একক ব্যক্তিত্বেব উপব নির্ভব কবে জাতিব জাগবণেব দৃষ্টান্ত বহুবাব দেখা গেছে। নাবী নিযেছে প্রেবণাদাত্রীব ভূমিকা অথবা সহাযিকাব কাজ তাব প্রধান।

জোন অব আর্কেব ঐতিহাসিক সত্তাকে আড়াল কবে আছে কিংবদন্তী এবং অলৌকিকতা। বৃহত্তব ক্ষেত্রে পুরুষেব শক্তি প্রচণ্ডরূপে কেন আত্মপ্রকাশ কবতে পাবে, সেক্ষেত্রে নাবী কেন গৌণ শক্তি এই প্রশ্ন মনে জাগা স্বাভাবিক। কাবণ উভযেব স্বভাবেব মৌল পার্থক্যেব উপর নির্ভব কবছে। নাবীব শক্তিব উৎস আবেগ, পুরুষেব ধীশক্তি তাব কাজেব মূল প্রেবণা। সম্পূর্ণ নৈর্ব্যক্তিক স্বভাব পুরুষেব হতে পাবে, নাবী সে ক্ষেত্রে ব্যক্তিসম্পৃক্ত। ব্যক্তি ও পবিবাবেব উর্ধ্বে উঠে একটি সত্যকে ধীশক্তি দিযে আযত্ত কবে, পবে তাকে বৃহত্তব ক্ষেত্রে নৈর্ব্যক্তিকভাবে প্রযোগ করা নাবী-স্বভাবেব সাধ্য নয। কিন্তু বড় কাজে মেয়েবা অন্যভাবে নিজেকে নিযুক্ত কবতে পারে। পবিবাব ও আত্মীয সমাজেব বাইবে নাবী তাব আবেগেব উৎস মুখ খুলে দিলে সে ক্ষেত্রে সোনার শস্য ফলে। জোন অব আর্ক মুহূর্তেব প্রেবণায সেই অবিশ্বাস্য কাজ সম্পন্ন কবেছিলেন, তাই সেই কাহিনী কিংবদন্তীব রূপ নিয়েছে।

ভগিনী নিবেদিতা ভারতবর্ষের যুগসন্ধিক্ষণে সেই ভূমিকা গ্রহণ করেছিলেন। ১৮৯৮ খৃষ্টাব্দ থেকে ১৯১১ পর্যন্ত অর্থাৎ ভারতবর্ষে নিবেদিতার আগমন ও মৃত্যুকাল পর্যন্ত এই সময়ে নারী জাগরণের অনেক দৃষ্টান্ত শিক্ষাক্ষেত্রে ও স্বদেশী আন্দোলনে খুঁজে পাওয়া যায়। কিন্তু তখনো পর্যন্ত নারীর একক ব্যক্তিত্ব ভারতবর্ষের চিন্তার জগতে আলোড়ন আনেনি। সব দেশের মত এদেশেও নারীর জাগরণ ঘটেছিল পুরুষকে নির্ভর করে। সীমাবদ্ধ জায়গায় ভারতবর্ষের নব্য শিক্ষিতা মেয়েরা কাজ করে যাচ্ছিলেন। এই সময় ভারতবর্ষের মাটিতে মিস্ মার্গারেট এলিজাবেথ নোব্‌লের পদার্পণ। সেদিন ১৮৯৮-এর ২৮শে জানুয়ারি। এ বছর ২৫শে মার্চ স্বামী বিবেকানন্দের কাছে ব্রহ্মচর্য ব্রতে দীক্ষিত হয়ে নিবেদিতা নাম গ্রহণের পর থেকে তাঁর জীবনে নূতন ভূমিকা শুরু হয়।

এই জীবনে নিবেদিতার প্রধান কাজ হোল ধর্মচিন্তার মধ্যদিয়ে ভারতবর্ষকে জানা। এক্ষেত্রে স্বামী বিবেকানন্দের সত্যদর্শনের উত্তরাধিকারী তিনি। পুরুষের ধীশক্তি নারীর আবেগ উদ্বোধিত করেছিল। স্বামী বিবেকানন্দের অধ্যাত্ম-সাধনার ফল দ্বিমুখী--নিজেকে জানা ও ভারতবর্ষকে জানা। কন্যাকুমারিকার শেষ প্রান্তে বসে অখণ্ড ভারতবর্ষের রূপ তাঁর মানস জগতে প্রতিভাত হোল। নব জাগরণের মুহূর্তে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে বিচ্ছিন্নভাবে বিভিন্নমুখী কর্মধারা দেখা গিয়েছিল। কিন্তু একটি মূল আদর্শের সূত্রে সব কাজকে মিলিয়ে এক পরিণামের দিকে এগিয়ে না দিলে স্বতন্ত্র চেষ্টার কোন মূল্য নেই। স্বাধীনতা পাবার পরও আমাদের কাছে জাতীয় সংহতি একটি বড় সমস্যা। উনবিংশ শতাব্দীতে রাজা রামমোহন রায় থেকে শুরু হয়েছিল ভারতচিন্তা। এই শতাব্দীর শেষ দশকে স্বামী বিবেকানন্দ ও রবীন্দ্রনাথ ঠাকুর ভারতবর্ষের অখণ্ড রূপকে স্পষ্ট করে তুলে ধরতে চেষ্টা করলেন। বিবেকানন্দ সমস্ত মননশক্তিকে ধ্যানে কেন্দ্রবদ্ধ করে অতীত ও বর্তমান ভারতের অখণ্ড রূপ খুঁজে পেয়েছিলেন। রবীন্দ্রনাথ কবির দূরগামী কল্পনা-শক্তির সাহায্যে সেই অসাধ্য সাধন করেছিলেন। বিবেকানন্দ ভগিনী নিবেদিতাকে অখণ্ড ভারত দর্শনের শক্তি দিয়ে গিয়েছিলেন। ১৮৯৮-এর ১১ই মে স্বামী বিবেকানন্দের সঙ্গে হিমালয় যাত্রার সময় থেকে ১৯০২ এর ৪ঠা জুলাই স্বামীজীর দেহত্যাগের বছর পর্যন্ত ভগিনী নিবেদিতার আত্মপ্রস্তুতির কাল। ভারতবর্ষের পুরাণ ও ধর্মগ্রন্থ পাঠ, এই দেশের বিভিন্ন স্থানে পরিভ্রমণ এবং স্বামীজীর সঙ্গে ভারতবর্ষীয় জীবনধারা নিয়ে আলাপ-আলোচনায় ভগিনী নিবেদিতার দৃষ্টির সম্মুখে ভারতবর্ষের রূপ উদ্‌ঘাটিত হতে লাগল।

একটি পত্রে নিবেদিতা নিজে এই সত্য স্বীকার করেছেন—"আমার মনে হয়, ভারত সম্বন্ধে এইসব নূতন দৃষ্টিভঙ্গী আমি এই সকল অভিজ্ঞতার মধ্যদিয়েই লাভ করেছি, অন্য কোন উপায়ে তা সম্ভব হত না।" (৩।১০।০১ এর পত্র)

স্বামীজীর মৃত্যুর পর নিবেদিতার জীবনে দ্বিতীয় পর্ব শুরু হোল। এই সময় তাঁর একক ব্যক্তিত্ব সমস্ত যুগের চিন্তাধারাকে নিয়ন্ত্রিত করেছে। বিবেকানন্দ নিবেদিতার কাছে এবং স্বদেশে ও বিদেশে ভারতবর্ষ সম্পর্কে তাঁর উপলব্ধিকে ব্যক্ত করেছিলেন। কিন্তু জীবনের শেষ পর্বে অসুস্থতা হেতু এবং জাগতিক জীবনের প্রতি অনাসক্তির ফলে তিনি কর্ম থেকে বিরাম নিয়ে ছিলেন, এর কিছুদিন পরে তাঁর দেহত্যাগ ঘটে। নিবেদিতা এই পর্বে তাঁর চিন্তাধারাকে বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করতে শুরু করলেন। একথা বহুবিদিত যে মেয়েদের স্বভাবের ঝোঁক বাস্তবের

দিকে বেশী, বিশুদ্ধ ভাবদৃষ্টি তাদের স্বভাব থেকে আসে না। এই কারণে সাংসারিক জীবনে তাদের সহজ পটুতা। বর্তমান ভারতবর্ষের দিকে তাকিয়ে ব্যবহারিক ক্ষেত্রে নিবেদিতা তাঁর কর্মধারা বেছে নিতে পেরেছিলেন। এই পর্বে তাঁর প্রধান কাজ হোল দেশের প্রতিটি প্রচেষ্টার সঙ্গে সহযোগিতা করে তাকে সার্থক করে তোলা। তিনি নিজে তাঁর ভূমিকার কথা ব্যক্ত করে গেছেন—"My role is to awake the nation." দেশের যুবশক্তিকে জাগানো, তাদের সংঘবদ্ধকরা, তাদের বিভিন্ন গঠনের কাজে নিযুক্ত করা এই ছিল তাঁর মুখ্য ভূমিকা। তিনি প্রেরণাদাত্রী। এই কাজ নারীর।

এই পর্বে তাঁর প্রধান উল্লেখযোগ্য কাজ দেশের স্বদেশী আন্দোলনের বিভিন্নমুখী ধারার সঙ্গে সক্রিয় সহযোগিতা করা। এই কাজকে সার্থক করে তোলবার জন্য তাঁর অতি প্রিয় রামকৃষ্ণ সংঘ থেকে নিজেকে তিনি বিচ্ছিন্ন করে এনেছিলেন। ১৯০১-এ মিসেস বুলের সঙ্গে নরওয়ের অন্তর্গত লাইসোঁ-তে তিনমাস অবস্থানের সময় তাঁর চিন্তার ধারা রাজনীতিমুখী হয়। অবশ্য নিবেদিতা পূর্ব জীবনে আইরিশ দুহিতা ; তাঁর নিজের দেশ ও পরিবার থেকে বিপ্লবী চিন্তার ধারা বহন করে এনেছিলেন। পূর্বোক্ত সময়ে ভারতবর্ষের পরাধীন অবস্থার বেদনা তাঁর মনকে গভীরভাবে আলোড়িত করেছিল। সেই সময় বৈজ্ঞানিক জগদীশ চন্দ্র বসু পাশ্চাত্য দেশে যথাযোগ্য স্বীকৃতি পাচ্ছিলেন না। পরাধীন দেশের মানুষ বলে তিনি উপেক্ষিত হয়েছিলেন। দ্বিতীয়তঃ এই সময় রমেশচন্দ্র দত্তের সঙ্গে তাঁর সাক্ষাৎ হয়। রমেশচন্দ্র তখন 'অর্থনীতির ইতিহাস' লিখছেন। সেই গ্রন্থ তিনি প্রায়ই পড়ে শোনাতেন নিবেদিতাকে। নিবেদিতার দৃষ্টি পড়ল ভারতবর্ষের রাজনৈতিক পরিস্থিতির দিকে। এই সময়কার উল্লেখযোগ্য ঘটনা রাশিয়ার বিখ্যাত বিপ্লবী নেতা প্রিন্স ক্রপটকিন তখন ইংলণ্ডে অবস্থান করছিলেন। তাঁর সঙ্গে আলোচনা করে, তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Mutual Aid' পাঠ করে ইংরেজ সাম্রাজ্যবাদ ও শোষণনীতির বিরুদ্ধে তাঁর চিন্তা ধারা জেগে ওঠে। এই সময়কার একটি চিঠিতে তিনি লিখেছেন—"যে বিষয়টি আমার মনে বিশেষভাবে স্থান পাইয়াছে, তাহা হইতেছে, শাসকবর্গের সম্পূর্ণ অপ্রয়োজনীয়তা। ইহাই আমাদের শিক্ষা করা আবশ্যক। আমাদের ইহা শিক্ষা করিতে হইবে, এবং সমগ্র জনসাধারণের প্রতি রক্ত বিন্দু ও স্নায়ুতে সঞ্চারিত করিতে হইবে, যাহাতে রাজনৈতিক যন্ত্র যেন কখনও একটি কৃষকের উপরেও প্রভুত্ব না করিতে পারে।" (১১।১।১৯০১-এর পত্র)

ভারতবর্ষে ফিরবার পর তাঁর রাজনৈতিক কার্যধারা প্রধানতঃ তিন দিকে প্রবাহিত হয়।

প্রথমতঃ বক্তৃতা ও লেখার মাধ্যমে দেশের সাধারণ মানুষকে পরাধীনতা সম্পর্কে সচেতন করে তোলা এবং বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে দেশের যুবশক্তিকে জাগান।

দ্বিতীয়তঃ চরম ও নরমপন্থী উভয় দলের রাজনৈতিক নেতাদের সঙ্গে সহযোগিতা এবং সর্বপ্রকার রাজনৈতিক পরামর্শদান।

তৃতীয়তঃ দেশের বিপ্লবী সংস্থাগুলিকে সর্বপ্রকার সাহায্যদান।

তাঁর এই ত্রিধারার কর্মপ্রণালী থেকে বোঝা যায় কোন একটি বিশেষ দলের নেত্রীত্বপদ গ্রহণের চেয়ে সমস্ত দিক থেকে বৃটিশ শক্তির বিরুদ্ধে জনমতকে সক্রিয় করে তোলাই ছিল তাঁর লক্ষ্য। যদিও রাজনৈতিক মতবাদের দিক থেকে তিনি ছিলেন চরমপন্থী। তাঁর রাজনৈতিক কার্যধারার সংক্ষিপ্ত বিবরণ দেওয়া গেল।

(১) ১৯০৫-এর বঙ্গভঙ্গ আন্দোলনের পর বাংলাদেশে ব্যাপকভাবে নিষ্ক্রিয় প্রতিরোধ আন্দোলন গড়ে ওঠে। এই আন্দোলনে নিবেদিতার যোগদান।

(২) শ্রীঅরবিন্দ তাঁর আত্মজীবনী গ্রন্থে (Sri Aurobindo on Himrelf) বলেছেন বাংলা দেশে এসে তিনি বিপ্লবীদলগুলিকে সংঘবদ্ধ করার উদ্দেশ্যে পি. মিত্রের অধীনে একটি কেন্দ্রীয় পরিষদ গঠন করেছিলেন। ঐ পরিষদের পাঁচজন সদস্যের মধ্যে নিবেদিতা ছিলেন অন্যতমা।

(৩) ১৯০৯-এর জুলাই থেকে ১৯১০-এর ফেব্রুয়ারি মাসে চন্দননগরে অরবিন্দের গমনের পূর্ব পর্যন্ত 'কর্মযোগিন্' পত্রিকার পরিচালনায় অরবিন্দকে সাহায্যদান।

(৪) ১৯০২ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত অনুশীলন সমিতিতে তাঁর যাতায়াত ছিল একথা উল্লেখ করেছেন প্রব্রাজিকা মুক্তিপ্রাণা তাঁর রচিত 'ভগিনী নিবেদিতা' গ্রন্থে।

(৫) যুগান্তর দলের অন্যতম বিপ্লবী শ্রীভূপেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দের অনুজ) বলেছেন, "নিবেদিতা বিপ্লবীদের উৎসাহ দিতেন, তাঁহাদের শিক্ষার জন্য নানাবিধ পুস্তক দিয়াছিলেন, বিপ্লব-কার্যে তাঁহার অনুমোদন ছিল।" (ভগিনী নিবেদিতা—প্রব্রাজিকা মুক্তিপ্রাণা) তিনি ভূপেন্দ্রনাথ দত্তকে পিটার ক্রপটকিনের ও ম্যাটসিনির গ্রন্থ উপহার দিয়েছিলেন, আর বিপ্লব সমিতিকে দিয়েছিলেন ম্যাটসিনির আত্মজীবনীর প্রথম খণ্ড।

(৬) চরমপন্থী নেতা শ্রীযুক্ত বিপিনচন্দ্র পালের 'নিউ ইণ্ডিয়া' পত্রিকায় লেখা দিয়ে সাহায্য করতেন নিবেদিতা।

(৭) ১৯০৫ ও ১৯০৬ খৃষ্টাব্দে কাশী ও কলকাতা কংগ্রেসে উপস্থিত থেকে কংগ্রেস কর্তৃক যাতে স্বদেশী এবং বয়কট আন্দোলন সমর্থিত ও গৃহীত হয় তার জন্য ভগিনী নিবেদিতার চেষ্টা।

(৮) নরমপন্থী নেতা গোপালকৃষ্ণ গোখলের সঙ্গে তাঁর সহযোগিতা—"এই সময়েই শ্রীযুক্ত গোখলে দিনের পর দিন ১৭নং বোস পাড়া লেনে বসিয়া নিবেদিতার সহিত দেশে জাতীয়ভাব সম্প্রসারণের উপায় সম্বন্ধে দীর্ঘ আলোচনা করিতেন।" (ভগিনী নিবেদিতা—প্রব্রাজিকা মুক্তিপ্রাণা)

(৯) তিনি ডন সোসাইটির সঙ্গে যুক্ত ছিলেন। এই ডন সোসাইটির উদ্যোগে পরে জাতীয় শিক্ষা পরিষদ স্থাপিত হয়েছিল।

(১০) নরমপন্থী মতের শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্তের শাসন-সংস্কারমূলক বিবিধ পরিকল্পনার (কৃষকগণের কর লাঘব, ধনী ব্যক্তিদিগের দ্বারা বিভিন্ন মিল ও শিল্প প্রতিষ্ঠান স্থাপন, লেজিসলেটিভ কাউন্সিল গঠন) উৎসাহ ও সমর্থন।

রাজনৈতিক কর্মধারার পাশে তাঁর সাংস্কৃতিক কর্মধারা অব্যাহত ছিল। সাহিত্য, বিজ্ঞান এবং শিল্পের চর্চায় তিনি অক্লান্ত সহযোগিতা করে গিয়েছেন। নিজের বালিকা বিদ্যালয় পরিচালনা করার কাজ ছাড়া ছিল অবিশ্রান্ত বক্তৃতা ও অক্লান্ত লেখা। এর সঙ্গে সঙ্গে তখনকার বিখ্যাত বৈজ্ঞানিক, সাহিত্যিক, শিল্পী ও সম্পাদকদের সঙ্গে সহযোগিতা করেছেন শ্রম ও সেবা দিয়ে। তাঁর সাংস্কৃতিক কার্যধারার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হোল—

(১) ১৯০২ থেকে ১৯১১ খৃষ্টাব্দ পর্যন্ত বৈজ্ঞানিক জগদীশচন্দ্র বসুর গবেষণা কাজে তিনি

ছিলেন অপরিহার্য সহকারিণী। তিনি শ্রীযুক্ত বসুর Living and Non-Living এবং Plant Response নামক বিখ্যাত গ্রন্থের সম্পাদনা করেছিলেন। বিদেশে শ্রীযুক্ত বসুর খ্যাতি বিস্তারের কাজে তিনি যথাসাধ্য চেষ্টা করেছিলেন। জগদীশ বসুর বৈজ্ঞানিক গবেষণাগার প্রতিষ্ঠার কাজে তাঁর অক্লান্ত উৎসাহ ছিল।

(২) রামানন্দ চট্টোপাধ্যায়ের সম্পাদিত 'মডার্ণ রিভিউ'-এর প্রথম প্রকাশকাল ১৯০৭ থেকে ১৯১১ খৃষ্টাব্দ পর্যন্ত নিবেদিতা ছিলেন প্রধান লেখিকা। "প্রায়ই দেখা যাইত প্রবাসী অফিস হইতে ছবি কিংবা প্রবন্ধের প্রুফ লইয়া কেহ তাঁহার সেই বোসপাড়া লেনের ক্ষুদ্র বাড়িতে চলিয়াছে।" (রামানন্দ ও অর্ধশতাব্দীর বাংলা, পৃ: ১৫৬)

(৩) বাংলা সাহিত্যের গবেষণার পথিকৃৎ শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন তাঁর ইংরেজিতে লিখিত বৃহৎ গ্রন্থ 'বঙ্গভাষা ও সাহিত্যের ইতিহাস' নিবেদিতার সহযোগিতায় সুসম্পন্ন করেছিলেন।

(৪) শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায়ের ঐতিহাসিক গবেষণায় নিবেদিতার মূল্যবান নির্দেশ কাজে লেগেছিল। (A note on Historical Research—Hints on National Education, P.95).

(৫) ভারতীয় শিল্প সম্পর্কে নিবেদিতার গভীর জ্ঞানের পরিচয় তাঁর লিখিত প্রবন্ধের মধ্যে পাওয়া যায়। আর্ট স্কুলে ভারতীয় শিল্প সম্পর্কে তাঁর বক্তৃতা, 'জাতীয়তা গঠনে আর্টের কাজ' 'আর্টের বাণী' ইত্যাদি প্রবন্ধ, হ্যাভেল-রচিত 'Indian Sculpture and Painting'-এর সমালোচনা লেখা—ইত্যাদি কাজ তাঁর শিল্পপ্রীতির নিদর্শন। অবনীন্দ্রনাথের বহু চিত্র পরিচয় নিবেদিতা লিখে দিয়েছেন। এ ছাড়া "নন্দলাল বসু, অসিতকুমার হালদার, সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় প্রভৃতি আর্ট স্কুলের ছাত্রগণ নিবেদিতার নিকট কেবল উৎসাহ ও প্রেরণালাভ করেন নাই, ভারতীয় পদ্ধতি অবলম্বনে চিত্রাঙ্কন করিবার জ্ঞানও অর্জন করিয়াছিলেন।" (ভগিনী নিবেদিতা—প্রব্রাজিকা মুক্তিপ্রাণা) নিবেদিতার উদ্যোগে শ্রীযুক্ত নন্দলাল বসু এবং অসিতকুমার হালদারকে অজন্তা, ইলোরায় পাঠানো হয়েছিল।

তাঁর জন্মের শতবর্ষ পরে নিবেদিতার জীবন নিয়ে আলোচনা করে আমরা দেখতে পেলাম একটি দেশের যুগসন্ধিক্ষণে নারীর শক্তি কোন ভূমিকা গ্রহণ করতে পারে। নারীর একক ব্যক্তিত্বের সাহায্যে একটি দেশের সামগ্রিক পরিবর্তন হয়তো সম্ভবপর নয়, কিন্তু তার সহযোগিতা দেশের বিভিন্ন মুখী কর্মধারাকে সক্রিয় করে তুলতে পারে। নিবেদিতার জীবন থেকে আমাদের দ্বিতীয় শিক্ষণীয় বিষয় হোল এই যে কোন দেশের যুগ পরিবর্তন শুধুমাত্র রাজনৈতিক কার্যধারার সাহায্যে সম্ভবপর নয়, এর জন্য সাংস্কৃতিক জাগরণ অপরিহার্য। দুঃখের সঙ্গে একথা স্বীকার করতে হবে যে, আজ পর্যন্ত আর কোন ভারতীয় নারী যুগ পরিবর্তনে এতখানি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেননি।

---

# নিবেদিতা : একটি বলিষ্ঠ আত্মনিবেদন

পম্পা মিত্র—প্রাক্তন ছাত্রী

সে কবেকার এক ভোরবেলার কথা। শীত-শীত হাওয়ায় ঘুমভাঙানো চোখদুটোকে যথাসম্ভব বিস্ফারিত করে ঠাকুমার হাত ধরে ঢুকেছিলাম মন্দিরের মত একটা বিরাট বাড়িতে। 'ওটা নাকি স্কুল, ওখানে পড়াশোনা করে বড় হতে হয়। বন্ধন-অসহিষ্ণু শিশুমন স্কুলের সব কিছুকেই যে উষ্ণ অভ্যর্থনায় গ্রহণ করেছিল—এমন ভাববার কোন কারণ নেই। অনেক কিছুই ভাল লাগত না। যা ভাল লাগত—তার তালিকায় সবার আগে নাম ছিল ঠাকুরদালানের, যেখানে রোজ সকাল-বেলায় অনেকগুলো কচিগলা আকাশে তাদের নির্মল প্রার্থনাকে ছড়িয়ে দিত। সেই ঠাকুর দালানেই তাঁর ছবি ছিল—আমাদের নিবেদিতার। সে বয়সে ছবিকে ছবির বেশি আর কিছু মনে হয়নি, শুধু জেনেছিলাম—তিনি ভগিনী নিবেদিতা। অনেক, অনেক দিন আগে আমাদের এই স্কুল তিনিই তৈরী করে দিয়েছেন। তারপর একটু একটু করে আরো বহুদিন প্রবাহিত হয়েছে। আমরা বড় হয়েছি—পরিচিত হয়েছি ভগিনী নিবেদিতা নামে এক মহান্ ঐতিহ্যের সঙ্গে। আর অনেকদিন পরে সেই শৈশবের দেখা তেলরঙের ছবিকে ছাপার অক্ষরে স্পষ্ট হতে দেখেছি অবনীন্দ্রনাথের বর্ণনায়—"সন্ধ্যে হয়ে এল, এমন সময় নিবেদিতা এলেন। সেই সাদা সাজ, গলায় রুদ্রাক্ষের মালা, মাথার চুল ঠিক সোনালি নয়, সোনালি রূপোলিতে মেশানো, উঁচু করে বাঁধা। তিনি যখন এসে দাঁড়ালেন সেখানে, কি বলব যেন নক্ষত্রগুলীর মধ্যে চন্দ্রোদয় হোল।.... সাজগোজ ছিল না, পাহাড়ের উপর চাঁদের আলো পড়লে যেমন হয় তেমনি ধীর স্থির মূর্তি তাঁর।"—(জোড়াসাঁকোর ধারে)। অবনীন্দ্রনাথের এ বর্ণনায় লোকমাতা নিবেদিতার যে মূর্তি ভাস্বর —তা অপার্থিব। প্রদীপ্ত অথচ স্নিগ্ধ। অনাড়ম্বর শুভ্রতায় আন্তরিক।

ভারতবর্ষের হৃদয় নিবেদিতার এই করুণারূপা সত্তাকে বারে বারে, নানারূপে প্রত্যক্ষ করে ধন্য হয়েছে। সুদূর সমুদ্রপারের এক দ্বীপ থেকে নিবেদিতা ভারতবর্ষের আদ্বিজ-চণ্ডাল মানুষের জন্য তাঁর এই হৃদয়খানি বহন করে এনেছিলেন—কোন বিরূপতা নয়, বিরোধিতা নয়—নয় কোন বিদ্বেষ। মিস্ মার্গারেট নোবল্ তাঁদেরই একজন ছিলেন যাঁরা তখন ভারতবর্ষের সর্ববিধ দণ্ডমুণ্ডের অধিকর্তা—কিন্তু জাতি এবং পদমর্যাদার সে অপরিচয়কে সারা জীবনের সাধনা দিয়ে তিনি বহুদূরে সরিয়ে রেখেছিলেন। এদেশে তাঁর পূর্বাপর একটিই পরিচয়—'রামকৃষ্ণ-বিবেকানন্দের নিবেদিতা।'

সংশয় ও অশান্তচিত্ততার এক সন্ধিমুহূর্তে তরুণী মার্গারেট প্রাচ্যবাণীর যোগ্যতম বাহককে প্রত্যক্ষ করেছিলেন। কোন সম্ভাবনা এবং আহ্বানের প্রতীক্ষায় মন তখন তাঁর চঞ্চল। সে আহ্বান— অভাবিত ভাবেই তিনি অনুভব করলেন স্বামী বিবেকানন্দের সাহচর্যে এসে। স্বামীজীর পরমত-সহিষ্ণু ঔদার্য, তাঁর ধর্মপ্রচার ও ব্যাখ্যার যুক্তিশৃঙখলা মার্গারেটকে মুগ্ধ করেছিল। আনন্দের সঙ্গে

তিনি লক্ষ্য করেছিলেন—এই হিন্দু সন্ন্যাসী ধর্মের নামে তাকেই আহ্বান করেছেন মানবপ্রকৃতির যা কিছু শ্রেষ্ঠ, সুন্দর—যা মানুষের 'অপবাহত মাহাত্ম্যকে' অবারিত করে। মার্গারেট তাঁকে আচার্যের বেদীতে স্থাপন করলেন এবং গুরুর সঙ্গে সেই জগতের সেবায় আত্মনিয়োগ করতে চাইলেন যে জগৎ নিরন্তর যন্ত্রণায়, পথভ্রান্তির বেদনায় দগ্ধ হচ্ছে।

অতঃপর ভারতবর্ষের মাটিতে এসে পৌঁছানোর পর্ব। স্বদেশ ও স্বজাতির অধিক মমতায় নিবেদিতা ভারতবর্ষকে আপন করতে চাইলেন। পরিণাম সর্বত্র শুভ হোল না। ভারতবর্ষের জনসাধারণের দারিদ্র্য, অজ্ঞতা, বহুতর কুসংস্কারের দৃঢ় বন্ধন এবং বহুদিনের দাসত্ববোধের ন্যুব্জতা তাঁকে প্রতি পদক্ষেপে আহত করতে ছাড়লো না। কিন্তু নিবেদিতা—তাঁর আচার্যের ভাষায়, এদেশে 'গুরুগিরি' করতে আসেননি। আর পাঁচজন মিশনারীর মত অজ্ঞ ভারতবাসীকে অন্ধকার থেকে আলোয় নিয়ে যাবার পথ-নির্দেশ করতেও তাঁর আসা নয়। নিবেদিতা আমাদের জন্য তাঁর শ্রেষ্ঠতম নৈবেদ্যটি এনেছিলেন—আপন প্রাণ। সাধারণ নারীর অতি সীমায়িত সুখদুঃখের গণ্ডিতে তাঁকে বাঁধতে যাওয়ার চেষ্টা—অপপ্রয়াস মাত্র। তবুও বলি—স্বদেশে এই কুশাগ্রধী, অনমনীয় ব্যক্তিত্বময়ী মহিলার জন্য যশ এবং প্রতিষ্ঠা সাগ্রহে অপেক্ষা করছিল। কিন্তু কর্মমুখর সে জীবনকে অনায়াসে পরিত্যাগ করে নিবেদিতা পরিপূর্ণ আত্মনিবেদনের অর্ঘ্য নিয়ে ভারতবর্ষের কাছে এসেছিলেন। এবং এই নিবেদনের ঐকান্তিকতায় কোন ফাঁক ছিল না। তাঁর শরীর, আশৈশবলালিত য়ুরোপীয় অভ্যাস, তাঁর আত্মীয় পরিজনের সনির্বন্ধ অনুরোধ, স্বদেশবাসীর তাচ্ছিল্য ও উপেক্ষা এবং যাদের জন্যই তিনি সমর্পিত-অস্তিত্ব, সেই আপামর ভারতবাসীর ঔদাসীন্য, দুর্বলতা, ত্যাগস্বীকারে অনীহা কিছুই তাঁকে প্রতিহত করতে পারেনি।

এই প্রশান্ত আত্মনিবেদন প্রথমতঃ তাঁর গুরু ও তাঁর আদর্শের প্রতি, দ্বিতীয়তঃ তাঁর আচার্যের বহুদুঃখহত দেশ ও দেশবাসীর প্রতি। এই আত্মনিবেদনের প্রকাশে তিনি লোকজননী—ভারতবর্ষের জাতিবর্ণ-ধর্মসম্প্রদায়-নির্বিশেষে মানুষের প্রতি সুনিবিড় মমতায় কল্যাণময়ী। রামকৃষ্ণ-বিবেকানন্দের ভাবলোকে যে ভারতবর্ষকে নিবেদিতা প্রত্যক্ষ করেছিলেন—সে ভারতবর্ষকে তিনি বন্দনা করেছেন প্রেমে, করুণায়, মৈত্রীতে।

ধর্মকে কেন্দ্র করে অদ্যাবধি যত বিদেশী ভারতবর্ষের মাটিতে পা দিয়েছেন নিবেদিতাই তাঁদের মধ্যে একমাত্র—যিনি দল তৈরী করার জন্য আসেননি। ভারতবাসীর সব দোষ, ত্রুটি এবং অজ্ঞতাকে মেনে নিয়েও তাদের কল্যাণ ও মঙ্গলের জন্যই ছিল তাঁর সর্ববিধ প্রচেষ্টা। নিবেদিতার স্পর্শাতুর মন, তাঁর অতিরিক্ত আবেগান্বিত মানসিকতা ভারতবর্ষে এসে বহু আঘাতকে মাথা পেতে নিয়েছে। গোপন অশ্রু ঝরেছিল কিনা—সে কথা জানা নেই, কিন্তু নিবেদিতা অসহিষ্ণু হয়ে তাঁর আরব্ধ কাজ ত্যাগ করেননি—এ সত্য ইতিহাসের অনুমোদন পাবে। ভারত-বর্ষের দরিদ্র, অশিক্ষিত, মূর্খ মানুষগুলির জন্য বহু philanthropist তাঁদের অর্থব্যয় করেছেন, বহু সমাজহিতৈষী দিয়েছেন সময়, কোন কোন দরদী তাঁর জীবন পর্যন্ত—কিন্তু নিবেদিতা সেই বিরলতম মানুষগুলির একজন, যাঁরা তাদের জন্য আপন হৃদয় উৎসর্গ করেছেন। রবীন্দ্রনাথ এ প্রসঙ্গে বলতে গিয়ে বলেছেন,—"তিনি ছিলেন লোকমাতা। যে মাতৃভাব পরিবারের বাহিরের একটি সমগ্র দেশের উপরে আপনাকে ব্যাপ্ত করিতে পারে তাহার মূর্তি তো ইতিপূর্বে আমরা

দেখি নাই।....তিনি যখন বলিতেন our people তখন তাহার মধ্যে যে একান্ত আত্মীয়তার সুরটি লাগিত আমাদের কাহারও কণ্ঠে তেমনটি তো লাগে না।"

এই 'our people'কে নিবেদিতা খুব কাছ থেকে স্পর্শ করেছেন। গণ্ডগ্রামের কোন সাধারণ মুসলমান রমণীর প্রতি তাঁর সৌজন্য অকৃত্রিম শ্রদ্ধার মিশ্রণে আন্তরিক হয়ে উঠেছে, বাগবাজারের সংকীর্ণ গলির নিরালোক বিদ্যালয়টির ছাত্রীসংখ্যা বাড়াবার জন্য অভিভাবকের কাছে আক্ষরিক অর্থেই নতজানু হয়েছেন, প্লেগে মরণাপন্ন শিশুর শেষমুহূর্তের শয্যায় উপস্থিত থাকতে দ্বিধাগ্রস্ত হন নি, একাদশীর দিন বালবিধবা ছাত্রীর জন্য আহার্য রেখেছেন—সযত্নে, নিজের স্পর্শদোষ বাঁচিয়ে। এ তাঁর ক্ষুদ্রের মধ্যে বৃহৎকে, বলা ভালো—তাঁর আচার্যের শিক্ষানুযায়ী জীবের মধ্যে শিবকে সন্ধান ও প্রত্যক্ষ করার অসাধারণ দৃষ্টিরই ফল।

স্বদেশের দুঃখদুর্দশায় কাতর বিবেকানন্দ আরব্ধ কাজ শেষ না হওয়া পর্যন্ত বারবার দেহধারণের দুঃখ বহন করতে প্রস্তুত ছিলেন। আচার্যের সে বাণী নিবেদিতার আজীবন প্রেরণার উৎস। ভারতবর্ষ আর তার মানুষ তাঁর কাছে ছিল 'প্রেয়োঽন্যস্মাৎ সর্বস্মাৎ'। ভারতবর্ষের লোকসাধারণ তাঁর হৃদয়ের ধন ছিল। তিনি উপকারের অনুগ্রহ দিয়ে তাদের ধন্য করতেন না, যথাসাধ্য প্রয়াস পেতেন তাদের ব্যক্তিগত আনন্দ বেদনার অংশ নিতে। ভারতবর্ষের ধর্ম-কর্ম, তার লোক সমাজে প্রচলিত উপকথা, গল্প-কাহিনী, তাদের পৌত্তলিক পূজা পদ্ধতি, জীবনযাত্রার বহুবিধ ভঙ্গি ও বৃত্তান্ত তিনি জননীর মমতায় পর্যবেক্ষণ করতেন। এই মাতৃস্নেহের করুণা ও কোমলতা তাঁর আচারে, অবয়বে, আগ্রহে, আবেগে সর্বদাই উচ্ছ্বসিত হয়ে উঠত। তাঁর স্নেহে কোথাও আত্মঘোষণার ফাঁক ছিল না বলেই ছাত্রীদের কাছে তাঁর আসনের মর্যাদা ছিল জননীরই মত। পল্লীবাসীর হৃদয়ে বিদেশিনীর জন্য যে প্রীতি ধীরে ধীরে পল্লবিত হয়েছিল তার মূলদেশে কোন জাতিগত বিভেদ আর শিকড় ছড়াতে পারে নি। নিবেদিতা তাঁর মাতৃত্বের দীক্ষা গ্রহণ করেছিলেন বিশ্বমাতা সারদার কাছে। এ শিক্ষা বিফলে যায়নি। ভারতবর্ষের অন্তর্লোক জয়ে তাঁর এই পরমাশ্চর্য সিদ্ধির কারণ নির্দেশ করে 'The Web of Indian Life' গ্রন্থের ভূমিকায় রবীন্দ্রনাথ বলেছেন: 'She had won her access to the inmost heart of our society by her supreme gift of sympathy....She lived our life and came to know us by becoming one of ourselves...And because she had a comprehensive mind and extraordinary, insight of love she could..discover our soul.'

কিন্তু ভুললে চলবে না নিবেদিতার শ্বেতবস্ত্রাবৃত যে ছবি আমাদের ঐতিহ্যে পরিণত হয়েছে সে মূর্তির আবক্ষ প্রলম্বিত ছিল রুদ্রাক্ষের মালা। বস্তুত: নিবেদিতা চরিত্রের পূর্ণতা সম্পাদিত হয়েছে দুই বিপরীতধর্মী বৈশিষ্ট্যের সমন্বয়ে। এক দিগন্তে তিনি করুণাময়ী জননী, আত্মনিবেদনের সৌন্দর্যে মহিমময়ী। অপর দিগন্তে তিনি নিরন্তর সংগ্রামের অক্লান্ত যোদ্ধ্রী। মিশ্রিত তাঁর প্রকৃতি ললিতে-কঠোরে। একদিকে তিনি যেমন জননীর করুণায় আপ্লুতা অপরদিকে সেই মাতৃস্নেহ আবার শাবক পরিবৃতা ব্যাঘ্রীর মতই প্রচণ্ড। যৌবনের প্রারম্ভ থেকেই নিবেদিতা এক নারী-দুর্লভ সম্পদের অধিকারিণী—সে তাঁর দৃঢ়কঠোর ব্যক্তিত্ব। রেক্সহ্যাম চার্চের অধীনে থেকে মার্গারেট যখন সমাজ সেবার ব্রতে নিয়োজিত তখন সাহায্যদানের ব্যাপারে চার্চের সঙ্গে তার বিরোধ বাধে। চার্চের সাহায্য নির্দিষ্ট

নিয়ম বন্ধনের মধ্যে। মার্গারেট চান দুঃস্থমাত্রকেই নির্বিচারে সাহায্য করতে। আপোষ-মীমাংসা তাঁর স্বভাববিরুদ্ধ ছিল। সুতরাং চার্চ ত্যাগ করতে তিনি বাধ্য হলেন। স্বামী বিবেকানন্দের মত অভ্রস্পর্শী ব্যক্তিত্বকেও তিনি নানা প্রশ্ন, নানা তর্কে যাচাই করেছেন—আনুগত্য স্বীকার তারও পরে। পরবর্তী জীবনে এই ব্যক্তিত্বের দৃঢ়তা তাঁকে সর্ববিধ অন্যায়ের সঙ্গে যুদ্ধ করতে উদ্বুদ্ধ করেছে। যেখানে মানিয়ে চলা যাবে না সেখানে মিলিয়ে চলার প্রশ্ন তাঁর মনে উঠতই না। তা তাঁর সাধ্যাতীত ছিল। স্বভাবে তিনি ছিলেন বিনম্র। পরিপূর্ণ আত্ম-উৎসর্জনের পর নিজের জন্য হাতে তিনি আর কিছুই রাখেননি। সে নিবেদনকে উচ্চকিত ঘোষণায় জগতের সামনে আনতে তাঁর স্পষ্টতই বিরাগ ছিল। কিন্তু তাই বলে নিতান্ত দুর্বলভাবে বিলুপ্ত হয়ে যেতেও তাঁর সম্মতি ছিল না। সর্বোপায়ে যা তিনি সত্য বলে মানতেন ও জানতেন,—তার জন্য কঠোর হতে তাঁর কোন দ্বিধা ছিল না।

ভারতবর্ষের মানুষের অপমানে তাঁর চোখ সজল হত কিন্তু কণ্ঠস্বরে থাকত বিদ্যুতের ঝলক। রেলের কামরা থেকে স্বাধীনতার সংগ্রাম-ক্ষেত্র—কোথাও ভারতবাসীর অবমাননা তিনি সহ্য করতে অপারগ ছিলেন। শাসক সম্প্রদায়ের কোন অন্যায়, কোন অবিচার তাদের আঘাত করতে উদ্যত হলে সেখানে তাঁর তেজ উঠত প্রদীপ্ত হয়ে। বহুবার বহু বিশ্বাসঘাতকতা তাঁর মনোবল ভেঙে দিয়েছে, বহু নীচতায় ক্লিষ্ট হয়েছে প্রাণ, আপন সামর্থ্যের বাইরে এসেও মিটিয়েছেন বহু অযোগ্যের অসঙ্গত আবদার। একমাত্র উদ্দেশ্য—নিকটতম বন্ধুর কাছ থেকেও এ হীনতাকে গোপন রাখা। বিদেশীর কাছে যারা গেছে অধিকারের দাবি নিয়ে নয়—পদলেহীর ঘৃণ্যতা নিয়ে, তাদের জন্য তাঁর রোষ ছিল বজ্রাগ্নির মত তীব্র। তাঁর পরিকল্পিত জাতীয় পতাকার কেন্দ্র-প্রতীক বজ্র—তাঁর এই সংগ্রামী মনোভাবেরই এক শিল্পসম্মত বহিঃপ্রকাশ। এ সংগ্রামমুখীনতা একেবারে অন্তর্লোক থেকে উৎসারিত বলেই নিবেদিতা সন্ত্রাসবাদের আগ্রহী পৃষ্ঠপোষক ছিলেন, একই জন্য তাঁর প্রতিষ্ঠিত বিদ্যালয়ে সর্বপ্রথম পরাধীন জাতির জাতীয় সঙ্গীত সগৌরবে সোচ্চারে গীত হয়েছে, একই জন্য, বিদ্যালয় পরিচালনার কাজে বিদেশী সরকারের অর্থসাহায্য তিনি সদর্পে প্রত্যাখ্যান করেছেন।

নিবেদিতা এক অগ্নিকণার নির্ধূম হোমানলে পরিণত হওয়ার ইতিহাস। কোমল কঠোরের এ আপাতবিরোধী সমন্বয় নিবেদিতার চরিত্রে মানবাত্মার সেই অপরূপ মহিমাকেই অনাবৃত করেছে যা মর্ত্যসীমারে বারবার চূর্ণ করে স্বর্গ-প্রাঙ্গণ পর্যন্ত আপন অধিকারকে বিস্তারিত করে।

# শ্রদ্ধাঞ্জলি ঃ

সুমিত্রা দেবী—প্রাক্তন ছাত্রী

অস্মাকং ভগিন্যাঃ নিবেদিতায়াঃ শতবর্ষপরিপূর্ত্তিদিবসঃ সমায়াতঃ। স্বামিনা বিবেকানন্দেন সা পাশ্চাত্য-দেশাৎ সমানীয় ভারতমাতৃকাচরণে সমর্পিতা। "যত্র নার্য্যাস্তু পূজ্যন্তে রমন্তে তত্র দেবতাঃ"—মনোরুক্তি-রিয়ম্। "নারীনাং সহযোগেনৈব ভারতস্য উন্নতিঃ সম্ভবেৎ"– ইতি স্বামিনঃ বিবেকানন্দস্যাপ্যাশয়ঃ।

বিদেশেষ্বন্যতমম্ অমেরিকাখণ্ডং প্রাপ্য তত্রাতুলবৈভবদর্শনেন তন্মনসি মহতী বেদনা অভূৎ। রাজসাঃ হি পাশ্চাত্যাঃ। ধর্মপ্রাণং ভারতরাষ্ট্রম্। পূর্বমাসেতুহিমাচলং প্রায়ঃ পাদচারেনৈব সঞ্চরতা তেন তদানীন্তনী দেশদুঃস্থিতিরধ্যক্ষীকৃতা। দারিদ্র্যনিপীড়িতাঃ শিক্ষাবিবর্হিতা ভারতস্য জনগণাঃ। তথাপি ধর্মসর্বস্বং রাষ্ট্রমস্মাকম্। ধর্মাচরণং চ সামর্থ্যমপেক্ষতে। ধর্মাচরণশীলেন সমাজেন প্রজ্ঞাসম্পন্নেন ভাব্যম্। সাম্প্রতং ভারতস্য সা প্রজ্ঞা নষ্টা। ইদানীং মহতা কালেন বিদেশীয়ব্যামোহেন মোহগ্রাহগ্রস্তাঃ খিন্নমানসাঃ ক্ষুৎপিপাসাকুলা বিস্মৃতস্বদেশীয়কুলাচারাঃ জনগণাঃ। তেষাং হৃদয়ভেদকরং কারুণ্যপূর্ণং শোকনাদমাকর্ণ্য স্বামী "অভীরভীরিতি" বেদান্তডিণ্ডিমেন প্রাদুরভবৎ।

বদ্ধানাং পাশং মোচয়িতুং, দীনানাং ক্লেশভারং শ্লথয়িতুমগ্রগঃ স তেষাং প্রজ্ঞাসম্পাদনায় সুশিক্ষণ-মাবশ্যকমিত্যমন্যত।

সমাজস্য দ্বে অঙ্গে স্ত্রীচ পুমাংশ্চেতি। তথা চ শ্রুতিঃ—"ইমমেবমাত্মানং দ্বেধা পাতয়েৎ স্ত্রীচ পুমাংশ্চেতি"। উভয়োঃ কৃতে তৎ শিক্ষণং সমাবশ্যকম্। নারীণামবমাননা চ বর্ত্তমানস্য ভারতস্য স্খলণকারণমেকমিত্যপি তেনাবধারিতম্। "শক্তিং বিহায় জগদুদ্ধরণমসম্ভাব্যমিতি মন্যমানেন তথা চিরাবধীরিতানাং ভারতীয়ানাং নারীনাং মধ্যে তাদৃশী "সিংহী" নোপলভ্যতে—ইত্যাশঙ্ক্য পাশ্চাত্যদেশাৎ তেন নারীরত্নমিদং নিবেদিতারূপং সমাহৃতম্।

ভারতস্য কৃতে শক্তেরুদ্‌বোধনায় বলিদানমেকমাবশ্যকম্। প্রতীক্ষয়া কালং নয়ন্তি ভারতললনাঃ। সা শক্তিপূজা আরভ্যতে। পূজায়া আদৌ যৎ পূতং বলবীর্য্যান্বিতং ক্ষত্রিয়শোণিতং চাপেক্ষিতং, স্বামিবচনেন নিবেদিতায়া আত্মনিবেদনেন তৎ পূর্ণতাং লেভে।

মহতা যত্নেন স্নেহেন চ পরিপালিতা স্বামিনঃ মানসকন্যা নিবেদিতা। দৃঢ়চিত্তাং সোৎসাহাং তাং সর্বথা সুযোগ্যাং বিধাতুকামেন স্বামিনা বহুধা প্রযত্নঃ কৃতঃ। ভারতীয়সেবায়াং স্ত্রীশিক্ষণে চ তস্যা সামর্থ্য-

মনিত্তবসাধারণঃ সমালক্ষ্যত ইত্যাপি বিজ্ঞাতং তেন। অপি চ তস্যাঃ স্বভাবস্বাতন্ত্র্যমনুপেক্ষ্য স্বামীজী সর্বক্ষেত্রেষু স্বাতন্ত্র্যেন সহৈব তাং ভারতীয়ভাবধারণযোগ্যাং সুবিদধে।

বিবেকানন্দসংসর্গেণ তস্যাঃ ভাবনা স্বাভাবিকানন্যলব্ধবিমর্শনচাতুরী চ ভারতীয়ভাবমনুসৃত্য প্রবাহিতা। "আদানং হি বিসর্গায় সতাং বারিমুচামিব"। অতস্তস্যাঃ জীবিতস্য চতুর্দশবর্ষাণি ভারত-কল্যাণার্থমত্রৈব ব্যয়িতানি। সা শুভ্রবস্ত্রাবৃতা অক্ষমালাপরিশোভিতা, অনুদিনং "ভারতবর্ষ ভারতবর্ষ" ইতি জপন্তী কলিকাতায়াং বাগবাজার নাম জনপদে কালং নীতবতী। ন কেবলং তয়া স্বদেশস্বজনানুষঙ্গঃ পরিত্যক্তঃ স্বকায়মপি তু সর্বাত্মনা সমর্পিতং বহুজনহিতায় বহুজনসুখায়।

যা অনুজ্ঞা গুরুণা বিঘোষিতা তাং শিরসি নিধায় তত্র স্থিতানাং বালানাং শিক্ষণার্থং ক্ষুদ্রং বিদ্যায়তনং তয়া সংস্থাপিতম্। একদা বেদান্তকেশরিণা যুগাচার্যেণ বিবেকানন্দেনোক্তম্—"ভারতীয়ানাং নারীণাং কল্যাণায় সন্তি মে কেচন সংকল্পাঃ। মন্যেঽহং ত্বমেব তান্ সংকল্পান্ কর্মাণি পরিণময়িতুমর্হসীতি"— পরিগণিতঞ্চৈবম্—"ভারতস্য কৃতে বিশেষতঃ ভারতীয়নারীনাং কৃতে পুরুষাপেক্ষয়া নার্যাস্তত্তঃ কস্যা অপি সিংহ্যা আবশ্যকম্। তয়াদত্তা শিক্ষা তব পূততাপারা প্রীতি, সর্বাসামেতাসামুপরি ধমন্যাং তে প্রবাহিতং "কেল্টিকং" জাতীয়ং রুধিরং তাং যথোক্তরূপাং রমণীং নির্মমে।" বস্তুতঃ বিবেকানন্দহৃদয়-ভাবপোষিতা সৈব কন্যা দেদীপ্যমানমাদর্শদীপমাদায় নারী সমাজস্য মূর্ধ্নি স্থিতা সরণীং প্রদর্শয়ামাস। শ্রীসারদামাতুর্নিয়ন্ত্রণে দেশকাল্যব্যবহারানভিজ্ঞা সা গৃহস্থস্য গৃহদ্বারি স্থিতা সাঞ্জলিবদ্ধাং বালিকাং শিক্ষণার্থং যাচতে স্ম। বিদ্যালয়স্য কৃতেঽর্থাগমাভাবাৎ সা পুস্তকলেখনমপি স্বীচকার।

এবং কায়েন মনসা বাচা যত্নতস্তয়া বিদ্যায়তনং প্রতিষ্ঠিতম্। তত্ত্বতঃ শোণিতদানেন সর্বং বিনির্মিত-মিতি মন্যামহে বয়ম্। তস্যাঃ প্রযত্নস্য নিদর্শনভূতস্তদ্‌হৃদয়রুধিরপোষিতঃ স বিদ্যালয় শাখাভিরু-পশাখাভিরুপচিতঃ সমধিকতরং সাফল্যং ভজতেঽধুনা।

শিক্ষায়তনকার্য্যং দৃঢ়তরং জাতম্। ততঃ লোকসেবায়াং তস্যা মহদভিলাষঃ সঞ্জাতঃ। দেশ-মাতৃকায়াঃ পরবশগ্লানিবিদূরণে তস্যাঃ প্রয়াসঃ প্রাপ্তাবসরঃ।

তস্যা আরভ্যমানং বিদ্যালয়ং পবিতঃ তৎকালীনা বহবঃ মনীষিণস্তত্র সমাগতাঃ। তস্যাঃ প্রগাঢ়যুক্তা অনুপমবাদশক্ত্যা ভারতপ্রীত্যা, সর্বক্ষেত্রেষু ভারতপ্রবোধপ্রযত্নেন চ তেহতীব বিস্ময়মাপন্নাঃ।

"ধর্ম এব জীবিত-সর্বস্বং ভারতস্য" "প্রাচীনকালাদাবভ্য অস্মদ্‌রাষ্ট্রস্যান্যৎ কার্য্যং নিযুক্তং বিদ্যতে।

আধ্যাত্মিকবলস্য তবঙ্গঃ যোগ্যসময়ে যোগ্যস্থলে চ ধমন্যাং প্রসারণীয় ইতি বিদ্যতেঽস্মাকং কার্যম্"—বিবেকবাণী বিঘোষিতা ইয়ম্। আধ্যাত্মিকতৈব ভারতস্যাভিবৃদ্ধেরেকা সরণী। আধ্যাত্মিক-তায়াঃ পূর্ত্তয়ে ভারতস্যাদ্যাপি স্থিতিরালক্ষ্যতে। গুবোবভিপ্রায়োহয়ং নিবেদিতয়া সুষ্ঠু অবধারিতঃ। আধ্যাত্মিকতায়ামেব ভারতস্য দেশীয়তা নিহিতা। অতঃ নিবেদিতায়াঃ সকাশং দেশীয়তা নাম আধ্যাত্মিকতাং বিহায় ভিন্নং কিমপিনাসীৎ। এবং তয়া সর্বেষু ক্ষেত্রেষ্বেব দেশীয়তায়াঃ উদ্‌বোধনে প্রোৎসাহনং বিস্ময়াবহং নাভূৎ। ভারতস্য মৃত্তিকায়াং যদধ্যাত্মং বীজমুপ্তং শিক্ষাবারিসিঞ্চনেন স্বতন্ত্রতা-

বলয়েন ওজস্বিতাদিবাকরেন তথা সর্বাত্মনা শিল্পসাহিত্যভূমিকর্ষণেন তস্যাঙ্কুরোদগমঃ—স্যাদিত্যেব তস্যাঃ মতং সুবিদিতম্।

অতঃ শিল্পাচার্যাঃ "অবনীন্দ্রনাথঃ" বিশ্বকবি "রবীন্দ্রনাথঃ" ঋষিঃ "অরবিন্দঃ" বৈজ্ঞানিকঃ "জগদীশচন্দ্রঃ"—ইতি মহামনীষিণস্তয়া লব্ধপ্রেরণাঃ স্বক্ষেত্রেষু সোৎসাহেনানলসাঃ বভূবুঃ। "তে স্বেষাং ভারতীয়ত্বে গৌরবং ধারয়েয়ুঃ"—ইতি ভগিনা সর্বথা প্রবিতমাসীৎ।

ভারতীয় সেবায়াং সমর্পিতপ্রাণা সা তৎকালীনসর্ববিদগ্ধজনসমাদরণীয়তাপদমুপাগতা। এবং বিবেকানন্দমানসদুহিতা চেতনাময়ী বিদ্যুল্লতেব ভারতপ্রদেশেষু লোকান জাগরয়িতুং সঞ্চচার। লোককল্যাণপরয়া নিবেদিতয়া প্রেমগঙ্গেব সেবয়া শিক্ষায়া চিন্তনেন রচনয়া কায়েন জীবিতদানেন সর্বাত্মনা ভারতজননী উপাসিতা উপসেবিতা চ। ভারতস্বাধীনতাসংগ্রামাকৃষ্টা তস্যা স্বকীয়া রচনা অদ্য মনীষিভিঃ বহুধা সমাদ্রিয়তে। সা হি পুণ্যশ্লোকা নিবেদিতা লোকমাতা" "মহাশ্বেতা" "দেবী"—ইতি বহুধাঽভিহিতা অস্মদ্দেশবাসিভিঃ।

সত্যং শক্তিপূজা সমারব্ধা। যা শক্তিঃ বিবেকানন্দেন নিবোধিতাসীৎ স কামিতা সা নূনং ভারত-ললনাস্বপি জাগরিতা ভবিষ্যতি। তস্যাঃ কার্যভারোঽস্মৎপ্রকাশমেবাদ্য সমর্পিতঃ। কিং প্রশংসা-বচনমস্মৎপক্ষে রচয়ামঃ বয়ম্। যস্যা সর্বস্বং ভারতহিতায় নিবেদিতং তৎপ্রসাদেনাস্মাকং কৃত্যং সফলং ভবত্বিতি—প্রার্থনা।

তস্যা স্মৃতিমুদ্দিশ্য বাঙ্ময়মর্ঘ্যং রচয়ামঃ—

বাসো বসানা বিশদং বিশালং
স্মেরাননা শশ্বদুপাত্তশান্তিঃ
রুদ্রাক্ষমালাবিলসচ্ছিরোধিঃ
বিভ্রাজতেঽসৌ হৃদয়েঽস্মদীয়ে ॥

---

# জননী নিবেদিতা

বনফুল

আলো, হাওয়া, গন্ধ, রূপ, সুর, স্বপ্ন
বিশেষ কোনও দেশের সম্পত্তি নয়।
এরা সর্বকালের, সর্বদেশের সর্বমানবের।
এদের মহিমা
স্পর্শ করে সকলকে
ধন্য করে, মুগ্ধ করে, পবিত্র করে।
মা-ও তেমনি।
মায়েরাও সব দেশেই প্রসারিত করে রেখেছেন
সেই মাতৃ-হৃদয়
যার কাছে ঋণী সমস্ত মানব-সন্তান,
সন্তানের মঙ্গলের জন্য যা
নিজেকে অহরহ নানা রূপে রূপায়িত করছে,
যা
কখনও নদী, কখনও পর্বত, কখনও আকাশ,
আলো-হাওয়া-গন্ধ-রূপের বৈচিত্র্যে
যা অনবদ্য, অপরূপ, নিত্য-নব-রূপান্বিত
কিন্তু আসলে যা মাতৃহৃদয়
যা সর্বকালের, সর্বদেশের, সর্বমানবের
রক্ষয়িত্রী, পালয়িত্রী, মাতৃমহিমা।
মহীয়সী নারীরা সবাই মা।
ওগো বিদেশ-নন্দিনী নিবেদিতা,
তাই তুমি আমাদের দেশে বেমানান হওনি,
যারা তোমার নাম দিয়েছিল ভগিনী নিবেদিতা
( খৃষ্টান মিশনারিদের নকলে )
জানি না তারা জানত কিনা
যে ভগিনীর অন্তর সিংহাসনে
সমাসীন আছেন সেই চিরন্তনী জননী

যিনি সন্তান-শুভাকাঙ্ক্ষিণী
যিনি সেই মহাপ্রেমের প্রতীক
যে প্রেম শ্যামল করে উষর মরুকে,
যার স্পর্শে
কণ্টক রূপায়িত হয় পুষ্পে,
যা অহরহ নিজেকে বিলিয়ে দিয়েও
নিঃশেষ হয় না,
হয় আরও প্রসারিত, আরও প্রস্ফুটিত
সাগর হয় মহাসাগর,
সামান্য সুখ অসীম তৃপ্তির আনন্দে
বিলীন হয় ভূমার অনন্ত ব্যাপ্তিতে।
সেই জননী নিবেদিতা
ভগিনী নিবেদিতার মধ্যে মূর্ত আজ।
তাঁকে সহস্র প্রণাম জানাই।

— ——— —

# স্মৃতি-তর্পণ

বীণাপাণি বসু রায়

নিবেদিত জীবনের অর্ঘ্যপাত্র হতে
কুসুম চয়ন করি মমসাধ্য মতে
স্মৃতি-আরাধনা লাগি মালা গাঁথি তার
নিবেদন করি দেবী—উদ্দেশে তোমার।

* * *

সুদূর সাগর পারে শীতের সন্ধ্যায়
আচার্য-দর্শন লাভ প্রথম ধরায়।
গৈরিক বসনধারী আত্ম-সমাহিত
বিবেকানন্দ যতি। হতেছে ধ্বনিত
'শিব' নাম অচঞ্চল শান্ত কণ্ঠস্বরে।
অমর্ত্যের দিব্যজ্যোতি ললাটের পরে
রহিয়াছে মূর্ত হয়ে। পরম সে ক্ষণে
'মার্গারেট'—জন্মান্তর লভিলেন মনে।

* * *

সন্ন্যাসীর উদাত্ত আহ্বান—প্রবেশিল
অন্তরের অন্তঃস্থলে। যাহা কিছু ছিল
একান্ত আপন তাঁর—প্রিয় পরিজন,
আজন্মের পরিচিত আত্মীয় স্বজন,
আবাল্যের শতেক সংস্কার, নিজ দেশ
চির আকাঙ্ক্ষিত গৃহ-কর্মপরিবেশ—
ত্যাগ করি চলিলেন ভারতের তরে
স্বামীজীর দিব্যাশিস্ ধরি শির পরে—
"আমরণ রহিবেন সাথে এ ধরায়
কর্মে—কর্ম অবসানে—আশা নিরাশায়।"

* * *

চিহ্নিত দিবস সে যে সোনার অক্ষরে
'জননীর' কৃপাদৃষ্টি যেদিন অন্তরে
লভিয়া আনন্দে গেছে হৃদয় ভরিয়া।

'মা' তাঁহারে নিয়াছেন আপন করিয়া—
কল্যাণ-কোমল করে স্পর্শ করি তাঁরে
আশীর্বাদ দিয়াছেন প্রণতা কন্যারে।

*　　　　*　　　　*

পুণ্য জাহ্নবীর কূলে পূত পরিবেশে
দীক্ষা লাভ হল তাঁর। নিজেরে নিঃশেষে
করিলেন সমর্পণ। ইষ্টদেবতারে
নিবেদন করি, গুরু নাম দেন তারে—
'নিবেদিতা'—দেহে মনে ধ্যানে ও চিন্তায়
নিবেদিতা—সবকর্মে সব তপস্যায়।

*　　　　*　　　　*

বিদ্যালয় প্রতিষ্ঠিয়া পরিশ্রম কত
করিছেন হাসিমুখে। ক্লেশ দুঃখ শত
সহিছেন—ভারতী-কল্যাণ ব্রত তরে।
আলোহীন বায়ুহীন অন্ধকার ঘরে
অর্ধাশনে অনশনে দিন যায় তাঁর।
ক্লান্তিহীন লেখনীতে রচনা সম্ভার
নিয়ত বাড়িয়া উঠে। আপনার কথা
ক্ষুধা তৃষ্ণা—ভাবিবার অবসর কোথা?

*　　　　*　　　　*

সহসা পশিল আর্তক্রন্দনের ধ্বনি
অন্তরে—শিহরি উঠি রাখিয়া লেখনী
চলিলেন—মৃত্যু যেথা দাঁড়ায়েছে আসি
বালিকা-শিয়রে। নয়নের জলে ভাসি
ব্যাকুলা জননী খোঁজে তাহার কন্যারে।
পাশে বসি ধীরস্বরে বলিলেন তারে—
"মহামায়া নিয়াছেন তনয়া তোমার,
শান্ত হও—মার কোলে সন্তান তাঁহার।"
কি জানি কী ছিল সেই শান্ত কণ্ঠস্বরে
জননী সান্ত্বনা লভে শোকার্ত অন্তরে।

*　　　　*　　　　*

ভারতে বাসিয়া ভাল আপনার করে
নিয়েছেন তারে—তাই তার তরে
অন্তরাত্মা কাঁদিয়াছে—পরাধীনতার

ব্যথা বাজিয়াছে বুকে। সর্বদিকে তার
সজাগ সস্নেহ দৃষ্টি—তাব ইতিবৃত্ত
শিল্পকলা, রাজনীতি, বিজ্ঞান-সাহিত্য
তাঁরি দানে নবজন্ম যেন লভেছিল।
আন্তরিক যোগাযোগ গড়িয়া উঠিল
ভারতের মনীষী ও গুণীজন সাথে—
কত চিন্তা আলোচনা নিত্য দিনে রাতে।

* * *

জীবন সায়াহ্নে তাঁর হিম-শৈলাবাসে
শেষ হল সর্বসমর্পণ। শেষ-শ্বাসে
নূতন আশার বাণী উচ্চারণ করি
ডুবে গেল চিরতরে জীবনের তরী।
পূর্ণ হল এ জন্মের ব্রত উদ্‌যাপন
আপনারে নিবেদন হল সমাপন।

[ শতবর্ষ জয়ন্তীর নৈবেদ্য থালার
একান্তে রহিল অর্ঘ্য স্মৃতির পূজার। ]

# নিবেদিতা

কমলা সেন

দেবতার কল্যাণবাণী বহন করে এলে তুমি
অপূর্ণ মৃত্তিকা প্রাঙ্গণে।
আর সেই অপূর্ণকে পূর্ণ করার সাধনায়
আপনাকে নৈবেদ্য করে দিবস-রাত্রি চলেছে তোমার ব্যাকুল সাধনা।
জড়বাদী পশ্চিমের বধিরতার মাঝে তোমার প্রতীক্ষা-
কবে বিশ্ববিবেকের অশ্রুত বাণী ধ্বনিত হবে তোমার মর্মে,
আর সেই প্রাণদেবতার চরণচিহ্ন বুকে অংকিত করে
বিকশিত হবে তোমার প্রাণপদ্মখানি।
(এক শুভক্ষণে সত্যের হিরণ্ময় আবরণ উন্মোচিত হল;)
সূর্যের মতো যে বিশ্বপথিক চলতে চলতে একবারও থামেনি
তার আলোকস্পর্শে জ্যোতির কমল ফুটে উঠল তোমার অন্তরে।
'ত্যাগেনৈকে অমৃতত্বমানশুঃ—ভারতের এই শাশ্বত বেদবাণী
ঝংকৃত হল হৃদয়তন্ত্রীতে—শুরু হল সাধন তীর্থের পথে তোমার যাত্রা।
আর তখন ঊর্মিমুখর পশ্চিম সমুদ্র পার হয়ে এলে পূর্বের তটপ্রান্তে
সেই মৃত্তিকাকে চুম্বন করলে আপন ভূমি বলে।
আত্মবিস্মৃত অমৃতের সন্তানকে উদ্বোধিত করার নবীন তপস্যা তোমার,
তাই অশিবের হলাহল পান করে, হৃদয়-মন্থন-করা সুধার সর্বোত্তমটুকু
দিয়ে রক্ষা করলে তাকে প্রতিমুহূর্তের মৃত্যু হতে।
জ্যোতির্ময়ী শিখা তুমি—তোমার বহ্নিতেজে দগ্ধ হল তার মুগ্ধ আবেশ।
পরাধীনতার পঙ্কে আকণ্ঠনিমজ্জিত জাতির অচেতন প্রাণে
চেতনার সোনার কাঠি ছুঁইয়ে দীক্ষিত করলে অগ্নি মন্ত্রে।
আনত ললাটের পঙ্কতিলক মুছে দিয়ে পরিয়ে দিলে জয়ের টীকা,
যাতে উন্নতভালের জ্যোতি ঠিকরে পড়ে, দিক হতে দিগন্তরে।
অজ্ঞ, মূর্খ, সংস্কারের কঠিন নিগড়ে বাঁধা এই অবহেলিত জাতি—
যাদের অবজ্ঞায় রক্ত ঝরেছে তোমার হৃৎপিণ্ড থেকে—
তাদেরই দেওয়া দুঃখবেদনার কণ্টকজ্বালা সইলে
মায়ের ভালোবাসায় আর হৃদয়ের সকরুণ মমতা দিয়ে

ক্লেদগ্লানি মুছে দিয়ে স্নিগ্ধ করলে তাদের তাপিত অন্তর।
লাঞ্ছিত এই মানবের অন্তর-শিবের কাছে
নিঃশেষে আপনাকে সমর্পণ করে ধন্য হলে।
জীবনের যাত্রাশেষে তীর্থের দীপ্ত শিখর উদ্ভাসিত হয়ে উঠল।
মর্ত্যধূলির মালিন্য ধৌত করে মৃত্যুস্নাত তুমি উত্তীর্ণ হলে দেবলোকে।
শতবর্ষের পরমলগ্নে জাতির প্রাণে আজ প্রণামের ইচ্ছা জেগেছে
কিন্তু প্রণাম তোমার চরণে পৌঁছবে কিনা যখন সংশয় জাগে,
তখন ভাবি—আমাদের তামসিকতাকে দগ্ধ করতেই তোমার নিঃশব্দ দহন
আর সুকঠিন তপস্যা, আর তাই জানি
তোমার প্রতি নিবেদিত আমাদের প্রণামের ইচ্ছাই
পরমশক্তির আধার হয়ে আমাদের যোগ্য করে তুলবে
তোমাব উত্তর সাধনার আর তোমাকে প্রণামের ।।

# তাঁহারে প্রণাম করি

প্রব্রাজিকা বিশ্বপ্রাণা

শতাব্দীর নমস্কার লহ নিবেদিতা।
ধরি বিদেশিনী তনু, অয়ি অনিন্দিতা,
আসিলে ভারতে তুমি গুরুর আহ্বানে
দুঃখভার-জর্জরিত আর্ত জনগণে
সেবিবার তরে। তোমার আহ্বান
তবু বাজেনাতো প্রাণে! তুমি অনির্বাণ
দীপশিখা সম জ্বালাতে চাহিয়াছিলে
ভারত আত্মারে। যবে ডাক দিলে
'জাগো, ভারত সন্তান', তব বজ্রবাণী,
জাগায়ে তুলিয়াছিল ভেদি মর্মখানি,
কতশত যুবকেরে। অয়ি লোকমাতা,
আজিও ডাকিছ তুমি। হের মহাশ্বেতা,
হে ভারতবাসী, শিয়রে দাঁড়ায়ে তব,
সেবিকা, বান্ধবী, মাতা একাধারে সব।
তাঁহারে প্রণাম করি শতাব্দীর শেষে
লহ কর্মভার। বল পরম আশ্বাসে,
তোমার পতাকা মোরা বহিব যে শিরে,
চিররাত্রি, চিরদিন, নাহি যাব ফিরে।

# নিবেদিতা

স্বামী নিরাময়ানন্দ

সুন্দর নির্মল শুভ্র প্রস্ফুটিত মুগ্ধ পুষ্পসম
উষার প্রথম সাথী শুকতারা শান্তিস্নিগ্ধতম।
অন্ধরুদ্ধ রাত্রিশেষে, আলোকের তুমি অগ্রদূত
দেবীপদে নিবেদিতা তুমি দেবী অপূর্ব অদ্ভুত।
প্রথম উষার যাত্রী আধ আলো আধ অন্ধকারে
পরাণে বিশ্বাস-আশা, পথভরা কণ্টকে কঙ্করে।
ক্ষীণতনু, শুভ্র শান্ত, রক্তহীন—শুধু শক্তিভরা
পার্বত্য তীর্থের যাত্রী চলিয়াছে—দেখি ক্লান্তিহরা।
যোদ্ধা তুমি, বক্ষে তব ধ্বনিতেছে সৈন্যের সাধনা
চক্ষে তব উছলিছে বিদ্রোহী ও কবির কল্পনা।
হে দেবী, তোমার যুদ্ধ একাকিনী দুঃখ-দৈন্য সাথে
সে যুদ্ধ-কাহিনী তব থাক ভরা মৌন বেদনাতে।
আঁধারের সাথে যুদ্ধ আলোকের মুক্তিপিপাসায়
তাহারি ঝঙ্কার বাজে দেবী, তব জীবন গাথায়।

হে তাপসি, কবে কোথা কোনদিন উঠিল জাগিয়া
অন্তরে পিপাসা তব অনন্তের আলোক লাগিয়া?
কেন সে উঠিল জাগি সুখতন্দ্রা ছাড়িয়া মধুর,
শান্ত কেন হ'ল না সে বিলাসের বক্ষে সুখাতুর?
অনন্ত ঐশ্বর্য মাঝে তৃপ্ত কেন হ'ল নাকো প্রাণ?
কী টানে টানিলে দেবী, ভারতের দারিদ্র্য মহান্?
তুমি বুঝি ভারতের শাপভ্রষ্টা তাপসী তনয়া,
তাই তব তার তরে এত মায়া এত স্নেহ দয়া?
তাই বুঝি সে বন্ধন জন্ম হতে যায় জন্মান্তরে
রুধিয়া রাখিতে যারে দেশান্তরে পর্বতে সাগরে।
পথ ভুলে গিয়াছিলে অতি দূর পশ্চিম প্রবাসে
অথবা মিলন ছলে দেবতার লীলার বিলাসে

আধ তব অনিচ্ছায় হয়ত বা আধেক ইচ্ছায়
ভারতের লাগি তুমি ভাবময়ি আসিলে ধরায়।
শৈশবে কৈশোরে কভু কতদিন পড়িয়াছে মনে
বিস্মৃত জীবনকথা ধরা দিত নিশীথ স্বপনে।
তারপর প্রেমময় জ্ঞান সূর্য যবে দেখা দিল
হৃদয় নন্দন-বনে পারিজাত ফুটিয়া উঠিল।

সযতনে সঙ্গোপনে অন্তরের সেই অর্ঘ্য নিয়া
সুদূর পশ্চিম হতে জাতিকুলে জলাঞ্জলি দিয়া
এলে তুমি, ভারতের বেদীমূলে হ'লে সমর্পিতা।
বিজয়িনি, হে বিজিতা, দেবী তুমি, তুমি নিবেদিতা।
'ভারত, ভারত' তব জপমন্ত্র ছিল অনিবার
জানিনা দেখিয়াছিলে কী নয়নে কী মুরতি তাঁর?
তুষারমণ্ডিত তাঁর হিমালয়ে ধূসর ছায়ায়
দিগন্তবিস্তারী তার শ্যামলিমা সুনীল ছায়ায়—
কলহাস্য মুখরিত চল চল তরঙ্গিনী কূলে
অথবা শীতল ছায়ে সুবিশাল বিটপীর মূলে
জানি না নীরব নেত্রে কী দেখিতে কী ভাবিতে তুমি
হয়ত স্বপ্নের মত মনে হত 'প্রিয় জন্মভূমি'।

তুমি কি ভাবিয়াছিলে ভারতের প্রতি দিকে দিকে
দেবতারা খেলা করে? শিব ভালোবাসিছে গৌরীকে?
বুদ্ধ আজো ধ্যানে বসি ফল্গুতীরে বোধিতরুতলে?
ইন্দ্রদেব বৃত্রাসুরে বজ্রহানে দধীচির বলে?
তুমি কি ভাবিয়াছিলে ভারতের অরণ্যের মাঝে
ঋষিদের বেদগান সন্ধ্যারাগে সামস্বরে বাজে?
আজো বুঝি জনকের জ্ঞানগর্ভ মহতী সভায়
গার্গী ওঠে ব্রহ্মবাদে পরাজিত হেরিয়া সবায়?
তুমি বুঝি ভেবেছিলে আজো সেই যমুনার তীরে
গোপালনন্দন কৃষ্ণ বেণু লয়ে ধেনু লয়ে ফিরে?
আজিও ডাকিয়া যায় বংশীধ্বনি মিলনসঙ্কেতে?
কখনো শঙ্খের ধ্বনি লয় টানি মরণ অঙ্কেতে?
তুমি কি দেখিয়াছিলে ভারতের—অণু পরমাণু
গিরি গুহা শিখর প্রান্তর নদ নদী বন স্থাণু

সবি দেবময় ? ভারতের কৃশ নগ্ন অর্দ্ধমৃত
জীবচয়,—তারাও দেবতা তব হল নির্বাচিত।

হে দেবি, জীবন দিয়া—দিব্য তব নব দৃষ্টি দিয়া
মৃত এ সুপ্তির মাঝে নব সৃষ্টি যাইলে আঁকিয়া।
তোমার মোহনমন্ত্রে সুকঠোর ঝঙ্কারে আঘাতে
জাগাইয়া যাও আজ, ভারতের প্রাণের বীণাতে
নবযুগ জীবনের মহামন্ত্র—যাও বাজাইয়া
তোমারি দেবতা লাগি এ মন্দির যাও সাজাইয়া।
অম্লান কুসুমমালা দিকে দিকে কর প্রস্ফুটিতা
দেবতা-চরণতলে হোক্ তারা চির নিবেদিতা।

( উদ্বোধন পত্রিকার ১৩৫০ সালের চৈত্র সংখ্যা হইতে লেখকের অনুমতিক্রমে পুনর্মুদ্রিত )

# ভগিনী নিবেদিতা

শ্রীসজনীকান্ত দাস

হিমবৎ-কন্যা তুমি, হৈমবতে সমর্পিত প্রাণ
কন্যা শুদ্ধা নিবেদিতা, নহ তুমি হৈমবতী সতী—
ডাক দিল গুরু যবে সাধিবারে ভারত কল্যাণ,
সে আদেশ শিরে ধরি, বিদেশিনী, হইলে ভারতী।
বহ্নিস্পর্শে বহ্নি তুমি, নাশি' জড়ত্বের অন্ধকার
ভারতের অন্তঃপুরে জ্বালালে জ্ঞানের দীপালোক,
যেথা ব্যাধি মহামারী দারিদ্র্য দুর্ভিক্ষ হাহাকার
সেথা তুমি নিত্য জাগো সেবাস্নেহে বিদূরিতে শোক।
যেথা ছায়াভয়ভীত মানুষের আত্মাবমাননা,
অধীনতা-কারাগারে ভীত ত্রস্ত দেশের পৌরুষ—
বিপ্লবের অগ্নি জ্বালি' তুমি বজ্রসুকঠিনমনা
আরাম আলস্য নাশি' বহাইলে বেদনার ক্রুশ।
তোমারে প্রণাম করি ভগিনী ভারত-নিবেদিতা।
সাহিত্য-বিজ্ঞান-শিল্প সর্বোদয় সবার বন্দিতা।।

( নিবেদিতা বিদ্যালয় পত্রিকার সুবর্ণ-জয়ন্তী সংখ্যা হইতে পুনর্মুদ্রিত )

# স্বামীজীর স্মৃতি

## সিস্টার ক্রিস্টীন

মাঝে মাঝে এমন এক একটা সময় আমাদের আসে, যখন জীবনের স্রোত নিতান্তই একঘেয়ে একটানা মনে হয়। খাওয়া, পরা, শোওয়া—দিনের পর দিন সেই একই রীতিতে চলেছে; সেই সাধারণ গল্পগুজব—নূতনত্বহীন একঘেয়ে চিন্তার ধারা—সনাতন সংসারপ্রবাহ। হঠাৎ হয়তো শোক তাপ বা একটা কিছু অঘটন ঘটল, জোর এক ধাক্কা আমাদের শরীর মনে এসে পড়ল। তাতে আমাদের জীবনের বেগটা হয়তো কথঞ্চিৎ কমে আসে—একঘেয়ে ভাব খানিকটা কাটে। কিন্তু কতক্ষণ? আবার কল চলল—যথাপূর্ব সেই চিরন্তন ভাবে।

জীবনে একটা অস্বস্তি—একটা অতৃপ্তির ভাব এসে উপস্থিত হয়। তাইতো—এ গড্ডালিকা প্রবাহের তাৎপর্য কি? কিসের অপেক্ষায় আমাদের বেঁচে থাকা? তারপর হঠাৎ একদিন জীবনে সেই অভূতপূর্ব ঘটনা এসে হাজির হয়—যা জীবনের একঘেয়ে প্রবাহটাকে এক নতুন দিকে নতন ভাবে টেনে নিয়ে যায়—যার ফলে আমরা আত্মীয় স্বজন, স্বদেশ হতে দূরে—অতিদূরে এক অভিনব দেশে এক অভিনব জাতির মধ্যে গিয়ে পড়ি, জীবনটাকে যারা এক ভিন্ন দৃষ্টিতে দেখতে শিখছে—তার উদ্দেশ্য যারা ঠিক ঠিক বুঝেছে—এই লোকগুলোর ওপর কি যেন একটা অজানা আকর্ষণ আমরা প্রাণে প্রাণে অনুভব করি। আমরা তখন বুঝি, এরই জন্যে আমরা অপেক্ষা করছিলুম। আমাদের যত ছটফটানি—যত অস্বস্তি—যত অশান্তি সব চিরদিনের মত থেমে যায়।

অনেক দুঃখ কষ্টের ঘাত প্রতিঘাত সহ্য করে, অনেক উত্থান পতনের ভিতর দিয়ে, বহু জন্ম জন্মান্তরের পর ভাগ্য সুপ্রসন্ন হয়। কিন্তু এটি আবার জীবনে প্রথমেই বোঝা যায় না—ধরা পড়ে অনেক পরে। তাই সেই ১৮৯৪ সালে ফেব্রুয়ারি মাসের কনকনে শীতের এক রাত্রিতে কোন বন্ধুর সানুবন্ধ অনুরোধ এড়াতে না পেরে একটু অনিচ্ছার সঙ্গেই যখন ডেট্রয়েট সহরে ইউনিটেরিয়ান্ চার্চে একটা বক্তৃতা শুনতে বাড়ি থেকে বের হচ্ছিলাম তখন কল্পনাও করতে পারিনি যে, আজ এমন একটা কাজে বের হচ্ছি যা আমার জীবনের গতিটাকে একেবারে সম্পূর্ণ এক নূতন রাস্তায় ফিরিয়ে দেবে। বক্তৃতা শোনাটাও আমাদের দৈনিক একঘেয়ে রুটীনের একটা অঙ্গ হয়ে পড়েছিল। নূতন কিছু একটা শোনা কত দুর্লভ। আবার সেই শীতে ডেট্রয়েটে যে সব বক্তারা এসেছিলেন তাদের অস্বাভাবিক রকমের একঘেয়ে লাগছিল। কাজেই "বিবেকানন্দ—ভারতীয় সন্ন্যাসী"র বক্তৃতাতেও খুব বড় একটা কিছু আশা করে যাইনি। নিজের আগ্রহ ছিল খুবই কম—কেবল বন্ধু মিসেস ফান্কির অনুরোধটা এড়াতে পারিনি। তাঁর খুব আশা ছিল কোন না কোন দিন তিনি একটা কিছু নতুন শুনতে পাবেন। যা হোক আমরা এই 'ভারতবর্ষীয় লোকটি'র বক্তৃতা শুনতে নির্দিষ্ট স্থানে গিয়ে হাজির হলাম। এ জন্মে তো নয়ই, বোধহয়, এর

আগে যত হাজার হাজার জন্মের ভিতর দিয়ে এসেছি, তাদের কোনটিতেও এত বড় একটা ঘটনার সংস্পর্শে আসতে হয়নি। কারণ বক্তৃতা শুরুর পাঁচ মিনিটের মধ্যেই আমরা বুঝে নিলুম যে আমরা যা এতদিন ধরে খুঁজে এসেছি সেই পরশমণি আজ আমাদের সামনে। এক নিশ্বাসে আমাদের ভিতরটা যেন বলে উঠল, আঃ—এ সুযোগ যদি হারাতুম।

স্বামী বিবেকানন্দের শারীরিক গঠন সম্বন্ধে যাঁরা ভাল মত শুনেছেন তাঁরা হয়তো শুনলে আশ্চর্য হবেন যে সেই অতুলনীয় চেহারাই যে আমাদের অমন করে আকর্ষণ করেছিল তা নয়। সত্য বটে সে আকৃতি বাস্তবিকই অপূর্ব ছিল। সন্ন্যাসী বলতে আমাদের যা ধারণা ছিল—রোগা খিট্‌খিটে শীর্ণকায় ব্যক্তিবিশেষ। কিন্তু বক্তৃতামঞ্চে যিনি উঠলেন, তিনি যে তা হতে সম্পূর্ণ ভিন্ন রকমের। এই অদ্ভুত পুরুষটির শরীর থেকে কি একটা শক্তি বের হচ্ছিল যা সবাইকে যেন অভিভূত করে ফেলছিল। সে অপরিসীম শক্তির খেলা পরে মাঝে মাঝে আমরা অনেক টের পেয়েছিলাম। যাক্—কিন্তু সেই তেজোমণ্ডিত চেহারার কথা ছেড়ে দিলেও, তার পিছনে যে মনটি ছিল, সেইটেই আমাদের হৃদয়ে প্রথম গভীর ছাপ দিয়েছিল। সে মনের মহিমা, গভীরতা ও মাধুর্য বর্ণনা করতে মানুষের ভাষা অক্ষম। সাধারণ লোকের ত কথাই নেই, এমন কি যারা অতিশয় প্রতিভাবান বলে বিখ্যাত, তাঁদেরও মন, এ মন থেকে দূরে—দূরে—অতি দূরে ছিল। এর গড়নটাই যেন অন্য ধরনের। ভাবগুলো তার এত পরিষ্কার, এত শক্তিমান, এত অসাধারণ যে, তারা যে কোন সসীম মানবের বুদ্ধিপ্রসূত তা বিশ্বাসই হয়নি। সুদূর ভারতের এই প্রচারকটি তখনও ত্রিশে পৌঁছাননি। বয়সে নবীন কিন্তু প্রাচীনকালের এই সমগ্র জ্ঞানভাণ্ডারের অধিকারীর কাছে এই প্রথম আমরা ভারতের সনাতন বাণী শুনলুম—সেই মানুষের স্বরূপের কথা—অজর অমর নিত্যশুদ্ধ আত্মার কথা!! তত্ত্বমসি—অনাদি কাল থেকে তুমি পূর্ণই রয়েছ, সেই মহান্ ভূমা সৎ-চিৎ-আনন্দ স্বরূপ, কেবল ভ্রান্তিবশে বুঝতে পারছ না। একবার যদি বুঝে নিতে পার, ব্যস। আর এই অনুভূতি কার যে কখন হবে তার ঠিক নেই। হয়তো এই মুহূর্তেই অজ্ঞানের আবরণটা হঠাৎ সরে যেতে পারে কিংবা হয়তো লক্ষ বছর পরে—তা কে বলবে? কিন্তু এটি নিশ্চিত যে সকলেই একদিন সেই চরম অনুভূতি লাভ করবে।

এই শিক্ষা অতি প্রাচীন সন্দেহ নেই—হয়তো ভারতের সহস্র সহস্র হিন্দু নরনারী এতে নূতনত্ব কিছুই দেখে না, কিন্তু তবুও বিবেকানন্দের মুখে শুনতে চির নূতন। তাঁর কাছে এটি আর দার্শনিক মতবাদ বিশেষ ছিল না—এ ছিল প্রত্যক্ষ জীবন্ত সত্য। কঠোর সাধনা দ্বারা তিনি এই ব্রহ্মজ্ঞান নিজে অনুভব করেছিলেন আর স্বায়ত্ত সেই অমৃতের সন্ধান জগৎবাসীকে শুনানো ছাড়া বাকী জীবনেও তাঁর আর অপর কোন উদ্দেশ্য ছিল না।

যাঁরা প্রথম বক্তৃতাতে এসেছিলেন, তাঁরা দ্বিতীয়টিতেও না এসে থাকতে পারলেন না। তারপর তৃতীয়টিতে—চতুর্থটিতে—এমন করে দিনের পর দিন, এই অদ্ভুত পুরুষের সঙ্গ চলতে লাগল। কখনো রামায়ণ মহাভারতের গল্পের ভিতর দিয়ে, কখনো বা পুরাণ, উপকথার ভিতর দিয়ে, আবার কখনো বা উপনিষদাদি শাস্ত্রের ভিতর দিয়ে, নানা কৌশলে বিভিন্ন আকারে তাঁর উপদেশ চলত। উপনিষদ থেকে তিনি প্রায়ই আবৃত্তি করতেন। প্রথমে মূল সংস্কৃত আবৃত্তি করে, তারপর তার একটি মোটামুটি কবিত্বপূর্ণ অনুবাদ দিয়ে যেতেন। এই আবৃত্তি এক অদ্ভুত জিনিস ছিল।

শ্রোতৃমণ্ডলীর কাছে এক অপরিসীম গাম্ভীর্য এনে দিয়ে তাদের হৃদয়ের গভীরতম প্রদেশে গিয়ে তা আঘাত করত আর তারা রুদ্ধশ্বাসে নিস্পন্দ দেহে বসে থাকত। স্বামীজীর কণ্ঠস্বরও কি অদ্ভুত ছিল। বাস্তবিকই মনে হত, যেন সেই স্বর না শুনলে আসল সঙ্গীত কি তার ধারণাই হয় না। আমার মনে পড়ে তার মুখে যখন প্রথম 'ইণ্ডিয়া' এই শব্দটি শুনি, তখন থেকেই ভারতের উপর একটা অজানা আকর্ষণ অনুভব করেছিলুম। পাঁচটি অক্ষরের একটি ছোট শব্দের ভিতর দিয়ে তিনি এতটা ভাব প্রকাশ করতে পারতেন—এ যেন বিশ্বাসই হয় না। তার ভিতর ছিল ভালবাসা, প্রেম গর্ব, অনুরাগ, শ্রদ্ধা, গৌরব, কবিত্ব আরও কত কি। ভারত আমাদের প্রাণের অতি প্রিয় বস্তু হয়ে উঠল। তার সম্বন্ধীয় যত কিছু, তার অধিবাসী, ইতিহাস, শিল্প, তার নদ নদী বন পর্বত, সমাজ, ধর্ম, সভ্যতা, তার দর্শন, তার আধ্যাত্মিকতা সব আমাদের কাছে জীবন্ত হয়ে উঠত আর হৃদয়ের স্তরে স্তরে অনুভব করতুম তার উপর একটা অভূতপূর্ব ভালবাসা। 'গুরু' কাকে বলে আমরা তখনো তা জানি না, কিন্তু প্রাণে প্রাণে বুঝেছিলাম যে জন্মজন্মান্তরের প্রতীক্ষার পর এতদিনে আমরা সেই ঠিক ঠিক শিক্ষক পেয়েছি যার সংস্পর্শে মানুষ তার জীবনের পরম ধন আবিষ্কার করে কৃতকার্য হয়। আমরা অবশ্য তখনো তার সঙ্গে সাক্ষাৎভাবে আলাপ করবার সুযোগ পাইনি, কিন্তু তাতে কোন ক্ষতি ছিল না। কারণ, যেটুকু শুনেছিলুম সেইটুকুই হজম করতে যে অনেক বছরের দরকার। যাক্ সে সুযোগও কিন্তু শীঘ্রই এসে গেল ; আমাদের স্বপ্নেরও অগোচর সম্পূর্ণ এক অপ্রত্যাশিতভাবে। সহস্রদ্বীপোদ্যানে আমাদের সেই স্বামীজীর সঙ্গে প্রথম সাক্ষাতের কথা 'দেববাণীতে'' মিসেস ফাঙ্কি লিপিবদ্ধ করেছেন।

* * * *

যে কয়েক সপ্তাহ সহস্র-দ্বীপোদ্যানে স্বামীজীর সঙ্গে বাস করবার সুযোগ হয়েছিল, সেগুলো যা এক অপার্থিব দিব্য আনন্দের স্মৃতির সঙ্গে জড়িত রয়েছে তা সম্যক বর্ণনা করতে আজ ভাষা খুঁজে পাইনে। তিনি নিজে স্বভাবতঃই যে উচ্চ ভাবরাজ্যে বাস করতেন আমাদের মনগুলোকেও যেন তখন ঠেলে সেখানে তুলে নিয়েছিলেন। সহস্র দ্বীপোদ্যানে তিনি যে একটা খুব গভীর আধ্যাত্মিক ভাবের নেশায় রাতদিন মাতোয়ারা হয়ে থাকতেন একথা তাঁর নিজের মুখেও পরে শুনেছিলাম। যাহোক্ ভবিষ্যতে তার বাণী প্রচারের একটি পথ যেন স্বামীজী এখানে দেখতে পেলেন—সেটি হচ্ছে যারা এসে জুটেছিল তাদের শিক্ষাদীক্ষা দিয়ে ঠিক্ ঠিক্ তৈরী করে তোলা। এই দুঃখপূর্ণ সংসারের পারে সেই অমৃতের পথ দেখিয়ে দিতে তাঁর কী আগ্রহই প্রকাশ পেত। ভাবে গদগদ হয়ে কতবার তাকে বলতে শুনেছি, ''আহা—একটিবার স্পর্শ করে যদি তোমাদের মুক্ত করে দিতে পারতুম।''

স্বামীজীর ইচ্ছা ছিল যে তার আমেরিকার প্রচার কাজ আমেরিকানদের দ্বারাই সম্পন্ন হয়। তার নিজের ঘরের ছোট বারান্দাটিতে সকলকে জড় করে মাঝে মাঝে আমাদের বক্তৃতা করতে বলতেন। যাতে আমরা নিজে নিজে চিন্তা করতে শিখি, এটি তিনি খুব চাইতেন। অবশ্য ভুবন প্রসিদ্ধ বাগ্মী স্বামী বিবেকানন্দের বিরাট ব্যক্তিত্বের কাছে বক্তৃতা করতে প্রথম প্রথম আমাদের খুবই অসুবিধা হত। কিন্তু এতে লাভ হয়েছিল প্রচুর। অন্তর্যামী গুরুদেব বুঝেছিলেন যে, যে ব্যক্তি তার সামনে নিঃসঙ্কোচে নির্ভয়ে কথা কইতে শিখবে, জগতে যে কোন প্রকার শ্রোতার

কাছেই তাঁর বক্তৃতা দিতে আর কোন বাধা থাকবে না। এই ছোট সম্মিলনীগুলোতে মাঝে মাঝে রাত দুটো পর্যন্তও বেজে গেছে। কোন্ দিক দিয়ে সময় কেটে যেত আমরা আদৌ টের পেতাম না। বারান্দাটির এক প্রান্তে একটা প্রকাণ্ড চেয়ারে ছিল তাঁর আসন। মাঝে মাঝে গদিটিতে বসে তিনি গভীর ধ্যানস্থ হয়ে পড়তেন। আমরাও অবশ্য তখন তাঁর পাশে পাশে ধ্যান করতে বসতুম বা চুপচাপ বসে থাকতুম. মাঝে মাঝে স্বামীজী আমাদের প্রশ্নাদি করতে খুব উৎসাহিত করতেন। তার উত্তর আবার আমাদেরই কাউকে দিতে হত। এ সব উত্তরে অবশ্য ভুল ত্রুটি অনেক থাকত— আমাদের পাশ্চাত্য চিন্তাধারার প্রভাবই সাধারণতঃ তার জন্য দায়ী। কিন্তু কৃপাময় গুরুদেব সযত্নে সে সব ত্রুটি সংশোধন করে দিতেন। আমাদের সঙ্গে ব্যবহারে কী অসীম ধৈর্য ও করুণাই তাঁর মধ্যে দেখেছি।

যাঁরা সেই গ্রীষ্মে স্বামীজীর কাছে জুটেছিলেন, এবার তাঁদের একটু পরিচয় দেওয়া দরকার। দলটির ভিতর বেশ রকমারী প্রকৃতির মানুষ ছিল। মিস ওয়াল্ডো, মিস রুথ এলিস ও ডক্টর ওয়াইট্ এই তিনজন নিউইয়র্ক থেকেই স্বামীজীর ক্লাসে যেতেন। তার আগে প্রায় ত্রিশ বছর ধরে তাঁরা দর্শন বিষয়ে অসংখ্য বক্তৃতা শুনে ক্লান্ত হয়ে পড়েছিলেন। স্বামীজীর বক্তৃতাতে কিন্তু তাঁরা এক অদ্ভুত নূতনত্ব দেখতে পেয়েছিলেন যা তাঁদের ত্রিশ বছরের ক্লান্ত মনের একঘেয়ে অসাড় ভাবটাকে একেবারে দূর করে দিয়েছিল। তাই নূতন কেউ আসলে ডাক্তার ওয়াইট্ খুব ভরসা দিয়ে বলতেন যে স্বামীজীর উপদেশে তিনি জীবনে সর্বপ্রথম একটা আলোক নিশ্চয়ই পাবেন। অনেক দিন ধরে বক্তৃতা শুনতে শুনতে মিস্ ওয়াল্ডোর একটা বিশেষ ক্ষমতা জন্মেছিল—যে কোন একটা সম্পূর্ণ বক্তৃতা গোটা কতক কথাতে সংক্ষেপ করে প্রকাশ করতে পারা। এই মিস ওয়াল্ডোর দৌলতেই আজ আমরা "দেববাণী"তে লিপিবদ্ধ স্বামীজীর কতকগুলি শ্রেষ্ঠ চিন্তাধারার সঙ্গে পরিচিত হতে পেরেছি। স্বামীজী বিলাত যাবার সময় কতকগুলি ক্লাস নেবার ভার এঁর উপর দিয়ে গিয়েছিলেন। আর বিলাত থেকে তিনি ফিরে আসার পরও মিস্ ওয়াল্ডো তাঁর অনেক কাজে লেগেছিলেন। পাতঞ্জল যোগসূত্রের ব্যাখ্যাগুলি ইনিই লিপিবদ্ধ করেন। কর্মযোগ, রাজযোগ, জ্ঞানযোগ এবং ভক্তিযোগ প্রকাশ করবার সময়েও ওয়াল্ডো অনেক সাহায্য করেছিলেন। বিচারশীল দৃঢ় মন আর শ্রীগুরুর উপর অগাধ ভালবাসা, তাকে স্বামীজীর একজন উপযুক্ত সহকারিণী করেছিল। রুথ এলিস্ নিউ ইয়র্কের একটি খবরের কাগজের আফিসে কাজ করত। নিরীহ শান্ত শিষ্ট মেয়েটি—কথাবার্তা বেশী বলত না—কিন্তু অন্তরে স্বামীজীর উপর একটা অসীম ভালবাসা ও শ্রদ্ধা তাঁর প্রতি চালচলনে আমরা বুঝতে পারতুম।

ডাক্তার ওয়াইটের বয়স সত্তর অতিক্রম করে গিয়েছিল কিন্তু শরীর মনে তার তখনো যুবকের উৎসাহ, উদ্যম পূর্ণমাত্রায়। ক্লাসের পর সাধারণতঃ একটু বিরাম থাকত। এই অবসরে বৃদ্ধ টাক মাথাতে হাত বুলোতে বুলোতে তাঁর স্বাভাবিক নাকি স্বরে প্রশ্ন করতেন, "আচ্ছা স্বামীজী তাহলে আসল কথাটি ত এই যে আমি হচ্ছি সেই পূর্ণ?" প্রত্যেক ক্লাস শেষ হবার পরই আমরা বৃদ্ধের এই অভিনয়ের জন্য কান খাড়া করে রাখতুম। স্বামীজীও তাঁর পিতৃস্নেহে রঞ্জিত মধুর হাসি হেসে এই বুড়ো ছেলেটির মতে সম্মতি দিতেন। বাস্তবিক এইসব ক্ষেত্রে স্বামীজীর ত্রিশ বছর বুড়োর সত্তর বছরের চেয়ে যেন কত বেশী মনে হত। মনে হত যেন

ঐ ত্রিশ বছরের শরীরকে অবলম্বন করে ত্রিকালের বিশ্বব্রহ্মাণ্ডের সমস্ত জ্ঞানের অধিকারী কোন এক জন্মহীন মরণহীন সনাতন স্বনিষ্ঠ পুরুষপ্রবর সেখানে বিরাজ করছেন। মাঝে মাঝে একটা দীর্ঘশ্বাসের সঙ্গে তাকে বলতেও শোনা যেত, "মনে হচ্ছে যেন আমার বয়স তিনশ বছর।"

মিসেস ফাঙ্কি সম্বন্ধে স্বামীজী বলতেন, "ও আমাকে বেশ একটা স্বচ্ছন্দতা দেয়।" বাস্তবিক স্বামীজীর সামনে এলে যেন তাঁর ভিতরকার যত উৎসাহ, উদ্যম, স্ফূর্তি পূর্ণমাত্রায় প্রকাশ পেত। অপর সবাইকার চেষ্টা ছিল স্বামীজীর কথাগুলো কেমন করে হজম করা যায়, ফাঙ্কি কিন্তু উপদেশ শোনার অত ধার ধারতেন না। তিনি বরং চেষ্টা করতেন স্বামীজীকে কেমন করে একটু আমোদ দেওয়া যায়। তাই কখনো হাসির গল্প করে, কখনো বা ফাঁকা কথাবার্তা করে, নানা উপায়ে ফাঙ্কি স্বামীজীর মনের উচ্চ ভাব নামিয়ে তাঁকে একটু তাজা করে তুলতেন। আজ ফাঙ্কি বৃদ্ধা শরীর তার অপটু; কিন্তু যৌবনের সেই স্ফূর্তি ও চরিত্রের সেই অনুপম মাধুর্য এখনো কিছুমাত্র কমেনি। তাই স্বামীজীর প্রসঙ্গ পেলে বৃদ্ধা আজও উৎসাহে মেতে ওঠেন। স্বামীজী তাঁর হৃদয়ে চির জাগ্রত। "কিছু আদায় করে নেব"—এই রকম একটা লেন দেন ভাব কখনো রাখেননি বলেই কি আচার্যদেবের ব্যক্তিত্ব এত গভীরভাবে তিনি ভেতরে বসিয়ে নিতে পেরেছেন? আর সেই দয়াময় গুরু শরীররূপ দুঃসহ ভাবে আজ ভাবগ্রস্ত এই প্রিয় শিষ্যার অন্তিমকালে তার সকল সংসারস্বপ্ন দূর করে আঁধারের পারে চির-ইপ্সিত সেই মুক্তির আস্বাদন যে তাঁকে করিয়ে দেবেন এতে কিছুমাত্র সন্দেহ নেই। জয় গুরু।

এইবার আমাদের আর দুটি বন্ধুর পরিচয় দিয়ে এ প্রসঙ্গ শেষ করব,—মেরি লুই ও লিয়ঁ ল্যান্‌সবার্গ। স্বামীজী বলতেন যে গোঁড়ামী হচ্ছে মানুষের একটা খুব প্রবল শক্তি, তবে বিপথে চালিত।—কিন্তু ঐটির মোড় যদি কোন উপায়ে ফিরিয়ে দিতে পার তবে তা অদ্ভুত কাজে লাগতে পারে। আর হাতে কলমে এই বিষয়েরই এক পরীক্ষা দেখাতে, উক্ত বন্ধু দুটিকে তিনি শিষ্যরূপে বেছে নিয়েছিলেন—কারণ গোঁড়ামী জিনিসটা অতি ভীষণ মাত্রায় এঁদের ভেতর ছিল। মেরি লুই এর বয়স ছিল প্রায় পঞ্চাশের কাছাকাছি। খুব লম্বা চেহারা—চুলগুলো ছোট ছোট করে কাটা, হাব ভাব ঢং ঢা, এমন কি গলার স্বরটি পর্যন্তও তাঁর পুরুষের মত হয়ে উঠেছিল। আমাদের ছোট দলটির মধ্যে হাঁকডাকে এঁরই ব্যক্তিত্ব সব চেয়ে প্রবল ছিল বলতে হবে। তিনি বলতেন যে তিনি খুব উচ্চ অধিকারী কাজেই তার পথ হচ্ছে জ্ঞানযোগ। বিদ্যাবুদ্ধি এবং বাগ্মিতাও তাঁর একটু আধটু ছিল। কিন্তু দুঃখের বিষয় তাঁর দাম্ভিকতাই শেষে শিষ্যত্বের প্রতিবোধী হোল—স্বামীজীর আন্দোলনের কোন গণ্ডিতেই তিনি আসতে পারেন নি। সহস্র-দ্বীপোদ্যানে আমাদের সকলের সম্বন্ধ ত্যাগ করে গিয়ে, প্রথমে ক্যালিফর্নিয়ায়, তার পর ওয়াশিংটনে স্বতন্ত্রভাবে তিনি বেদান্তের কেন্দ্র খুলেছিলেন।

ল্যান্সবার্গের চরিত্র ছিল কিন্তু ভিন্ন রকমের। আমাদের দলের মধ্যে সেই সবচেয়ে বিদ্বান। আমেরিকার অধিবাসী ছিল বটে কিন্তু জন্মসূত্রে সে রুশীয় য়াহুদী। ভাবপ্রবণতা, কল্পনাশক্তি, বিদ্যানুরাগ, আর মহত্তের পূজা—তার জাতের এই গুণগুলি সবই সে পেয়েছিল। আর সব চেয়ে প্রবল বৃত্তি তার ছিল দরিদ্রে দয়া। এই জন্যই বোধহয় করুণাবতার স্বামীজীর সঙ্গে তার অত ঘনিষ্ঠতা হয়েছিল। তিন বছর সে তাঁর নিত্য সহকারী, বন্ধু, সেক্রেটারী ও সেবকরূপে ছিল। নিউইয়র্কে ৩৭ নম্বর রাস্তার উপর সে ও স্বামীজী একসঙ্গে অনেককাল বাস

করেছেন। তাঁদের উভয়েরে একই ফণ্ড ছিল। ল্যান্সবার্গের আয় ছিল সামান্য। কখনো কখনো দুজনের খরচের মত টাকা হয়তো থাকত, কিন্তু এমনও অনেকদিন গেছে যখন থলি একেবারে শূন্য; ক্লাস শেষ হবার পর দুজনে তখন বেড়াতে বের হতেন আর ফিরে আসবার সময় সামান্য কিছু মুখে দিয়ে, নৈশভোজন সমাপ্ত করতেন। কিন্তু কোনদিন তাঁদের আনন্দের কমতি হয়নি। তাঁরা জানতেন দরকার মত অর্থ কোথাও না কোথাও থেকে জুটবেই।

ল্যান্সবার্গ ছিল য়ুরোপের মূর্ত প্রতীক। সেখানকার দর্শন, সাহিত্য, কাব্য সব তার চরিত্রের ভিতর দিয়ে চমৎকার ফুটে উঠেছিল। আর স্বামীজী বই-এর চেয়ে মানুষই বেশ পড়তে ভালবাসতেন। তারপর য়াহুদী সভ্যতার ছাপও তার মধ্যে বেশ পাওয়া যেত। এই হিসেবে স্বামীজী ও তার মিলন, যেন জগতের দুই প্রাচীনতম জাতির শুভ সম্মিলন জানিয়ে দিত।

সহস্র-দ্বীপোদ্যানে গোড়াতেই যাঁরা এসে স্বামীজীর কাছে দীক্ষা পেয়েছিলেন, ল্যান্সবার্গ তাঁদের অন্যতম। চরিত্রে অসীম করুণাগুণের বিকাশ দেখে, স্বামীজী তাঁর নাম দেন কৃপানন্দ। তার পথ ছিল ভাব, ভক্তি, পূজা প্রভৃতি সহায়ে উপাসনা। তার স্বভাবসিদ্ধ ভাবপ্রবণতা এই দিক দিয়েই পরিপূর্ণতা লাভ করবে সর্বজ্ঞ গুরু তা বুঝতে পেরেছিলেন। কৃপানন্দকে এই সর্বপ্রথম স্বামীজী প্রচারকার্যে পাঠান।

* * * *

সহস্র-দ্বীপোদ্যানে আসবার কয়েকদিন পরেই স্বামীজী আমাদের কয়েকজনাকে দীক্ষা দিতে সঙ্কল্প করলেন। তার আগে আমাদের বললেন যে, মানুষের মনের ভিতর কি আছে তা জানবার তাঁর একটা গুহ্যশক্তি আছে। অবশ্য যদিও এ শক্তি তিনি খুব কমই ব্যবহার করেন,- কিন্তু এক্ষেত্রে আমরা যদি রাজী হই তাহলে তিনি একবার আমাদের মনগুলো একটু দেখে নেন। বলাবাহুল্য আমরা এ প্রস্তাবে সকলেই সম্মত হই। পরীক্ষা যখন শেষ হল, তখন তিনি আমাদের মন্ত্র দিলেন। আমরা তাঁর শিষ্য হলাম। পরীক্ষাতে তিনি বেশ খুশিই হয়েছিলেন। কি দেখলেন, জিজ্ঞাসা করাতে পরে বলেছিলেন যে আমাদের ভবিষ্যৎ জীবনের গোটা ছবিটা তাঁর চোখের সামনে হাজির হয়েছিল। দেখলেন যে আমাদের অনেকেই তাঁর প্রতি খুব বিশ্বস্ত থাকবে এবং অনেকেরই বেশ আধ্যাত্মিক উন্নতি হবে। নানা নূতন নূতন জায়গার দৃশ্য তাঁর চোখের সামনে ভাসতে লাগল—এর অর্থ এই যে প্রাচ্য দেশের নানা জায়গায় আমাদের খুব ভ্রমণ করতে হবে। কোন্ কোন্ বাড়িতে কি প্রকৃতির সব লোকের সঙ্গে, কি রকম অবস্থার মধ্যে আমাদের থাকতে হবে, একথাও তিনি বললেন। দেখলেন যে আমাদের মধ্যে একজনাকে ভাবতের সঙ্গে খুব ঘনিষ্ঠভাবে থাকতে হবে। এই রকম, প্রত্যেকের সম্বন্ধেই ভবিষ্যতের আরও অনেক ক্ষুদ্রক্ষুদ্র ঘটনাও অন্তর্যামী গুরুদেব দেখতে পেয়েছিলেন। সেই সবই ঠিক ঠিক পরে ঘটেছে।

সহস্র দ্বীপগুলোর মধ্যে আমাদের এই 'উদ্যান' দ্বীপই সব চেয়ে বড়। এর দৈর্ঘ্য হচ্ছে নয় মাইল—আর প্রস্থে প্রায় দুই মাইলের কাছাকাছি। সে সময় সেখানে জনমানব খুব বেশী ছিল না। আমাদের বাড়ীটি ছিল এক টিলার উপর, সামনে দোতলা কিন্তু পেছনের দিকে তিন-তলা। আর বাড়ীর চতুর্দিকে খুব ঘন জঙ্গল। কাজেই বাইরের গণ্ডগোল ছিল না বললেই হয়—ক্কচিৎ কোন বাইরের মানুষের সঙ্গে আমাদের দেখা হত। স্বামীজী মাঝে মাঝে কেবল

ল্যান্সবার্গকে নিয়েই বেড়াতে বেরুতেন। কখনো কখনো আমাদের দু-একজনকেও সঙ্গে যেতে বলতেন। আবার সময়ে সময়ে আমরা সকলেই একসঙ্গে দল করে বের হতাম। বেড়াতে বেড়াতে নানারকম গল্প হত। এ সব ক্ষেত্রে অবশ্য জটিল তর্কাদি প্রায়ই হত না। নির্জন বন দেখে স্বামীজীর ভারতের অরণ্যানীর মধ্যে অতীতে সেই একান্ত বাস ও তপস্যার স্মৃতি উদ্দীপিত হত—আর তখনকার সেই সব অনুভূতির কথা আমাদের শোনাতেন।

স্থানটি সব দিক দিয়েই আমাদের উদ্দেশ্যসিদ্ধির পক্ষে অনুকূল হয়েছিল। আমেরিকাতে যে ঐ রকম একটা জায়গা পাওয়া যেতে পারে, এটা আমাদের বিশ্বাসই হয়নি। আর কী সব উচ্চ চিন্তাধারার সেখানে উদ্ভব হয়েছিল! কী দৈবশক্তির প্রকাশ আমরা সেখানে সাক্ষাৎ প্রত্যক্ষ করেছি! কী অদ্ভুত আধ্যাত্মিক ভাবরাশি সেখানকার বায়ুতে খেলে গেছে। নমস্কার সেই পুণ্য-স্থানকে। আজ শতশত নমস্কার করি। সেখানে আমাদের গুরুদেবের ভেতরটা আমরা দেখবার সুযোগ পেয়েছিলাম। কত সব চিন্তা সেখানে আমাদের সামনেই অঙ্কুরিত হোল—পরে যেগুলি বড় বড় কাযে রূপান্তরিত হয়ছে। সে কী পরম শুভ সুযোগ—দুর্লভ পুণ্য অভিজ্ঞতা আমাদের ভাগ্যে জুটেছিল। মিস্ ওয়াল্ডো তাই বলেছিলেন, "কি আমাদের সুকৃতি যার বলে আমরা এতটা পেয়েছি?"

প্রথমে ঠিক হয়েছিল যে যাঁরা সেখানে থাকতেন তাঁরা রান্নাবান্না ও অপরাপর গৃহকাজ সব নিজেরাই করে নেবেন—কোন চাকর রাখা হবে না। কিন্তু দেখা গেল আমাদের অধিকাংশই ঐসব ব্যাপারে একেবারেই অনভিজ্ঞ। ফলটা প্রথম প্রথম বেশ মজার—তারপর দস্তুরমত ভয়ের হয়ে উঠল। কয়েকখানা প্লেট ধুতেই কেউ হাঁফিয়ে উঠতেন—একটা রুটি টুকরো টুকরো করে কাটতেই কারুর বা ঘাম বের হত—কেবল কাঁদতেই বাকী রাখতেন। যাহোক্ এইসব ছোট-খাটো ব্যাপারে চরিত্রের কি রকম পরীক্ষা হয়, সেইটিই দেখবার। সমস্ত জীবন ধরে যে সব দুর্বলতা ভিতরে লুকিয়েছিল এই সমষ্টি-জীবনের একটি দিনেই তা আত্মপ্রকাশ করে ফেলত! ব্যাপারটা কিন্তু স্বামীজীর ওপর গিয়ে পড়েছিল সম্পূর্ণ উল্টো রকমে। দলের মধ্যে মাত্র একজন বাদে সকলেই তাঁর চেয়ে বয়সে বড় হলেও, ধৈর্য ও করুণায় তাঁকে আমাদের মনে হত পিতা—বা স্নেহময়ী জননী। আহা, সে কী অসীম হৃদয়বত্তা! গোলমাল হয়তো যখন খুব পাকিয়ে উঠেছে তখন স্বামীজী তাঁর সব মাধুর্য ঢেলে, মৃদু হেসে বলতেন, "আচ্ছা, আজ আমিই রান্না করব।" ল্যান্সবার্গ অমনি লাফিয়ে বলে উঠত, "বাপ্‌রে, রক্ষা করুন—!" কথাটার পূর্বক্রম হচ্ছে এই, যে স্বামীজী ও তার নিউইয়র্কে থাকবার সময়, স্বামীজী যেদিন রান্না করতেন, তাকে সেদিন পরে চুল ছিঁড়তে হত—কারণ তাঁর রান্না ঘরে ঢোকা মানে রান্নার পর, বাড়ির যত থালা বাসন সব তাকে মাজতে হত। যাহোক্ আমাদের ঘরকন্নাতে অনেক অপ্রীতিকর অভিজ্ঞতার পর, একজন লোক নিযুক্ত করা হোল; অবশ্য একটু আধটু সাহায্য আমরা তাকে করে দিতাম। এবার সকলে অনেকটা শান্তিবোধ করতে লাগলেন।

কাজকর্ম নিয়ে গোলমাল যাই হোক, সে সব শেষ করে আমরা যখন ক্লাসঘরে জড় হতাম তখন কিন্তু ভাবটা সম্পূর্ণ বদলে যেত। এ জড়জগতের কোন কোলাহল সেখানে একে-বারেই পৌঁছাত না। মনে হত, আমরা যেন আমাদের দেহ আর দেহবুদ্ধি দুটোকেই বাইরে

বেধে ঘরের ভেতর ঢুকেছি। অর্ধবৃত্তাকারে বসে আমরা অপেক্ষা করতাম—অনন্তের কোন্ দরজাটা আজ আমাদের সামনে উন্মুক্ত হবে? কোন্ দিব্যদৃষ্টি আজ আমরা গুরুকৃপায় লাভ করব? বাক্য ও মনের পারে শোক-সন্তাপহীন অসীমের রাজ্যের নূতন নূতন ছবি, নিত্য নূতন আশা, নূতন সৌন্দর্য নিয়ে আমাদের চোখের সামনে হাজির হত। আমাদের দূর-আশা, যা কল্পনাও করতে পারেনি গুরুদেব সেই অজানা রাজ্যের, দূর হতে দূরতর প্রদেশে নিত্য আমাদের নিয়ে যেতেন। তারপর আমাদের কার কতটা অনুভূতি হয়েছে না হয়েছে জানি না, কিন্তু এইটুকু বলতে পারি যে জীবনে যত দুঃখকষ্ট বিপদ আপদের মধ্য দিয়ে অগ্রসর হতে হয়েছে, সেগুলিকে কোনদিনই বাস্তব বলে মনে হয়নি।

তাঁর কাছে সেই গল্পটি শুনেছিলুম-কয়েকজন ভ্রমণে বেরিয়ে আনন্দমেলার প্রাচীর দেখতে পেলে। একজন তার ওপর উঠে ভেতরকার ব্যাপার দেখে লাফিয়ে পড়ল—সেখানকার আনন্দোৎসবে ভিড়ে গেল, আর ফিরল না—পেছনের বন্ধুদের কথা তার মনেই রইল না। তারপর একজন তারপর আর একজন—সকলেরই ঐ দশা। আমাদের কিন্তু কী অসীম সৌভাগ্য, আমরা এমন একজন বন্ধুকে পেয়েছিলাম যিনি আনন্দের মেলায় পৌঁছে আত্মবিস্মৃত হয়ে যাননি, আমাদেরও সেখানে নিয়ে যাবার জন্য করুণায় আবার ফিরে এসেছিলেন। সকাল থেকে মাঝ-রাত্র পর্যন্ত চলত সেই আনন্দের বার্তা শোনানো। যখন দেখতেন তাঁর কথাগুলো খুব গভীরভাবে আমাদের হৃদয়কে স্পর্শ করেছে—আমরা স্তব্ধ হয়ে গেছি, তখন মৃদু হেসে বলতেন "গোখরো সাপে তোমাদের ধরেছে - আর নিস্তার নেই" বা কখনো কখনো বলতেন,—'জালে তোমাদের ফেলেছি—কোথায় পালাবে?"

বাড়ীর মালিক মিস্ ডাচার ছিলেন একজন গোড়া মেথডিস্ট। তিনি কি করে আমাদের দলের সঙ্গে সংশ্লিষ্ট হয়ে পড়লেন এটা একটা রহস্যকর ব্যাপার বটে এবং সহজে বিশ্বাসযোগ্য নয়—কিন্তু সরল অকপট প্রাণিমাত্রকেই আকর্ষণ করবার স্বামীজীর যে অদ্ভুত ক্ষমতা ছিল, তার পরিচয় যিনি পেয়েছেন, তাঁর কাছে এটি তত আজগুবী বলে মনে হবে না। তাঁকে একবার দেখবার এবং তাঁর কথা শোনবার পর, তাঁকে অনুসরণ না করে থাকা বাস্তবিকই অসম্ভব ছিল। মানুষ মায়ার বশে যে দেবভাব হারিয়েছে, তা তার অন্তরতম প্রদেশ থেকে সর্বদাই তাকে আহ্বান করছে—"নাও, নাও, আমাকে ফিরিয়ে নাও", যতদিন মানুষ তা ফিরে না পাবে—তার এই আহ্বানের শান্তি হবে না। আর স্বামীজী যে মানুষের অন্তর্নিহিত এই দেবত্বের পূর্ণ প্রকাশ—তাকে জাগাবার জন্য দেবত্বে তাকে পুনঃ প্রতিষ্ঠিত করবার জন্য মর্ত মানুষ-বিগ্রহে অবতীর্ণ। তাই মিস ডাচার এই প্রবল শক্তির সামনে নিজের স্বাতন্ত্র্য আর বজায় রাখতে পারেননি। তার পূর্বেকার আদর্শ জীবনের হিসাব, চিন্তাধারা সব স্বামীজীর সান্নিধ্যে ওলট্ পালট্ হয়ে গিয়েছিল। মাঝে মাঝে হয়তো তিন চারদিন তিনি গা ঢাকা দিয়ে থাকতেন। স্বামীজী বলতেন, "দেখছ না—রোগাটি ত সোজা নয় মনের ভেতর ওর যে ঝড় চলেছে শরীর তার ধাক্কা সামলাতে পারছে না।" একটা ধাক্কা একবার খুব প্রবল রকম হয়েছিল। ক্লাসে একদিন কথাপ্রসঙ্গে ডাচার স্বামীজীর কি একটা কথার মৃদু প্রতিবাদ করে বলতে যাচ্ছিলেন, "আমাদের কর্তব্য কি নয় যে ?" স্বামীজী গর্জে উঠলেন, "কর্তব্যের ভাবটা হচ্ছে মহা দুঃখের জন্মদাতা—মধ্যাহ্ন সূর্যের মত জীবাত্মাকে পুড়িয়ে মারে।" কোন বিষয়ে গোঁড়ামী মাত্রকেই এমনি জোর আঘাত করে স্বামীজী ভেঙে চুরমার করে দিতেন।

স্বামীজীর শিক্ষা দেওয়ার ধরন ছিল সম্পূর্ণ ব্যক্তিগতভাবে। শিষ্যত্ব স্বীকার করবার ইচ্ছা খুব স্পষ্টতঃ প্রকাশ না করলে, কারও ব্যক্তিগত জীবনে তিনি হাত দিতেন না। একবার আমাদের অপরিচিত একটি লোকের কথায় তিনি বললেন, "উনি হচ্ছেন 'বন্ধু'—'শিষ্য' নন।" আর এই 'বন্ধু' ও 'শিষ্য'র মধ্যে কি প্রভেদ তা খুব বিশদ ভাবে বুঝিয়ে দিলেন। প্রভেদ আকাশ-পাতাল। 'বন্ধু'র বাইরের দোষ, কুসংস্কার গুলি থাকতে পারে, তাতে তাঁর বলবার কিছুই নেই কিন্তু যে তাঁর শিষ্য হয়েছে, তার ইহকাল পরকালের সকল ভাবনা তাঁকে ভাবতে হবেই। বেশ মনে পড়ে যে কারও ব্যক্তিগত জীবন সম্বন্ধে কোন সমালোচনা করলে, এ অনধিকার চর্চাটাকে তিনি কিছুতেই ক্ষমা করতে পারতেন না, কিন্তু সেই তিনিই আবার তাঁর শিষ্যদের চিন্তা ও চরিত্রের ত্রুটিগুলির কী কঠোর প্রতিবাদই করতেন। শিষ্যদের কেউ কেউ ছিলেন খুব আশাবাদী —যা কিছু সবই সুন্দর; সবই সৎ, সবই মঙ্গলময়, পাপাপ কিছু নেই জগতে,—এই ভাবের ভাবুক তাঁরা। আজ মনে পড়ে স্বামীজী এইসব নবোৎসাহীদের বস্তুহীন কল্পনা কী নির্দয়ভাবেই চুরমার করে দিতেন। ভালটা যেমন সত্য, মন্দটাও তেমনই সত্য। একটা জিনিষেরই দুটো দিক হচ্ছে ওই দুটো। দুটোই হচ্ছে মায়ার অন্তর্গত। বালিতে মুখ লুকিয়ে বলো না—"সব ভাল, মন্দ কিছু নেই।" ভালকে যেমন পূজো করছ, মন্দকে, ভীষণকেও তেমনি পূজো করতে শেখ। তারপর ভালমন্দ দুটোরই পারে চলে গিয়ে বল "ব্রহ্মই একমাত্র সত্য।"

"বিপদের মুখে কি তুমি বলতে পার যে জগৎ খুব সুন্দর? তুমি যখন জগৎকে সুন্দর বলছ তখনও কি লক্ষ লক্ষ লোক বড় কষ্ট পাচ্ছে না? তাদের কাছে জগৎটা কি রকম মনে হচ্ছে ভেবে দেখেছ কি? জগতে ত কেবলই দুঃখ। জরা, ব্যাধি, মৃত্যু ত জগৎকে আচ্ছন্ন করে রেখেছে। তবুও কি পারো বল 'জগৎ সুন্দর'? এই সব দেখে শুনেও যে জগৎকে সুন্দর বলতে সাহস করে, সে হয় অজ্ঞান, নয়ত অপরের দুঃখকষ্টে উদাসীন, ঘোর স্বার্থপর সে।"

এই কঠোর সত্যের শিক্ষা আমাদের হৃদয়কে আঘাত করত, খুব সজোরে সন্দেহ নেই, কিন্তু অতীন্দ্রিয় কিছুর আভাস অল্পদিনেই আমরা একটু পেতে আরম্ভ করলাম। জন্মমৃত্যুর পারে হচ্ছে অমৃতত্ব, সুখদুঃখের পারে হচ্ছে ব্রহ্মানন্দ, যা মানুষের প্রকৃত স্বরূপ, আর সদা পরিবর্তনশীল এই জীবনপ্রবাহের পশ্চাতে রয়েছে সেই অপরিবর্তনীয় সত্তা। এইসব বিরাট ভাবগুলি যখন আমাদের চিন্তার অন্তর্গত হতে লাগল, তখন এক নূতন গগন, এক নূতন পৃথিবী আমাদের দৃষ্টির সামনে উপস্থিত হোল। স্বামীজী কখনও উপদেশ দিয়ে আমাদের বলেন নি, "সত্যনিষ্ঠ হও, অকপট হও, একপ্রাণ হও।" কিন্তু ঐসব গুণগুলিকে আয়ত্ত করতে তবুও কী ঐকান্তিক আগ্রহ আমাদের জেগেছিল। চোখের সামনে সত্য, সাধনা, একতানতার যে জীবন্ত বিগ্রহকে অহোরাত্র দর্শন করছিলাম, তার শক্তি কি আর বাক্যের অপেক্ষা করে?

"সংসারটা হচ্ছে কাদার ভেতর খেলা করা, এর বেশী কিছুই নয়"—এই বলে জগতের ওপর স্বামীজী যেদিন আমাদের বিতৃষ্ণাবুদ্ধির উদয় করতে চেয়েছিলেন, মনে পড়ে,সেদিন কথাগুলি আমাদের বহির্মুখ মনকে বড় জোর আঘাত করেছিল। তাঁর সর্ব-ভোগ-ভুক কঠোর সন্ন্যাসের আদর্শ, আমাদের পক্ষে অত্যধিক উঁচু মনে হচ্ছিল, তাই ঐ সূচিমুখ কথাগুলোর যে অল্পবিস্তর প্রতিবাদও আমরা তখন করিনি—এমন নয়। তারপর বহুবর্ষ কেটে গেছে। আজ মনে হয়, জগৎরূপ কাদার

ভেতর ছটোপুটি খেয়ে মহিষের কদর্য আনন্দ উপভোগের চেয়ে বাস্তবিকই মানুষের উচ্চতর অনুশীলন করবার কিছু নিশ্চয়ই আছে। মানুষ যে ভূমার অধিকারী;—তার অল্প, পরিচ্ছিন্ন, জগৎসুখে মেতে থাকা একেবারেই শোভা পায় না।

আমাদের সমস্যাগুলি আগাগোড়া সমাধান করে দিতে স্বামীজী নারাজ ছিলেন। সূত্রটি কেবল তিনি ধরিয়ে দিতেন—বাকী আমাদের করে নিতে হবে। বজ্র নির্ঘোষে তাঁর মুখ থেকে শোনা যেত—"নিজের পায়ে দাঁড়াও—সব শক্তি তোমার ভেতরই রয়েছে। শক্তি! শক্তি! বলবীর্য ভিন্ন আমার বলবার আর কিছুই নেই—আর তাই আমি উপনিষদ্ প্রচার করি।"

পুরুষের নিকট তিনি চাইতেন পুরুষত্ব—পুরুষোচিত তেজ, ওজস্বিতা, নির্ভীকতা। নারীর নিকটও ঐ রকমই একটা নারীজনোচিত ভাব আশা করতেন। অবশ্য তার প্রতিশব্দ আমি দিতে অক্ষম। সে গুণ যাই হোক তা যে নিষ্ফল আত্মবিলাপ, ভীরুতা ও দৌর্বল্যের উল্টো, তা নিশ্চিত। স্বামীজীর এইভাব, সকলের কাছে একটা জোর গালগার কাজ করত। বহুদিনকার সুপ্ত-শক্তি জেগে উঠত, আর তার সাথে আসত অদ্ভুত বল, অপূর্ব স্বাধীনতা।

( Memoirs of Sister Christine নামক প্রবন্ধের অনুবাদ—'উদ্বোধন' হইতে সংকলিত )

# মিস ম্যাকলাউড ও মিসেস ওলি বুল

[বেদান্তকেশরী স্বামী বিবেকানন্দের কণ্ঠে সনাতন ভারতের শাশ্বত বাণীর অপূর্ব ব্যাখ্যা শুনে, তাঁর বজ্রকঠিন ব্যক্তিত্বের সান্নিধ্যে এসে বরস্বরূপা যে কয়েকজন বিদেশিনী ভারতকে ভালবেসে তার কল্যাণার্থে মন, প্রাণ নিয়োজিত করেছিলেন তাঁদের মধ্যে মিস্ ম্যাকলাউড ও মিসেস ওলি বুলের নামও চিরস্মরণীয়। স্বামীজীকে কেন্দ্র করে নিবেদিতা, ম্যাকলাউড ও মিসেস বুল প্রগাঢ় প্রীতির বন্ধনে আবদ্ধ হয়েছিলেন। নিবেদিতার শতবর্ষ পূর্তিলগ্নে অপর দুইজন অশেষ গুণসম্পন্না ও ভারত-প্রেমিকা রমণীর চরণে আমাদের শ্রদ্ধার্ঘ্য অর্পণ করি।]

## মিস ম্যাকলাউড

মিস জোসেফিন ম্যাকলাউড ছিলেন নিউইয়র্ক সমাজে বিশেষ প্রতিপত্তিসম্পন্না মহিলা। ১৮৯৫ খৃষ্টাব্দে নিউইয়র্কে স্বামীজীর সঙ্গে তাঁর প্রথম পরিচয়। ক্রমে স্বামীজী ও তাঁর মধ্যে গড়ে ওঠে নিবিড় বন্ধুত্ব। স্বামীজী তাকে 'জো' বা 'জয়া' বলে সম্বোধন করতেন। মিস ম্যাকলাউডের অন্তরে ছিল স্বামীজীর প্রতি গভীর শ্রদ্ধা। প্যারিস থেকে স্বামীজীর সঙ্গে তিনি ইংলণ্ডে উপস্থিত হন সেখানেই নিবেদিতার সঙ্গে তাঁর পরিচয় ঘটে এবং ক্রমেই পরস্পর অন্তরঙ্গ হয়ে ওঠেন। উভয়ের জীবনধারা প্রবাহিত হতে থাকে একই আচার্যকে কেন্দ্র করে। স্বামীজীর সঙ্গে পরিচিত হবার পর মিস ম্যাকলাউড প্রশ্ন করেছিলেন—'এখন আমি কি করব?' প্রত্যুত্তরে স্বামীজী বলেছিলেন—'ভারতবর্ষকে ভালবাস।' এই নির্দেশ তিনি আজীবন পালন করেন। নিবেদিতা ও ম্যাকলাউড উভয়েরই মনোজগৎ অধিকার করে ছিল ভারত ও ভারতবাসীর কল্যাণচিন্তা।

১৮৯৮ খৃষ্টাব্দের ৮ই ফেব্রুয়ারি মিস ম্যাকলাউড ও মিসেস বুল স্বামী সারদানন্দের সঙ্গে ভারতে আগমন করেন। বেলুড় মঠের সন্নিকটে অবস্থিত একটি পুরাতন বাড়িতে তাঁরা যখন বাস করছিলেন, তখন নিবেদিতাও তাঁদের সঙ্গিনী হন। ২২শে ফেব্রুয়ারি শ্রীরামকৃষ্ণের জন্মতিথিতে এবং ২৭শে ফেব্রুয়ারি সাধারণ উৎসবে তাঁরা যোগদান করেন। ১১ই মে (১৮৯৮) স্বামীজী এই তিনজন নবাগতা বিদেশিনীদের সঙ্গে নিয়ে যাত্রা করেন উত্তর ভারতের পথে। নিছক ভ্রমণই এই যাত্রার উদ্দেশ্য ছিল না— মূল লক্ষ্য ছিল অখণ্ড ভারতাত্মার সঙ্গে তাঁদের পরিচয় সাধন। এই যাত্রাপথের অবিস্মরণীয় দিনগুলিতে অন্তর্দ্বন্দ্বে ক্ষতবিক্ষত নিবেদিতার অপরিসীম মনোবেদনা দূর করতে, গুরু শিষ্যার মধ্যে পারস্পরিক বোঝাপড়ার প্রসঙ্গ সমাধা করতে সাহায্য করেছিলেন ম্যাকলাউড।

মিস ম্যাকলাউডকে নিবেদিতা যম (Yum) বলে ডাকতেন। 'যম'কে লেখা নিবেদিতার পত্রাবলীর মধ্যে উভয়ের অন্তরঙ্গতার সুরটি কত গভীরভাবে বেজে উঠেছে— নিবেদিতা তাঁর হৃদয়দ্বারটি

সম্পূর্ণভাবে উন্মুক্ত করে দিয়েছেন প্রিয় বান্ধবীর সম্মুখে। 'য়ম' ছাড়া প্রায় কেউ ছিলেন না, যিনি নিবেদিতার ভাল-মন্দ সকল ব্যাপারে একান্ত সহানুভূতির সঙ্গে যোগদান করতে পারেন।

ম্যাকলাউড প্রথম ভারত দর্শনের প্রায় ১৪ বছর পরে দ্বিতীয়বার এবং ১৯৩০ খৃষ্টাব্দে তৃতীয়বার ভারতে আসেন। এই বছরে ৮ই এপ্রিল সিস্টার ক্রিস্টিনের দেহত্যাগের সংবাদ পেয়ে নিবেদিতা বিদ্যালয়ে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। ১৯৩৮ খৃষ্টাব্দে চতুর্থবার পুনরাগমন করে মঠের অতিথিশালায় অবস্থান করেন।

স্বামীজীর প্রতি অশেষ শ্রদ্ধাসম্পন্না ম্যাকলাউড তাঁর বেদান্ত প্রচার কার্যে প্রধান সহায়ক ছিলেন এবং জীবনের শেষ দিন পর্যন্ত হলিউডের বেদান্ত সমিতির কাজে নিজেকে নিযুক্ত রেখে-ছিলেন। একবার স্বামীজী কাজের জন্য অর্থাভাবের কথা ম্যাকলাউডকে জানালে তিনি তৎক্ষণাৎ তাঁকে তিনশত ডলার দান করেন এবং প্রতি মাসে পঞ্চাশ ডলার দেবেন বলে অঙ্গীকারবদ্ধ হন। স্বামী ত্রিগুণাতীতানন্দ নবপ্রতিষ্ঠিত উদ্বোধন পত্রিকার জন্য ঐ তিনশত ডলার ব্যয় করেন।

স্বামীজী তাঁর এই শিষ্যাতুল্যা রমণী সম্পর্কে বলেছেন—"ইনি বজ্রস্বরূপা, এঁর অন্তর সদাই দয়ায় বিগলিত।" 'ইনি রাষ্ট্রনায়কতুল্য—ইনি রাজ্যশাসন করতে পারেন। আমি মানুষের মধ্যে এরূপ সুদৃঢ় অথচ সাধারণ বুদ্ধিসম্পন্ন ব্যক্তি খুব কমই দেখেছি।'

১৯৪৯ খৃষ্টাব্দ, ১৪ই অক্টোবর, ৯১ বছর বয়সে তিনি লস এঞ্জেলসে দেহত্যাগ করেন।

## মিসেস ওলি বুল

নরওয়েবাসী বিখ্যাত বেহালাবাদক মিঃ ওলিবুলের পত্নী মিসেস সারা ওলি বুল শিকাগো ধর্মমহাসভার পরে স্বামীজীর সংস্পর্শে আসেন এবং তাঁর একনিষ্ঠ ভক্তে পরিণত হন। এই সদাশয়া মহিলাকে স্বামীজী কখনো 'মা' কখনো 'ধীরামাতা' বলে সম্বোধন করতেন।

১৮৯৪ খৃষ্টাব্দের শেষভাগে বস্টনে এবং ১৯০০ খৃষ্টাব্দের আগস্ট হতে ডিসেম্বর পর্যন্ত প্যারিসে স্বামীজী মিসেস বুলের ভবনে আতিথ্য গ্রহণ করেন। প্রভূত বিত্তের অধিকারিণী মিসেস বুলের প্রদত্ত অর্থেই বেলুড় মঠের পুরাতন শ্রীরামকৃষ্ণ-মন্দির ও সন্ন্যাসীদের বাসগৃহ নির্মাণ সম্ভবপর হয়।

মিস ম্যাকলাউডের মত মিসেস বুলও ছিলেন ভগিনী নিবেদিতার ঘনিষ্ঠ বন্ধু ও পরম নির্ভরস্থল। ভারতের সেবাব্রতে আত্মসমর্পিতা নিবেদিতা এই স্নেহশীলা বান্ধবীর কাছ থেকে পেয়েছেন ভালবাসা, লাভ করেছেন বুদ্ধি-পরামর্শ ও আর্থিক সহায়তা। ১৮৯৮ খৃষ্টাব্দে বেলুড় মঠে বাস ও উত্তরভারত ভ্রমণকালে উভয়ের হৃদ্যতা ঘনিষ্ঠতর হবার সুযোগ পায়।

১৭ই মার্চ (১৮৯৮) নবাগতা বিদেশিনী ম্যাকলাউড, মার্গারেট নোবল্ ও মিসেস বুল শ্রীশ্রীমায়ের প্রথম দর্শন লাভ করেন। "শ্রীমার এই বিদেশিনীগণের সহিত ব্যবহার অপূর্ব। সকলকেই তিনি 'আমার মেয়ে' বলিয়া সস্নেহ অভ্যর্থনা করিলেন। কেহই কাহারও ভাষা বোঝেন না, কিন্তু তাহাতে কি আসে যায়! ভাবের প্রকৃত বিনিময় ঘটে হৃদয়ে, ভাষা তাহার কতটুকুই বা প্রকাশ করিতে পারে!" সেদিন মিস ম্যাকলাউডের অনুরোধে শ্রীমা তাঁদের সঙ্গে একত্র আহারও করেন। ১৩ই নভেম্বর (১৮৯৮) ১৬নং বোসপাড়া লেনে শ্রীমায়ের দ্বারা বিদ্যালয়

প্রতিষ্ঠা কার্য সুসম্পন্ন হবার কিছুদিন পরে মিস ম্যাকলাউড ও মিসেস বুল কয়েকটি দিন নিবেদিতার সঙ্গে ঐ গৃহে অতিবাহিত করেন। এই সময়ে মিসেস বুল শ্রীমার ফটো তোলবার ব্যবস্থা করলে প্রথমে তিনি কিছুতেই সম্মতি দেননি। কিন্তু মিসেস বুল যখন বিশেষ অনুনয় করে বলেন, ' মা, আমি আমেরিকায় গিয়ে পূজো করব'' তখন শ্রীমায়ের সম্মতি মেলে। পর পর তিনখানি ছবি তোলা হয়। প্রথম দুখানি বর্তমানে সর্বত্র সুপরিচিত ও পূজিত।

দ্বিতীয়বার পাশ্চাত্য ভ্রমণকালে স্বামীজী যখন 'রিজলি ম্যানরে' অবস্থান করছিলেন, তখন একদিন ভাবাবেগে নিবেদিতা ও মিসেস বুলকে তিনি গৈরিক উত্তরীয় প্রদান করে আন্তরিক আশীর্বাদ করেন। তাঁর বিশ্বাস ছিল, এঁদের মধ্যে তিনি যে দিব্যশক্তি সঞ্চার করলেন, তার দ্বারা ভবিষ্যতে বহু কল্যাণকর কাজ সুসম্পন্ন হবে।

নিবেদিতা যখন অর্থসংগ্রহের চেষ্টায় স্বামীজীর সঙ্গে পাশ্চাত্যে যান, তখন মানসিক সংগ্রামে ক্ষতবিক্ষত অন্তর ও কর্মক্লান্ত দেহের শান্তি ও শক্তি ফিরিয়ে আনবার জন্য মিসেস বুলের সাদর আহ্বানে বৃটানীর অন্তর্গত সমুদ্রতীরস্থ লাঁনিয় নামক মনোরম স্থানে এবং নরওয়েতে তাঁর ভবনে কিছুকাল বাস করেন। নরওয়েতে বাসকালীন তিনি The Web of Indian Life নামক সুপ্রসিদ্ধ গ্রন্থ রচনায় ব্রতী হন। নিবেদিতার সব কাজে ছিল মমতাময়ী সারার প্রগাঢ় সহানুভূতি, প্রত্যেক গ্রন্থ রচনায় অসীম উৎসাহ ও সাহায্য। পুস্তক প্রকাশের পর নিবেদিতা শুনেছেন বান্ধবীর অকপট প্রশংসাবাণী।

১৯১০ খৃষ্টাব্দের নভেম্বর। বস্টন থেকে এল অন্তিমপথযাত্রী মিসেস বুলের ব্যাকুল আহ্বান। সে ডাক উপেক্ষা করতে না পেরে নিবেদিতা উপস্থিত হন প্রিয় বান্ধবীর শেষ শয্যা পার্শ্বে। অবশেষে ১৮ই জানুয়ারি (১৯১১) মিসেস বুল এ জগৎ থেকে চিরবিদায় গ্রহণ করেন। শোকসন্তপ্তা নিবেদিতা ও ম্যাকলাউড মিলিত হলেন। ম্যাকলাউড তাঁকে দিলেন সান্ত্বনা, আরব্ধ কাজ সম্পর্কে দিলেন উৎসাহ। নিবেদিতার হৃদয়বেদনা অনেকাংশে লাঘব হোল। ২৩শে মার্চ ম্যাকলাউডের কাছ থেকে বিদায় নিয়ে যাত্রা করলেন ভারতের পথে। ম্যাকলাউড সেদিন জানতেও পারেননি এই তাদের শেষ সাক্ষাৎ।

নিবেদিতার সাধন-ক্ষেত্র বালিকা বিদ্যালয়টির ব্যয় নির্বাহের জন্য মিসেস বুল তাঁর উইলে অর্থ দান করে যান। দয়াবতী ও দানশীলা বান্ধবীর অর্থ সাহায্য নিবেদিতাকে আর্থিক দুশ্চিন্তা থেকে মুক্তি দেয়।

মিসেস বুলের মৃত্যুর পর বিদ্যালয়ের রিপোর্টে (১৯১৯-২২) তাঁর উদ্দেশ্যে যে কৃতজ্ঞতা জানানো হয়েছে, তার অংশ বিশেষ উদ্ধৃত হোল--

''এই প্রসঙ্গে আমরা নরওয়ে-নিবাসী প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ, পরলোকগত মিঃ ওলি বুলের পত্নী পরলোকগতা মিসেস সারা সি বুলের উদ্দেশ্যে আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছি। ইনি শ্রীমৎ স্বামী বিবেকানন্দের পরম অনুগতা এবং ভগিনী নিবেদিতার শিক্ষাকার্যের প্রধান পরিপোষক ছিলেন। প্রথম হইতেই ইনি সিস্টার নিবেদিতাকে নানাপ্রকারে উৎসাহ দান করিতেছিলেন এবং প্রকৃতপক্ষে ইঁহারই অর্থে বিবেকানন্দ-পুরস্ত্রী-শিক্ষাকার্যের প্রতিষ্ঠা হইয়াছিল। জীবনের শেষ পর্যন্ত তিনি এই কার্যে বিশেষভাবে সহায়তা করিয়াছিলেন। ১৯১১ খৃষ্টাব্দের ১৮ই জানুয়ারি তারিখে তাঁহার

মৃত্যু হয়। ঐ ঘটনার কয়েক বৎসর পরে তাঁহার সম্পত্তি হইতে আমরা এককালে যে টাকা পাইয়াছিলাম তাহাই বিদ্যালয়ের 'চিরস্থায়ী তহবিলের' মূল ভিত্তিস্বরূপ। তাঁহার স্মৃতিকল্পে এখনও পর্যন্ত প্রতি বৎসর যে টাকা আমেরিকা হইতে প্রেরিত হয় তাহা দ্বারাই এই কার্যের অধিকাংশ ব্যয় নির্বাহ হইয়া থাকে। মিসেস বুলের এই সহানুভূতি ও বদান্যতায় নিবেদিতা-বালিকা-বিদ্যালয় তাঁহার নিকট বিশেষভাবে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ।"

---

# দুইটি পত্র

ক্যাসল কারনান্
২০শে জানুয়ারি, ১৯০৩

প্রিয় মিস ম্যাকলাউড,

আজ স্বামীজীর জন্মদিন। সারা সকাল পূজায় কেটেছে, এবং ঘণ্টাখানেক ধরে আমি বিশ্রাম উপভোগ করছি। আগামীকাল কলকাতা যাত্রা করছি আর বাড়ি পৌঁছব মনে করে খুব ভাল লাগছে। স্বামী সদানন্দ চমৎকার লোক। আমি নূতন করে স্বামীজীর অভিমতের তাৎপর্য হৃদয়ঙ্গম করছি আর সদানন্দ সম্পূর্ণভাবে তাতে নিবিষ্ট হয়েছেন। তিনি এখন ব্যক্তির পরিবর্তে নীতির কথা বলেন, সর্বোপরি, ভয় কাকে বলে তা তিনি জানেন না। ইন্‌টেলিজেন্স্ ডিপার্টমেন্ট অবিরাম প্রশ্ন করে করে নিজেদের মাথা খারাপ করে, তিনি কিন্তু এতটুকু বিচলিত হন না, বরং তেমনি শান্তভাবে আমাকে বেশ ঝাঁঝালো বক্তৃতা দেবার ইঙ্গিত করেন। খুব চমৎকার নয়?

কিন্তু এবার আমরা পাড়ি দেব। আমি বাগবাজারে মাসিক বার বা পনের টাকায় একটি ছোট বাড়ি নিয়ে সেখানে ছেলেদের রেখে নিজে ট্রেনিং দেব। যে শক্তি থেকে স্বামীজীর উদ্ভব সেখান থেকেই আমার প্রয়োজনীয় অর্থ আসবে। আমি তো ঐ কল্পনা নিয়ে মেতে উঠেছি। আমি দেখছি, যে ছেলেদের স্বামীজীর বলে ভেবেছিলাম তাদের অধিকাংশই স্বামী রামকৃষ্ণানন্দের মাধ্যমে এসেছে, আর তারা শ্রীশ্রীমার কাছে মন্ত্র নিয়েছে। স্বামীজী কেবল আমাদের পাঁচজনকে আহ্বান করেছিলেন। তিনি আরও অনেকজনকে গ্রহণ করলেন না কেন? তিনি তো ইচ্ছা করলে শতশত জনকে গ্রহণ করতে পারতেন। সদানন্দ বলেন শেষের দিকে তাঁর অর্থাভাব হয়েছিল। নিজের আর্থিক সঙ্গতি না থাকায় ভিক্ষাজীবি সাধুর অপবাদকে ভয় করতেন। তাহলে দেখ, এখানে আমরা জীবনের প্রতি স্বামীজীর নিষ্ক্রিয় মনোভাবের এক নতুন দৃষ্টান্ত পাচ্ছি। তুমি আরও দেখো, যে পাঁচজনকে তিনি আহ্বান করেছিলেন সদানন্দ ও আমার মত আর কেউ তার সঙ্গে এত বেশীদিন কাটায়নি। এই ব্যাপার আমাকে নতুন আত্মবিশ্বাস দিয়েছে। এবং সদানন্দ আমাকে মঠের পরিকল্পনাটি কাজে পরিণত করার জন্য বিশেষ উৎসাহ দিচ্ছেন, যার ফলে নূতন ধরনের একটি মঠ হবে। আমার উদ্দেশ্য হবে একদল ছেলেকে ছ'মাস কাছে রাখা এবং পরবর্তী ছ'মাস পর্যটনে পাঠানো। আবার ছ'মাস অধ্যয়নে নিযুক্ত রাখা ইত্যাদি। অবশ্য অর্থ নিঃশেষ হলে মঠটি বন্ধ হয়ে যেতে পারে।

এক মার্কিন মহিলা আমার কাছে আসবার জন্য লিখেছেন। যদি তিনি অর্থ ব্যয় করতে পারেন, আমি খুশি মনে তাঁকে গ্রহণ করবো। আমার খুব ইচ্ছা ১৭নং বাড়িটি একটি প্রকৃত আবাসিক বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়। কিন্তু আমার কাছে যারা আসবে তাদের সম্বন্ধে

লোকে যেন খবরদারি করতে না আসে। আমি চাই না যে আমার কাছে পাঠাবার আগে কেউ তাদের পরীক্ষা করুক, বা উৎসাহ দিক বা নিরুৎসাহ করুক। অনেকেই বাতিল করে দিয়েছে এমন উপাদান থেকেও আমি গৃহ গড়ে তুলতে পারি এবং যতক্ষণ তারা আমার নিজের লোক থাকবে ততক্ষণ আমি অন্য কিছু গ্রাহ্য করি না। অধিকন্তু আমার সংগঠিত সমস্ত পরিকল্পনাকে নিরাপদ করবে। সুতরাং এখানে আমি একজন কর্মীকে গ্রহণ করবো, তাকে ভাল করে শিক্ষা দেবো (ছেলে বা মেয়ে যেই হোক) তারপর তাদের অন্যত্র পাঠাবো। তারা প্রথমেই অপর কারো দ্বারা প্রভাবিত হয়ে এলে আমার সেই উৎসাহ থাকবে না। ১৬নং থেকে দক্ষিণেশ্বরে এবং বেলুড় মঠে এত সহজে যাওয়া যায় যে তার মধ্যে নিশ্চিতই একটা আকর্ষণ আছে। সেই সঙ্গে পারিশ্রমিক না দিয়ে একজন ইংরেজ মহিলাকে দেব।. আমি তার জন্যে ১৭নং বোসপাড়া লেনের বাড়ি সংলগ্ন জমিটি নিতে বলেছি, যদিও ভাড়া বেড়ে এখন মাসিক পনের টাকা হয়েছে কিন্তু সমস্ত পল্লীর জন্যই ওখানে একটি বাগান করা একান্ত বাঞ্ছনীয়।

মনে করো না আমি একটি যন্ত্রমাত্র যদিও আমার সব কিছুর প্রতি সম্পূর্ণভাবে নিরাসক্ত কেবল কাজ ছাড়া—যে কাজের কোনও শেষ নেই। প্রায় একান্তভাবে নিরামিষাশী হলেও বর্তমানে আমি কোনও দ্বিধা না করে যে প্রকার আহার পাই তাই গ্রহণ করি।

ইতি -

নিবেদিতা

কলিকাতা

৮ই মার্চ, ১৯০৫

প্রিয় মিসেস বুল,

আজ বুধবার। আজ শ্রীরামকৃষ্ণের জন্মতিথি। সকালে গোলাপ ফুল নিয়ে মঠে গিয়েছিলাম। তারপরে দুপুর পর্যন্ত কেবল কাজ আর কাজ—আমি একেবারে পরিশ্রান্ত। মনে হয়, সেসব তোমাকে বলতে গেলে কেবল বাইরের কথা বলা হবে। কিন্তু এই মুহূর্তে আমার প্রাণ একটি প্রেমভক্তির কথা বলবার জন্য আকুল।

মন্দ খবরগুলি তুমি নিজেই শুনতে পাবে। বর্তমানে বাংলার সমস্ত সংবাদ সবই মন্দ। সংগ্রাম প্রতিদিন তীব্রতর হচ্ছে। মানুষের দুর্নীতি দিন দিন বাড়ছে এবং অসাধুতারই জয় হচ্ছে। ফলে তিক্ততার সৃষ্টি। হায়! মা, আমরা কি করতে পারি? এ যেন হাত দিয়ে মহাসাগরের প্রবাহ রোধের ব্যর্থ চেষ্টা। সেইরকম—ঠিক যেন সেইরকমই মনে হচ্ছে।

কিন্তু তবু আধ্যাত্মিক দিক থেকে আজ শ্রীরামকৃষ্ণ একটি শিশু। শিশুর কাছে আমরা কিছুই চাই না। আমরা তাকে সব দিই—তাই বাতাসও পূজার ভাবে পরিপূর্ণ, আর এই মুহূর্তে সন্ধ্যারতির ঘণ্টার শব্দ কি মধুর। জীবনের কোন উদ্দেশ্য নেই—এই চিন্তা এখন কি স্বস্তির। সন্ধ্যাবেলা, তারার আলো, দ্বিতীয়ার চাঁদ আর প্রার্থনা এ সবই যেন শ্রীশ্রীমায়ের সান্নিধ্যের মত। সেও তো গোধূলির প্রগাঢ় মাধুর্যের মত—বিশেষ করে যখন তিনি পূজারতা। আহা, কি অপরূপ।

কিন্তু অন্য সবদিকে স্বাধীনতার উপর ক্রমাগত আঘাত আসছে—এবং তার ফল ক্রমশঃ মন্দ ও নৈরাশ্যব্যঞ্জক। এই যে কার্জন নামে ব্যক্তিটি—যেন ঔদ্ধত্য আর দুষ্টামির প্রতিমূর্তি।

অন্যরকম কিছু একটার মধ্যে আশ্রয় নেবার প্রয়োজন আরও বেশী। আমার কত না ইচ্ছা হয় যে গভীরতর শান্তি নিয়ে আসি। আমার জন্য এই শান্তির প্রার্থনা করতে তুমি বিরত হয়ো না; অপরের জন্য সেই স্থির আলোকশিখার জন্য প্রার্থনা করতেও বিরত হয়ো না,—যা কখনো কম্পিত হয় না—যেখানে সকলই বীর্য ও মাধুর্যের সঙ্গে বিধৃত।

তোমার

এম্ (M)

প্রিয়বন্ধু, সময় সময় মনে হয়, যেন এখনো আমাকে মহৎ গ্রন্থ রচনা করতে হবে। স্বামীজীর জীবনচরিত বা 'কালী'র উপর রচনার মত জাতীয়তার উপর একখানি পুস্তক রচনা করতে হবে; কিন্তু আবার আমি এও অনুভব করি যে, তুমি আমাকে যেমন নির্ঝঞ্ঝাট করেছ তা না হলে আমি কখনো উল্লেখযোগ্য কোনও পুস্তক রচনা করতে পারব না। "জীবন ক্ষেত্রে তোমার উপযুক্ত স্থান তোমাকে খুঁজে ফিরছে সুতরাং তুমি শান্তিতে থাক, তুমি তাকে খুঁজতে যেও না।"

# রবীন্দ্রনাথের দৃষ্টির আলোকে নিবেদিতা

"তাঁহার সর্বতোমুখী প্রতিভা ছিল, সেই সঙ্গে তাঁহার আর একটি জিনিস ছিল, সেটি তাঁহার যোদ্ধৃত্ব। তাঁহার বল ছিল এবং সেই বল তিনি অন্যের জীবনের উপর একান্ত বেগে প্রয়োগ করিতেন—মনকে পরাভূত করিয়া অধিকার করিয়া লইবার একটা বিপুল উৎসাহ তাঁহার মধ্যে কাজ করিত। নিজেকে এমন করিয়া সম্পূর্ণ নিবেদন করিয়া দিবার আশ্চর্য শক্তি আর কোনো মানুষে প্রত্যক্ষ করি নাই। সেই সম্বন্ধে তাঁহার নিজের মধ্যে যেন কোনো প্রকার বাধাই ছিল না। তাঁহার শরীর, তাঁহার আশৈশব ইউরোপীয় অভ্যাস, তাঁহার আত্মীয় স্বজনের স্নেহমমতা, তাঁহার স্বদেশীয় সমাজের উপেক্ষা এবং যাহাদের জন্য তিনি প্রাণ সমর্পণ করিয়াছেন তাহাদের ঔদাসীন্য, দুর্বলতা ও ত্যাগ স্বীকারের অভাব কিছুতেই তাঁহাকে ফিরাইয়া দিতে পারে নাই। মানুষের সত্যরূপ চিৎরূপ যে কী, তাহা যে তাঁহাকে জানিয়াছে সে দেখিয়াছে। মানুষের আন্তরিক সত্তা সর্বপ্রকার স্থূল আবরণকে একেবারে মিথ্যা করিয়া দিয়া কিরূপ অপ্রতিহত তেজে প্রকাশ পাইতে পারে তাহা দেখিতে পাওয়া পরম সৌভাগ্যের কথা। ভগিনী নিবেদিতার মধ্যে মানুষের সেই অপরাহত মাহাত্ম্যকে সম্মুখে প্রত্যক্ষ করিয়া আমরা ধন্য হইয়াছি। ভগিনী নিবেদিতা আমাদিগকে যে জীবন দিয়া গিয়াছেন তাহা অতি মহৎ জীবন —তাঁহার দিক হইতে তিনি তিলমাত্র ফাঁকি দেন নাই,—প্রতিদিন প্রতি মুহূর্তেই আপনার যাহা সকলের শ্রেষ্ঠ আপনার যাহা মহত্তম তাহাই তিনি দান করিয়াছেন, সেজন্য মানুষ যতপ্রকার কৃচ্ছ্রসাধন করিতে পারে সমস্তই তিনি স্বীকার করিয়াছেন। এই কেবল তাঁহার পণ ছিল যাহা একেবারে খাঁটি তাহাই তিনি দিবেন নিজেকে তাহার সহিত একটুও মিশাইবেন না নিজের ক্ষুধাতৃষ্ণা লাভলোকসান খ্যাতিপ্রতিপত্তি কিছু না ভয় না, সংকোচ না, আরাম না, বিশ্রাম না। তিনি হিন্দু ছিলেন বলিয়া নহে, তিনি মহৎ ছিলেন বলিয়াই আমাদের প্রণম্য। তিনি আমাদেরই মতন ছিলেন বলিয়া তাঁহাকে ভক্তি করিব তাহা নহে, তিনি আমাদের চেয়ে বড়ো ছিলেন বলিয়াই তিনি আমাদের ভক্তির যোগ্য। সেইদিক দিয়া যদি তাঁহার চরিত আলোচনা করি তবে, হিন্দুত্বের নহে মনুষ্যত্বের গৌরবে আমরা গৌরবান্বিত হইব।

ভগিনী নিবেদিতা যেসকল কাজে নিযুক্ত ছিলেন তাহার কোনোটিরই আয়তন বড়ো ছিল না, তাহার সকলগুলিরই আরম্ভ ক্ষুদ্র। নিজের মধ্যে যেখানে বিশ্বাস কম, সেখানেই দেখিয়াছি বাহিরের বড়ো আয়তনে সান্ত্বনা লাভ করিবার একটা ক্ষুধা থাকে। ভগিনী নিবেদিতার পক্ষে তাহা একেবারে সম্ভবপর ছিল না। তাহার প্রধান কারণ এই যে তিনি অত্যন্ত খাঁটি ছিলেন। যেটুকু সত্য তাহাই তাঁহার পক্ষে একেবারে যথেষ্ট ছিল, তাহাকে আকারে বড়ো করিয়া দেখাইবার জন্য তিনি লেশমাত্র প্রয়োজন বোধ করিতেন না। এবং তেমন করিয়া বড়ো করিয়া দেখাইতে হইলে যে-সকল মিথ্যা মিশাল দিতে হয় তাহা তিনি অন্তরের সহিত ঘৃণা করিতেন। এইজন্যই এই একটি আশ্চর্য দৃশ্য দেখা গেল, যাঁহার অসামান্য শিক্ষা ও প্রতিভা তিনি এক গলির কোণে এমন

কর্মক্ষেত্র বাছিয়া লইলেন যাহা পৃথিবীর লোকের চোখে পড়িবার মত একেবারেই নহে। বিশাল বিশ্বপ্রকৃতি যেমন তাহার বিপুল শক্তি লইয়া মাটির নিচেকার অতি ক্ষুদ্র একটি বীজকে পালন করিতে অবজ্ঞা করে না এও সেইরূপ। তাঁহার এই কাজটিকে তিনি বাহিরে কোনদিনও ঘোষণা করেন নাই এবং আমাদের কাহারও নিকট হইতে কোনোদিন ইহার জন্য তিনি অর্থসাহায্য প্রত্যাশাও করেন নাই। তিনি যে ইহার ব্যয় বহন করিয়াছেন তাহা চাঁদার টাকা হইতে নহে, উদ্বৃত্ত অর্থ হইতে নহে, একেবারেই উদরান্নের অংশ হইতে। ভগিনী নিবেদিতা একান্ত ভালবাসিয়া সম্পূর্ণ শ্রদ্ধার সঙ্গে আপনাকে ভারতবর্ষে দান করিয়াছিলেন, তিনি নিজেকে কিছুমাত্র হাতে রাখেন নাই। জনসাধারণকে হৃদয় দান করা যে কত বড়ো সত্য জিনিস তাহা তাঁহাকে দেখিয়াই আমরা শিখিয়াছি। জনসাধারণের প্রতি কর্তব্য সম্বন্ধে আমাদের যে বোধ তাহা পুঁথিগত—এ সম্বন্ধে আমাদের বোধ কর্তব্যবুদ্ধির চেয়ে গভীরতায় প্রবেশ করে নাই। কিন্তু মা যেমন ছেলেকে সুস্পষ্ট করিয়া জানেন, ভগিনী নিবেদিতা জনসাধারণকে তেমনি প্রত্যক্ষ সত্তারূপে উপলব্ধি করিতেন। তিনি এই বৃহৎ ভাবকে একটি বিশেষ ব্যক্তির মতোই ভালোবাসিতেন। তাঁহার হৃদয়ের সমস্ত বেদনার দ্বারা তিনি এই 'পীপল'কে এই জনসাধারণকে আবৃত করিয়া ধরিয়াছিলেন। এ যদি একটিমাত্র শিশু হইত তবে ইহাকে তিনি আপনার কোলের উপর রাখিয়া আপনার জীবন দিয়া মানুষ করিতে পারিতেন।

বস্তুত তিনি ছিলেন লোকমাতা। যে মাতৃভাব পরিবারের বাহিরের একটি সমগ্র দেশের উপরে আপনাকে ব্যাপ্ত করিতে পারে তাহার মূর্তি তো ইতিপূর্বে আমরা দেখি নাই। এ সম্বন্ধে পুরুষের যে কর্তব্যবোধ তাহার কিছু কিছু আভাস পাইয়াছি, কিন্তু রমণীর যে পরিপূর্ণ মমত্ববোধ তাহা প্রত্যক্ষ করি নাই। তিনি যখন বলিতেন our people তখন তাহার মধ্যে যে একান্ত আত্মীয়তার সুরটি লাগিত আমাদের কাহারও কণ্ঠে তেমনটি তো লাগে না। যে লোক দেশের প্রত্যেক লোকের মধ্যে সমগ্র দেশকে দেখিতে পায় না, সে মুখে যাহাই বলুক দেশকে যথার্থভাবে দেখে না। ভগিনী নিবেদিতাকে দেখিয়াছি তিনি লোকসাধারণকে দেখিতেন, স্পর্শ করিতেন, শুদ্ধমাত্র তাহাকে মনে মনে ভাবিতেন না। তিনি পল্লীগ্রামের কুটিরবাসিনী একজন সামান্য মুসলমান রমণীকে যেরূপ অকৃত্রিম শ্রদ্ধার সহিত সম্ভাষণ করিয়াছেন দেখিয়াছি, সামান্য লোকের পক্ষে তাহা সম্ভবপর নহে—কারণ ক্ষুদ্র মানুষের মধ্যে বৃহৎ মানুষকে প্রত্যক্ষ করিবার সেই দৃষ্টি, সে অতি অসাধারণ। সেই দৃষ্টি তাঁহার পক্ষে অত্যন্ত সহজ ছিল বলিয়াই এতদিন ভারতবর্ষের এত নিকটে বাস করিয়া তাঁহার শ্রদ্ধা ক্ষয় হয় নাই। লোক সাধারণের প্রতি তাঁহার এই যে মাতৃস্নেহ তাহা একদিকে যেমন সকরুণ ও সুকোমল আর একদিকে তেমনি শাবকবেষ্টিত বাঘিনীর মত প্রচণ্ড। বাহির হইতে নির্মমভাবে কেহ ইহাদিগকে কিছু নিন্দা করিবে সে তিনি সহিতে পারিতেন না—অথবা যেখানে রাজার কোনো অন্যায় অবিচার ইহাদিগকে আঘাত করিতে উদ্যত হইত সেখানে তাঁহার তেজ প্রদীপ্ত হইয়া উঠিত। শিবের প্রতি সতীর সত্যকার প্রেম ছিল বলিয়াই তিনি অর্ধাসনে, অনশনে অগ্নিতাপ সহ্য করিয়া আপনার অত্যন্ত সুকুমার দেহ ও চিত্তকে কঠিন তপস্যায় সমর্পণ করিয়াছিলেন। এই সতী নিবেদিতাও দিনের পর দিন যে তপস্যা করিয়াছিলেন তাহার কঠোরতা অসহ্য ছিল—তিনিও অনেকদিন অর্ধাশন অনশন স্বীকার করিয়াছেন, তিনি গলির মধ্যে যে বাড়ির

মধ্যে বাস করিতেন সেখানে বাতাসের অভাবে গ্রীষ্মের তাপে বীতনিদ্র হইয়া রাত কাটাইয়াছেন, তবু ডাক্তার ও বান্ধবদের সনির্বন্ধ অনুরোধেও সে বাড়ি পরিত্যাগ করেন নাই, এবং আশৈশব তাঁহার সমস্ত সংস্কার ও অভ্যাসকে মুহূর্তে মুহূর্তে পীড়িত করিয়া তিনি প্রফুল্ল চিত্তে দিন যাপন করিয়াছেন—ইহা যে সম্ভব হইয়াছে এবং এই সমস্ত স্বীকার করিয়াও শেষ পর্যন্ত তাঁহার তপস্যা ভঙ্গ হয় নাই তাহার একমাত্র কারণ, ভারতবর্ষের মঙ্গলের প্রতি তাঁহার প্রীতি একান্ত সত্য ছিল, তাহা মোহ ছিল না; মানুষের মধ্যে যে শিব আছেন সেই শিবকেই এই সতী সম্পূর্ণ আত্মসমর্পণ করিয়াছিলেন। এই মানুষের অন্তর-কৈলাসের শিবকেই যিনি আপন স্বামীরূপে লাভ করিতে চান তাঁহার সাধনার মত এমন কঠিন সাধনা আর কার আছে?"

(রবীন্দ্রনাথের 'ভগিনী নিবেদিতা' প্রবন্ধ হইতে সংগৃহীত)

———

# স্মৃতিকথা

[যেদিন ভগিনী নিবেদিতা ভারতে এসে এদেশকে স্বীয় জন্মভূমির মত ভালবেসেছিলেন, সেদিন এদেশবাসীও সকল সন্দেহ এবং অবিশ্বাস দূর করে তাঁকে গ্রহণ করেছিলেন শ্রদ্ধায় ভালবাসায়। বোসপাড়া লেনের জীর্ণ বাড়িটি মনীষীদের মিলন-তীর্থে পরিণত হয়েছিল। নানা শ্রেণীর মানুষের আসা-যাওয়ার বিরাম ছিল না সেখানে। এসেছিলেন সাহিত্যিক, শিল্পী, বিজ্ঞানী, শিক্ষাবিদ, রাজনীতিজ্ঞ, এসেছিলেন আদর্শবাদী তরুণ যুবকবৃন্দ। পরবর্তীকালে তাঁরা অনেকেই ভগিনী প্রসঙ্গ লিখে গেছেন নানা গ্রন্থে ও পত্রিকায়। সেই-সব গ্রন্থ ও পত্রিকার অনেকগুলিই আজ পুরাতন ও কিছু কিছু দুষ্প্রাপ্য। (যেমন রথীন্দ্রনাথ ঠাকুরের 'পিতৃস্মৃতি' গ্রন্থটিকে পুরাতনের পর্যায়ে ফেলা চলে না।) সেই সব পুরাতন ও দুষ্প্রাপ্য গ্রন্থ ও পত্রিকার পাতায় যে স্মৃতিকথা আবদ্ধ হয়ে আছে তারই কিছু কিছু চয়ন করে এই অংশে প্রকাশ করা হোল। তাছাড়াও এই অংশে আছে ভগিনীর স্নেহধন্যা প্রাক্তন ছাত্রী ও সহকর্মীদের স্মৃতিকথা। এই সংকলনের উদ্দেশ্য প্রত্যক্ষদর্শীদের বর্ণনার মধ্য দিয়ে ভগিনী নিবেদিতার মহৎ জীবন ও চরিত্র আমাদের চোখের সম্মুখে উজ্জ্বল ও জীবন্ত হয়ে উঠবে এবং আমাদের অনুপ্রাণিত করবে।]

## ( ১ )

## অবনীন্দ্রনাথ ঠাকুর

ভারতবর্ষকে বিদেশী যারা সত্যি ভালবেসেছিলেন তার মধ্যে নিবেদিতার স্থান সবচেয়ে বড়। বাগবাজারের ছোট্ট ঘরটিতে তিনি থাকতেন, আমরা মাঝে মাঝে যেতুম সেখানে। নন্দলালদের কত ভালবাসতেন, কত উৎসাহ দিতেন। অজন্তায় তো তিনিই পাঠালেন নন্দলালকে। কি চমৎকার মেয়ে ছিলেন তিনি। প্রথম তাঁর সঙ্গে আমার দেখা হয় আমেরিকান কনসালের বাড়িতে। ওকাকুরাকে রিসেপশন দিয়েছিলেন, তাতে নিবেদিতাও এসেছিলেন। গলা থেকে পা পর্যন্ত নেমে গেছে সাদা ঘাগরা, গলায় ছোট্ট ছোট্ট রুদ্রাক্ষের এক ছড়া মালা, ঠিক যেন সাদা পাথরের গড়া তপস্বিনীর মূর্তি একটি। যেমন ওকাকুরা একদিকে, তেমনি নিবেদিতা আর-একদিকে। মনে হল যেন দুই কেন্দ্র থেকে দুটি তারা এসে মিলেছে। সে যে কি দেখলুম কি করে বোঝাই। আর একবার দেখেছিলুম তাঁকে। আর্ট সোসাইটির এক পার্টি, জাস্টিস হোমউডের বাড়িতে, আমার উপর ছিল নিমন্ত্রণ করার ভার। নিবেদিতাকেও পাঠিয়েছিলুম নিমন্ত্রণ চিঠি একটি। পার্টি শুরু হয়ে গেছে। একটু দেরি করেই এসেছিলেন তিনি। বড় বড় রাজারাজড়া সাহেব মেম গিস গিস করছে। অভিজাত বংশের বড় ঘরের মেম সব। কত তাদের সাজসজ্জার বাহার, তাদের সৌন্দর্যে ফ্যাশানে চারদিক ঝলমল করছে। সন্ধ্যে হয়ে এল, এমন সময় নিবেদিতা এলেন। সেই সাদা সাজ, গলায় রুদ্রাক্ষের মালা, মাথার চুল ঠিক সোনালি নয়, সোনালি রুপোলিতে মেশানো, উঁচু করে বাঁধা। তিনি যখন এসে দাঁড়ালেন সেখানে, কি বলব যেন নক্ষত্রমণ্ডলীর মধ্যে চন্দ্রোদয় হল। 'সুন্দরী সুন্দরী' কাকে বল তোমরা জানিনে। আমার কাছে সুন্দরীর সেই একটা আদর্শ হয়ে আছে। কাদম্বরীর মহাশ্বেতার বর্ণনা—সেই চন্দ্রমণি দিয়ে গড়া মূর্তি

যেন মূর্তিমতী হয়ে উঠল। সাজগোজ ছিল না, পাহাড়ের উপর চাঁদের আলো পড়লে যেমন হয় তেমনি ধীর স্থির মূর্তি তাঁর। তাঁর কাছে গিয়ে কথা কইলে মনে বল পাওয়া যেত। নির্বোধতার কি একটা মহিমা ছিল, কি করে বোঝাই সে কেমন চেহারা। দুটি যে দেখিনে আর উপমা দেব কি।

## (২)

## ডঃ দীনেশ চন্দ্র সেন

প্রথম বৎসর (১৯০৭ সনে) বিদায় হইয়া আমি ইংরেজিতে বঙ্গভাষা ও সাহিত্যের ইতিহাস লিখিতে নিযুক্ত হই। এই পুস্তকখানি সমাধা করিয়া আমি দুইজনকে দেখাইয়াছিলাম। শ্রীযুক্ত কুমুদবন্ধু বসুর নাম পূর্বেই উল্লেখ করিয়াছি। কিন্তু বিশেষভাবে উল্লেখযোগ্য মিস মার্গারেট নোবেলের নাম--"নিবেদিতা" নামেই বঙ্গ-সমাজে পরিচিত। একদিন সকালবেলা তাঁর সহিত দেখা করিয়া পুস্তকখানি তাঁকে দেখাইবার প্রস্তাব করি, তিনি তখনই স্বীকার করিলেন, 'আমি বলিলাম পুস্তকখানি খুব বড়।" "তা হোকনা, আমি যখন বলেছি, তখন দেখে দেব।' এই বলিয়া তিনি হাসিমুখে আমাকে বিদায় করিলেন।

তিনি অসাধারণ অধ্যবসায়ের সঙ্গে আমার পুস্তকখানি পড়িতে লাগিলেন। ইংরেজি 'ইডিয়ম' সংক্রান্ত ভুল মাঝে মাঝে না পাইতেন, এমন নহে, কিন্তু তিনি মোটের উপর বলিতেন, "আপনার ইংরেজি ভাল"—ভাবের দিক দিয়া তাহার সঙ্গে আমার সর্বদা তর্কবিতর্ক ও বিরোধ চলিত, কোন একটা কথা লইয়া তর্ক বাধিত হয়তো পুস্তকের এক লাইনও পড়া হইল না, দুইদিন তর্ক-যুদ্ধে কাটিয়া যাইত।

কোন একটা বিষয়ের ভার লইলে তিনি এটা মনে করিতে পারিতেন না, যে উহা পরের। সেটি সম্পূর্ণ আপনার ভাবিয়া খাটিতেন,—এই ভাবের পরিশ্রম কেহ মূল্য দিয়া ক্রয় করিতে পারে না, কোন দিন সকাল হইতে রাত্রি দশটা পর্যন্ত তিনি খাটিয়াছেন, ইহার মধ্যে তিনি ও আমি ২।৫ মিনিটের জন্য খাইয়া লইয়াছি মাত্র,—এরূপ নিঃস্বার্থ, আত্মপর ভাববিবর্জিত, প্রতিদান সম্পর্কে, শুধু সম্পূর্ণরূপে উদাসীন নহে, একান্ত বিরোধী কার্যে তন্ময় লোক আমি জীবনে বেশী দেখিয়াছি বলিয়া জানিনা। তিনি আমাকে নিষ্কাম কর্মের যে আদর্শ দেখাইয়াছেন, তাহা শুধু গীতায় পড়িয়াছিলাম।

কবিতা বুঝিবার শক্তি তাঁহার অসামান্য ছিল। শূন্য পুরাণের শিবসম্বন্ধে একটা ছড়া আমি উদ্ধৃত করিয়াছিলাম, তাহাতে লিখিত আছে—'শিব তুমি কেন ভিক্ষা করিয়া খাও? ভিক্ষা বড় হীনবৃত্তি, কোন-দিন কিছু জোটে, আর কোন দিন রিক্ত ভাণ্ডে ফিরিয়া আস, তুমি চাষ করিয়া ধান বোন, তা'হলে তোমার এ কষ্ট দূর হইবে। হে প্রভু, তুমি কতদিন উলঙ্গ হইয়া অথবা 'কেঁওদা' বাঘের ছাল পরিয়া কাটাইবে? যদি কাপাস বুনিয়া তুলো তৈরী কর—তবে কাপড় পরিতে পাইয়া কত সুখী হইবে।"—এই ভাব-সম্বলিত পয়ারের মধ্যে যে ভারতীয় কোন অপূর্ব প্রেরণা থাকিতে পারে তাহা তো আমার মনেই হয় নাই, কিন্তু তিনি ঐ স্থানটি পড়িয়া একেবারে লাফাইয়া উঠিলেন, কেবল "আশ্চর্য, আশ্চর্য" এই কথাটি বারংবার বলিতে লাগিলেন। আমি বলিলাম, "ভগিনী, এটাতে এমন কি জিনিষ পেয়েছেন, যে দীনদরিদ্র হঠাৎ রাজ্য

পেলে যেরূপ আহ্লাদিত হয়, আপনি সেইরূপ হয়ে পড়েছেন।" নিবেদিতা সেই কবিতাটি হইতে দৃষ্টি না সরাইয়া, এক হাত দিয়া অপর হাত চাপিয়া ধরিয়া আনন্দগর্বফুল্ল চোখে কেবলই বলিতে লাগিলেন "ও দীনেশবাবু, এটা একটা আশ্চর্য জিনিষ।" আমি ভাবিলাম, ক্ষেপা মেয়ের মাথায় যেন কি হয়েছে। সেই সময় সেখানে আর একজন মেমসাহেব ছিলেন, আমি তাঁহার নাম ভুলিয়া গিয়াছি। পরদিন তাঁহাকে নিরালা পাইয়া জিজ্ঞাসা করিলাম "নিবেদিতা এই শিবের কবিতায় এমন আশ্চর্য কি পাইয়াছেন, তাহা ত বুঝিতে পারিলাম না। আপনি কি শুনিয়াছেন?" তিনি বলিলেন, "শুনেছি, সাধারণ ভক্ত ও উপাসক তাঁহাদের দেবতার নিকট সাহায্য চাহিয়া প্রার্থনা করেন 'ঠাকুর আমায় ধন দিন্, যশ দিন্, মান দিন্, স্বাস্থ্য দিন্—' তাঁহারা কত কি বর প্রার্থনা করেন। কিন্তু ঐ কবিতায় ভক্ত তাঁর উপাস্যের প্রতি অনুরক্ত হইয়া নিজেকে সম্পূর্ণভাবে ভুলিয়া গিয়াছেন, নিজের দুঃখের কথা তাঁর মনে নাই ; ঠাকুরের দুঃখে তাঁর প্রাণ গলিয়া গিয়াছে, ঠাকুরের কষ্ট যাতে নিবারণ হয়, তাই তাঁর ভাবনার লক্ষ্য হইয়াছে।"

আমি তখন নিবেদিতার মনের ভাব বুঝিতে পারিলাম।...

একদিন ফাল্গুন মাসের মধ্যাহ্নে নিবেদিতাকে সঙ্গে করিয়া আমি ও গণেন একখানি নৌকায় খড়দহে রওনা হইলাম।....আমরা বাগবাজারের ঘাটে উঠিয়া সেই ভ্রমণ-বৃত্তান্তের আলোচনা করিতে করিতে যাইতেছি, এমন সময় একটা সাজিতে কতকগুলি মেটে পুতুল লইয়া একটা ফেরীওয়ালা বিক্রয় করিয়া যাইতেছে দেখিয়া তিনি তাহাকে ডাকিলেন এবং পুতুলগুলি দেখিয়া আনন্দে একেবারে আত্মহারা হইলেন। পুতুল তিনটি এক পয়সায় বিক্রী হয়। হলুদে আর কালো রঙে রঞ্জিত, শ্রীমূর্তি মাথায় একটা খোপা ও জগন্নাথের হাতের মত ছোট অর্ধসমাপ্ত দুইখানি হাত, পায়ের জায়গা মৃত্তিকায় গড়া শিবলিঙ্গ অথবা বেতের মোড়ার মত। এরূপ পুতুল তো শত শত অলিগলিতে পাওয়া যায়, বঙ্গের এমন বালক বালিকা বোধ হয় নাই যাহারা এরূপ পুতুলের দশ বিশটা শৈশবে না ভাঙ্গিয়াছে। এই পুতুল হাতে লইয়া "oh most wonderful" (অতীব আশ্চর্য) ক্রমাগত এইরূপ প্রশংসোক্তি করিতে লাগিলেন, আমি বলিলাম "একেবারে ক্ষেপে গেলেন না কি? এ গুলির ভিতরে কি পেয়েছেন যে রাস্তায় দাঁড়াইয়া এরূপ করছেন? এখুনি আবার খড়দহের মত এখানে ভিড় জমাবেন, দেখছি।" নিবেদিতা আমার কথায় দৃক্পাত না করিয়া কেবল "অতি আশ্চর্য, অতি অদ্ভুত, অতি সুন্দর" এইরূপ মন্তব্য উচ্চ কণ্ঠে প্রকাশ করিতে করিতে এক টাকায় সেই সমস্তগুলি পুতুল কিনিয়া বামলালের হাতে দিলেন। তারপর আমি বিদায় লইলাম।

পরদিন তাহাকে জিজ্ঞাসা করিলাম "পুতুলগুলি লইয়া কাল ওরূপ করেছিলেন কেন?" তিনি বলিলেন—"আপনি ও বুঝবেন না, ওর মত সুন্দর ও আশ্চর্য জিনিষ আমি ভারতবর্ষে দেখি নাই।" এই বলিয়া অতি লুব্ধ চক্ষে তাহার একটি হাতে করিয়া দেখিতে লাগিলেন। যাহাকে বাড়াইবেন, তাহার মাথা আকাশে না ঠেকাইয়া ছাড়িবেন না। আমি ইহার অর্থ কিছুই বুঝিতে পারিলাম না।

কিন্তু তিনদিন পরে মেজাজটা একটু পড়িয়া আসিয়াছিল, সেদিন হাসিয়া বলিলেন—"দীনেশ-বাবু ওই পুতুল আমার এত ভাল লেগেছে কেন, শুনবেন? ৩০০০ খৃঃ পূর্বের অর্থাৎ এখন হইতে প্রায় ৫০০০ বৎসর পূর্বের অনেকগুলি জিনিস সম্প্রতি ক্রীট দ্বীপ হইতে ডাঃ ইভান্স আবিষ্কার করিয়া

বিলাতে লইয়া আসিয়াছেন। আমি এবার বিলাত যাইয়া সেগুলি দেখিয়া আসিয়াছি, সেই সংগ্রহের ভিতর অবিকল এই পুতুলের মত পুতুল দেখিয়া আসিয়াছি।

দার্জিলিং যাওয়ার কয়েকদিন পূর্বে আমার ইংরেজিতে লিখিত বঙ্গভাষা ও সাহিত্যের বৃহৎ ইতিহাস প্রকাশিত হইয়া আসিল, আমি তাহার দুইখানি তাঁহাকে দিলাম। ভূমিকায় তাঁহার নাম না প্রকাশ করার জন্য তিনি আমাকে বাধা করিয়াছিলেন,—পুস্তক পাইয়া যে তিনি কতরূপে আনন্দ প্রকাশ করিয়াছিলেন, তাহা আর কি বর্ণিব।

তাঁহার শেষ কথাগুলি আমার কানে বাজিতেছে। একটু করুণ কণ্ঠে তিনি বলিলেন— "এই বই উপলক্ষ্যে বহুদিন আপনার সঙ্গে ঘনিষ্ঠ ভাবে মিশিয়াছি, দুইজনে একত্রে কত খাটিয়াছি। এখন কাজ শেষ হইয়া গিয়াছে, আর বোধহয় আপনাকে তেমন ঘন ঘন পাইব না। কিন্তু যে সৌহার্দ্যের সৃষ্টি হইয়াছে, তাহা আপনি ভাঙ্গিবেন না, আপনি যদি পূর্ববৎ না আসেন, তবে আমি কষ্ট বোধ করিব।" বস্তুত, তাহার ভগিনীজনোচিত আদর আমার নিকট কত মূল্যবান ও প্রীতিকর ছিল, তাহা আর কি লিখিব। যেদিন তাহার মৃত্যু-সংবাদ পাই সেদিন সমস্ত বোসপাড়াটা আমার নিকট একটা মহাশূন্যের ন্যায় বোধ হইয়াছিল।

## ( ৩ )

## শ্রীরামানন্দ চট্টোপাধ্যায়

১৯০৭ সালের জানুয়ারি মাসে 'মডার্ণ রিভিউ' মাসিক পত্রের প্রথম সংখ্যা প্রকাশিত হয়। তাহার কয়েকমাস আগে হইতে উহার জন্য প্রবন্ধ চিত্র প্রভৃতি সংগ্রহ করিতে আরম্ভ করি। তখন নটেশনের 'ইণ্ডিয়ান রিভিউ', সচ্চিদানন্দ সিংহের 'হিন্দুস্থান রিভিউ', এবং মালাবারীর 'ইষ্ট এণ্ড ওয়েষ্ট' এই তিনখানি প্রধান ইংরেজি মাসিকপত্র ছিল। সেইজন্য এইরূপ একটি কথা উঠে যে, আমার কাগজ অল্পদিনের মধ্যেই লেখার অভাবে উঠিয়া যাইবে—কে উহাতে লিখিবে? যথেষ্ট ও ভাল লেখা পাইব কিনা সে বিষয়ে আমারও যে সন্দেহ ছিল না এমন নয়, কিন্তু আমি যখন নিঃসম্বল অবস্থায় চাকরীতে ইস্তফা দিয়া ইংরেজি মাসিকপত্র চালাইবার সংকল্প করি, তখন প্রতিজ্ঞা করিয়াছিলাম আর কেহ না লিখিলেও আমার নিজের সংগৃহীত নানা তথ্য দিয়া প্রবন্ধ লিখিয়া কাগজ চালাইয়া দেখিব চলে কিনা। আমার প্রবন্ধে সাহিত্যিক উৎকর্ষ থাকিবে না, তাহা জানিতাম, কিন্তু জ্ঞাতব্য অনেক কথা সংগ্রহ করিয়া দিতে পারিব এবং যাহা প্রমাণ করিতে চাই তাহার সমর্থক যুক্তি দিতে পারিব এই ভরসা ছিল। কিন্তু শুধু আমার এইরূপ লেখায় ত পত্রিকাটি উৎকৃষ্ট হইবে না, এইজন্য লেখা ও লেখক সংগ্রহের চেষ্টা করিতে আরম্ভ করি।

তখন ভগিনী নিবেদিতার সহিত পরিচয় ছিল না। আমার ইংরেজি মাসিকটিতে লিখিবার জন্য যাহাদিগকে অনুরোধ করি তাহাদের মধ্যে অন্যতম আচার্য জগদীশ চন্দ্র বসু। আমি তাঁহার ছাত্র বলিয়া তাঁহাকে অনুরোধ করিতে সংকোচ বোধ করি নাই। তিনি বেশী লিখিতে না পারিলেও

কখনো কখনো লিখিবেন বলেন এবং ভগিনী নিবেদিতাকে লিখিতে অনুরোধ করেন। নিবেদিতা দৃঢ়তার সহিত বলেন লেখার অভাব যাহাতে না হয় সে চেষ্টা হইবে। তাহার পর হইতে নিজে নাম দিয়া এবং নাম না দিয়া তিনি যতদিন বাঁচিয়া ছিলেন 'মডার্ণ রিভিউ''তে বিস্তর প্রবন্ধ, নিবন্ধিকা, টিপ্পনী ও চিত্র পরিচয় লিখিয়াছিলেন।

তাঁহার রাজনৈতিক মত জানিবার সুযোগ আমার হইয়াছিল কিন্তু সে বিষয়ে বিশেষ কিছু লিখিব না। সাধারণভাবে বলা যাইতে পারে যে, তিনি ভারতবর্ষের পূর্ণ স্বাধীনতার প্রয়াসী ছিলেন। স্বাধীনতার পতাকা নামাইতে বা ঢাকা দিতে তাঁহার প্রাণে লাগিত, তবে আপাততঃ ঔপনিবেশিক স্বরাজ বা আভ্যন্তরীণ জাতীয় আত্মকর্তৃত্বে তাহার আপত্তি ছিল না। কিন্তু তাহাকে উচ্চতম বা চরম লক্ষ্য বলিতে তিনি রাজী ছিলেন না। তিনি যোদ্ধৃ প্রকৃতির মানুষ ছিলেন। অনেক সময় তাঁহার কথাবার্তায় ও লেখায় তাহা প্রকাশ পাইত। ধর্ম বিষয়েও তিনি সত্ত্বগুণের সহিত রাজসিকতার মিশ্রণ ভালবাসিতেন। তাঁহার 'Aggressive Hinduism'' নামক পুস্তিকা তাহার সাক্ষ্য দিতেছে। কিন্তু তিনি যেমন তেজস্বিনী ছিলেন তেমনি দয়াবতীও ছিলেন।

তিনি আমার কাগজে লেখায় যে কটি বিষয়ে আমার চোখ ফুটিয়াছিল। আমি প্রথম প্রথম রবি বর্মার ছবির প্রতিলিপি এবং সেই জাতীয় অন্যান্য ছবির প্রতিলিপি ছাপিতাম। তিনি ক্রমাগত আমার সহিত তর্কযুদ্ধ করিয়া আমার এই বোধ জন্মান যে রবি বর্মার ও তদ্বিধ অন্য ছবির রীতি ভারতীয় নহে এবং পাশ্চাত্য রীতির চিত্র হিসাবেও সেগুলি উৎকৃষ্ট নহে। চিঠিতে ছাড়া এসব বিষয় ও অন্যান্য বিষয়ে তাহার সহিত মৌখিক কথা যখন হইত, তখন কথা বলার কাজ তিনিই বেশী করিতেন, আমি বেশীর ভাগ শ্রোতার কাজ করিতাম।

ভারতীয় অনেক রীতিনীতি আমরা জন্মাবধি দেখিয়া আসিতেছি বলিয়া অভ্যাসবশতঃ উহার ভিতরকার গূঢ় তত্ত্ব ধরিতে পারি না, উহার প্রাণ ও অর্থ খুঁজিয়া পাই না, এসব বিষয়ে তাহার অন্তর্দৃষ্টি ছিল। তিনি মধ্যে মধ্যে ভুল করিতেন না এমন নয়, কিন্তু অনেক সময় অনেক রীতিনীতি, ক্রিয়াকলাপ অনুষ্ঠানের মজ্জাগত প্রাণের সন্ধান পাইতেন, তাহা আমরা পাই না।

ভারতীয় দেশী জিনিষের প্রতি তাঁহার গভীর অনুরাগ ছিল। একবার তিনি আমাকে তাঁহার সহিত সত্বর দেখা করিতে বলেন। বোসপাড়া লেনে তাঁহার সেই জীর্ণ বাড়িতে গিয়া খবর দিতেই তিনি বাহির হইয়া আসিলেন। দেখিয়াই বুঝিলাম তিনি পূজা পাঠ ও জপ করিতেছিলেন। পরে নীচে আসিয়া উভয়ে জলযোগ করিলাম। তিনি আমাকে পনীর খাইতে দেওয়ায় বলিলাম তাহা খাওয়ার অভ্যাস নাই। তিনি বলিলেন, 'খান, ইহা ঢাকার তৈরী, বিদেশী নয়।'' এইরূপে দেশী বলিয়া আমাকে কিছু নূতন খেজুর গুড়ও খাইতে হইল। তিনি কোথায় একটা আধ পয়সা দামের মাটির প্রদীপ পাইয়াছিলেন। তাহার সৌন্দর্যে মুগ্ধ হইয়া তাহা যত্ন পূর্বক রাখিয়া দিয়াছিলেন।

তাঁহার বন্ধুপ্রীতি ও হিতৈষণা অসাধারণ ছিল। একবার তিনি চরমুখে খবর জানিতে পারেন যে আমার নামে রাজদ্রোহের মোকদ্দমা হইবে। খবরটা সত্য ছিল, কিন্তু কি কারণে জানিনা মোকদ্দমা হয় নাই। খবর পাইয়া তিনি অনেক দুঃখ করিয়া চিঠি লিখিয়া তাহা আমাকে জানান।

তাঁহার বিষয়ে আচার্য বসু মহাশয়ের নিকট অনেক কথা শুনিয়াছি, তাহা অধিকতর শিক্ষাপ্রদ ও মনোহর। আমি নিজে যাহা জানি তাহাই লিখিলাম।

## ( ৪ )

### নন্দলাল বসু

সিস্টার নিবেদিতার সঙ্গে প্রথম দেখা আর্ট স্কুলে। নিয়ে এসেছিলেন ব্রহ্মচারী গণেন মহারাজ। আমার ছবি দেখানো হোল—'কালী' আর 'সত্যভামার মান'। কালী কাপড় পরা দেখে তিনি বললেন, "এ কী কালী যে উলঙ্গিনী। কোনও আবরণ নেই তাঁর। কাপড় চোপড় দিয়ে এমন ঢেকে রেখেছ কেন? স্বামীজীর লেখাটা পড়ে দেখো।" সিস্টার তখন 'মডার্ন রিভিউ'র সম্পাদক।

সত্যভামার ছবিতে শ্রীকৃষ্ণ সত্যভামার পায়ে হাত দিয়ে মান সাধছে। সিস্টার দেখে বললেন, "তুমি তো পুরুষ মানুষ, তবে স্ত্রীলোকের পায়ে হাত দেওয়া ছবি আঁকো কেন? এতে যে তোমাদের মন খাটো হয়ে যাবে। তোমরা আঁকবে মহাভারতের কৃষ্ণকে বীর কৃষ্ণকে, তোমাদের মন সতেজ হয়ে উঠবে তাতে।" বললেন, ওজস্বিনী ভাষায়।

'দশরথ ও কৌশল্যার' ছবিতে কৌশল্যার হাতে তালপাতার পাখা দিয়েছিলুম। তাই দেখে বললেন, "এ কী রাজরাণীর হাতে তালপাতার পাখা দিয়েছো যে। তবে তোমরা আর্টিস্টরা পাবে কোথা থেকে, বল? রাণীর হাতে থাকবে আইভরির পাখা। মিউজিয়ামে গিয়ে দেখে এসো আইভরির পাখা কেমন।"

'জগাই-মাধাই'-এর ছবি করেছিলুম। সিস্টার দেখে বললেন, "ভালো হয়েছে। মুখের এ টাইপ তুমি পেলে কোথা থেকে?" আমি বলি সহাস্যমুখে, "গিরিশ ঘোষ মশাই থেকে।"

স্বামীজীর ছবি করেছিলুম। গায়ে কাপড় জড়ানো। তিনি দেখে বললেন, "এ হয়নি। এতো কাপড় জড়িয়েছ কেন স্বামীজীর গায়ে? তিনি এত কাপড় জড়াতেন না। তোমাদের ক্লাইমেট নয় বেশী কাপড় গায়ে জড়ানোর। বুদ্ধকে দেখ, তার গায়ে কি কাপড় জড়ানো আছে? স্বামীজী ছিলেন বুদ্ধদেবের মত।"

আর দিতেন, রামায়ণ মহাভারত থেকে বীরত্বপূর্ণ সব কাহিনী নিয়ে ছবি আঁকতে। তারপর প্রায়ই যেতুম তাঁর কাছে। নানা উপদেশ দিতেন তিনি। আমাদের ঘরের লোকের মত হয়ে গিয়েছিলেন যেন। স্নেহভরা ঘরোয়া কথাও কইতেন। একদিন সুরেনকে বললেন, "এ, তোমার জামাটা বড় পাতলা। ঠাণ্ডা লাগবে যে। তোমারটা বেশ পুরু"—বললেন আমাকে। আমাকে অজন্তা পাঠাতে উনি ছিলেন একজন প্রধান উৎসাহী।

## ( ৫ )

### অধ্যাপক শ্রীগোকুল দাস দে

১৯০৯ সালে নভেম্বর মাসের গোড়ার দিকে একদিন ভগিনী নিবেদিতার শিক্ষামন্দির ও বাসভবনে তাঁহার সহিত আমার প্রথম সাক্ষাৎ হয়। পাঠাবস্থায় রেঙ্গুন হইতে আসিয়া তখন আমি স্কটিশচার্চ কলেজের দ্বিতীয় বার্ষিক শ্রেণীতে ভর্তি হইয়া ১৯১০ সালের I.A. পরীক্ষার জন্য প্রস্তুত

হইয়াছে। সংস্কৃত ভাষার পরিবর্তে আমার classical ভাষা ছিল পালি। রেঙ্গুনে থাকিতেই পালি ভাষায় লিখিত কতকগুলি বিষয়বস্তু সম্বন্ধে ইংরেজি মাসিক পত্রে ভগিনী নিবেদিতার প্রবন্ধাদি পাঠে তাঁহার অদ্ভুত ধীশক্তির পরিচয় লাভ করিয়াছিলাম এবং তিনি যে স্বামী বিবেকানন্দের শিষ্যা ইহাও জানিয়াছিলাম। নিবেদিতা একজন ইংরেজ মহিলা হইয়া কি ভাবে ভারতীয় সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের শিষ্যত্ব গ্রহণ করিলেন তাহা বুঝিবার আগ্রহ দমন করিতে না পারিয়া উপযাচক হইয়া তাঁহার দর্শনমানসে তাঁহার ১৭নং বোসপাড়া লেনস্থিত বাটীতে উপস্থিত হইলাম।

ছাত্র এবং স্বল্পবয়স্ক হইলেও তখন আমার সাহস ছিল অদম্য। যাহাকেই কোন বিষয়ের শীর্ষস্থানীয় দেখিতাম তাঁহাদের সহিত জোর করিয়া দেখা করিতাম, ইহাতে মাঝে মাঝে লজ্জায়ও পড়িতে হইত। যেমন নাট্যসম্রাট গিরীশবাবুর নিকটে প্রথম আসিয়া শ্রীরামকৃষ্ণদেবের কথা আলোচনা বা ধর্মপ্রসঙ্গ করিতে যাই। দেখিলাম তিনি ত ধর্মপ্রসঙ্গ করিলেনই না বরং আমি কি আহার করি [illegible] জুতা বোতাম বেড়া ইত্যাদি প্রশ্নই করিতে লাগিলেন। যেন আমি একটি বালকমাত্র। ভগিনী নিবেদিতার নিকটে আমার প্রায় তদ্রূপ অবস্থাই ঘটিল।

উপরে সংবাদ পাঠাইবার পর আমার সহিত আলাপ করিতে প্রথম আসিলেন সিস্টার ক্রিশ্চীন্। তাহার পরিচয় দিলে তিনি এই বালিকা বিদ্যালয়ের তত্ত্বাবধান করেন জানাইলেন কিন্তু আমি ভগিনী নিবেদিতাকে দেখিতে আসিয়াছি বলিলাম। তিনি তখনই উপরে গিয়া তাঁহাকে পাঠাইয়া দিলেন। ভাবিয়াছিলাম শান্ত নম্র সম্ভবতঃ মৃদুভাষিণী বিদুষী ভদ্রমহিলাকে দেখিব কিন্তু নিবেদিতার গৈরিকবসনে আবৃতা তাঁহার শক্তিপূর্ণ দীর্ঘ-সবল তনু ও হৃদয়ভেদী দৃষ্টি তেজোদ্দীপ্ত কথা ভঙ্গি দেখিয়া ও শুনিয়া আমি একেবারে হতবুদ্ধি হইয়া গেলাম। তাঁহার নিকট আমি ক্ষুদ্র বালকই হইয়া পড়িলাম। সিস্টার ক্রিশ্চীন্ সাদা গাউন পরিয়া আসিয়াছিলেন কিন্তু নিবেদিতা ঘাগ্‌রা পরিয়াই আসিয়াছিলেন। অর্থাৎ যেভাবে ছিলেন সেই ভাবেই দেখা করিতে আসিলেন। তিনি আমাকে তাঁহার মেয়েদের পড়াশুনার ঘরে লইয়া আসিয়া নিজে একটি পিঁড়াতে বসিলেন এবং আর একটিতে আমায় বসিতে বলিলেন। নিমন্ত্রণ বাড়ী খাওয়ার সময় যেমন পর পর আসন পাতা থাকে তেমনই এই ঘরে দেয়ালের ধারে সারি সারি পিঁড়া পাতা আছে দেখিলাম। একদিকে দেওয়ালের মধ্যস্থলে একটি উঁচু আসন দেখিলাম, বুঝিলাম উহাতেই শিক্ষয়িত্রী উপবেশন করেন। তাহাতেও ঠাকুর স্বামীজীর ছবি ছিল।

নিবেদিতা বলিলেন, "এইটি মেয়েদের পড়িবার ঘর। আমি এইখানে পাড়ার মেয়েদের পড়াই। তুমি কি চাও?"

আমি বলিলাম, "আমি একজন ছাত্র, আপনার সহিত দেখা করিতে আসিয়াছি। রেঙ্গুনে I A পড়িতেছিলাম, এখানে আসিয়া I A ক্লাসে ভর্তি হইয়াছি, আগামী বৎসর পরীক্ষা দিব। আমার পালি classical ভাষা— আপনার নিকট ঐ বিষয় লইয়া আলোচনা করিব মনে করিয়াছি।"

নিবেদিতা একটু আশ্চর্য হইয়া বলিলেন, "ও! তুমি পালি পড়। পালির দিকে তুমি আকৃষ্ট হইলে কেন?"

আমি উত্তর করিলাম, "রেঙ্গুনে সকলকেই পালি পড়িতে হয়, কিন্তু আমার পালি ভাল লাগে, কারণ আমার মনে হয় ভারতের পূর্ব গৌরব বিশেষ করিয়া জানিতে হইলে পালি পড়া প্রয়োজন।"

নিবেদিতা কৌতূহলপূর্ণ নয়নে ক্ষিপ্রতার সহিত জিজ্ঞাসা করিলেন, "তুমি ভবিষ্যতে কি হইবে ঠিক করিয়াছ?" আমি বলিলাম, "তাহা আমি বলিতে পারি না।"

তীব্র ভর্ৎসনা করিয়া তিনি গম্ভীর ভাবে বলিলেন, "ইহা একটি নির্বুদ্ধিতার পরিচায়ক (This is foolishness)। প্রত্যেক শিক্ষার্থীর মনে রাখা উচিত সে ভবিষ্যতে কি হইতে চায়।" তাহার পর সহাস্যে আমায় বলিলেন, "তুমি যখন বড় হইয়া পারি তাহার M.A. পাশ করিবে তখন আমার নিকটে আসিও, আমরা এই বিষয় লইয়া আলোচনা করিব। এখন আমি বড় ব্যস্ত, আমায় বিদায় লইতে হইবে।"—মুহূর্ত মধ্যে ভগিনী নিবেদিতা তেজোময়ী বিদুষী হইতে ভক্ত নিবেদিতায় পরিণতা হইলেন। জোড়করে আমাকে সংবাদ নমস্কার করিতে করিতে এবং মনে হয় তাহার গুরুদেবের নাম উচ্চারণ করিয়া বিদ্যুদ্বেগে উঠিয়া চলিয়া গেলেন।

পরবর্তী অক্টোবর মাসে রেঙ্গুনে রোগশয্যায় শায়িত থাকিয়া শুনিলাম 'Sister Nivedita no more.' ভগ্নী নিবেদিতা আর ইহজগতে নাই—এই সংবাদ কলিকাতা হইতে তারযোগে রেঙ্গুনে প্রচারিত হইয়াছিল। ভগ্নি, তুমি যে বলিয়াছিলে M.A পাশ করিবার পর আমার সহিত প্রাচীন ভারত সম্বন্ধে আলোচনা করিবে। আমি ত বাঁচিয়া আছি, তুমি কোথায়? তুমি ঠিকই বুঝিয়াছিলে শৃঙ্খলা-রহিত শিক্ষা হয় না, তুমি বলিয়াছিলে স্বাস্থ্য-উন্নতি করিতে না পারিলে পড়াশুনা বিড়ম্বনা। আজ ভারত স্বাধীন। তোমার একটি ব্রত পূর্ণ হইয়াছে। কিন্তু আজ বাঙ্গালী আদর্শভ্রষ্ট, তুমি আসিয়া শিক্ষা দাও। ছাত্রদিগকে বুঝাইয়া দাও কি করিয়া দেহের ও মনের উন্নতি সাধন করিতে হয়।

## ( ৬ )

## শ্রীকুমুদবন্ধু সেন

ভগিনী নিবেদিতার নানা স্মৃতি মনে আসিয়া ভিড় করিতেছে, কিন্তু সীমাবদ্ধ প্রবন্ধে আমাকে নিরস্ত হইতে হইয়াছে। যখন টাউন হলে তাহার মৃত্যুর পর স্মৃতিসভার উদ্যোগ হইতেছিল—তখন আমাকে স্যার রাসবিহারী ঘোষ বলিয়াছিলেন, "এর স্মৃতিসভা তাড়াতাড়ি একটা গোলমালে সারবেন না। এখন সম্রাটের আগমনে হৈ চৈ চলছে, এটা থেমে গেলে তাঁর স্মৃতিসভা আহ্বান করবেন। নিবেদিতার মত প্রতিভাশালিনী নারী জগতে দুর্লভ।" স্মৃতিসভায় রাসবিহারী ঘোষ সভাপতি হন।

উপসংহারে আচার্য জগদীশচন্দ্র বসু কথা প্রসঙ্গে আমার নিকট নিবেদিতা সম্বন্ধে যাহা বলিয়াছিলেন তাহা নিম্নে উদ্ধৃত করিতেছি:

"নিবেদিতা প্রতিভাশালিনী নারীদের মধ্যেও অনেক উঁচুতে। তাঁর ত্যাগ অতুলনীয়—কি ত্যাগ তিনি করেছেন তা এদেশের লোক বুঝবে না। সাহিত্যে, বর্তমান যুগের সমস্যা-সমাধানে, নানা-বিষয়িনী বিদ্যায় তিনি ছিলেন অতুলনীয়। যদি তিনি পাশ্চাত্য দেশে থেকে কাজ করতেন—যশ-মান-প্রতিষ্ঠা-ঐশ্বর্য তাঁর পায়ের তলায় লুটিয়ে পড়ত, আর তাঁর মৃত্যুতে সমগ্র পাশ্চাত্য জগৎ শোক প্রকাশ করতো। কিন্তু তিনি সে প্রলোভন ত্যাগ করে এই দেশকে এমন আপনার

করে নিয়েছিলেন যা এদেশে বড় বড় নেতার মধ্যেও দেখতে পাবে না। তাঁর সঙ্গে গঙ্গার তীরে যেতে যেতে দেখতুম তিনি এক টুকরো পাথর, একটা পুতুল, একটা জীর্ণ ভাঙ্গা মন্দির দেখে আনন্দে বিস্ময়ে অভিভূত হতেন। এমনি ভালবাসতেন তিনি এই দেশকে। তাঁর মত দৃষ্টি, তাঁর মত সৌন্দর্যবোধ, তাঁর মত গভীর স্বদেশ প্রেম, তাঁর মত শিল্পী মন আমাদের দেশে কারো নেই। সময়ে সময়ে তাঁর সঙ্গে কথাবার্তায় তাঁর অপূর্ব দৃষ্টিভঙ্গী দেখে অবাক হয়েছি—মনে মনে শ্রদ্ধা করেছি তাঁর শ্রেষ্ঠতাকে। বোসপাড়ায় একটা ভাঙ্গা জীর্ণ বাড়িতে অর্ধাহারে—প্রায় অনাহারে এই দেশের সেবায় তিনি তিলে তিলে আত্মদান করেছেন। কত অনুরোধ করা হয়েছে ভাল বাড়িতে নিয়ে আসবার জন্য—তার পুষ্টিকর আহারের জন্য। তিনি হাসিমুখে তা প্রত্যাখ্যান করেছেন। দধীচির মত আত্মবলিদান, উমার মত তপস্যা যা পুরাণে কারো বর্ণনা শুনেছি—তাঁর জীবনে প্রত্যক্ষ করেছি। ঈশ্বরের পাদপদ্মে ভারতবর্ষের কল্যাণের জন্য তিনি সর্বতোভাবে নিজেকে নিবেদন করেছেন। স্বামী বিবেকানন্দ তাঁর নাম ঠিক রেখেছিলেন—নিবেদিতা।"

এই সর্বত্যাগিনী ব্রহ্মচারিণী তেজস্বিনী তপস্বিনীকে কি কৃতজ্ঞ হৃদয়ে আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করিব না?

## ( ৭ )

## রথীন্দ্রনাথ ঠাকুর

১৯০৪ সাল হবে। জগদীশচন্দ্র, শ্রীমতী অবলা বসু ও ভগিনী নিবেদিতাসহ বুদ্ধগয়া যাবেন স্থির করেন, পিতৃদেবকে অনুরোধ করলেন সঙ্গী হতে। ক্রমশ দলটি বেশ বড় হয়ে গেল। অধ্যাপক যদুনাথ সরকার, ত্রিপুরার কর্ণেল মহিম ঠাকুর ও মহারাজকুমার ব্রজেন্দ্রকিশোর (লালুকর্তা), আমি ও আমার সহপাঠী সন্তোষ চন্দ্র মজুমদার—কেউ বাদ পড়লুম না। আমরা বুদ্ধগয়ার মোহান্তের অতিথি হব ব্যবস্থা হয়েছিল। তার অতিথিশালার বিরাট বাড়ির তেতলার ঘরগুলিতে থাকতে দিয়েছিলেন কিন্তু ঘরের বিশেষ প্রয়োজন হয়নি, সামনে যে প্রকাণ্ড বারান্দা ছিল তাতেই আমরা সুখে সচ্ছন্দে আসর জমিয়েছিলুম। আতিথ্যের অভাব হয়নি, উত্তম দুধ ঘি ফলমূল বহুবিধ খাদ্য সব সময়েই প্রস্তুত। যখনই ফাঁক পেতুম, উঠোনে বৃহৎ ইঁদারা ছিল, তার ভিতরে নেমে গিয়ে বসে থাকতুম। এরকম ইঁদারা ইতিপূর্বে দেখিনি। ইঁদারার বাইরের গা বেয়ে ঘুরে ঘুরে সিঁড়ির মতো গ্যালারি নীচে পর্যন্ত নেমে গেছে। তার মাঝে মাঝে জানলা আছে। গরমের দিনে যেখানে বসে বড়ো আরাম।

রোদ পড়ে গেলে সন্ধের দিকে সকলে মিলে মন্দির দেখতে যাই। ত্রিপুরার মহিম ঠাকুর ও লালুকর্তা দুজনেরই ফোটো তোলার শখ, তাঁদের সঙ্গে ছোটো বড়ো নানা রকম ক্যামেরা ছিল দিনের আলো থাকতে কোনো সময় গিয়ে তারা বহু ফোটো তুলে রেখেছিলেন। (সে ফোটোগুলি আছে কিনা জানি না)। মন্দির দেখা হলে আমরা মন্দিরের পিছনের দিকে বোধিদ্রুমের নিকটে গিয়ে বসলুম। তখন অন্ধকার হয়ে এসেছে, মন্দিরের গায়ে গবাক্ষগুলিতে প্রদীপ জ্বেলে দেওয়া হয়েছে। চার দিকে নিস্তব্ধ; তার মধ্যে কানে এল 'ওঁ মণিপদ্মে হুঁ'—বৌদ্ধমন্ত্রের মৃদুগম্ভীর ধ্বনির আবর্তন। কয়েকটি জাপানি

তীর্থযাত্রী এই মন্ত্র আবৃত্তি করতে করতে মন্দির প্রদক্ষিণ করছেন, আর প্রতি পদক্ষেপে একটি করে ধূপ জেলে রেখে দিয়ে যাচ্ছেন। কী শান্ত তাঁদের মূর্তি। কী গভীর তাদের ভক্তি। ইষ্টপূজার কি অনাড়ম্বর প্রণালী। অনতিপূর্বে মন্দিরের ভিতরে বুদ্ধমূর্তির সামনে মোহান্তের পুরোহিতদের কর্কশ ঢাক ঢোল বাজিয়ে আরতি দেখে এসেছিলুম। আমাদের মনে এই কথাটাই জাগল, ভগবান এঁদের মধ্যে কার পূজা খুশি হয়ে গ্রহণ করলেন? মন্দিরের পরিবেশ ছেড়ে কারও আর উঠতে ইচ্ছে হয় না। অনেক রাত পর্যন্ত জগদীশ চন্দ্র, ভগিনী নিবেদিতা ও পিতৃদেব বৌদ্ধ ধর্ম ও বৌদ্ধ ইতিহাস নিয়ে নিবিষ্ট মনে আলোচনা করতেন। নিবেদিতা এক-একটি তর্ক তোলেন আর রবীন্দ্রনাথ চেষ্টা করেন তার যথাযোগ্য সমাধানে পৌঁছতে। আমরা অন্যেরা তাঁদের প্রশ্নোত্তর তর্ক-বিতর্ক মুগ্ধ হয়ে শুনে যাই। আমার বিশ্বাস, এই বুদ্ধগয়া-সন্দর্শনের ফলে উত্তরকালে বৌদ্ধ ধর্ম ও সাহিত্যে পিতৃদেবের অন্তরের আকর্ষণ গভীর হয়ে উঠেছিল। শান্তিনিকেতনে ফিরে এসে আমাকে তিনি ধম্মপদ আগাগোড়া মুখস্থ করতে দিয়েছিলেন। পালি পড়াও শুরু হোল এবং পিতারই আদেশক্রমে বুদ্ধচরিত তর্জমার দুঃসাহসে প্রবৃত্ত হলুম।

বুদ্ধদেবের বোধিলাভের পূতস্থান বুদ্ধগয়ায় জগদীশ চন্দ্র, নিবেদিতা ও রবীন্দ্রনাথ তিন মনীষীর একত্র সমাগমে অপূর্ব এক পরিবেশের সৃষ্টি হয়েছিল। মাত্র দু-তিন দিনের তীর্থবাস, কিন্তু তারই মধ্যে কত গল্প, কত আলোচনা, কত পরামর্শই না হয়েছিল। বড়ো দুঃখ যে তার আজ কোনো অনুলিপি নেই। সেই অল্প বয়সে বুদ্ধগয়ার মাহাত্ম্য বা বয়স্কদের আলাপ-আলোচনা সম্পূর্ণ বোঝবার ক্ষমতা ছিল না। না থাকলেও এই তীর্থস্থানে দুর্লভ সৎসঙ্গে ত্রিরাত্রিবাসের স্মৃতি আমার মানসপটে আজও উজ্জ্বল হয়ে রয়েছে।

ফেরবার সময় সকলে মিলে গয়া স্টেশনে যাওয়া হল। সকলের গন্তব্য তো এক নয়, তাই বিভিন্ন ট্রেন ধরতে হবে। সপত্নীক জগদীশচন্দ্র বম্বে মেলে কলকাতায় যাবেন—সেই ট্রেনই প্রথম এল। দৌড়া-দৌড়ি করে কোনো কামরাতেই জায়গা পেলেন না। প্রথম শ্রেণীর একটা কামরায় দেখা গেল দুটি লোক, দুজনেই শ্বেতাঙ্গ। ভারতীয়কে তারা ঢুকতে দেবে না দেখে আমরা দু-একজন স্টেশনমাস্টারের কাছে ছুটে গেলুম। ব্যাপার বুঝতে পেরে তিনি কিন্তু সাহস করে এগিয়ে এলেন না। ফিরে এসে দেখি ভগিনী নিবেদিতা তাঁর স্বজাতি-দুটিকে বেশ তিক্তমধুর ধমক দিচ্ছেন। ধমক খেয়ে সাহেবেরা অবশেষে গাড়ির দরজা খুলে দিল। জগদীশচন্দ্র ও শ্রীমতী বসু শেষমুহূর্তে কোনোরকমে উঠে পড়লেন।

ট্রেন চলে গেলে দেখলুম নিবেদিতার প্রজ্বলিত মূর্তি। কিছুতেই আত্ম-সংবরণ করতে পারছেন না, সেই মুহূর্তেই ইংরেজকে ভারতবর্ষ থেকে বিতাড়িত করতে পারলে তবে যেন স্বস্তি পান। তাঁর সেই রাগ পড়তে-না-পড়তে আর-একটা ট্রেন এসে পড়ল। নিবেদিতাকে এই ট্রেনেই যেতে হবে পশ্চিমের দিকে। দুটি মাত্র প্রথম শ্রেণীর কামরা—একটিতে একজন শ্বেতাঙ্গিনী। অন্যটিতে একটিমাত্র ভারতীয় পুরুষ। যে-কামরায় ইংরেজ মহিলা ছিলেন, আমরা নিবেদিতার মালপত্র সেই কামরায় তুলে দিতে গেলে তিনি বললেন: 'I am not going in there.' অগত্যা অন্য কামরায় নিয়ে গেলুম। আমরা দরজা খুলে ঢুকতেই ভদ্রলোকটি শশব্যস্ত হয়ে উঠে দাঁড়িয়ে তাঁর গড়গড়া সরিয়ে নিয়ে নিবেদিতার জন্য তাঁর নিজের জায়গা ছেড়ে দিলেন। ট্রেন ছাড়বার সময় নিবেদিতা আমাদের সকলকে ডেকে বললেন: 'Now, you see the difference between the barbarous Englishmen and the civilized Indians'।

## (৮)

## সরলাবালা সরকার

এই শিক্ষালয়ে ছোট ছোট বালিকা হইতে আরম্ভ করিয়া বয়ঃপ্রাপ্তা বধূ, গৃহিণী ও বিধবাগণের সকলকেই—যিনি যেরূপভাবে শিক্ষালাভ করিতে চাহেন, তাঁহাকে সেইরূপভাবে শিক্ষা দিবার ব্যবস্থা ছিল। ভাষা, অঙ্ক, শিল্পকার্য, সেলাই এবং চিত্রবিদ্যাও শিক্ষা দেওয়া হইত। নিম্নশ্রেণীর ছোট ছোট মেয়েদের উচ্চশ্রেণীর মেয়েরাই শিক্ষা দিত। বড় মেয়েদের শিক্ষা দিবার ভার প্রধানতঃ ভগিনী ক্রিশ্চিয়ানা ও শ্রীমতী সুধীরার উপর ছিল, কিন্তু নিবেদিতা যখনই অবসর পাইতেন তখনই ঐ ছাত্রীদের শিক্ষার ভার লইতেন। গণিত ও চিত্রবিদ্যা—এই দুইটি তিনি বেশীর ভাগ শিক্ষা দিতেন। অবসর মত ইংরেজি ভাষাও শিখাইতেন। তাঁহার শিখাইবার প্রণালী অত্যন্ত সুন্দর ও নূতন ধরনের ছিল। তিনি গণিত ও চিত্রবিদ্যা যে প্রণালীতে শিখাইতেন, তাহাতে যাহাদের শিখিবার ও বুঝিবার ক্ষমতা কম, তাহারাও অতি সহজে উহা আয়ত্ত করিয়া লইত। ছোট ছোট মেয়েরা তেঁতুলের বা অন্য কোন ফলের বীজ লইয়া খেলা করিতে করিতে প্রথমে গণনা শিখিত। 'জোড় কি বিজোড়' খেলাতেই প্রথমে ছোট ছোট মেয়েদের যোগবিয়োগ অভ্যাস হইত, তাহার পর তাহারা শ্লেটে লিখিয়া অঙ্ক কষিতে শিখিত। মৌখিক গণনার সময় কখন কখনো তিনি যুক্ত সংখ্যাগুলি বাদ দিয়া কেবল অযুক্ত সংখ্যাগুলি গণনা করিয়া যাইতে বলিতেন, আবার তাহার পর অযুক্ত সংখ্যা বাদ দিয়া যুক্ত সংখ্যাগুলিই কেবল গণনা করাইতেন, যেমন এক তিন পাঁচ সাত ইত্যাদি। আবার দুই চার ছয় আট- এইরূপভাবে গণনা করিতে হইত। ইহার পর ক্রমশঃ একটি অযুক্ত বাদ দিয়া পরের অযুক্ত— অর্থাৎ এক পাঁচ নয় কিংবা একটি যুক্ত বাদ দিয়া পরের যুক্ত— অর্থাৎ দুই ছয় দশ, এইরূপ প্রণালীতে গণনা করাইতেন। গণনার এই প্রণালীতে বালিকাদের যেমন স্মৃতিশক্তির আলোচনা হইত, সেইরূপ কেবল এক মৌখিক অঙ্ক গণনাতেই তাহাদের অঙ্কশাস্ত্র সম্বন্ধে অনেকটা জ্ঞান জন্মিয়া যাইত। শিক্ষালয়ের বড় মেয়েরা ছোট মেয়েদের শিক্ষা দিত। নিবেদিতা তাহাদের শিক্ষা দিবার প্রণালী সম্বন্ধে যেরূপভাবে উপদেশ দিতেন, তাহার কিছু এখানে তাঁহার নিজের কথাতেই দিলাম: মেয়েরা যদি কিছু না জানে তবে তাহাদের বলিবে, 'আচ্ছা, আমরা চেষ্টা করিব, তাহা হইলে নিশ্চয় শিখিতে পারিব।' মেয়েরা যদি কিছু বলিতে পারে, আর কিছু ভুল করে, তবে তাহাদের বলিবে, 'হাঁ, হইল, কিন্তু আমরা আরও ভাল করিতে চেষ্টা করিব।' যদি কোন মেয়ে ঠিক করিয়া বলিতে পারে তবে তাহাকে বলিবে, 'ঠিক, ঠিক' এবং অন্য মেয়েদের বলিবে, 'আমরাও পারিব, আবার আমরা চেষ্টা করিব।' কথা বলিবার সময় তিনি কতকগুলি কথা বিশেষভাবে জোর দিয়া বলিতেন। 'নিশ্চয়' কথাটির উপর ঐরূপ জোর দিতেন। আবার যখন কাহারও কোন বিষয় ঠিক হইত তখন 'ঠিক ঠিক' বলিয়া বালিকার মত আনন্দে হাততালি দিতেন। মেয়েদের লেখায় অথবা অঙ্কে যদি ভুল থাকিত, তবে তখনই তাহা ভাল করিয়া কাটিয়া দিতেন এবং সর্বদা বলিতেন, 'ভুল কখনো রাখিবে না, ভুল বুঝিবামাত্র কাটিয়া দিবে।'

নিবেদিতা যখন ছবি আঁকিতে শিখাইতেন, তখন সকল মেয়েকে সারি দিয়া বসাইতেন, ছোট বড় কাহাকেও বাদ দিতেন না। শিক্ষয়িত্রীরাও সে সময় ছাত্রীদের শ্রেণীভুক্ত হইতেন। সিস্টার ক্রিশ্চিয়ানাকেও নিবেদিতা ছাড়িতেন না, তাঁহাকেও ঐ সঙ্গে ছবি আঁকিতে বসিতে হইত। ক্রিশ্চিয়ানার

শিশুর মত স্বভাব তিনি ছোট মেয়েদের কাছে ঘেঁসিয়া বসিতেন, যেন তাঁহার বড় ভয় যে তাঁহার আঁকা ছবি ভাল না হইলে তাহা দেখিয়া বড় মেয়েরা হাসিবে। যদি তুলিকায় রং ফলাইতে তাঁহার ছবি একটু খারাপ হইয়া যাইত—শিশু যেমন হঠাৎ কোন অন্যায় কাজ করিয়া ভয়ে সকলের দিকে চাহে অথচ হাসে, সেইরূপ লজ্জিতভাবে সকলের দিকে চাহিয়া শিশুর মত সরল হাসি হাসিতেন। বালিকারাও তাঁহার সমবয়স্কা বন্ধুর মত তাঁহার হাসিতে যোগ দিয়া হাসিত।

ছবি আঁকিবার সময় মেয়েরা প্রত্যেকে রং, তুলি, পেন্সিল ও একখানা করিয়া কাগজ পাইত, নিবেদিতার নিজের হাতেও তুলি আর কাগজ থাকিত। সকলে ঐরূপভাবে বসিলে প্রথমে তিনি প্রায়ই পেন্সিল দিয়া একটি বৃত্ত আঁকিতেন এবং ঐ কাগজখানি হাতে লইয়া কি রকমভাবে হস্তচালনা করিয়া বৃত্ত আঁকিতে হইবে, প্রত্যেক মেয়ের কাছে দাঁড়াইয়া তাহা একবার একবার দেখাইয়া দিতেন।

মেয়েরা প্রথমে কাগজে যাহাতে দাগ না পড়ে অথচ বৃত্ত আঁকিবার মত হস্তচালনা অভ্যাস হয় এইজন্য কাগজের উপর দাগ না পড়াইবার মত নিবেদিতার হস্তচালনা লক্ষ্য করিয়া পেন্সিলের উল্টা দিক্ দিয়া কাগজের উপর বৃত্ত অঙ্কন অভ্যাস করিত, তাহার পর কাগজে স্পষ্ট বৃত্ত অঙ্কিত করিত। 'রেখা টানিবার সময় অথবা বৃত্ত-অঙ্কনের সময় ইতস্তত না করিয়া অথবা একবারও না থামিয়া একেবারে দৃঢ়হস্তে রেখা টানিয়া যাইবে,'— অঙ্কন সম্বন্ধে নিবেদিতার ইহা একটি উপদেশ ছিল। এইরূপে বৃত্ত হইতে আরম্ভ করিয়া ক্রমে নানারূপ চিত্র তাহাদিগকে আঁকিতে শিখান হইত।

নিবেদিতা কোন কোন দিন মেয়েদের নিকট তাঁহার গুরুদেবের প্রসঙ্গ উত্থাপন করিতেন। কিন্তু তাঁহার নামমাত্র উল্লেখে নিবেদিতার অন্তর ভাবরসে এতই পরিপূর্ণ হইত যে অধিক কথা বলা তাঁহার পক্ষে অসম্ভব হইয়া উঠিত। তাঁহার গুরুদেবের সম্বন্ধে এই কথাটি কিন্তু আমরা তাঁহাকে বার বার বলিতে শুনিয়াছি— 'তাঁহার নাম বীরেশ্বর, তিনি বীরদিগের ঈশ্বর ছিলেন। পৃথিবীর বীরগণ তাঁহার পদানুসরণ করিয়া চলিবে। তোমরা সকলে ছোট ছোট দুর্বলতা ছাড়িয়া বীর হও।' 'বীর' কথাটি তিনি সকল সময়ই পূর্বোক্ত প্রকারে জোর দিয়া বলিতেন।

মহাভারত অথবা রামায়ণের যে কোন অংশ হইতে মাঝে মাঝে মেয়েদের প্রশ্ন জিজ্ঞাসা করা হইত। 'কচ ও দেবযানী'র উপাখ্যানের আলোচনায় কচের প্রসঙ্গ উত্থাপনমাত্র নিবেদিতা আনন্দে প্রফুল্ল হইয়া উঠিতেন, বলিতেন, "কচ মহাবীর ছিলেন, এমন বীর হওয়া কত আনন্দের বিষয়।" আবার দেবযানীর প্রসঙ্গে এমনভাবে লজ্জায় মলিন হইয়া যাইতেন—দেবযানী যে অন্যায় আচরণ করিয়াছেন সে লজ্জা যেন তাঁহারই। বলিতেন, 'শুক্রাচার্যের কন্যা দেবযানী কেমন করিয়া এমন দুষ্ট হইলেন। জানি না, মেয়েরা কেমন করিয়া এমন ব্যবহার করিতে পারে।' একদিন মহাভারতের প্রশ্ন করিবার সময় নিবেদিতা তাঁহার ছাত্রীগণকে প্রশ্ন করিলেন, "মহাভারতে বর্ণিত রমণীগণের মধ্যে সর্বাপেক্ষা বীর কে?" এই প্রশ্নে দ্রৌপদীর নামটিই বেশীর ভাগ মেয়েদের মনে আসিয়াছিল। সুভদ্রা যাদবসমরে অর্জুনের রথরজ্জু ধারণ করিয়াছিলেন বলিয়া কেহ কেহ সুভদ্রাকেও বীর বলিয়া মনে করিয়াছিল, বকযুদ্ধে ভীমকে পাঠাইবার কথা স্মরণ করিয়া কুন্তীর কথাও দুই-একজন বলিয়াছিল, কিন্তু গান্ধারীর কথা কাহারও মনে আসে নাই। নিবেদিতা আশান্বিতভাবে একে একে সকল ছাত্রীরই মুখের দিকে চাহিয়া কাহারও নিকট মনোনীত উত্তর না পাইয়া অবশেষে নিজেই বলিলেন "মহাভারতে রমণীগণের অনেকেই বীর, কিন্তু সর্বশ্রেষ্ঠা বীররমণী ধৃতরাষ্ট্র-মহিষী গান্ধারী দেবী। যদিও তিনি জীবনে একবারমাত্র কুন্তীর সৌভাগ্যে

ঈর্ষান্বিতা হইয়াছিলেন, কিন্তু তাঁহার সমস্ত জীবনের আচরণের সেই অন্যায় একেবারেই ধৌত হইয়া গিয়াছিল। তিনি পতিপরায়ণা পত্নী, কিন্তু এমন বীর যে, স্বামী দৃষ্টিহীন বলিয়া আপনার চক্ষু থাকিতেও আজীবন ইচ্ছা করিয়া অন্ধ হইয়াছিলেন, কিন্তু স্বামীর অন্যায় আচরণ সমর্থন করেন নাই। তিনি পুত্রবৎসলা স্নেহশীলা মাতা, কিন্তু যুদ্ধে পুত্র যখন মরণের সম্মুখে যাইতেছেন, সেই পুত্র নত হইয়া মাতার পদতলে আশীর্বাদ ভিক্ষা করিলে তিনি পুত্রকে বলিলেন না যে, তোমার জয় হউক, কিন্তু বলিলেন, 'যতো ধর্মস্ততো জয়:'—যে পক্ষে ধর্ম সেই পক্ষেরই জয় হউক। তিনি বীর, এই জন্যই তিনি জানিতেন যে, যুদ্ধে জয়ী হওয়া পুত্রের পক্ষে আনন্দের বিষয় বটে, কিন্তু যথার্থ ন্যায়ের ও ধর্মের জয় হওয়া তদপেক্ষা অধিক আনন্দের বিষয় এবং তাহাই, পুত্র জয়ী হউক অথবা যুদ্ধে মৃত্যুমুখে পতিত হউক, তাহার পক্ষে এবং সকলের পক্ষেই কল্যাণের কারণ।"

মেয়েদের পড়িবার ঘরে ভগবান শ্রীশ্রীরামকৃষ্ণদেবের একখানি চিত্র ছিল। তাহার অপর দিকের দেওয়ালে একখানি পৃথিবীর মানচিত্র টাঙ্গানো থাকিত। নিবেদিতা একদিন ঐ মানচিত্রখানি আনিয়া পরমহংসদেবের ছবির নীচে টাঙ্গাইয়া দিয়া মেয়েদের দিকে চাহিয়া হাসিয়া বলিয়াছিলেন, "রামকৃষ্ণদেব জগদ্‌গুরু ছিলেন, জগতের মানচিত্র তাঁহার পদতলে থাকাই উচিত।"

( ৯ )

## গিরিবালা ঘোষ

পরমারাধ্যা সিস্টার নিবেদিতার কথা কিছু লিখিয়া দেওয়ার জন্য আমার এক ভগ্নী কর্তৃক পুনঃ পুনঃ অনুরুদ্ধ হই। এই সম্বন্ধে শ্রীশ্রীমহাপুরুষ মহারাজের আশীর্বাদ চাহিলে তিনি উত্তরে লিখেন— "বেশতো নিবেদিতা সম্বন্ধে লিখো না—এতো খুব ভাল কথা। তোমরাই পুরাণো আছো। নিবেদিতার শিক্ষা দীক্ষার কথা বাহির হইলে অনেকের উপকার হইবে। তিনি এদেশের জন্য প্রাণ দিয়ে গেছেন। তাঁর জীবনের কথা বেহ বেশীতো জানে না, তোমরা যেমন জানো। তাঁর বাহিরের সঙ্গে অনেকের পরিচয় আছে মাত্র। তোমরা এক জোট হয়ে লিখো, ভালই হইবে। "

আমি লেখিকা নহি, বিদ্বান নহি—নিতান্ত মূর্খ। তবে আমি যাঁহার কন্যা, তাঁহার পুণ্য নাম স্মরণ করিয়া কিছু লিখিতে আরম্ভ করিলাম, তিনিই চালাইবেন এইমাত্র ভরসা। দেবী নিবেদিতার পবিত্র সাহচর্য লাভ করিয়াছি, যাঁহার হাতে শিক্ষা পাইয়াছি, কাজেই তাঁহার নাম উচ্চারণ করিতে, তাঁহার কথা কিছু বলিতে প্রাণ আনন্দে ভরপুর হইয়া ওঠে।

আমি যখন সিস্টারের শুভসঙ্গ লাভ করি তখন আমি বিধবা, বয়স ২২।২৩ বৎসর হইবে। ছোট-বেলায় পিতৃবিয়োগ হওয়ায় মাতুলালয়েই আমাদের বাসস্থান ছিল। আমি বাগ হইতে পরমারাধ্যা নিবেদিতার স্কুলে যাতায়াত করিতাম। আমার ঐরূপে স্কুলে যাওয়ার ব্যাপারে আমার অভিভাবকেরা অমত করিতে লাগিলেন। পাড়ার সকলে নিন্দাবাদ করিতে থাকে—এইরূপে স্কুলে যাওয়াটা বিধবা মেয়ের ভাল নয় ইত্যাদি। যাহা হউক আমার দিদিমা গঙ্গা স্নানের রাস্তায় স্কুল বাড়িতে যাইয়া সমস্বরে স্তবস্তুতি পাঠ শুনিয়া আসিয়া সকলকে বলায় আমি কতকটা নিশ্চিন্ত হইয়া প্রত্যহ স্কুলের গাড়ি আসিলে

যাইতে লাগিলাম। কিন্তু তাহাতেও তাঁহারা নিবৃত্ত হইলেন না। নানা ছুতায় আমার স্কুলে যাওয়াটা যাহাতে বন্ধ হয় তাহারই চেষ্টা করিতে লাগিলেন। আমাদের বাসস্থান গলির ঠিক সামনে ১নং বাড়িতে ছিল। প্রয়োজন হইলে গলির ভিতরেও গাড়ি ঢুকিত। গলির ভিতর সদর দরজা থাকায় আমার একটু হাঁটিয়াই গাড়িতে উঠিতে হইত, কারণ স্কুলের গাড়ি বড় বলিয়া সব কোচম্যান গলির মধ্যে প্রবেশ করিতে চাহিত না। কোন কোন দিন ঢুকিত, কারণ ঐ গলির মোড়ের বাড়ি হইতে আরও কয়েকটি বালিকা স্কুলে যাইত, আমি তখন ঠিক হইয়া সদর দরজার কাছে দাঁড়াইয়া থাকিতাম। যদি একদিন কোন কারণে একটু দেরী হইত আমি যাইব না বলিয়া দিয়া, বাহির বাড়ি হইতেই গাড়ি ফিরাইয়া দেওয়া হইত। আমি ইহাতে অত্যন্ত মনঃকষ্ট পাইয়া সিস্টারকে জানাইলে তিনি কোচম্যানকে গলিতে ঢুকিয়া প্রতিদিন আমাকে আনিবার জন্য আদেশ দিলেন। তদবধি আমি যদিও স্কুলে যাইতে পারিতাম, কিন্তু বাড়ির দরজায় গাড়ি একটুমাত্র দাঁড়াইতে হইলেই, গাড়ি ফেরৎ দেওয়া হইত, একেবারে তৈরী থাকিয়া শীঘ্র শীঘ্র উঠিলে উঠিতে পারিতাম। গাড়োয়ানের দুরভিসন্ধিতে, হঠাৎ বা যে কারণেই হউক একদিন আমাদের দেওয়ালের কোণে লাগিয়া গাড়ির কিছু ক্ষতি হইল। সিস্টার শুনিয়া কিছু দুঃখিত হইলেন, কারণ কোন জিনিসের অপচয় হইলে তিনি বড়ই কষ্ট অনুভব করিতেন। নিকটস্থ কোন স্থানে যাওয়ার আবশ্যক হইলে তিনি হাঁটিয়াই যাইতেন। আমরা কারণ জিজ্ঞাসা করিলে বলিতেন - 'ঘোড়ার কষ্ট হইবে'।

যাহা হউক পরদিন সিস্টার নিজে গাড়ি লইয়া আসিয়া আমার মাতুলের সহিত সাক্ষাৎ পূর্বক অনেকক্ষণ কথাবার্তা বলিলেন। আমি দূরে দাঁড়াইয়া শুনিয়াছিলাম। তিনি বলিয়াছিলেন--"ভগবান শ্রীকৃষ্ণ, বুদ্ধ, চৈতন্য—যিনিই যতবার ধর্ম প্রচারের জন্য আসিয়াছিলেন– তাঁহাকেই অনেক দুঃখ যন্ত্রণা পাইতে হইয়াছিল। আপনি আমাকে যাহা ইচ্ছা হয় তাহাই বলুন, তবুও আপনাদের গৃহকর্মের অবসর সময়টুকুতে—মাত্র ১১টা হইতে ৪টা পর্যন্ত এই কন্যাটিকে আমি ভিক্ষা চাহিতেছি। আপনাদের মেয়েরা গঙ্গাস্নানে যায় কালীঘাটে যায়। এরূপ অল্প সময়ের জন্য মেয়েটিকে আমায় দিবেন কিনা বলুন, বলুন আপনি"—এই কথা বলিতে বলিতে আমার মামার পায়ের নিকট হাঁটু গাড়িয়া বসিয়া পড়িলেন। তাঁহার সেই করুণাময়ী মাতৃমূর্তি দর্শনে আমার মাতুল তৎক্ষণাৎ তাঁহাকে উঠাইয়া আমাকে ডাকিয়া তাঁহার হাতে সমর্পণ করিলেন। আর সিস্টার তখন আমাকে দুইবাহু দ্বারা বেষ্টন করিয়া —চল আমার মেয়ে, আজ হইতে তুমি প্রতিদিন স্কুলে যাইতে পারিবে—এই বলিয়া আমাকে লইয়া গাড়িতে উঠিলেন, পরে স্কুলে গিয়া তাঁহার ঘরে ডাকিয়া লইলেন এবং কত আদর করিয়া বড় একখানা বোম্বাই চাদর আমার গায়ে জড়াইয়া দিয়া বলিলেন—"আমার মেয়ে এইরূপে চাদর জড়াইয়া গাড়িতে উঠিবে"। আমি সেইদিন যে কত সুখ লাভ করিয়াছিলাম, তাহা ভাষায় প্রকাশ করিতে অক্ষম।

ইহার পর প্রতিদিন স্কুলে ঢুকিতেই দেখিতাম তিনি অতি আগ্রহে নিকটে দাঁড়াইয়া আছেন। কোন দিন হয়ত তাঁহার ঘরের সিঁড়ির উপর, কোন দিন বা বারান্দায়, গলা বাড়াইয়া আমাকে দেখিয়া একটু একটু হাসিতেন। আর কোন দিন বা একেবারে দরজার ধারেই থাকিতেন এবং "এই যে, আমার মা, এসেছ ?" বলিয়া তাঁহার সেই স্নেহমাখা হাসিটি হাসিতেন।

আমাদের কাহারও মুখ শুখাইয়া গিয়াছে দেখিলে অমনি ঘরে ডাকিয়া লইয়া কত স্নেহমাখা স্বরে কারণ জিজ্ঞাসা করিতেন। আমরা তখন তাঁহার কাছে সকল সুখ-দুঃখের কথা না বলিয়া থাকিতে পারিতাম না। আমরা অধিকাংশই ছিলাম বিধবা—আমি ছিলাম বয়সে সকলের বড়; আর কটি ছিল

ছেলেমানুষ। তাদের দিকে তিনি কি স্নেহপূর্ণ দৃষ্টিতেই না চাহিতেন। আমরা হিন্দু ঘরের বিধবা, কাজেই খাওয়া-দাওয়া আমাদের সোজা ব্যাপার নয়। অনেক দিনই না খাইয়া স্কুলে যাইতে হইত। তিনি যে কি প্রকারে বুঝিতে পারিতেন জানি না, তখন কিছু খাওয়াইবার জন্য যে কি যত্ন, কি ব্যগ্রতা দেখাইতেন তাহা বলিবার নয়; সেই প্রফুল্ল মাতৃমূর্তি যে দেখিয়াছে সেই মুগ্ধ হইয়াছে।

সিস্টার সকল কথাবার্তা বাঙ্গলায় বলিতে পারিতেন না। অথচ তিনি বাঙ্গলা বলিতেই ভাল বাসিতেন। সে জন্য পূজনীয়া সুধীরা দিদি (পরে তিনিই নিবেদিতা স্কুলের প্রধান শিক্ষয়িত্রী হইয়াছিলেন) তাঁহার সঙ্গে সঙ্গে থাকিয়া সকল কথা বুঝাইয়া দিতেন। সুধীরা দিদি যখন সিস্টারের কোন কথায় বাঙ্গালা করিয়া দিতেন, তিনি তখন যেন ছোট মেয়েটির মত বলিতেন আর বারবার সেই কথাটি উচ্চারণ করিয়া মুখস্থ করিতেন।

আমাদের দিকে চাহিয়া হাসিতে হাসিতে বলিতেন—মা আজ তোমাদের কাছে নূতন কথা শিখিলাম। বাঙ্গালা ভাষা আমি বড় ভালবাসি।

আমরা যখন স্কুলে যাইতাম 'মাষ্টারনি' 'মাষ্টারনি' বলিয়া গাড়ির দরজার কাছে আসিয়া ছেলেরা সব হাততালি দিত। একদিন ইহা সিস্টারকে বলিলে তিনি মিষ্টভাবে বলিলেন—"উহারা জানে না বলিয়া বলে, অজ্ঞানের উপর রাগ করিতে নাই। আমরা সব সহ্য করিতে শিক্ষা করিব তবেই ঠিক ঠিক হবে।"

একদিন মাননীয় স্যার জগদীশবাবুর স্ত্রী সিস্টারের কাছে আসিয়াছিলেন। তিনি তাঁহাকে লইয়া কত আনন্দ করিতে লাগিলেন, পরে উপরের ঘরে মেয়েদের দিয়া—"বঙ্গ আমার জননী আমার" গানটি গাওয়াইয়া তাহাকে শুনান হইল। সেই গানটি গাহিবার সময় সিস্টারের অঙ্গ-ভঙ্গি দেখিয়া বোঝা যাইতেছিল তিনি আনন্দে আত্মহারা হইয়াছেন, তখন তাহার চক্ষু দিয়া জল পড়িতেছিল। তিনি এমনি দেশপ্রেমিকা ছিলেন।

আমরা কয়জন প্রায় সব সময়ই তাঁহার নিকট থাকিবার সৌভাগ্য লাভ করিয়াছিলাম বলিয়া তাঁহাকে কিছু কিছু বুঝিতে পারিয়াছি, নতুবা স্বামী বিবেকানন্দের মানস-কন্যা, ত্যাগের প্রতিমূর্তি, ব্রহ্মচারিণীকে বোঝা কাহার সাধ্য। (প্রবন্ধাংশ)

স্কুলে যাওয়ার একবছর পর তার (মেয়ের) বিয়ে হয়েছিল বোধহয়। তাকে সিস্টার, সুধীরাদি খুব ভালবাসতেন। বাসী বিয়ের দিন সিস্টার তাকে আশীর্বাদ করতে আমাদের বাড়িতে এসেছিলেন। সব লোক মেম এসেছে, মেম এসেছে বলে চেঁচাল শুনে আমি দৌড়ে গেলাম। দেখি এক অপূর্ব দৃশ্য মা। মুখে কেবল শিবদুর্গা, শিবদুর্গা বলছেন আর ভাবে বিভোর। আমার সঙ্গে বাসর ঘরে এসে দুজনকে দেখলেন, হাঁটু গেড়ে বসে হাত দুটি বাড়িয়ে দুলে দুলে শিব দুর্গা, শিব দুর্গা ঐ নাম অনবরত বলছেন, তারপর আপন মনে ঐ রকমে চলে গেলেন। শান্তিরাম ঘোষ লেনে এক নম্বর বাড়ি ছিল, কতদূর সঙ্গে সঙ্গে গেলাম, একটাও কথা বললেন না। দেবী ছিলেন মা তাঁরা। এখনও সেকথা মনে হলে আনন্দে বিভোর হই।...

আমি তখন বেশ বড়, বিধবা, ২৬।২৭ তো হবেই। পড়ব আর কি মা, তবে তাঁদের দেবী সঙ্গ যেটুকু পেয়েছি তাতেই জন্ম সার্থক হয়েছে। তিনি যখন দার্জিলিং যান সেদিন প্রায় রাত ৮টা পর্যন্ত জনকতক মেয়ে আমরা ছিলাম—প্রফুল্ল ওরাতো সবই জানে। কেঁদে কেঁদে মরছিলাম আমরা। কাজের

অবসরে এক একবার এসে আমাদের "আমা মেয়ে, আমা মেয়ে" বলে গালে হাত দিয়ে কতই সান্ত্বনা দিয়েছিলেন। তারপর গাড়িতে বাড়ি পাঠিয়ে দিলেন। সেই শেষ দেখা মা। ( পত্রাংশ )

## ( ১০ )

## নির্ঝরিণী সরকার

নিবেদিতাকে যখন আমি প্রথম দেখি, তখন আমি ১৪।১৫ বৎসরের বালিকামাত্র, প্রায় দুই বৎসর তাঁর স্কুলে তাঁর কাছে শিক্ষা পাই।

বহুদিন চলে গেছে, কিন্তু ছোটবেলার সেই পবিত্র স্মৃতি এখনো আমার মনে অম্লান হয়ে আছে। সেই অপূর্ব চরিত্র যা আমরা প্রত্যক্ষ করেছিলাম, অনুভব করেছিলাম সেই অনুভূতি ভাষা দ্বারা বুঝানো অসম্ভব, তবুও আমি নিবেদিতাকে তাঁর স্কুলে সবদা যেমন ভাবে দেখেছি এবং তার কাছে যে ভাবে শিক্ষা পেয়েছি, ঠিক সেইভাবে তাঁর কথা লিখবার চেষ্টা করবো।

আমি যখন নিবেদিতা স্কুলে লেখাপড়া শেখবার জন্য যাই, স্কুল তখন বাগবাজারে বোসপাড়া লেন গলির ভিতরে একটি ছোট পুরাণো দোতলা বাড়িতে ছিল। নীচের তলায় খানিকটা ঢাকা বারান্দা মত ছিল, সেখানে খুব ছোট ছোট মেয়েদের ক্লাস বসত, উপর তলার তিন চারখানা ঘরও ক্লাস হিসাবে ব্যবহৃত হত, তারই মধ্যে একটি সিস্টারের শোবার ঘর ছিল, সেই ঘরেরই একপাশে সিস্টার লেখাপড়া করতেন। তখন স্কুলে একজন মাত্র শিক্ষয়িত্রী ছিলেন, তিনি ছোট ছোট মেয়েদের পড়াশুনা দেখতেন ও আমাদের কিছু কিছু সাহায্য করতেন। বড় মেয়েরা অর্থাৎ আমরাও দরকার মত ছোটদের ক্লাসে পড়াতে যেতাম বড় মেয়ে তখন স্কুলে পনের ষোল জনের বেশী ছিল না, কারণ আমাদের সময়ে খুব অল্প বয়সেই বিদ্যাশিক্ষা শেষ করে সংসারে প্রবেশ করাই নিয়ম ছিল, কদাচ দু'এক জায়গায় হয়তো এই নিয়মের ব্যতিক্রম দেখা যেত। আমার সহপাঠিনীদের মধ্যে বেশীর ভাগই অল্প-বয়স্কা বালিকা। বিধবা এবং কয়েকজন বিবাহিতাও ছিলেন, তাঁদের অনেকেরই বাড়ি স্কুলের কাছাকাছি কিংবা বোসপাড়া লেন গলির ভিতরে ছিল। অধিকাংশ বাড়িতে মেয়েদের শিক্ষা বা কোন চর্চা ছিল না, অভিভাবকরাও তেমন পছন্দ করতেন না, এইসব বাধা বিপত্তি সত্ত্বেও সাধারণ গৃহস্থ ঘরের বালিকা বিধবা মেয়েদের যে কি করে বিদ্যা শিক্ষার জন্য স্কুলে আনা সম্ভব হোল তা ভাবতে গেলে পল্লীবাসীদের নিবেদিতার প্রতি ঐকান্তিক শ্রদ্ধাই এর কারণ বলে মনে হয়। মেয়েদের মা ঠাকুমাও বাগবাজার পল্লীর অন্যান্য গৃহস্থ ঘরের মহিলারাও প্রায়ই মাঝে মাঝে স্কুলে সিস্টারের কাছে সেলাই শিখতে আসতো এবং সিস্টারকে যেন নিজেদেরই একজনের মত মনে করতেন। অনেক অভাবগ্রস্তা মহিলা তাদের শিশু সন্তানদের ফ্রক, প্যান্ট, পেনী প্রভৃতি স্কুল থেকে সেলাই করে নিয়ে যেতেন, সিস্টারই কাপড় ইত্যাদি ব্যয়ভার বহন করতেন। স্বল্প আয়, অথচ এই সমস্ত খরচের জন্য নিবেদিতাকে অনেক কষ্ট করতে হয়েছে। আবার অনেকে তাঁর সাহায্যও চাইতে আসতেন, সিস্টারও যথাসাধ্য তাঁদের সাহায্য করবার চেষ্টা করতেন, কিন্তু কিছু সামান্য সেলাই প্রভৃতির কাজ তাঁদের হাতে

এইজন্য দিতেন, যেন তাঁরা শুধু শুধু সাহায্য নেওয়ার গ্লানি থেকে নিজেদের মুক্ত রাখতে পারেন এবং নিজেরাও স্বাবলম্বিনী হতে শেখেন। আজকাল এই উদ্দেশ্য নিয়ে অনেকগুলি বড় প্রতিষ্ঠান হয়েছে এবং এই সকল প্রতিষ্ঠান দ্বারা অভাবগ্রস্তা গৃহস্থ ঘরের মেয়েরা সম্মানের সঙ্গে নানাবিধ সূচীকার্য, আচার, বড়ি, ইত্যাদি প্রস্তুতের দ্বারা নিজেদের সংসারের অনেক অভাব মোচন করবার সুযোগ লাভ করতে পারছেন এবং এই সঙ্গে স্বাবলম্বনের শক্তিও অর্জন করছেন। নিবেদিতা বালিকা বিদ্যালয় হতেই যে মেয়েদের এই বলবৃদ্ধি ও আত্মচেতনা বিকাশের বীজ বপন প্রথম আরম্ভ হয়েছিল, তার আর ভুল নাই। দীর্ঘ চল্লিশ বৎসর আগে নিবেদিতা এই উদ্দেশ্য প্রণোদিত হয়েই বাগবাজার বোসপাড়ার মত পুরাতন অখ্যাত পল্লীতে অল্প সংখ্যক মেয়েকে নিয়ে নিরাড়ম্বর-ভাবে স্কুল স্থাপনা করেছিলেন। শক্তিমতী, প্রতিভাশালিনী নিবেদিতা অনেক বিশিষ্ট পরিবারের সঙ্গে বিশেষ পরিচিত ও বন্ধুত্বসূত্রে আবদ্ধ ছিলেন। তথাপি তিনি তাঁর কর্মক্ষেত্রে সম্পূর্ণরূপে এইদিক বর্জন করেছিলেন। আমি তাঁকে সর্বদাই দরিদ্র গৃহস্থ পল্লীবধূ ও গৃহিণীদের দ্বারাই বেষ্টিত থাকতে দেখেছি। অন্যান্য স্কুলের মত এই স্কুলে বিদ্যাশিক্ষার জন্য কোন মাহিনা নেওয়ার প্রথা ছিল না, বরং মেয়েদের প্রয়োজনে কাগজ বই পেন্সিল প্রভৃতি দিয়ে সাহায্য করা হত। মেয়েদের অনেকেরই বাড়ির সমস্ত কাজ, ভাইবোনদের দেখাশোনা, রান্নাবান্নার সাহায্যও করতে হত, কারণ অবস্থা অনেকেরই সচ্ছল ছিল না। এই সব মেয়েদের গৃহের বিদ্যাশিক্ষাও অতি সামান্য ছিল এবং বাইরের নানা বিষয়ের জ্ঞান বা পরিচয়ও ছিল না বললেই হয়। কিন্তু পরবর্তী-কালে আমার এইসব সহপাঠিনীদের মধ্যে অনেকেই সুশিক্ষিতা হয়ে স্কুল ও ঠাকুরের কাজে আপনাকে সম্পূর্ণভাবে সমর্পণ করে জীবন সার্থক করতে পেরেছিলেন। স্কুল আমাদের বড় আনন্দের জায়গা ছিল, এখানে এসে আমরা ছোট মেয়েদের মত ছুটাছুটি, খেলাধুলা, আনন্দ করেছি।

আমি যখন প্রথম স্কুলে যোগদান করি, তখন সিস্টার নিবেদিতা স্কুলে ছিলেন না। আমি তাঁকে তখনও দেখিনি, স্কুলের ভার ছিল সিস্টার ক্রিশ্চিয়ানার উপর। যতদিন নিবেদিতা আসেননি, ক্রিশ্চিয়ানা আমাদের ইংরেজি ও অন্যান্য বিষয়ের ক্লাস নিতেন। তিনি এত মাধুর্যময়ী ছিলেন যে, তিনি যখন আমাদের পড়াতেন তখন আমরা তাঁকে শিক্ষক বা গুরুর চেয়ে বন্ধু বলেই বেশী মনে করতাম, যেন তিনি আমাদের কত আপন জন। তাঁকে আমাদের একটুও ভয় হত না, তাঁর কাছে আমরা পড়বার সময় ভুল করলে তাঁর সেই ক্ষমাপূর্ণ সস্নেহ হাসি এখনো মনে হয়। ক্রিশ্চিয়ানা আমেরিকায় চলে যাওয়ার পর নিবেদিতা অনেকবার আমাদের কাছে তাঁর দৃঢ়তা, নিয়মানুবর্তিতা, সাহস ও পাণ্ডিত্যের কথা বলেছেন যা শুনে আশ্চর্য হতে হয়।

নিবেদিতাকে যেদিন প্রথম দেখি, সেদিনের কথা আমার বেশ মনে আছে। সিস্টার সেই-দিনই ফিরে এসেছেন। তিনি এসেছেন সে কথা তখনো আমরা জানতে পারিনি। প্রতিদিনের মত ক্লাসে পড়তে বসেছি, মেঝেতে মাদুর পেতে বসে আমাদের ক্লাস হত, সামনে নীচু কাঠের ডেস্কের উপর আমরা বই রেখে পড়তাম বা খাতায় লিখতাম। হঠাৎ সিস্টার সেই ঘরের মধ্যে এসে দাঁড়ালেন এবং আমাদের সকলের দিকে তাকালেন যেন একটি দৃষ্টিতেই সমস্ত দেখে নিলেন, তারপর আমাদের কাছে এসে প্রত্যেককে সম্পূর্ণ সোজা হয়ে বসতে বললেন, আমরা লজ্জিত হয়ে তাড়াতাড়ি সোজা হয়ে বসলাম কিন্তু যাদের বসা তখনও তাঁর মনোমত হয়নি, তাদের তিনি

মেরুদণ্ড সোজা রেখে কিভাবে বসতে হয়, নিজে ঠিক করে বসিয়ে দেখিয়ে দিলেন, ও দৃঢ়ভাবে আমাদের বললেন, তোমরা সবদাই সোজা হয়ে বসবে, নীচু হয়ে কুঁজো হয়ে বা বেঁকেচুরে কখনো বসবে না। এই কয়েকটি মাত্র কথা বলেই তিনি আবার চলে গেলেন।

সেদিন সিস্টারকে দেখে তাঁর ছবি যেন মনে আঁকা হয়ে গেল। সিস্টার যখন স্কুলে ছিলেন না, তখন প্রায়ই শুনতাম তিনি অল্পদিনের মধ্যেই আসবেন, তাঁকে দেখবার জন্য মন খুব ব্যস্ত হত তাঁকে দেখতে পেয়ে মনে যে কি আনন্দ হোল, তা বলে বোঝান যায় না। সিস্টারকে যেন সাধারণের থেকে সম্পূর্ণ আলাদা মনে হোল। প্রথম পরিচয়ে তাঁর খুব কাছে যাওয়া যায় না, শ্রদ্ধা, ভক্তি ভয় মনকে যেন আচ্ছন্ন করে ফলে, কিন্তু অল্প দিনের ভিতরেই সিস্টারের ভালবাসার আকর্ষণী শক্তি যে কত প্রবল তা বুঝতে দেরী হোল না।

অল্পদিনের মধ্যে আমাদের অজ্ঞাতসারে নিবেদিতা আমাদের জীবনস্বরূপ হয়ে পড়লেন, তাঁকে আমাদের কি যে ভাল লাগত, তিনি কখন আমাদের কাছে আসবেন ও কিছু বলবেন সেইজন্য আমরা উন্মুখ হয়ে থাকতাম। তাঁর কোন প্রয়োজনে লাগলে আমাদের আনন্দের সীমা থাকত না।

গুরুজনদের প্রতি শ্রদ্ধা ভক্তি ও প্রণামের উপর সিস্টার অত্যন্ত জোর দিতেন। স্কুলের ছুটির পর বাড়ি যাওয়ার আগে আমাদের প্রত্যেককে তিনি নমস্কার করাতেন। একবার আমাদের ক্লাসে দুটি মাদ্রাজী মেয়ে ভর্তি হয়েছিলেন। মেয়ে দুটি প্রথম দিনে ছুটির পর নমস্কার না করেই চলে যাচ্ছিলেন। সিস্টার তখনই আবার তাদের ফিরিয়ে নমস্কার করিয়ে তবে ছুটি দিলেন। আমাদের পূর্বকালের হিন্দু রমণীদের ত্যাগ, নিষ্ঠা, ভক্তি, সেবাপরায়ণতা, আশ্রিত-বৎসলতা ও সরলতা যেন আমরা কখনো হারিয়ে না ফেলি, সেজন্য বারবার আমাদের বলতেন। তিনি বলতেন 'আমাদের পূর্ব পিতামহীদের অনেকে বড় পরিজনের মধ্যে সংসারের সেবাকার্যের ভিতরে ডুবে থেকেও অনায়াসে এত উচ্চ আধ্যাত্মিক অবস্থায় পৌঁছাতে পেরেছিলেন, যা তপস্যা দ্বারাও সম্ভব হয় না।

একবার ছুটির আগে সিস্টার আমাদের মিউজিয়ামে বেড়াতে নিয়ে যান। আমরা কয়েকজন গাড়িতে তাঁর সঙ্গে ছিলাম। কিসমিস আখরোট প্রভৃতি মেওয়া মিশানো একটি কাগজের বড় ঠোঙ্গা তিনি প্রফুল্ল দিদির হাতে দিয়ে আমাদের ভাগ করে দিতে বললেন। প্রফুল্লদিদি আমাদের সকলের হাতে ভাগ করে দিয়ে সিস্টারকে হাত পাততে বললেন, এবং নিজের জন্য সামান্য মাত্র রেখে, সিস্টার বুঝতে পারার আগেই সবটা তাঁর হাতে ঢেলে দিলেন। সিস্টার তখনই প্রফুল্লদিদির দুষ্টামি বুঝতে পেরে বললেন, "দুষ্টু মেয়ে, দেখি তোমার কতটা আছে?" কিন্তু প্রফুল্লদিদি "আমার অনেক আছে" বলে আর কিছুতেই ঠোঙ্গা খুলে দেখালেন না। কিন্তু সিস্টার রাগ না করে এমন মিষ্টি ভাবে হাসলেন, যেন তাঁর হাসিতে এই কথাই বলতে চাইছিলেন: "এটাই এদেশের মেয়ের পক্ষে স্বাভাবিক, অন্যের জন্যই তারা ব্যস্ত হয়। নিজের জন্য কিছুই রাখতে চায় না।" মিউজিয়ামের যে ঘরটি আমরা দেখবো বলে এসেছিলাম, সেটি তখন চুণকাম ও মেরামত হচ্ছিল, অনেকগুলি মিস্ত্রি সেই ঘরে কাজ করছিল। তাদের মধ্যে একজন কুলি বোধহয় ক্লান্ত হয়ে এক-পাশে কাপড় বিছিয়ে ঘুমিয়ে পড়েছিল, সিস্টার তার কাছে এসেই একেবারে ঠোঁটে আঙুল দিয়ে আমাদের কথা বলতে বা কোন শব্দ করতে বারণ করলেন। পাছে তার ঘুম ভাঙ্গে, সেজন্য নিজে, অতি সন্তর্পণে আস্তে আস্তে চলতে লাগলেন, আমরাও খুব সাবধানে তাঁর পিছনে চলেছি।

কিন্তু দুর্ভাগ্যবশতঃ কুলিটি তৎক্ষণাৎ জেগে সামনেই সিস্টারকে দেখে ভীত ও চমকিত হয়ে 'মেমসাব' বলে সেলাম করে উঠে দাঁড়াল। সিস্টারের তখনকার অনুতপ্ত মুখ ভুলবার নয়। তিনি যত তাকে আবার ঘুমাবার জন্য বারবার অনুরোধ করেন, ততই সে কোন কিছু অপরাধ করে ফেলেছে মনে করে ভীত হয়ে পড়ে, কারণ এইরূপ মেমসাহেব সে কখনো দেখেনি, এ ব্যবহার তার বুঝতে পারা সম্ভব নয়। সিস্টারের সেই করুণাময়ী মূর্তি এখনো আমার মনে হয়।....

সিস্টারের সঙ্গে আমাদের দৈনন্দিন ছোট ছোট কত সময়ের কত ঘটনার কথা স্মরণ হয়। আর সিস্টারের সেই তেজোময়ী অপরূপ মূর্তি, তাঁর সেই পরিচ্ছদের বিশেষ ধরন, গলায় রুদ্রাক্ষের মালা, সেই অপার্থিব মধুর হাসি আবার মনের মাঝে শুভ্র শতদলের মত বিকশিত হয়ে ওঠে। সিস্টারের উপদেশ হয়তো আমাদের জীবনে ফলবতী হয়নি, কিন্তু তাঁর অমৃতময়ী স্বর্গীয় স্মৃতি চিরদিনের মত আমাদের অন্তরে উজ্জ্বল হয়ে আছে। সে স্মৃতি কখনো ভুলবার নয়।

( ১১ )

## প্রফুল্লমুখী দেবী

একদিন আমার বাবা সিস্টার নিবেদিতার হাতে আমাকে সঁপে দিয়েছিলেন। দুবাহু প্রসারিত করে সেদিন জননীসমা নিবেদিতা আমাকে টেনে নিয়েছিলেন তাঁর বুকে। কি যে পেয়েছি তাঁর কাছে, কি যে দেখেছি তাঁর মধ্যে তার তুলনা নেই। কতদিনের কত কথা—কি ছেড়ে কি বলব ভেবে পাইনে।

০ ০ ০

লেডী অবলা বসু ছিলেন সিস্টারের বন্ধু। একদিন তিনি আমাদের বিদ্যালয় দেখতে এসেছিলেন। সিস্টার তাঁকে আমাদের শ্রেণীতে নিয়ে আসেন। বোর্ডে জ্যামিতির একটা প্রশ্ন দিয়ে এক একটি করে মেয়েকে ডেকে বোর্ডে গিয়ে উত্তরটি দিতে বলেন। একে একে কয়েকটি মেয়ে গিয়ে চেষ্টা করেও সঠিক উত্তর দিতে পারে না। আমি অঙ্কে ছিলাম কাঁচা, তবুও কেমন করে জানিনা সেদিন নির্ভুল উত্তর দিতে পারি। তখনি সিস্টার খুশী হয়ে ছোট বালিকাটির মত হাত তালি দিয়ে বার বার বলতে লাগলেন, "আমার মেয়ে পেরেছে. আমার মেয়ে পেরেছে।" এখনো সিস্টারের সেই বালিকাসম সরল আনন্দোৎফুল্ল মুখ চোখের সামনে স্পষ্ট দেখতে পাচ্ছি।

বালবিধবা ছাত্রীদের প্রতি সিস্টারের সহানুভূতি, স্নেহ ও সতর্ক দৃষ্টির যেন সীমা ছিল না। একাদশীর দিন আমার শুষ্ক মুখ তাঁকে অত্যন্ত ব্যথিত ও বিচলিত করত। তাঁর সনির্বন্ধ অনুরোধে প্রতি একাদশীর দিন তাঁর দেওয়া মিষ্টি ও দুধ কিংবা ঘোল খেতে হত। এক একাদশীর দিনে নানা কাজের ব্যস্ততার জন্য আমাকে খাওয়াতে তিনি ভুলে যান; বিকালে জগদীশচন্দ্র বসুর বাড়িতে চলে যান। সেখানে নানা প্রসঙ্গ নিয়ে আলোচনাকালে হঠাৎ তাঁর ভুলের কথাটি মনে পড়ে যায়, সঙ্গে সঙ্গে আলোচনার মাঝখানেই তিনি লাফিয়ে উঠে পড়েন এবং তাড়াতাড়ি স্কুলে ফিরে আসেন। তখন সন্ধ্যা হয়ে গেছে। দারোয়ান পাঠিয়ে আমাকে বাড়ি থেকে ডেকে নিয়ে যান। আমি যাওয়ামাত্র তিনি আমাকে দু'হাতে তাঁর বুকের মাঝে জড়িয়ে ধরে অশ্রুসজল নয়নে বার বার আক্ষেপ করে বলতে লাগলেন, "ও আমার মেয়ে, আমি খেয়েছি, কিন্তু তোমাকে খাওয়াতে ভুলে গিয়েছি।" সেদিন তাঁর সেই স্বর্গীয় স্নেহসুধাসিক্ত হয়ে আমিও অভিভূত হয়েছিলাম এবং আজও অভিভূত হই।

# শ্রদ্ধাঞ্জলি

কুমারী মার্গারেট নোব্‌ল ভগিনী নিবেদিতা নামে সারা ভারতে পরিচিত ও ভারতের প্রিয়। নিবেদিতা নাম গ্রহণ তাঁর সার্থক। ভারতের সনাতন সভ্যতা ও সাধনার ধারাতে তিনি নিঃশেষে আপনাকে মিশিয়ে দিয়েছেন। এই ইংরাজ মহিলা সমস্ত জীবন দিয়ে ভারতকে যেভাবে ভালবেসেছেন, আমাদের দেশের—বিশেষ করে আধুনিক শিক্ষাভিমানীদের মধ্যে—খুব কম লোকই সেভাবে দেশকে ভালবাসেন। নিবেদিতা আমাদের কাছে এসেছেন শিক্ষা দিতে নয় শিখতে, তিনি নতুন কোন বাণীর প্রবক্তারূপে আমাদের সামনে দাঁড়াননি, দাঁড়িয়েছেন বাস্তবিক শ্রদ্ধার উপাসিকার রূপ নিয়ে। কোন বিশিষ্টতার দাবী তিনি ভারতের কাছে করেননি, কোন বিশেষ সম্মান তাঁর আকাঙ্ক্ষা নয়। তাঁর গুরুর কাছ থেকে ভারতের সাধনার স্বরূপের যে আভাস তিনি পেয়েছেন, সেই সাধনার মধ্যে ভালবাসায় নিজেকে মিশিয়ে দিয়ে, বিলিয়ে দিয়ে—তাঁর নিজের সত্তাকে তিনি বিকশিত করতে চেয়েছেন। নিজের এই বিকাশের পথেই ভারতের সভ্যতার সনাতন রূপটি তাঁর জীবনে ও আদর্শে ফুটে উঠবে—এ আশা মিথ্যা হয়নি। ভারতের সাধনার যে সকল দিকের সঙ্গে তাঁর পরিচয় হয়েছে তাদের সত্যরূপটি তাঁর মধ্যে মূর্ত হয়ে উঠেছে।

শ্রীবিপিনচন্দ্র পাল ॥

নিবেদিতা ছিলেন বিবেকানন্দের উপসংহার। কিন্তু উপসংহার বলিয়া তিনি ঠিক বিবেকানন্দের প্রতিরূপ ছিলেন না। নিবেদিতার জীবনের সামান্যমাত্রও স্পর্শ যাঁহারা পাইয়াছিলেন, তাঁহারাই সেই জ্যোতির্ময় জীবনের বিশালতা, গভীরতা ও শক্তিসঞ্চার দেখিয়া মুগ্ধ হইতেন। একটি দুর্লভ সর্বতোমুখী ব্যক্তিত্বের সাক্ষাৎ আমরা পাই নিবেদিতার মধ্যে। নিবেদিতার চরিত্রে এবং চিন্তায় দেখিয়াছি জাতীয় ভাবধারা এবং সাংস্কৃতিক মহিমার সহিত আধুনিক ভাবধারাও উজ্জ্বলরূপে ফুটিয়া উঠিয়াছিল। ভারতবর্ষে জন্মগ্রহণ না করিয়াও নিবেদিতা ভারতীয় সভ্যতার শ্রেষ্ঠ উত্তরাধিকারী হইয়াছিলেন—ইহা তাঁহার পক্ষে কম গৌরবের কথা নহে।

শ্রীব্রজেন্দ্রনাথ শীল ॥

তিনি নিজের জীবন বিপন্ন করিয়া কেবলমাত্র স্নেহময়ী জননী অথবা ভগিনীরূপে রুগ্ন ও পীড়িতের সেবা করিতেন না—সে কলেরা কিম্বা প্লেগের দ্বারা আক্রান্ত হউক না কেন—কিম্বা আত্মীয়স্বজন বা বান্ধবহীন অনাথ বা বিধবার যে তিনি দুঃখমোচন করিতেন তাহা নহে—সকলের জন্যই তাঁহার হৃদয় উন্মুক্ত ছিল, তাঁহার মুখের হাসি হইতে কেহই বঞ্চিত হইত না এবং করুণা

তো সকলেই পাইত। নিবেদিতা যেন নারীকুলের সম্রাজ্ঞী বিশেষ ছিলেন। মানবী আকারে তিনি ছিলেন দেবী—যিনি দুঃখযন্ত্রণাক্ষুব্ধ এই মানব-সমাজে সুখ ও শান্তি আনিবার জন্য স্বর্গ হইতে নামিয়া আসিয়াছিলেন। জাতিধর্ম নির্বিশেষে তিনি সকলের সেবায় নিজেকে উৎসর্গ করিয়াছিলেন। হিন্দুধর্মের সবকিছুই তিনি ভালবাসিতেন তবে অন্ধ অনুরাগ বশতঃ নহে, স্বাধীন বিচার শক্তির ভিতর দিয়াই তিনি এই সমাজের সহিত একাত্ম হইয়া গিয়াছিলেন। তিনি শুধু বিদুষী ছিলেন না, অসামান্যা বুদ্ধিশালিনীও ছিলেন। হিন্দুর সামাজিক বিধি-বিধানের মধ্যে তিনি যে সৌন্দর্যের পরিচয় পাইয়াছিলেন, তাহা উচ্ছ্বাস বা অন্ধ অনুরাগবশতঃ নহে, তন্ন তন্ন করিয়া অনুশীলন করিবার ফলেই। পাশ্চাত্য জগতের নিকট নিবেদিতা যেভাবে ভারতবর্ষকে তুলিয়া ধরিয়াছিলেন, একমাত্র সেই কারণেই তাঁহার প্রতি আমাদের কৃতজ্ঞতার ঋণ অপরিশোধনীয়।

শ্রীযুক্ত মতিলাল ঘোষ॥

নিবেদিতা তুখোড় মেয়ে, মগজটা ছিল ভারী ধারালো। পাশ্চাত্য স্বাদেশিকতা, ভাবনিষ্ঠা, রোমান্টিকতা ইত্যাদি রসে তাঁর চিত্তভাণ্ডার ছিল ভরপুর। সেই চিত্ত আর ব্যক্তিত্ব তিনি ঢেলে দিয়েছিলেন রামকৃষ্ণ-বিবেকানন্দের মারফৎ ভারত, ভারতীয় জনসাধারণ আর ভারতীয় সংস্কৃতির পায়ে। ভারতীয় নরনারীর অতীত ব্যাখ্যা করা বর্তমান বিশ্লেষণ করা আর ভবিষ্যৎ বাৎলানো তার পক্ষে মুড়ি-মুড়কি খাওয়ার মত সোজা কাজ ছিল। ঠিক যেন আদর্শনিষ্ঠ ও ভাবুক ভারতীয় স্বদেশ সেবকের দৃষ্টিভঙ্গী নিয়ে নিবেদিতা সমগ্র ভারতের বিকাশধারা দেখতে অভ্যস্ত ছিলেন। কোন বিদেশী পণ্ডিত ভারতীয় নরনারীর জীবন-কথা এত গভীরভাবে বুঝতে পারে তা কল্পনা করা অসম্ভব। নিবেদিতার সঙ্গে কথাবার্তায় তার এই বিশ্লেষণ শক্তি ও অন্তর্দৃষ্টি সহজেই ধরা পড়ত। এই সবের ভেতর তার ভারতীয় দরদটা বিশেষ উল্লেখযোগ্য।

তিনি যুবক ভারতকে স্বদেশ নিষ্ঠায় উদ্বুদ্ধ করতে পেরেছিলেন। স্বদেশ-সেবকের কাজে যে লোকটা কাঠখড় জোগাতে পারে না, যুবক বাঙলা তাকে বড় একটা পুছে না। দ্বিতীয় কারণ তাঁর গবেষণা শক্তি ও স্মৃতি বিশ্লেষণের বাঙালী জীবন-সম্বন্ধে সূক্ষ্ম দৃষ্টি আর ইংরেজি রচনা-কৌশল। এই দুই কারণে [illegible] যুবা নিবেদিতার কাছে প্রেরণা পেয়েছে।

শ্রীবিনয় সরকার॥

এ যুগের বাঙালী সন্তানকে নিবেদিতার অপূর্ব আত্মনিবেদনের কথা ভাল করিয়া স্মরণ করাইবার জন্য কোনরূপ স্মৃতিপূজার আয়োজন হয় না হইলেও বাহিরে তার তেমন প্রচার নাই। জানি, তাহাতে সেই কল্যাণময়ী তপস্বিনীর—সেই সত্য-শিব-সুন্দর-নন্দিনীর জন্য কিছুমাত্র আক্ষেপের কারণ নাই, যে নিজেই 'নিবেদিতা' তাঁহাকে নিবেদন করিবার তো কিছুই নাই।

গুরুর নিকট হইতে যে অগ্নি তিনি আপন হৃদয়-পাত্রে চয়ন করিয়াছিলেন, তাহার তেজ তিনি সযত্নে নিজের মধ্যে ধারণ করিয়াছিলেন—সেই অপরিমেয় শক্তিকে সংবরণ করিয়া, তাহার পাবক

শিখায় আপনাকেই নিরন্তর দগ্ধোজ্জ্বল করিয়া, তিনি কেবল তাহার আলোটুকুই বিকিরণ করিয়াছিলেন।..

ধর্মান্তরিত হওয়ার জন্য যে আচার-অনুষ্ঠানগত পরিবর্তন মানুষের জীবনে হইয়া থাকে, তাহার শত সহস্র দৃষ্টান্ত আছে; কিন্তু একই দেহে জন্মান্তর গ্রহণ যে সম্ভব তা ভগিনী নিবেদিতাকে না দেখিলে কেহ কখনো বিশ্বাস করিত না। এই একটা দিক দিয়াও তাঁহার জীবন অনন্য সাধারণ—এমন বোধহয়, আর কুত্রাপি দেখিতে পাওয়া যায় না। যেন জাতিটাই বদলাইয়া গিয়াছে, তাঁহার রক্তেও যেন বাঙালী-হিন্দুর জন্ম-জন্মান্তরগত সংস্কৃতির অবচেতন ভাবধারা পূর্ণ প্রবাহিত হইয়াছে।....

স্বামীজী যে দৃষ্টিতে তাঁহার দেশকে দেখিয়াছিলেন, শিষ্যা নিবেদিতার চক্ষে সেই দৃষ্টি তিনি পরাইয়া দিয়াছিলেন, তাঁহার নিজের হৃদয়খানিকেই এই শিষ্যার বক্ষপঞ্জরে যেন বসাইয়া দিয়াছিলেন। নতুবা, এমন অভাবনীয় ঘটনা ঘটিত না। গুরুর সহিত একাত্ম হইয়া, সেই গুরুর হৃদয়ে আপনার হৃদয় নিঃশেষে গলাইয়া মিলাইয়া দিয়া, তিনি যে সেবাব্রত উদ্‌যাপন করিয়াছিলেন, তাহা একাধারে এই দেশের এবং তাঁহার গুরুর সেবা।

শ্রীমোহিতলাল মজুমদার ॥

প্রসূতি না হয়ে কোলে পেয়েছিল পুত্র যশোমতি;—
তেমনি তোমারে পেয়ে হৃষ্ট হয়েছিল বঙ্গ অতি,—
বিদেশিনী নিবেদিতা। স্বাস্থ্য, সুখ, সম্পদ তেয়াগি
দীন দেশে ছিলে দীন ভাবে; দুঃস্থ এ বঙ্গের লাগি।

সঁপেছিলে সর্বধন,—কায়, মন বচন আপন,—
ভাবের আবেশ ভরে,—করেছিলে আত্ম-নিবেদন।
ভালবেসে ভারতেরে কাছে এসেছিলে দূর হ'তে,
দিয়েছিলে স্নিগ্ধ ক'রে অনাবিল মমত্বের স্রোতে।

তপস্যার পুণ্য তেজে করেছিলে অসাধ্য-সাধন,
জ্বেলেছিলে স্বর্ণদীপ অন্ধকারে, নব উদ্বোধন
করেছিলে জীর্ণ বিল্বমূলে মাতৃরূপা শক্তির;—
স্মরিয়া সে সব কথা আজ শুধু চক্ষে বহে নীর।

এসেছিলে না ডাকিতে, অকালে চলিয়া গেলে, হায়,
চলে গেলে অল্প-আয়ু দুর্ভাগার সৌভাগ্যের প্রায়,—
দেহ রাখি শৈলমূলে;—শঙ্করের অঙ্কে মৃতা সতী;
ওগো দেবতার দেওয়া ভগিনী মোদের পুণ্যবতী।

শ্রীসত্যেন্দ্রনাথ দত্ত ॥

# বিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস

## অবতরণিকা

পরিব্রাজক সন্ন্যাসী বিবেকানন্দ সমগ্র ভারত পরিভ্রমণান্তে তৎকালীন ভারত-সমাজের প্রত্যক্ষ পরিচয় লাভ করেন। সে পরিচয় বড়ই মর্মপীড়াদায়ক। তিনি দেখিলেন বিরাট ঐতিহ্যমণ্ডিত স্বদেশ ও স্বজাতির দীন, নিঃস্ব রূপ। অন্ন-বস্ত্র-আশ্রয়-শিক্ষা-মনোবলহীন ভারতবাসী কায়ক্লেশে কেবল নিজেদের অস্তিত্বটুকু বাঁচাইয়া রাখিয়াছে,—চতুর্দিকে শুধু নৈরাশ্য, শুধু "দিন যাপনের, শুধু প্রাণ ধারণের গ্লানি।" সর্বাপেক্ষা শোচনীয় অবস্থা নারী-সমাজ ও নিম্নজাতীয়দের। এই দেশকে পূর্ব মহিমায় প্রতিষ্ঠিত করিতে হইলে সর্বাগ্রে প্রয়োজন ইহাদের উন্নতি সাধন, নতুবা স্বদেশের উন্নতির সকল প্রচেষ্টাই হইবে ব্যর্থ।

পাশ্চাত্যে ভ্রমণকালে স্বামীজীর দৃষ্টিতে ধরা পড়ে বিপরীত চিত্র—সর্বত্র প্রাচুর্য, আনন্দ ও সার্থক জীবনের সমুজ্জ্বল ছবি। বিশেষ করিয়া প্রতীচ্যের নারীকুল সুশিক্ষিতা, আত্মনির্ভরশীলা ও স্ব-মর্যাদায় সুপ্রতিষ্ঠিতা। সেইদিন তিনি স্বদেশের অবরুদ্ধ নারীশক্তির কথা ভাবিয়া বার বার দীর্ঘশ্বাস ফেলিয়াছেন। "মনু মহারাজ বলিয়াছেন—যেখানে স্ত্রীলোকেরা সুখী, সেই পরিবারের উপর ঈশ্বরের মহাকৃপা। এরা তাই করে। আর এরা তাই সুখী, বিদ্বান, স্বাধীন, উদ্যোগী। আর আমরা স্ত্রীলোককে নীচ, অধম, মহা হেয়, অপবিত্র বলি। তার ফল—আমরা পশু, দাস, উদ্যমহীন, দরিদ্র।" "ভারতের কল্যাণ স্ত্রীজাতির অভ্যুদয় না হইলে সম্ভব নয়। এক পক্ষে পক্ষীর উত্থান সম্ভব নহে।"

স্বামীজীর কণ্ঠে ধ্বনিত হয় "আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ"—এই মহান্ ভাবধারাকে বাস্তবে রূপায়িত করিতে তিনি মঠ স্থাপনের সংকল্প করেন। নারীজাতির জন্যও অনুরূপ মঠ এবং সম্ভব না হইলে অন্ততঃ একটি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজন তিনি বিশেষভাবেই উপলব্ধি করিয়াছিলেন। কিন্তু নারীজাতির এই শিক্ষাভার গ্রহণ করিবেন এমন উপযুক্ত নারী কোথায়? লণ্ডনে শ্রোতৃমণ্ডলীর মধ্যে তাঁহার দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন মিস মার্গারেট এলিজাবেথ নোবল্। অন্তর্দৃষ্টিসম্পন্ন স্বামীজীর বুঝিতে বিলম্ব হয় নাই যে, মার্গারেট কেবল ভাবুক এবং চিন্তাশীল নহেন, উৎসাহী কর্মীও। আদর্শকে বাস্তবে রূপদানের জন্য তিনি অধীর। সুতরাং কথা প্রসঙ্গে তিনি মার্গারেটকে বলেন,—"স্বদেশের নারীগণের কল্যাণকল্পে আমার কতকগুলি সংকল্প আছে, আমার মনে হয়, সেগুলিকে কার্যে পরিণত করিতে তুমি বিশেষভাবে সাহায্য করিতে পার।" স্বামীজীর নিকট আত্মোৎসর্গের মন্ত্রে দীক্ষিতা মার্গারেট ভারতের সেবায় আত্মদানের জন্য প্রস্তুত হইলেন।

## ভগিনী নিবেদিতা ও বিদ্যালয়ের প্রতিষ্ঠা (১৮৯৮-১৯১১)

১৮৯৮ সালের ২৮শে জানুয়ারি মার্গারেট কলিকাতার বন্দরে অবতরণ করিলেন। ২৫শে মার্চ নিবেদিতারূপে মার্গারেটের নবজন্মলাভ। ঐ দিন স্বামীজী তাঁহাকে দীক্ষান্তে বহুজন হিতায়

ভগবৎ চরণে নিবেদন করেন। স্বামীজীর সহিত উত্তর ভারত ভ্রমণান্তে নিবেদিতা বাগবাজার পল্লীর ১৬নং বোসপাড়া লেনে বসবাস করিতে থাকেন। পূর্বেই স্থির হইয়াছিল তিনি একটি বিদ্যালয় খুলিয়া বালিকাগণের শিক্ষার ব্যবস্থা করিবেন।

১৩ই নভেম্বর, শ্রীশ্রীকালীপূজার দিনে শ্রীসারদা দেবী, যোগীনমা ও গোলাপমার সঙ্গে ১৬নং বোসপাড়া লেনে শুভাগমন করিয়া প্রতিষ্ঠাকালীন পূজাদি সমাপনান্তে মৃদুস্বরে আশীর্বাণী উচ্চারণ করিলেন,—"এই বিদ্যালয়ের উপর যেন জগজ্জননীর আশীর্বাদ থাকে এবং যে সকল বালিকা এখানে শিক্ষালাভ করিবে তাহারা যেন দেশের আদর্শ কন্যা হয়।" এই স্মরণীয় অনুষ্ঠানে স্বামীজী, স্বামী ব্রহ্মানন্দ এবং স্বামী সারদানন্দ উপস্থিত ছিলেন।

১৮৯৮ সালের নভেম্বর হইতে ১৮৯৯ সালের জুন মাস পর্যন্ত বিদ্যালয়ের কাজ ছিল প্রধানতঃ পরীক্ষামূলক। এই সাতমাস নিবেদিতা নিজ বাসগৃহে কয়েকটি বালিকাকে পড়াইতেন।

১৮৯৯ সালের ২০শে জুন স্বামীজীর দ্বিতীয়বার পাশ্চাত্য গমনকালে বিদ্যালয়ের জন্য অর্থ সংগ্রহের উদ্দেশ্যে নিবেদিতাও তাঁহার সহিত যাত্রা করেন।

স্বামীজীর আদর্শে The Project of Ramakrishna Girls' School নামে একটি সুচিন্তিত ও সুবিস্তৃত পরিকল্পনা রচনা করিয়া তিনি আমেরিকাবাসীগণের সম্মুখে উপস্থিত করেন, এবং উক্ত পরিকল্পনায় আর্থিক সাহায্যের জন্য একটি সাহায্যমণ্ডলী গঠিত হয়। ১৯০২ সালে ফেব্রুয়ারি মাসে ভারতে প্রত্যাবর্তনান্তে নিবেদিতা বোসপাড়া লেনেই ১৭নং বাড়িতে বসবাসের জন্য উপস্থিত হন। শ্রীশ্রীসরস্বতী পূজার পর হইতে বিদ্যালয়ের কাজ পুনরায় শুরু হয়। এই সংবাদে আনন্দিত স্বামীজী কাশী হইতে শিষ্যাকে আশীর্বাদ করিয়া লিখিলেন,—"সর্বপ্রকার শক্তি তোমাতে উদ্বুদ্ধ হোক, মহামায়া স্বয়ং তোমার হৃদয়ে এবং বাহুতে অধিষ্ঠিতা হোন্। অপ্রতিহত মহাশক্তি তোমাতে জাগ্রতা হোক।"

১৯০২ সালে ৪ঠা জুলাই স্বামীজী মহাসমাধি লাভ করিলেন। জীবনের পথপ্রদর্শক শ্রীগুরুর অন্তর্ধানে দুঃসহ শোকে হৃদয় ভাঙ্গিয়া গেলেও নিবেদিতার স্বীয় ব্রত উদ্‌যাপনের কঠিন সংকল্প শিথিল হইল না। বিদ্যালয়টিকে স্বামীজীর আদর্শানুযায়ী গড়িয়া তুলিতে সর্বশক্তি নিয়োগ করিলেন। পাড়ার ছোট মেয়েদের লইয়া তিনি কিণ্ডারগার্টেন পদ্ধতিতে শিক্ষা দিতে লাগিলেন। তাহার রিপোর্ট হইতে জানা যায়, সারা বছরে প্রায় ৫০ জন ছাত্রী ভর্তি হইয়াছিল যদিও বৎসরের শেষভাগে অবশিষ্ট ছিল মাত্র ২৯ জন। তখন দৈনন্দিন কার্য তালিকায় পড়াশোনা অপেক্ষা সেলাই ও খেলাধূলা ছিল প্রধান।

১৯০৩ সালে শরৎকালে স্বামীজীর অন্যতমা মার্কিন শিষ্যা কৃস্টীন গ্রীনষ্টিডেল আসিয়া নিবেদিতার সহিত বিদ্যালয়ের কাজে যোগ দেন। এবং সানন্দে বিদ্যালয় পরিচালনার অনেকাংশই স্বীয় স্কন্ধে তুলিয়া লন। নিবেদিতা কিছু পরিমাণে ভারমুক্ত ও নিশ্চিন্ত হইয়া বিদ্যালয়ের জন্য অর্থাগমের চেষ্টায় ব্রতী হইলেন। বাল্যবিবাহ প্রথানুযায়ী তখন বালিকা ছাত্রীদের বিদ্যারম্ভের কিছুকালের মধ্যে বিবাহ হইয়া যাইত। সুতরাং স্থির হইল অন্তঃপুরিকাগণের জন্যও শিক্ষার ব্যবস্থা করিতে হইবে। ২রা নভেম্বর (১৯০৩) বয়স্কা মহিলাদের জন্য একটি স্বতন্ত্র বিদ্যালয় খোলা হইল। কৃস্টীন সূচীশিক্ষার এবং বৈজ্ঞানিক জগদীশচন্দ্রের ভগ্নী শ্রীযুক্তা লাবণ্যপ্রভা বসু পড়াইবার ভার গ্রহণ

করিলেন। এই সময়েই যোগীনমা কিছুদিন ধরিয়া নিয়মিতভাবে বিদ্যালয়ে ধর্মশিক্ষা দিতেন। গাড়ি করিয়া অন্তঃপুরিকাদের বিদ্যালয়ে আনিয়া ১২টা হইতে ৪টা পর্যন্ত পড়ানো হইত। বিদ্যালয়ের কার্যে বিভিন্ন সময়ে যে সকল মহিলা সাহায্য করিয়াছিলেন তাঁহাদের মধ্যে পুষ্প দেবী, মহামায়া দেবী, অমিয়া দেবী (বিপিনচন্দ্র পালের কন্যা), লেডী অবলা বসু, সরলাবালা সরকারের নাম উল্লেখযোগ্য। লেখাপড়া, সেলাই এবং মহাপুরুষগণের জীবনীপাঠ ও আলোচনা পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত হইল। বাগবাজার পল্লীর গৃহে গৃহে ঘুরিয়া নিবেদিতা কন্যাদের তাঁহার বিদ্যালয়ে প্রেরণের জন্য অভিভাবকগণের নিকট যুক্তকরে অনুরোধ জানাইতেন। তখন মিশনরী বিদ্যালয়গুলিতে খৃষ্টধর্ম প্রচার করা হইত এবং অন্যান্য বিদ্যালয়ে দেশীয় ভাবধারার অভাবহেতু কন্যাগণ বিদেশী ভাবাপন্ন হইবে, এই আশঙ্কায় অভিভাবকগণ তাহাদের বিদ্যালয়ে পাঠাইবার বিরোধী ছিলেন। কিন্তু ভগিনী নিবেদিতার আন্তরিকতা ও আগ্রহ সকল বাধা জয় করিল। তাঁহার ও কৃস্টীনের হিন্দুনারীর ন্যায় জীবনযাত্রার প্রতি প্রতিবেশীদের সশ্রদ্ধ দৃষ্টি আকৃষ্ট হইল। হিন্দু সংস্কৃতি ও সামাজিক রীতিনীতি অক্ষুণ্ণ রাখিয়া সম্পূর্ণ দেশীয় ধরনে জাতীয় শিক্ষা দেওয়া হইতেছে—এই বিষয়ে সকলে ক্রমে নিঃসন্দেহ হইলেন এবং ধীরে ধীরে রক্ষণশীল পরিবারের কন্যাগণও সাগ্রহে বিদ্যালয়ে আসিতে আরম্ভ করিলেন। সকাল ৮টা, দুপুর ১১টা ও বিকাল ৪টা—এই তিনবার করিয়া বিদ্যালয় বসিত। সকাল ৮টায় শিশুদের পাঠশালা এবং পরের দুই অধিবেশনে পুরস্ত্রীগণ নিজেদের সুবিধানুযায়ী আসিতেন। শিক্ষার্থিনীর সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাইলে ১৯০৪ সালের জগদ্ধাত্রী পূজার দিন পুরস্ত্রী বিভাগ একটি স্বতন্ত্র বিদ্যালয় রূপে কাজ আরম্ভ করে। অতঃপর ছোট মেয়েদের বিদ্যালয়টি দুইটি ভাগে বিভক্ত হইল— Lower School ও Upper School। প্রথম বিভাগে ছাত্রী সংখ্যা ছিল ২৬ ও দ্বিতীয়টিতে ২১। উদ্বোধন দিবসে পুরস্ত্রী বিভাগের শিক্ষার্থিনী সংখ্যা ছিল ৬০। শিক্ষার্থিনীদের গাড়ি পাঠাইয়া আনা হইয়াছিল, কিন্তু বিদ্যালয় গৃহে স্থানাভাবহেতু বহু পরিবারের কন্যাদের আনা সম্ভব হয় নাই। পুরস্ত্রী বিভাগের ছাত্রীসংখ্যা ক্রমশঃ বাড়িতে লাগিল। নানা কষ্ট স্বীকার করিয়া ও যাবতীয় গৃহকর্ম সমাপনান্তে মহিলারা বিদ্যালয়ে আসিতেন। অন্তঃপুরের গণ্ডির বাহিরে এখানে তাঁহারা এক অনাস্বাদিত জীবনের আনন্দ লাভ করিতেন। ভগিনী নিবেদিতা ও কৃস্টীনের নিঃস্বার্থ ও গভীর ভালবাসায় বিদ্যালয়টি তাঁহাদের একান্তই প্রাণের বস্তু হইয়া উঠিয়াছিল। শ্রীসারদা মঠের বর্তমান অধ্যক্ষা প্রব্রাজিকা ভারতীপ্রাণা ভগিনীদ্বয়ের স্নেহধন্যা। এই কালের ছাত্রীগণ ভগিনীদ্বয়ের আন্তরিক স্নেহভালবাসার কথা বলিতে বলিতে অশ্রুরোধ করিতে পারেন না।

বিদ্যালয়ের মাসিক ব্যয় তখন ছিল দুই শত টাকা। প্রথম হইতেই ইহার সমগ্র ব্যয়ভার বহন করিয়াছিলেন নিবেদিতার বিশেষ বান্ধবী আমেরিকার বস্টন শহরের অধিবাসিনী মিসেস ওলি বুল। কলিকাতা ইটালী নিবাসী শ্রীউপেন্দ্র নারায়ণ দে, হাওড়া রামকৃষ্ণপুর নিবাসী শ্রীনবগোপাল ঘোষ, শ্রীবিনোদবিহারী সোম ও শ্রীজগদীশচন্দ্র বসু বিদ্যালয়ের জন্য দুইটি ঘোড়ার গাড়ির ব্যবস্থা করিয়া দেন।

ভগিনী নিবেদিতা ও কৃস্টীনের কর্মজীবনের সূত্রপাত শিক্ষাব্রতীরূপে। তাঁহারা নবশিক্ষাপদ্ধতির ( New Education ) সহিত পরিচিত ছিলেন। শিক্ষয়িত্রীরূপে বিজ্ঞানসম্মত শিক্ষা

প্রণালীর ব্যবহারিক প্রয়োগ সম্পর্কেও বিশেষ অভিজ্ঞতা অর্জন করিয়াছিলেন। এই দেশে কার্যারম্ভের অল্পদিনের মধ্যেই উভয়েই মোটামুটি বাংলা শিখিয়া লইয়াছিলেন। তাঁহাদের লক্ষ্য ছিল, ছাত্রীগণ যেন কিছু পরিমাণ পুঁথিগত শিক্ষার সঙ্গে সঙ্গে সূচীশিল্প, তাঁত ইত্যাদি হস্তশিল্প শিখিয়া অর্থোপার্জনের দ্বারা আত্মনির্ভরশীল হইতে পারে। কিন্তু দেখা যায়, প্রধানতঃ রক্ষণশীল পরিবারের কন্যাগণই অধিক সংখ্যায় বিদ্যালয়ে আসিতেন এবং তাঁহাদের মধ্যে অর্থোপার্জন অপেক্ষা জ্ঞানার্জনের স্পৃহা ছিল অধিক। নিবেদিতা ক্রমে উপলব্ধি করেন, অল্পবয়স্কা বিধবাদের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা করিবার উপযোগী শিক্ষা দিলে অধিকতর কার্যকরী হইবে। এই উদ্দেশ্যে বাংলা সাহিত্য, ইংরেজি, ব্যাকরণ, অঙ্ক, ইতিহাস, ভূগোল সংস্কৃত এবং অঙ্কন ও সূচীশিল্প শিক্ষাদানের ব্যবস্থা হইল। অধিকাংশ শিক্ষাই দেওয়া হইত মুখে মুখে। ইংরেজি, ইতিহাস, অঙ্কন, প্রভৃতি শিক্ষা দিতেন নিবেদিতা স্বয়ং। কৃস্টীনও প্রধানতঃ ইংরেজি ও সূচীশিল্প শিখাইতেন। সংকীর্ণ কক্ষে মাদুরের উপর ছাত্রীরা বসিত। বসিবার এই প্রাচীন প্রথাটি বর্তমানেও প্রচলিত আছে।

শিক্ষাদানকালে নিবেদিতার সর্বদাই চেষ্টা ছিল ভারতের শাশ্বত সংস্কৃতির মহিমময় রূপটি উজ্জ্বল করিয়া তোলা। ছাত্রীগণ যেন যথার্থ ভারতের কন্যা হইতে পারে, ভারতীয় নারীর চিরন্তন আদর্শ যেন তাহাদের চরিত্রে মূর্তিমতী দেখা যায়—ইহার প্রতি তাঁহার ছিল সদাজাগ্রত দৃষ্টি। একদিকে অধ্যাত্মজীবনের সহিত পরিচিত করাইবার জন্য তিনি ছাত্রীদের লইয়া যাইতেন দক্ষিণেশ্বর, বেলুড়মঠ, শ্রীশ্রীমায়ের বাড়ি, অন্যদিকে তাহারা যাহাতে বহির্জগতের বিচিত্র জ্ঞানার্জনের সুযোগ পায় সেইজন্য বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, যাদুঘর প্রভৃতি স্থানগুলি তাহাদের দেখাইয়া আনিতেন।

বিদ্যালয়ের তৃতীয় বৎসরে কিছু পরিবর্তন ঘটে। সপ্তাহে দুইদিন করিয়া সূচীশিল্পের পৃথক ক্লাশ হইতে লাগিল। এই বিষয়ের প্রয়োজনীয় উপকরণাদি এতকাল বিদ্যালয় হইতে দিলেও অর্থাভাববশতঃ এখন তাহা ছাত্রীদের নিজেদেরই আনিতে উপদেশ দেওয়া হইল। ১৯০৫ সাল হইতে পূর্বের পাঠ্যতালিকার সহিত রামায়ণ মহাভারত, বস্তু অবলম্বনে শিক্ষা ( object lesson ), তুলির ও মাটির কাজ, মাদুর বোনা, paper folding প্রভৃতি শিক্ষাদানের ব্যবস্থা হয়।

ভগিনীদ্বয়ের আপ্রাণ চেষ্টা ব্যর্থ হয় নাই। ১৯১২ সালের প্রথম রিপোর্ট হইতে জানা যায় ঐ সময়ের মধ্যে বহু দরিদ্র বিধবা সূচীশিল্প শিখাইয়া এবং এই বিদ্যালয় বা অন্য বিদ্যালয়ে কাজ করিয়া অর্থোপার্জনে সমর্থ হন।

অত্যধিক পরিশ্রমে এবং গ্রীষ্মপ্রধান দেশের প্রতিকূল আবহাওয়ায় নিবেদিতার স্বাস্থ্য ভঙ্গ হয় এবং মাত্র ৪৪ বৎসর বয়সে, ১৯১১ সালের ১৩ই অক্টোবর তাঁহার দেহাবসান ঘটে।

## ভগিনী কৃস্টীন ও ভগিনী সুধীরা (১৯১১–২০)

বিদ্যালয়ের প্রাণস্বরূপা ভগিনী নিবেদিতার আকস্মিক অন্তর্ধানে প্রতিষ্ঠানটির অবস্থা হইয়াছিল কাণ্ডারীহীন তরণীর ন্যায়। ইতিপূর্বে মিসেস সারা বুলের মৃত্যুতে আর্থিক অবস্থাও অনিশ্চিত হইয়া পড়ে। সেই সংকট মুহূর্তে ভগিনী কৃস্টীন দৃঢ়হস্তে ইহার পরিচালনাভার গ্রহণ করিলেন।

কৃস্টীন ১৮৬৬ সালে জন্মগ্রহণ করেন। শিক্ষা সমাপনান্তে যখন তিনি ডেট্রয়েটের বিদ্যালয়ে শিক্ষকতাকার্যে নিযুক্তা ছিলেন তখন ১৮৯৪ সালের এক বক্তৃতা সভায় স্বামীজীর প্রথম দর্শনলাভ করেন এবং সেই শুভক্ষণেই তাঁহাকে স্বীয় পথপ্রদর্শক গুরুরূপে বরণ করিয়া লন। অতঃপর স্বামীজীর অভিপ্রেত কার্যে যোগদানের সংকল্প লইয়া তিনি ১৯০২ সালে ভারতে আসেন। পর বৎসর ১৯০৩ সালে শরৎকালে মায়াবতী হইতে ফিরিয়া তিনি ভগিনী নিবেদিতার সহিত বোসপাড়া লেনের গৃহে বসবাস আরম্ভ করেন এবং একাগ্রচিত্তে বিদ্যালয়ের কার্যে নিযুক্ত হন। তাঁহার প্রধান সহকর্মী ছিলেন ভগিনী সুধীরা।

রামকৃষ্ণ মিশনের জনৈক বন্ধু বিদ্যালয়ের ব্যয় নির্বাহের জন্য এককালীন ১২০০ টাকা দান করেন, এবং কিছুদিন পরেই বস্টন নিবাসী মার্কিন বন্ধু ই, জি, থর্প মিসেস বুলের উইলে উল্লিখিত মাসিক দুইশত টাকা সাহায্য দানের ব্যবস্থা করিলেন। ঈশ্বরের কৃপায় এইরূপে বিদ্যালয়ের সংকট মুহূর্ত কাটিয়া যায়।

১৯১৪ সালের প্রথম মহাযুদ্ধের সময় অবস্থার চাপে পড়িয়া বাধ্য হইয়া কৃস্টীনকে আমেরিকায় প্রত্যাগমন করিতে হয়। কৃস্টীনের প্রত্যাগমনের পর ভগিনী সুধীরার উপর বিদ্যালয়ের পরিচালনাভার ন্যস্ত হয়। তাঁহার পরিচালনায় বিদ্যালয়ের বিকাশ ও বিস্তৃতি ঘটে—এই কাল বিদ্যালয়ের একটি গৌরবময় অধ্যায়।

ভগিনী সুধীরা ছিলেন প্রথমে বিপ্লবী ও পরে শ্রীরামকৃষ্ণ সংঘের অন্যতম কর্মী ও সন্ন্যাসী স্বামী প্রজ্ঞানন্দের ভগিনী। তিনি ১৯০৬ সালে সর্বপ্রথম বিদ্যালয়ের কার্যে যোগদান করেন। ভগিনীদ্বয়ের পবিত্র আদর্শ জীবন দর্শনে অনুপ্রাণিত সুধীরা ব্রহ্মচারিণীরূপে নারীজাতির শিক্ষা ও উন্নতিকল্পে আত্মোৎসর্গ করিতে দৃঢ় সংকল্প হন। নিবেদিতার দেহত্যাগের পর বিদ্যালয়ের দায়িত্ব অনেকাংশে তাঁহার উপর পড়ায় তিনি ক্রমে ক্রমে বিদ্যালয়েই অবস্থান করিতে লাগিলেন। বয়স্কা ছাত্রীদের মধ্যে আরও অনেকেই সংসার ত্যাগ করিয়া ব্রহ্মচারিণীর জীবন যাপনে আগ্রহশীল হইলেন। স্বামীজীর আদর্শানুযায়ী তাঁহাদের লইয়া একটি স্বতন্ত্র আশ্রম বিভাগ খুলিবার ইচ্ছা ভগিনী সুধীরার অন্তরে জাগিয়াছিল। কৃস্টীনের আমেরিকা গমনের পর তিনি স্বামী সারদানন্দের সহায়তায় 'মাতৃমন্দির' নাম দিয়া আশ্রম বিভাগটি খুলিয়া দিলেন। মাতৃমন্দির প্রথম স্থাপিত হয় ১৭নং বোসপাড়া লেনে—স্কুলবাড়িতে। ১৯১৭ সালের অক্টোবরে উহা ৫৩।১নং বোসপাড়া লেনে স্থানান্তরিত হয়। অভিভাবকগণের আবেদনে সাড়া দিয়া আশ্রম সংলগ্ন একটি ছাত্রীনিবাসও খোলা হইল। অতি অল্পসংখ্যক ছাত্রী মাসিক খরচ দিয়া ছাত্রীনিবাসে থাকিত। দরিদ্র ছাত্রীদের জন্য এবং অন্যান্য নানাবিধ ব্যয় বাবদ যে অর্থের প্রয়োজন হইত তাহা ভগিনী সুধীরা ও তাঁহার সহকর্মিগণ ভদ্র পরিবারে শিক্ষকতা করিয়া বা সূচীশিল্পের দ্বারা উপার্জন করিতেন কিংবা নানা উপায়ে সংগ্রহ করিতেন। তাঁহাদের মধ্যে একজন কর্মী ধাত্রী বিদ্যার দ্বারা উপার্জিত সমস্ত অর্থই সাহায্যবাবদ মাতৃমন্দিরে দিতেন। শ্রীমা 'মাতৃমন্দিরে' কিছুদিন থাকিয়া স্বহস্তে শ্রীশ্রীঠাকুরের পূজা করিয়াছিলেন। স্বামী সারদানন্দ আশ্রম ও ছাত্রীনিবাস পরিচালনা ব্যাপারে মূল্যবান উপদেশ ও পরামর্শাদি দিয়া ভগিনী সুধীরাকে উৎসাহিত করিতেন। ১৯২০ সালে জুলাই মাসে শ্রীমায়ের মহাপ্রয়াণের পর মাতৃমন্দিরের পরিবর্তিত নাম হয় 'সারদামন্দির।'

নিবেদিতার উইল অনুযায়ী ১৯১৬ সালের ৯ই অগস্ট শ্রীযুক্ত সুধাংশু মোহন বসু উইলে উল্লিখিত সম্পত্তি বেলুড় মঠের ট্রাষ্টিগণের হস্তে প্রদান করেন। ঐ সময় হইতে উক্ত অর্থ এবং নিবেদিতার পুস্তকাবলী বিক্রয় দ্বারা প্রতি বৎসর আমেরিকা ও ইংলণ্ড হইতে প্রাপ্ত অর্থ একত্র জমা হইয়া চিরস্থায়ী ফণ্ডরূপে পরিগণিত হয়। সর্তানুসারে পরিচালকগণ উহার সুদ মাত্রই পান।

ছাত্রীসংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ায় ১৭নং বোসপাড়া লেনে স্থানাভাব প্রবল হইয়া উঠে। এই কারণে বেলুড় মঠের ট্রাষ্টিগণ বিদ্যালয়ের নিজস্ব ভবনের প্রয়োজন বিশেষভাবে অনুভব করিয়া গৃহনির্মাণে উদ্যোগী হইলেন। ১৯১৭ সালের ৫ই নভেম্বর বোসপাড়া লেনে (বর্তমানে নিবেদিতা লেন) ২৪,৬৪৫৮/৫ টাকা মূল্যে ১৫ কাঠা ১৪ ছটাক ১১ বর্গফুট পরিমিত একখণ্ডভূমি ক্রয় করা হয়। ঋণ করিয়া এই অর্থ সংগ্রহ করিতে হয়। বেলুড় মঠ ও মিশনের তদানীন্তন অধ্যক্ষ স্বামী ব্রহ্মানন্দ ঋণ পরিশোধের জন্য অর্থ সংগ্রহের আশায় জনসাধারণের নিকট আবেদন জানান এবং সাড়াও পান। শ্রীসুরেন্দ্রনাথ ঠাকুরের পত্নী শ্রীমতী সংজ্ঞা দেবী প্রদত্ত ৫০০০ টাকা ও আগ্রা নিবাসী অধ্যাপক শ্রীলোকেন্দ্রনাথ বসু কর্তৃক তাহার পত্নী ও বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী শিববাণীর স্মৃতি রক্ষার্থে প্রদত্ত ৫০০০ টাকার কোম্পানীর কাগজ বিশেষ উল্লেখযোগ্য।

১৯১৮ সালে বিদ্যালয়টি রামকৃষ্ণ মিশনের শাখাকেন্দ্ররূপে গৃহীত হয়। ১৯১৬-১৮ সালের বার্ষিক বিবরণীতে জানা যায় প্রতিষ্ঠানটির স্বতন্ত্র বিভাগগুলি তিনটি ভিন্ন নামে পরিচিত ছিল— (১) নিবেদিতা বিদ্যালয়, (২) বিবেকানন্দ পুরস্ত্রী বিভাগ, (৩) মাতৃমন্দির।

অসাধারণ বুদ্ধিমতী ও অক্লান্তকর্মী ভগিনী সুধীরার নেতৃত্বে বিদ্যালয়টি ক্রমশঃ উন্নতির পথে অগ্রসর হইতে থাকে। তাঁহার ত্যাগ ও সেবাপরায়ণতায় মুগ্ধ হইয়া আরও কয়েকজন মহিলা তাঁহাকে অনুসরণ করেন। কিন্তু বিদ্যালয়ের ইতিহাসে পুনরায় আকস্মিক বিপদ ঘনাইয়া আসিল। ১৯২০ সালের ২৩শে নভেম্বর চলন্ত ট্রেন হইতে পড়িয়া সুধীরা গুরুতর আহত হন এবং পর দিবস তাহার লোকান্তর ঘটে।

## সংকটকাল (১৯২০–২৯)

সুধীরার আকস্মিক পরলোকগমনে বিদ্যালয়ের বিশেষ ক্ষতি হয়। অতঃপর বিদ্যালয়ের পরিচালনার ভার শ্রীমতী প্রবোধ, শ্রীমতী মহামায়া প্রভৃতি শিক্ষয়িত্রীগণের উপর অর্পিত হয়। পরে শ্রীমতী চপলা, শ্রীমতী মীরা, শ্রীমতী বাণী ও শ্রীমতী নরেশনন্দিনী প্রমুখ শিক্ষয়িত্রীগণ পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন। কিন্তু সুযোগ্য নেতৃত্বের অভাবে বিশেষ কোন উন্নতি হয় নাই। প্রকৃতপক্ষে ১৯২০ সাল হইতে ১৯২৯ সাল পর্যন্ত বিদ্যালয়ের ইতিহাস তেমন আশাপ্রদ নহে। এই কালের একমাত্র উল্লেখযোগ্য ঘটনা হইল ১৯২১ সালে বিদ্যালয়ের বর্তমান ভবনের নির্মাণ কার্যের সূচনা এবং ১৯২২ সালে আংশিক নির্মাণ কার্য শেষ হইলে বিদ্যালয়ের নব নির্মিত ভবনে স্থানান্তকরণ। ১৯২৭ সালে বিদ্যালয়ের বর্তমান ভবনটির নির্মাণকার্য সমাপ্ত হয়। ১৯২৭ সালে স্বামী সারদানন্দের দেহত্যাগে বিদ্যালয়ের ভাগ্যে দুর্দিন অধিকতর ঘনাইয়া আসে। রামকৃষ্ণ মঠ ও মিশনের সম্পাদক স্বামী সারদানন্দ প্রায় প্রথমাবধি বিদ্যালয়ের সহিত যুক্ত ছিলেন। নিবেদিতা ও পরবর্তী কালে

কৃস্টীন নানাভাবে তাঁহার সাহায্য লাভ করিয়াছিলেন। তাঁহারই সহায়তায় ভগিনী সুধীরা বিদ্যালয়টির অশেষ উন্নতি সাধন করিতে পারিয়াছিলেন। প্রতিষ্ঠানটি রামকৃষ্ণ মিশনের অন্তর্ভুক্ত হইবার পর তিনিই ছিলেন উহার সম্পাদক। সুধীরার মৃত্যুর পরেও দূর হইতে পরিচালনার ভার ছিল তাঁহার হস্তেই। আভ্যন্তরীণ নানাবিধ গোলযোগ চলিলেও এবং উপযুক্ত কর্মী না থাকিলেও নানা অসুবিধার মধ্যেও উহার কার্য অব্যাহত থাকে এবং বিদ্যালয় ভবনটিরও নির্মাণকার্য সম্পূর্ণ হয়। এখানে বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন যে, মঠ ও মিশনের বিরাট দায়িত্ব সত্ত্বেও কেবল তাঁহারই প্রচেষ্টায় প্রতিষ্ঠানের নানাবিধ বহিরঙ্গ উন্নতি সম্ভবপর হইয়াছিল, কিন্তু অন্যান্য নানাপ্রকার গোলযোগের জন্য সর্বতোমুখী উন্নতি সাধন তাঁহার পক্ষেও সম্ভব হয় নাই। । এইকালে ব্রহ্মচারী গণেন্দ্রনাথের নাম স্মরণযোগ্য। তিনি স্বামী সারদানন্দকে বিদ্যালয়ের কার্যে নানারূপে সহায়তা করিতেন। নিবেদিতার তত্ত্বাবধানে ও শিক্ষকতায় তাঁহার কর্মক্ষমতার বিশেষ প্রকাশ ঘটে। বর্তমান বিদ্যালয় ভবনের নির্মাণকার্যে তাঁহার সাহায্য উল্লেখযোগ্য।

স্বামী সারদানন্দের দেহাবসানের পর স্বামী বিরজানন্দকে (পরবর্তীকালের মঠ ও মিশনের ষষ্ঠ অধ্যক্ষ) কিছু কালের জন্য বিদ্যালয়ের পরিচালনাভার গ্রহণ করিতে হয়।

## উন্নতির প্রচেষ্টা (১৯২৯-৪৬)

১৯২৯ সালে জুলাই মাসে স্বামী আত্মবোধানন্দ সম্পাদকের পদে নির্বাচিত হন। ১৯৩৫ সালে সর্বপ্রথম একটি পরিচালক সমিতি গঠিত হয়। স্বামী মাধবানন্দ (রামকৃষ্ণ মঠ ও মিশনের নবম অধ্যক্ষ) ও শ্রী সনৎকুমার রায়চৌধুরী যথাক্রমে এই সমিতির সভাপতি ও সহ-সভাপতির পদ গ্রহণ করেন। বিদ্যালয়ের আভ্যন্তরীণ পরিচালনার জন্য শ্রীমতী মীরা দেবী ও শ্রীমতী বাণী ঘোষ যথাক্রমে সুপারিন্টেণ্ডেণ্ট ও প্রধানা শিক্ষয়িত্রীর পদে নিযুক্ত হন।

১৯৩০ সাল পর্যন্ত বিদ্যালয়ের মান ছিল ষষ্ঠ শ্রেণী পর্যন্ত। ঐ বৎসর আরও চারটি শ্রেণী যোগ করা হয় এবং ১৯৩৪ সালে এই বিদ্যালয় হইতে সর্বপ্রথম দুইজন ছাত্রী প্রথম বিভাগে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন। ইহার পর হইতে প্রতি বৎসরই ছাত্রীগণ বিদ্যালয়ের শেষ পরীক্ষায় যোগ্যতার সহিত উত্তীর্ণ হইয়া আসিতেছে। এই প্রতিষ্ঠানের অন্যতম বৈশিষ্ট্য হইল এই যে, কেবলমাত্র ছাত্রী বিশেষের প্রতি অত্যধিক দৃষ্টি না দিয়া যাহাতে সকল ছাত্রীই যোগ্যতার সহিত পরীক্ষায় উত্তীর্ণ হয় সেইরূপভাবেই শিক্ষাদান। বিদ্যালয়ের ছাত্রীসংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ায় সবেতন শিক্ষয়িত্রী নিযুক্ত করার প্রয়োজন দেখা দেয়। কয়েকজন প্রাক্তন ছাত্রী সারদা মন্দিরে থাকিয়া বাহিরের কলেজে অধ্যয়ন করিতেছিলেন। তাঁহারা পরে অবৈতনিক কর্মীরূপে যোগদান করেন।

স্বামী আত্মবোধানন্দের পরিচালনায় বিদ্যালয়ের লক্ষণীয় উন্নতি দেখা যায়। ১৯৪৫ সালে তিনি অসুস্থ হইয়া অবসর গ্রহণ করিলে স্বামী বোধাত্মানন্দ সম্পাদকের পদে নির্বাচিত হন এবং পরিচালক সমিতিও নূতন করিয়া গঠিত হয়। সভাপতির পদে নিযুক্ত হন শ্রীহরিশঙ্কর পাল। শ্রীমতী মীরা দেবী ও শ্রীমতী বাণী ঘোষ ১৯৪৬ সালে কার্যভার পরিত্যাগ করিলে শ্রীমতী রেণুকা দেবী প্রধানা শিক্ষয়িত্রী ও সুপারিন্টেণ্ডেণ্টের কার্যভার গ্রহণ করেন।

ইতিমধ্যে যুদ্ধোত্তরকালীন চরম আর্থিক সংকটের দিনে বিদ্যালয়ের অর্থাভাব ঘটে। চির-স্থায়ী তহবিল হইতে প্রাপ্ত সুদ, এককালীন দান ও মাসিক চাঁদার উপর নির্ভর করিয়াও বিদ্যালয়টিকে আর অবৈতনিক রাখা সম্ভব হইল না। বিদেশী সরকারের নিকট হইতে কোন প্রকার সাহায্য যেন বিদ্যালয় গ্রহণ না করে ভগিনী নিবেদিতার এই ছিল নির্দেশ। সেইজন্য অর্থাভাব থাকিলেও সরকারের নিকট আর্থিক সাহায্যের জন্য কোন আবেদন জানানো হয় নাই। সুতরাং ঠিক হইল বিদ্যালয়কে দুই ভাগ করিয়া প্রথম হইতে চতুর্থ শ্রেণী পর্যন্ত প্রাথমিক বিভাগ অবৈতনিক থাকিবে এবং পঞ্চম হইতে দশম শ্রেণী পর্যন্ত নিম্নহারে বেতন ধার্য করা হইবে। শিল্প বিভাগ পূর্বের ন্যায় অবৈতনিকই থাকিবে।

এই সময়ে আর একবার বিদ্যালয়ের সামগ্রিক উন্নতির জন্য চিন্তা ও আলোচনা হয়। মিশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠানটির পুনর্গঠনের জন্য ১৯৪৫ সালে - শে অক্টোবর বিদ্যালয়ের পরিচালক সমিতি কর্তৃক সমর্থিত যে পরিকল্পনাটি গ্রহণ করেন তাহাতে এইরূপে বিদ্যালয়ের আদর্শ ও লক্ষ্য পুনরালোচিত হয় —

'ভগিনী নিবেদিতা তাঁহার প্রতিষ্ঠিত এই বিদ্যালয়ে ভারতীয় রমণীগণের প্রয়োজন ও প্রতিভা অনুযায়ী জাতীয় শিক্ষাদানের জন্য আপন জীবন উৎসর্গ করেন। যাহাতে এই প্রতিষ্ঠানে প্রকৃতভাবে তাঁহার স্মৃতি রক্ষা হয় তাহার জন্য প্রধানত নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা কর্তব্য।

(ক) স্বামী বিবেকানন্দের নির্দেশ মত আধুনিক বিজ্ঞানসম্মত প্রণালীতে শিক্ষাদান করিতে হইবে। ঐ শিক্ষাপদ্ধতি যেন ভারতীয় ভাবধারার ও আদর্শের পরিপোষক হয়। (খ) স্বামীজীর পরিকল্পনা অনুযায়ী এই প্রতিষ্ঠান ব্রহ্মচারিণীগণের শিক্ষাকেন্দ্ররূপে তাঁহাদের সমাজ সেবার জন্য জীবন উৎসর্গ করিবার প্রেরণা দিবে। আমাদের লক্ষ্য রাখিতে হইবে যেন বিদ্যালয়ের এবং সারদামন্দিরের এই দুইটি প্রধান উদ্দেশ্য কোন ক্রমেই অবহেলা করা না হয়।

## নবরূপায়ণ (১৯৪৭-৬৭)

প্রতিষ্ঠার পর হইতে যে বিদ্যালয়ে বিনা বেতনে শিক্ষাদান করা হইয়াছে সেখানে পরিচালক সমিতি সহসা বেতন গ্রহণের প্রস্তাব কার্যকরী করিতে ইতস্ততঃ করিতেছিলেন। অবশেষে ১৯৪৭ সালের জানুয়ারি হইতে নিম্নলিখিত হারে বেতন ধার্য করা হইল

| | |
|---|---|
| ৫ম ও ৬ষ্ঠ শ্রেণী | মাসিক ২ টাকা |
| ৭ম ও ৮ম শ্রেণী | মাসিক ৩ টাকা |
| ৯ম ও ১০ম শ্রেণী | মাসিক ৪ টাকা |

ঐ বৎসর ১৫ই আগষ্ট স্বাধীনতালাভের পর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিকট অনুমোদনের জন্য আবেদন পত্র প্রেরিত হয়। কিন্তু ঐ পত্রে জানানো হইল যে, রামকৃষ্ণ মিশনের বৈশিষ্ট্য-গুলি এবং কয়েকটি ব্যাপারে স্বাধীনতা বজায় থাকিবে,—এই প্রতিশ্রুতি পাইলে তবেই বিশ্ব-বিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা সম্ভব হইবে। আবেদন মঞ্জুর হইল। বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে

শ্রীযুক্তা মনীষা রায় (Chief Inspector for Women's Education) সর্বপ্রথম বিদ্যালয় পরিদর্শন করিতে আসেন এবং ইহার কার্যাদি সন্তোষজনক ও প্রশংসনীয় বলিয়া অভিমত প্রকাশ করেন। ১৯৪৯ সালে মাধ্যমিক বিভাগ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত বা affiliated হয়।

১৯৪৮ সালে অসুস্থ অবস্থায় স্বামী বোধাত্মানন্দ অবসর গ্রহণ করিলে ব্রহ্মচারী মাতৃকা চৈতন্য সম্পাদকরূপে নিযুক্ত হন। কিন্তু ১৯৪৯ সালে ১০ই জুন তিনি সহসা হৃদ্‌রোগে দেহত্যাগ করেন। বিদ্যালয়ের জন্য তাঁহার অনলস শ্রম স্মরণযোগ্য। তাঁহার দেহত্যাগের পর রামকৃষ্ণ মিশন শ্রীমতী রেণুকা দেবীকে সম্পাদিকারূপে নিযুক্ত করিয়া প্রতিষ্ঠানটি সম্পূর্ণরূপে মহিলাদের হাতেই ছাড়িয়া দেন।

সিস্টার নিবেদিতা গার্লস্ স্কুল নামক মূল প্রতিষ্ঠানটির পূর্বে তিনটি বিভাগ ছিল, কিন্তু বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীন হওয়ায় ইহার চারিটি বিভাগ হইল :—

(১) অবৈতনিক প্রাথমিক বিভাগ—১ম হইতে ৪র্থ শ্রেণী
(২) মাধ্যমিক বিভাগ—৫ম হইতে ১০ম শ্রেণী
(৩) সারদামন্দির—
(৪) শিল্প বিভাগ—অবৈতনিক।

মূল প্রতিষ্ঠানটির জন্য নূতন করিয়া একটি স্থানীয় কমিটি গঠন করা হইল। রায়বাহাদুর নিবারণচন্দ্র ঘোষ সভাপতি এবং স্বামী নির্বেদানন্দ ও শ্রীযুক্তা মনীষা রায় সহ-সভাপতির পদ গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী মাধ্যমিক বিভাগের জন্য অভিভাবক ও শিক্ষয়িত্রীদের প্রতিনিধি লইয়া একটি স্বতন্ত্র কমিটি গঠিত হয়। রামকৃষ্ণ মিশনের আদর্শানুযায়ী উভয় কমিটিতেই কয়েকজন সন্ন্যাসী সদস্যরূপে রহিলেন। কার্য পরিচালনার সুবিধার জন্য মাধ্যমিক বিভাগের নামকরণ হয় রামকৃষ্ণ মিশন নিবেদিতা বিদ্যালয় এবং মূল প্রতিষ্ঠানের নাম অপরিবর্তিত থাকে।

শিল্প বিভাগ—পুরনারী বিভাগটিই শিল্প বিভাগে পরিবর্তিত হইয়াছে। পূর্বের ন্যায় বর্তমানেও নিম্নবিত্ত পরিবারের রমণীগণ নানাবিধ হস্তশিল্পের দ্বারা উপার্জনে সক্ষম হইয়াছেন। ১৯৪৯ সাল হইতে এ বিভাগেও সরকারী সাহায্য পাওয়া যাইতেছে। এই বিভাগে বয়স্কা ছাত্রীদের Lady Brabourne Diploma Course শিক্ষা দেওয়া হয়।

১৯৫০ সালে স্বামীজীর ত্যাগ ও সেবার আদর্শে অনুপ্রাণিত ১১ জন ব্রতধারিণী সারদা-মন্দিরে যোগদান করেন।

১৯৫৭ সালে বিদ্যালয়টি একাদশ শ্রেণীতে উন্নীত হইয়া বহুমুখী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত হয়। তখন হিউম্যানিটিস (Humanities) এবং গৃহ-বিজ্ঞান (Home Science)-এই দুইটি Group গ্রহণ করা হয়। ১৯৬২ সাল হইতে বিজ্ঞান (Science Group) খোলা হইয়াছে।

১৯৫৮ সালের ৩রা জানুয়ারি তদানীন্তন মুখ্যমন্ত্রী মাননীয় শ্রীবিধানচন্দ্র রায় নবনির্মিত ভবনের দ্বার উদ্‌ঘাটন করেন।

১৯৬৩ সালের ৯ই আগস্ট বিদ্যালয়টির পরিচালনাভার রামকৃষ্ণ মিশনের হাত হইতে রামকৃষ্ণ সারদা মিশনের হস্তে অর্পিত হয়।

প্রথমাবস্থায় বিদ্যালয়ের কোন নির্দিষ্ট নাম ছিল বলিয়া জানা যায় না। স্থানীয় লোকের নিকট ইহা 'নিবেদিতা স্কুল' নামে পরিচিত ছিল। নিবেদিতা তাঁহার পরিকল্পনায় ইহাকে 'রামকৃষ্ণ স্কুল' আখ্যা দেন। পাশ্চাত্যবাসীদের কেহ কেহ বলিতেন 'বিবেকানন্দ স্কুল'। ভগিনী নিবেদিতার দেহত্যাগের পর বিদ্যালয়টি রামকৃষ্ণ মিশনের অন্তর্ভুক্ত হইলে 'রামকৃষ্ণ মিশন সিস্টার নিবেদিতা গার্লস্ স্কুল' নামে পরিচিত হয়। অবশেষে রামকৃষ্ণ সারদা মিশনের পরিচালনাধীনে আসার পর হইতে বিদ্যালয়ের পরিবর্তিত নাম হয়, 'রামকৃষ্ণ সারদা মিশন সিস্টার নিবেদিতা গার্লস্ স্কুল।'

## স্মরণীয় ঘটনাবলী

(১) শ্রীরামকৃষ্ণ জন্মশতবার্ষিকী—১৯৩৬ সালে ২৮শে ফেব্রুয়ারি বিদ্যালয়ে শ্রীরামকৃষ্ণ শত-বার্ষিকী উৎসব আন্তরিকতার সহিত অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে বেলুড়মঠের উদ্যোগে যে শিল্প প্রদর্শনীর আয়োজন হয় তাহাতে বিদ্যালয়ের একটি stall ছিল। ছাত্রীদের হাতের কাজ সকলের সপ্রশংস দৃষ্টি আকর্ষণ করে। শ্রীঅবনীন্দ্রনাথ ঠাকুর ছাত্রীদের হস্ত নিপুণতার উচ্চ প্রশংসা করেন। শতবার্ষিকী শিল্প কমিটির নিকট হইতে বিদ্যালয় প্রশংসাপত্র লাভ করে।

(২) ১৯৫১ সালের জুলাই মাসে পশ্চিমবঙ্গের ভূতপূর্ব রাজ্যপাল মাননীয় ডঃ কৈলাস নাথ কাটজু এবং ১৯৫২ সালের ৬ই নভেম্বর মাননীয় ডঃ হরেন্দ্র কুমার মুখোপাধ্যায় বিদ্যালয় পরিদর্শন করিয়া অশেষ প্রীত হন। মাননীয় ডঃ কাটজুর সৌজন্যে David Ezra Rachel and Lord Brabourne Memorial Trust Fund হইতে ছাত্রীনিবাসের একটি আরোগ্য কক্ষের জন্য ১০,০০০ টাকা পাওয়া যায়।

(৩) সুবর্ণ-জয়ন্তী উৎসব—১৯৫২ সালের ১১ই ডিসেম্বর হইতে ১৭ই ডিসেম্বর পর্যন্ত বিদ্যালয়ের সুবর্ণ-জয়ন্তী উৎসব সাড়ম্বরে অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন রামকৃষ্ণ মিশনের তদানীন্তন সহাধ্যক্ষ শ্রীমৎস্বামী বিশুদ্ধানন্দ মহারাজ। তিনি সর্বপ্রথম অধ্যক্ষ শ্রীমৎস্বামী শঙ্করানন্দ মহারাজের আশীর্বাণী পাঠ করেন। এই উৎসবের সাফল্যকামনা করিয়া যে যে বিশিষ্ট ব্যক্তি শুভেচ্ছা-বাণী প্রেরণ করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে উল্লেখযোগ্য—প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদ, উপরাষ্ট্রপতি ডঃ রাধাকৃষ্ণন, কেন্দ্রীয় মন্ত্রী ডঃ কাটজু, শ্রী সি, সি, বিশ্বাস ও শ্রীযুক্তা অমৃত কাউর, পশ্চিম বাংলার মুখ্য-মন্ত্রী ডঃ বিধানচন্দ্র রায়, মাদ্রাজের মুখ্যমন্ত্রী শ্রীরাজাগোপালাচারিয়া, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শ্রীশম্ভুনাথ বন্দ্যোপাধ্যায়।

বিভিন্ন দিনের অনুষ্ঠানে সম্মানীয় অতিথিরূপে উপস্থিত ছিলেন—রামকৃষ্ণ মিশনের তদানীন্তন সাধারণ সম্পাদক শ্রীমৎস্বামী মাধবানন্দ এবং অন্যান্য প্রবীণ সাধুগণ, বর্ধমানের মহারাণী, লেডী প্রতিমা মিত্র, শ্রীযুক্তা প্রতিমা মিত্র, শ্রীযুক্তা অনুরূপা দেবী, শ্রীসরলাবালা সরকার, শ্রীনির্ঝরিণী সরকার, প্রব্রাজিকা ভারতীপ্রাণা (সরলাবালা দেবী)।

বিদ্যালয়ের ছয়শত ছাত্রী ও শিক্ষয়িত্রীগণ ভগিনীর সুসজ্জিতা প্রতিকৃতিসহ শোভাযাত্রা করিয়া বাগবাজার অঞ্চলের বিভিন্ন পথ পরিক্রমণ করে। নৃত্য-গীত-অভিনয় ইত্যাদি বিচিত্রানুষ্ঠান ছাড়াও আন্তঃবিদ্যালয় প্রবন্ধ প্রতিযোগিতারও আয়োজন হইয়াছিল এবং প্রথম পুরস্কার লাভ করে এই বিদ্যালয়ের ছাত্রী অনিতা গুপ্ত ও চন্দ্রা ব্যানার্জী।

পশ্চিম বাংলার তদানীন্তন রাজ্যপাল মাননীয় শ্রীহরেন্দ্র কুমার মুখোপাধ্যায়ের সভাপতিত্বে ইউনিভারসিটি ইন্‌স্টিটিউটে জনসভা হইয়াছিল। সেদিনের সভায় অন্যতম বক্তারূপে উপস্থিত ছিলেন শ্রীমৎ স্বামী যতীশ্বরানন্দ।

নিবেদিতা বক্তৃতামালার ব্যবস্থা করিবার জন্য বিদ্যালয়ের কর্তৃপক্ষ কর্তৃক কলিকাতা বিশ্ববিদ্যালয়ের হস্তে এককালীন ৫০০০ টাকা প্রদত্ত হয়। সেই অর্থে কলিকাতা বিশ্ববিদ্যালয় এক বৎসর অন্তর বক্তৃতার ব্যবস্থা করিয়াছেন।

ভগিনী নিবেদিতা স্বর্ণ পদক—১৯৫৩ সাল হইতে ১৯৫৮ সাল পর্যন্ত—এই ছয় বৎসর যে ছাত্রীগণ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় সকল পরীক্ষার্থিনীর মধ্যে প্রথম স্থান অধিকার করিয়াছে তাহাদের এই স্বর্ণ পদক দেওয়া হইয়াছে। ড. মহেন্দ্র লাল সরকারের পত্নী শ্রীযুক্তা লীলাবতী সরকার এই উদ্দেশ্যে নিজের হাতের সোনার বালা দান করেন।

(৪) শ্রীশ্রীসারদাদেবীর জন্মশতবার্ষিকী উৎসব—১৯৫৪ সালের ২৪শে নভেম্বর হইতে ৩০শে নভেম্বর—এই সাতদিন ব্যাপী বিদ্যালয় প্রাঙ্গণে জন্মশতবার্ষিকী উৎসব বিপুল উৎসাহ ও আনন্দের সহিত পালিত হয়। প্রথম দিনে হয় বিশেষ পূজা, হোম ও দরিদ্রনারায়ণ সেবা। শোভাযাত্রা, আন্তর্বিদ্যালয় বক্তৃতা প্রতিযোগিতা, বিচিত্রানুষ্ঠান, আলোচনা সভা, প্রাক্তন ছাত্রী সম্মেলন, শিল্পপ্রদর্শনী, শ্রীশ্রীমায়ের জীবনী অবলম্বনে চিত্রপ্রদর্শনীর ব্যবস্থা হইয়াছিল। ২৭শে নভেম্বর আলোচনা সভায় স্বামী মাধবানন্দ সভাপতিরূপে উপস্থিত ছিলেন। অন্যান্য বক্তারূপে ছিলেন—ডঃ রমা চৌধুরী, শ্রীযুক্তা অনুপমা বসু, শ্রীযুক্তা সুপ্রভা চৌধুরী ও শ্রীযুক্তা বাসনা দেবী প্রভৃতি।

(৫) স্বামী বিবেকানন্দ শতবর্ষ-জয়ন্তী—১৯৬৩ সালের ৭ই, ৮ই ও ৯ই ফেব্রুয়ারি—এই তিনদিন বিদ্যালয় প্রাঙ্গণে স্বামীজীর শতবর্ষ-জয়ন্তী উৎসব উদ্‌যাপিত হয়। প্রথম দিন শিক্ষাসচিব ডঃ ডি. এম. সেন বিদ্যালয়ের বিজ্ঞান ভবনের দ্বারোদ্‌ঘাটন করেন।

(৬) ১৯৬১ সালে রবীন্দ্রনাথ ঠাকুর, ১৯৬৩ সালে দ্বিজেন্দ্রলাল রায়, ১৯৬৬ সালে আশুতোষ মুখোপাধ্যায়-এর শতবর্ষ-জয়ন্তী উপলক্ষে বিদ্যালয়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছিল।

এই বিদ্যালয় সূত্রপাত হইতেই বিশেষত. ভগিনী নিবেদিতার দেহত্যাগের পর হইতে রামকৃষ্ণ মঠ ও মিশনের সন্ন্যাসিগণের তত্ত্বাবধানে পরিচালিত। ১৯১৮ সালে বিদ্যালয়টি রামকৃষ্ণ মিশনের অন্তর্ভুক্ত হইবার পর হইতে ১৯৬৩ সাল পর্যন্ত রামকৃষ্ণ মিশন গভর্নিং বডির অধিকাংশ সদস্যগণ বিভিন্ন সময়ে ইহার পরিচালনায় অংশ গ্রহণ করিয়াছেন। রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রথম সম্পাদক স্বামী সারদানন্দ ছিলেন এই প্রতিষ্ঠানের প্রথম সম্পাদক। রামকৃষ্ণ মঠ ও মিশনের ষষ্ঠ অধ্যক্ষ স্বামী বিরজানন্দ এবং নবম অধ্যক্ষ স্বামী মাধবানন্দ প্রতিষ্ঠানের সভাপতির পদ অলঙ্কৃত করেন। স্বামী আত্মবোধানন্দ সম্পাদকের পদে আসীন ছিলেন। স্বামী নির্বেদানন্দ, স্বামী দয়ানন্দ, স্বামী গম্ভীরানন্দ (বর্তমানে রামকৃষ্ণ মঠ ও মিশনের সাধারণ সম্পাদক) পরিচালক সমিতির সদস্য ছিলেন। ইহা ব্যতীত স্বামী বোধাত্মানন্দ, স্বামী সন্তোষানন্দ ও স্বামী নির্মোহানন্দ ছিলেন যথাক্রমে পরিচালক সমিতির সম্পাদক ও সদস্য। বিভিন্ন সময়ে স্বামী মাধবানন্দ, স্বামী দয়ানন্দ ও স্বামী গম্ভীরানন্দ সারদামন্দিরবাসিনীদের শাস্ত্রাদি সম্পর্কে পাঠ দান করিয়াছেন। মঠ ও মিশনের সপ্তম অধ্যক্ষ স্বামী শঙ্করানন্দ, অষ্টম অধ্যক্ষ স্বামী বিশুদ্ধানন্দ এবং সহাধ্যক্ষ

স্বামী যতীশ্বরানন্দ বিভিন্ন সময়ে বিদ্যালয়ে পদার্পণ করিয়া কর্মিগণকে স্বামীজীর ভাবাদর্শে অনুপ্রাণিত করেন।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য স্বামীজীর আদর্শে অনুপ্রাণিতা হইয়া যে মহিলাগণ রামকৃষ্ণ মিশনে যোগদান করিয়াছিলেন তাঁহারা সকলেই শ্রীসারদামঠের প্রতিষ্ঠা পর্যন্ত (১৯৫৪ সালের ডিসেম্বর) কর্মীরূপে এই প্রতিষ্ঠানের দায়িত্বপূর্ণ কর্মভার বহন করেন। শ্রীসারদা মঠ ও রামকৃষ্ণ সারদা মিশনের সহাধ্যক্ষা প্রব্রাজিকা মোক্ষপ্রাণা ও সাধারণ সম্পাদিকা প্রব্রাজিকা মুক্তিপ্রাণা প্রতিষ্ঠানের সম্পাদিকা ও প্রধানা শিক্ষয়িত্রীর পদে অধিষ্ঠিতা ছিলেন।

শ্রীশ্রীমা ও স্বামীজীর শুভাশীর্বাদ লইয়া যে বিদ্যায়তনের পদযাত্রা সুরু হইয়াছিল নানা বাধা বিপত্তি ও আর্থিক অনটনের মধ্যেও স্বীয় বৈশিষ্ট্য অক্ষুণ্ণ রাখিয়া তাহা বর্তমান অবস্থায় আসিয়া পৌঁছাইয়াছে। আমরা আশা করি দেশের স্ত্রীশিক্ষা ও স্ত্রীজাতির উন্নতিকল্পে এই বিদ্যালয়ের যে বহুমুখী প্রচেষ্টা দেশবাসী তাহা কোনদিন বিস্মৃত হইবে না এবং জাতীয় সরকার ও জনসাধারণের অকুণ্ঠ সহায়তা লাভ করিয়া ভবিষ্যতে অধিকতর গৌরব অর্জন করিতে পারিবে। সেইদিনই সার্থক হইবে এ দেশের নারী-সমাজের উন্নতিকল্পে ভগিনী নিবেদিতার আত্মাহুতি।

"ভারতবর্ষের বর্তমান শিক্ষা কেবল জাতীয় হইলেই নয়,
পরন্তু সেই শিক্ষা জাতিগঠনমূলক হওয়া প্রয়োজন।"

# স্মরণীয় পৃষ্ঠা

অদ্য নিবেদিতা বিদ্যালয় ও সারদামন্দিরের ৺ঠাকুরঘর লাইব্রেরী প্রভৃতি সমুদায় দেখিয়া বিশেষ প্রীত হইলাম। ভাব অবলম্বন ব্যতীত জীবনগঠন অসম্ভব। যে ভাব আশ্রয়পূর্ব্বক মেয়েদের শিক্ষা সর্ব্বতঃ কল্যাণকর হইবে, যাহা স্বামিজী বিশেষভাবে নিবেদিতাকে নির্দ্দেশ করিয়াছিলেন, তদ্বিষয়ে কিছু আলোচনা হইল। ত্যাগ ও সেবামূলক তপস্যার আদর্শে প্রণোদিত ও সুশিক্ষিত কর্ম্মিগণ যে ভাবে অধুনা ইহা পরিচালিত করিতেছেন তাহা বিশেষ অনুধাবনযোগ্য। আমি সর্ব্বান্তঃকরণে ইহার উন্নতি ও বিস্তার প্রার্থনা করি।

মাঘ ২৭, ১৩৫৮ — শঙ্করানন্দ
ইং ১০.২.৫২

(বিদ্যালয়ের Visitor's Book-এর একটি পৃষ্ঠা)

# রিপোর্টের দু'এক পাতা

[ পাশ্চাত্য শিষ্যাদের নিয়ে উত্তর ভারত ভ্রমণকালে স্বামীজী শ্রীনগর থেকে ১৭ই জুলাই (১৮৯৮) এক পত্রে স্বামী ব্রহ্মানন্দকে লেখেন—

"কলিকাতায় নিবেদিতার বালিকা বিদ্যালয়টি যেমন করে হোক খাড়া করে দিতে হবে।"—স্বামী ব্রহ্মানন্দ গুরুভ্রাতা ও সংঘনেতার এই অনুরোধকে আদেশরূপেই গ্রহণ করেছিলেন। জীবনের শেষ দিন পর্যন্ত নিবেদিতা বিদ্যালয়ের প্রতি ছিল তাঁর সস্নেহ ও সতর্ক দৃষ্টি। নিবেদিতার দেহত্যাগের পর বিদ্যালয়টিকে নিজস্ব ভবনে প্রতিষ্ঠিত করতে তাঁর চিন্তার অন্ত ছিল না। ঋণপঙ্ক অবস্থায় নিবেদিতা লেনের বর্তমান বাড়িটি ক্রীত হয়। এই ঋণ শোধের জন্য অর্থ সংগ্রহের আশায় স্বামী ব্রহ্মানন্দ জনসাধারণের নিকট আবেদন জানান। এই বিদ্যালয়ের বর্তমান ভবনের ভিত্তি প্রতিষ্ঠার শুভ কাজও তাঁর দ্বারাই সুসম্পন্ন হয়।

এই অংশে নিবেদিতা বিদ্যালয়ের তদানীন্তন সম্পাদক স্বামী সারদানন্দের সম্পাদনায় প্রথম মুদ্রিত রিপোর্ট (১৯১৬-১৯১৮) হতে সেই আবেদনটি এবং আরও দুটি পৃষ্ঠা—সাহায্যকারী বন্ধুদের প্রতি কৃতজ্ঞতা স্বীকার ও পুস্তক তালিকা (পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর)—সংকলিত হোল। ]

## বিদ্যাদানের শুভ সুযোগ

রমণীগণের জীবন ভারতে বর্তমানকালে কি ভাবে পরিবর্তিত হওয়া উচিত,—পাশ্চাত্য মহিলাগণ সমাজে যে সকল অধিকার প্রাপ্ত হইয়া আপনাদিগকে গৌরবান্বিতা জ্ঞান করিতেছেন, ভারতের কন্যাগণকে সেই সকলের কতদূর প্রদান কর্তব্য,—প্রভৃতি সমস্যা সকলের মীমাংসাস্থলে পূজ্যপাদ স্বামী বিবেকানন্দ বলিতেন—

"স্ত্রীজাতির জীবন ও সামাজিক অধিকার সম্বন্ধে সকল কথা রমণীগণের দ্বারাই নিরূপিত হওয়াই উচিত—কারণ, তাঁহাদিগের ন্যায্য অভাব ও আকাঙ্ক্ষা যথাযথ হৃদয়ঙ্গম করিতে অনেকস্থলে নিঃস্বার্থ পুরুষগণেরও সামর্থ্যে কুলায় না। অতএব বৈদিকযুগে রমণীদিগকে পুরুষের ন্যায় যেরূপ সমভাবে উচ্চশিক্ষা প্রদান করা হইত, এখনও ঐরূপ করিয়া অন্য সকল বিষয়ে আমাদিগের নিরস্ত থাকাই কর্তব্য। উহাতে সুশিক্ষিতা স্বার্থপরিশূন্যা মহিলামণ্ডলী, সীতাসাবিত্রী প্রমুখ ভারতের জাতীয় রমণী-আদর্শ অক্ষুণ্ণ রাখিয়া নারীজীবন নিয়মিত করিবার বর্তমান যুগোপযোগী নিয়মাবলী নিরূপণপূর্বক সমাজের অশেষ কল্যাণ-সাধন করিতে পারিবেন।"

শিক্ষা কাহাকে বলে—এই প্রশ্নের উত্তরে তিনি বলিতেন—"অশেষ জ্ঞান ও অনন্ত শক্তির আকর ব্রহ্ম, প্রত্যেক নরনারীর অভ্যন্তরে সুপ্তের ন্যায় অবস্থান করিতেছেন, সেই ব্রহ্মকে জাগরিত করাই শিক্ষার প্রকৃত উদ্দেশ্য।" ঐ কথা অন্যপ্রকারে এইভাবে বলা যাইতে পারে—"মানবের ভিতরে যদি জ্ঞান ও শক্তির অনন্ত প্রস্রবণ বিদ্যমান না থাকিত তাহা হইলে সহস্র চেষ্টাতেও সে কখন জ্ঞানী বা শক্তিমান হইতে পারিত না। বহিঃপদার্থ ও বাহিরের উপায়সকল তাহার অন্তরে কোন প্রকার জ্ঞান বা শক্তি প্রবিষ্ট করাইয়া

দিতে পারে না, কিন্তু সে সকল আবরণ তাহার অন্তর্নিহিত জ্ঞান ও শক্তি প্রকাশের অন্তরায় হইয়া দণ্ডায়মান, সেই সকলকে অপসারিত করিতে মাত্র তাহাকে সহায়তা করিতে পারে। ঐ আবরণসমূহ দূর হইবার সঙ্গে সঙ্গে তাহার ভিতরের অনন্ত জ্ঞান ও অসীমশক্তি শতসহস্রমুখে প্রবাহিত হইতে থাকিয়া তাহাকে ক্রমে সর্বজ্ঞ এবং জগৎসৃষ্টিকর্তৃত্ব ভিন্ন অন্য সর্বপ্রকার শক্তিতে ভূষিত করিয়া তুলে। অতএব ঐ আবরণ-সমূহ দূরীভূত করিবার বিশিষ্ট উপায়-সকলই শিক্ষা নামে অভিহিত হইবার যোগ্য।"

স্বামীজীর শিক্ষাসম্বন্ধে পূর্বোক্ত নিয়োগ মুখ্যভাবে অবলম্বন করিয়া,—বেলুড়মঠের কর্তৃপক্ষগণ কলিকাতা বাগবাজার পল্লীস্থ বসুপাড়া লেনে, ১৭নং ভাড়াটিয়া বাটীতে,—বালিকা ও অন্তঃপুরচারিকা-গণের সেবাকল্পে শিক্ষামন্দির প্রতিষ্ঠাপূর্বক গত অষ্টাদশবর্ষকাল উহার কার্য পরিচালনা করিয়া আসিতেছেন। ভারতের কল্যাণসাধনে আজীবন ব্রতধারিণী, গুরুগতপ্রাণা পরমবিদুষী সিস্টার নিবেদিতা ও সিস্টার ক্রিষ্টিনা নাম্নী পাশ্চাত্যব্রহ্মচারিণীদ্বয় সাংসারিক সর্বপ্রকার দুঃখ-দৈন্য স্বেচ্ছায় বরণ করিয়া লইয়া ঐ মন্দিরে আরাধ্যদেবতার উদ্বোধন, আবাহন ও প্রাণদান পুরঃসর অন্তর্বাহ্য পূজায় সতত নিযুক্ত থাকিয়া ঐ কার্যে তাঁহাদিগকে সহায়তা করিয়াছেন। আবার বিদ্যারূপিণী বাণী দেবীর আসন ও প্রসন্নতা ঐ স্থানে বহু-জনহিতায় চিরকালের নিমিত্ত অচল অটল রাখিবার কামনায় ভারতের পুত্রকন্যাগণের প্রকৃত ভগ্নীস্থানীয়া পূতস্বভাবা নিবেদিতা, সহচরী সিস্টার ক্রিষ্টিনার হস্তে কার্যভার অর্পণপূর্বক নিজ জীবন ঐ যজ্ঞানলে পূর্ণাহুতিস্বরূপে প্রদান করিয়াছেন।

ঐরূপ অদৃষ্টপূর্ব নিষ্ঠা, ত্যাগ ও তপস্যা-প্রভাবে শিক্ষা-মন্দিরে যে শক্তি সঞ্চিত হইয়াছে, তাহার পরিচয় গত অষ্টাদশবর্ষের কার্যসাফল্যে পাওয়া যাইতেছে। আকাশবৃত্তি অবলম্বনে নীরবে এতকাল পর্যন্ত অবস্থান করিলেও সাতশতের অধিক সংখ্যক বালিকাজীবন উহার সহায়ে বিদ্যার পবিত্র আলোকে উদ্ভাসিত হইয়াছে। আন্দাজ তিনশত অন্তঃপুরচারিণী রমণী এই মন্দিরে সমাগতা হইয়া প্রকৃতশিক্ষা লাভে ধন্যা হইয়াছেন, এবং দুইশত দরিদ্রা কুলকামিনী শিল্পাদি কার্যসহায়ে জীবিকা অর্জনের গৌরবে প্রতিষ্ঠিতা হইয়া আপনাদিগের ও সমাজের কল্যাণসাধনে সমর্থা হইয়াছেন। ইঁহাদিগের মধ্যে কতক-গুলি মহিলা এই বিদ্যালয়ে পাঠ সমাপনান্তে অন্যত্র শিক্ষয়িত্রীর পদে প্রতিষ্ঠিতা হইয়াছেন, কতকগুলি এই শিক্ষামন্দিরে ঐ পদ গ্রহণপূর্বক পরহিতব্রতে জীবন উৎসর্গ করিয়াছেন এবং একজন কলিকাতার লেডী ডাফ্‌রীন হাসপাতালে তিনচারি বৎসর শিক্ষালাভ করিয়া পীড়িতের সেবা ও ধাত্রীবিদ্যার পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণা হইয়া এই বিদ্যালয়ের ছাত্রীদিগকে ঐ সকল বিদ্যায় শিক্ষিতা করিতে এবং সর্বপ্রকারে সাহায্য করিতে যত্নবতী হইয়াছেন। কেহ কেহ আবার এখানে শিক্ষালাভের পরে এইরূপ শিক্ষামন্দির অন্যত্র স্থাপন করিতে সচেষ্ট হইয়াছেন। ঐ বিষয়ের দৃষ্টান্তস্বরূপে কলিকাতার উত্তরে গঙ্গার পশ্চিমকূলে অবস্থিত বালিগ্রামে এই বিদ্যালয়ের শাখারূপে পরিগণিত যে বিদ্যালয় গত দশ বৎসর আন্দাজ কাল প্রতিষ্ঠিত রহিয়াছে, তাহার উল্লেখ করা যাইতে পারে।

এইরূপে জাতীয় রমণীজীবনাদর্শ সর্বথা অবিকৃত রাখিয়া এই মন্দিরের পরিচালিকাগণ বর্তমান যুগের বিজ্ঞানসম্মত শিক্ষাপ্রণালী ভারতের প্রাচীন শিক্ষাদর্শের সহিত অপূর্ব সামঞ্জস্য সম্মিলিত করিয়া নবভাবে শিক্ষাপ্রদানপূর্বক ছাত্রীদিগকে অদৃষ্টপূর্ব নবীন অনুরাগ ও উৎসাহে অনুপ্রাণিত করিয়াছেন। ত্যাগ, তপস্যা, সংযম এবং পরহিতে জীবনোৎসর্গকরারূপ ব্রত স্বয়ং অনুষ্ঠানপূর্বক তাঁহারা তাহাদিগকে বৈদিকযুগের ব্রহ্মচারিণীদিগের ন্যায় উন্নতচরিত্রা হইতে একদিকে যেমন শিক্ষাপ্রদান করিয়াছেন,

অন্যপক্ষে সেইরূপ, সামাজিক মর্যাদা ও সম্ভ্রম অটুট রাখিয়া যাহাতে তাহারা আবশ্যক হইলে আপনার ভার আপনি স্কন্ধে লইয়া জীবনযাত্রা নির্বাহ করিতে পারে, তদ্রূপ কার্য ও প্রণালী নির্দেশ করিয়া দিয়া তাহাদিগকে কর্মিষ্ঠা ও আত্মনির্ভরশীলা করিয়া তুলিয়াছেন।

যে বিদ্যামন্দির ঐরূপে প্রকৃত শিক্ষার বিস্তারে অন্তঃপুরচারিণী রমণীগণের জীবন মহিমান্বিত করিতে এতকাল ধরিয়া সচেষ্ট রহিয়াছে, জটিল জীবিকা-সমস্যা সমাধানের পথ নির্দেশ করিয়া দিয়া যাহা অনেকগুলি দরিদ্রা কুলকামিনীর প্রাণে আশার সঞ্চার উপস্থিত করিয়াছে—এবং আপনার ও অপরের যথার্থ উন্নতি-সাধনে ব্রতী করিয়া ঐ পথের সকল বাধা বিঘ্ন কঠোর ধৈর্য ও সংযম-সহায়ে জয় করিতে যাহা ছাত্রীগণকে সমর্থা করিয়াছে—তাহার উন্নতিকল্পে সহায়তা করিতে আমরা অদ্য সকল নরনারীকে আহ্বান করিতেছি। হে পাঠক, ৺ভগবতীর সাক্ষাৎ প্রতীকস্বরূপা মাতা, ভগিনী, জায়া ও দুহিতা প্রভৃতি আত্মীয়া রমণীগণের নিকটে যে স্নেহ, আদর, প্রেম ও সেবা আজীবন লাভ করিয়াছ, তাহা স্মরণপূর্বক কৃতজ্ঞতাপূর্ণ হৃদয়ে নারীজাতির উন্নতিসাধনে অগ্রসর হও। হে পাঠিকা, শ্রীভগবানের মঙ্গলময় বিধান যদি তোমাকে ধন-জন-সম্পদে ভূষিতা করিয়া থাকে, তবে দেশের, দশের এবং বিশেষতঃ নিজ জাতির কল্যাণসাধনে বদ্ধপরিকর হইয়া এই কার্যে সহায়তা কর। উপযুক্ত স্থানে এবং ভবনে এই শিক্ষামন্দির চিরস্থায়ীভাবে প্রতিষ্ঠিত কর। হে ভ্রাতা ও ভগিনীগণ, তোমাদিগের বদান্যতার উপরে নির্ভর করিয়াই আমরা এই বিদ্যালয়ের জন্য বাগবাজার পল্লীর নিবেদিতা লেনের অন্তর্গত ১০ কাঠা ১৪ ছটাক ৩৩ বর্গফুট পরিমিত ভূমি ২৪,৬৪৫৸৴৪ মুদ্রা কর্জ করিয়া ক্রয় করিয়াছি। তন্মধ্যে ২,২৫৬৸৴২ মুদ্রা এখনও অর্থাভাবে পরিশোধ করিতে পারি নাই। ঐ ঋণ পরিশোধ হইলে কলিকাতার 'বন্দেমাতরম্' সম্প্রদায় এই শিক্ষামন্দিরের জন্য যে ৮০০০, টাকা আমাদিগের নিকট গচ্ছিত রাখিয়াছেন, তাহার সহায়ে বাটী নির্মাণ-কার্য আরম্ভ করিতে পারিব। দেশ, কাল এবং পাত্রের উপযুক্ততা বিবেচনা করিয়া যাহা দান করা যায় তাহাই সাত্ত্বিক দান বলিয়া এবং অন্নদান অপেক্ষা বিদ্যাদানের বিশেষ মহিমা শাস্ত্রে নির্দিষ্ট হইয়াছে। ঐরূপ সাত্ত্বিক দানের শুভাবসর সম্মুখে উপস্থিত করিয়া আমরা আজ তোমাদের দ্বারে দণ্ডায়মান। যাহার যথাশক্তি প্রদানপূর্বক অশেষ পুণ্য সঞ্চয়ে ধন্য হও, কৃতকৃতার্থ হও। জানিও এই শুভানুষ্ঠানের সাহায্যকল্পে তোমরা যাহা প্রদান করিবে, তাহা শতগুণ বর্ধিত আকারে সামাজিক কল্যাণরূপে তোমরা অচিরে ফিরিয়া পাইবে। পরম কারুণিক শ্রীভগবানের শ্রীপাদপদ্মে প্রার্থনা, তিনি দাতা এবং গ্রহীতা,—আমাদিগের উভয়কে এই অনুষ্ঠানসম্বন্ধে নিজ নিজ কর্তব্যসাধনে শুভবুদ্ধি প্রেরণ করুন। ইতি

শ্রীব্রহ্মানন্দ
(প্রেসিডেণ্ট, শ্রীরামকৃষ্ণমঠ ও মিশন)

## কৃতজ্ঞতা স্বীকার

"শিক্ষা কার্যের কোন বিভাগের সহায়তাকল্পে গত তিন বৎসরে যিনি যাহা কিছু করিয়াছেন শ্রীরামকৃষ্ণ মঠ ও মিশনের কর্তৃপক্ষগণের সহিত মিলিত হইয়া উক্ত কার্যের পরিচালিকাগণ উহার নিমিত্ত তাঁহাদিগের প্রত্যেককে কৃতজ্ঞ অন্তরে ধন্যবাদ প্রদান করিতেছেন। স্যার জগদীশচন্দ্র এবং লেডি বসু, সিস্টার নিবেদিতার সম্পত্তির

তত্ত্বাবধায়ক শ্রীযুক্ত সুধাংশুমোহন বসু, আমেরিকার যুক্তরাজ্য-নিবাসী যে বন্ধু কৃপা করিয়া বিদ্যালয় ও পুরস্ত্রী শিক্ষাবিভাগদ্বয় চালাইবার পক্ষে গত আট বৎসরকাল প্রধান অবলম্বনস্বরূপ হইয়া রহিয়াছেন; প্রায় প্রতিষ্ঠার সময় হইতে যে বন্ধু মাতৃমন্দিরের নিমিত্ত বাটী ভাড়ার ভার গত চারি বৎসরকাল বহন করিয়া আসিয়াছেন; অসুস্থ হইলে মন্দির-নিবাসিনীগণকে যে সকল ডাক্তার বন্ধু বিনা পারিশ্রমিকে চিকিৎসা করিয়াছেন, শিক্ষাকার্যের চিরপ্রতিষ্ঠাকল্পে জমি ক্রয় করিতে যে বন্ধু বিনা স্বদে ছয় সহস্র মুদ্রা কর্জ প্রদান করিয়াছেন এই সকল বন্ধুবর্গের কথা এই অবসরে অন্তরে উজ্জ্বলভাবে উদিত হওয়ায় তাঁহারা ঈশ্বরের নিকট তাঁহাদিগের দীর্ঘ জীবন ও মঙ্গল কামনা করিতেছেন। জমি ক্রয়ের জন্য যে বন্ধুগণ অর্থ সাহায্য প্রদান করিয়াছেন, তাঁহাদিগের নাম ও সাহায্যের পরিমাণ রিপোর্টের অন্যত্র প্রকাশিত হইল।"

"পঞ্চম বার্ষিক শ্রেণীর শিক্ষাকার্য।

(ক) বাঙ্গালা—'সীতার বনবাস," "সদর চরিত," "রাজপুত-কাহিনী" ও অন্যান্য পুস্তক। বাঙ্গালা রচনা শিক্ষা

(খ) "ঋজুপাঠ" সহকারে সমগ্র সংস্কৃত ব্যাকরণ।

(গ) সমগ্র পাটীগণিত, বীজগণিত ও জ্যামিতির সামান্য সামান্য অংশ।

(ঘ) ইংরাজী—MacMillan's Readers (Parts III and IV); Tipping's Fourth and Fifth Standard; Translation by Beni Madhab Ganguli

(ঙ) সমগ্র ভূগোল।

(চ) সমগ্র ভারতের ইতিহাস।

(ছ) সেলাই ও মোটামুটি সাজসজ্জার আবশ্যক জামা প্রভৃতির কাটছাঁট শিক্ষা; সূচীশিল্প।

(জ) তুলির কাজ।

ষষ্ঠ বার্ষিক শ্রেণীর শিক্ষাকার্য।

(ক) বাঙ্গালা—কালীপ্রসন্ন সিংহের মহাভারত।

(খ) সংস্কৃত- ব্যাকরণ সংগ্রহ এবং শ্রীমদ্ভগবদগীতা।

(গ) ইংরাজী- Robinson Crusoe; Cradle Tales of Hinduism;
An Elementary English Grammar by Rowe and Web;
Translation by Beni Madhab Ganguli

(ঘ) গণিত শাস্ত্র—সমগ্র পাটীগণিত, বীজগণিত ও জ্যামিতির অধিকাংশ।

(ঙ) সমগ্র ভূগোল।

(চ) সমগ্র ভারতের ইতিহাস।

(ছ) স্বাস্থ্যবিজ্ঞান ও গার্হস্থ্য পাঠ।

(ঝ) সকল প্রকার সাজসজ্জার কাটছাঁট ও সেলাই যথা—কোট, প্যান্ট, কামিজ, পাঞ্জাবি, ব্লাউজ, জ্যাকেট ইত্যাদি এবং সূক্ষ্ম সূচীশিল্প।

(ঝ) সূক্ষ্ম তুলির কাজ।"

# জীবন-পঞ্জী

একটি পরম আশ্চর্য জীবন কাহিনী। জড়বাদী পাশ্চাত্যের মৃত্তিকায় জন্মগ্রহণ করে, সম্পূর্ণ ভিন্ন পরিবেষ্টনীতে বর্ধিত হয়ে মিস্ মার্গারেট এলিজাবেথ নোব্‌ল কেমন করে ধীরে ধীরে ভারতের একান্ত আপনার 'ভগিনী নিবেদিতায়' জন্মান্তর গ্রহণ করলেন সে কাহিনী অতি বিস্ময়কর ও গভীর প্রেরণাদায়ক। জটিল ও মহৎ ঘটনাবর্তে তরঙ্গায়িত সেই অনতিবিস্তৃত জীবন-প্রবাহ। সেই অবিস্মরণীয় জীবন কাহিনীর অতি উল্লেখযোগ্য কয়েকটি ঘটনার পরিচয় দেওয়া হোল।

১৮৬৭ খৃষ্টাব্দ, ২৮শে অক্টোবর—উত্তর আয়র্লাণ্ডের টাইরণ প্রদেশের ডানগ্যানন নামক ক্ষুদ্র শহরে জন্মলাভ করেন।

১৮৭৭ খৃঃ—পিতা স্যামুয়েল রিচমণ্ডের মৃত্যু।

১৮৮৪ খৃঃ—বিদ্যালয়ের শেষ পরীক্ষায় উত্তীর্ণ হন ও শিক্ষয়িত্রীরূপে কেসউইক গমন করেন।

১৮৮৬ খৃঃ—রেক্সহ্যামে, ১৮৮৯ খৃঃ চেস্টারে, ১৮৯০ খৃঃ উইম্বলডনের বিদ্যালয়ে শিক্ষয়িত্রীর পদ গ্রহণ।

১৮৯২ খৃঃ—উইম্বলডনে স্বপ্রতিষ্ঠিত বিদ্যালয়ে কাজ শুরু।

১৮৯৫ খৃঃ, নভেম্বর—লণ্ডন শহরের ওয়েস্ট এণ্ডে ( West End ) লেডি মার্জেসনের গৃহে স্বামীজীর সঙ্গে প্রথম সাক্ষাৎ।

১৮৯৮ খৃঃ, ২৮শে জানুয়ারি—ভারতসেবার ব্রত নিয়ে ভারতবর্ষের মৃত্তিকার প্রথম পদার্পণ।

২৭শে ফেব্রুয়ারি—প্রথম দক্ষিণেশ্বরে গমন ও বেলুড়ে শ্রীপূর্ণচন্দ্র দাঁর ঠাকুরবাড়িতে শ্রীরামকৃষ্ণের সাধারণ জন্মোৎসবে যোগদান।

১১ই মার্চ—স্টার থিয়েটারে মিস্ নোব্‌লের প্রথম বক্তৃতা দান।

১৭ই মার্চ—সংঘ জননী শ্রীশ্রীসারদাদেবীর দর্শন লাভ।

২৫শে মার্চ, শুক্রবার—'The Day of Annunciation'—মিস নোব্‌ল স্বামীজী কর্তৃক ব্রহ্মচর্যব্রতে দীক্ষিত হন ও গুরু প্রদত্ত 'নিবেদিতা' নাম গ্রহণ করেন।

১১ই মে, বুধবার—স্বামীজীর সঙ্গে উত্তর ভারত ভ্রমণ-উদ্দেশ্যে যাত্রা।

১লা নভেম্বর—কলিকাতায় প্রত্যাবর্তন।

১৩ই নভেম্বর—১৬নং বোসপাড়া লেনে শ্রীশ্রীমায়ের দ্বারা বিদ্যালয়ের উদ্বোধন কার্য সুসম্পন্ন।

১৮৯৯ খৃঃ—কলিকাতায় প্লেগ মহামারীর পুনরাবির্ভাব—সেবা কার্যে নিবেদিতার আত্মনিয়োগ।

২০শে জুন—স্বামীজী, স্বামী তুরীয়ানন্দ ও নিবেদিতার পাশ্চাত্য অভিমুখে যাত্রা।

৩১শে জুলাই—ইংলণ্ডে অবতরণ।

২০শে সেপ্টেম্বর—নিউইয়র্কের 'রিজলি ম্যানর'-এ আগমন।

২১শে সেপ্টেম্বর—স্বামীজীর নিকট নৈষ্ঠিক ব্রহ্মচারিণী নিবেদিতার নূতন পরিচ্ছদ গ্রহণের সংকল্প প্রকাশ এবং আদর্শের প্রতি শিষ্যার দৃঢ়তা ও অনুরাগ দর্শনে প্রীত স্বামীজীর "শান্তি' নামক সুপরিচিত কবিতাটি উপহার দান।

১৯০০ খৃঃ, ২৮শে জুন—প্যারিস অভিমুখে যাত্রা—প্যারিসের স্মরণীয় প্রদর্শনীর কাজে অধ্যাপক গেডিজকে সাহায্য দান।

১৯০১ খৃঃ, ২১শে মে—নরওয়ে আগমন; The Web of Indian Life গ্রন্থের কয়েকটি পরিচ্ছেদ রচনা।

১৯০২ খৃঃ, ৩রা ফেব্রুয়ারি—ভারতে পুনরাগমন।

১১ই মে—ভগিনী কৃস্টীন ও জাপানী শিল্পী ওকাকুরাসহ নিবেদিতার মায়াবতী গমন।

২৬শে জুন—প্রত্যাবর্তন।

২৮শে জুন, শনিবার—নিবেদিতার সঙ্গে সাক্ষাতের জন্য স্বামীজীর ১৭নং বোসপাড়া লেনে আগমন।

২রা জুলাই—বেলুড় মঠে স্বামীজীর সঙ্গে নিবেদিতার শেষ সাক্ষাৎ।

৪ঠা জুলাই, শুক্রবার—মহাসমাধিযোগে স্বামীজীর মহাপ্রয়াণ।

২১শে সেপ্টেম্বর—Nation making-এর ব্রত নিয়ে ভারত ভ্রমণ ও বক্তৃতা-পর্বের শুরু।

অক্টোবর—বরোদায় শ্রীঅরবিন্দের সঙ্গে সাক্ষাৎ।

১৯০৫ খৃঃ, ১১ই ফেব্রুয়ারি—কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে প্রাচ্যদেশবাসীর সত্যতার প্রতি লর্ড কার্জনের অপমানজনক কটাক্ষ; পরদিবস 'অমৃতবাজার পত্রিকায়' অনলবর্ষী ভাষায় বেনামীতে নিবেদিতার প্রতিবাদ প্রকাশ।

৭ই অগস্ট—বঙ্গভঙ্গ আইনের প্রতিবাদে টাউন হলের সভায় যোগদান।

ডিসেম্বর—কাশীতে কংগ্রেস অধিবেশনে যোগদান।

১৯০৬ খৃঃ, সেপ্টেম্বর—পূর্ববঙ্গের বন্যা ও দুর্ভিক্ষপীড়িত অঞ্চলে গমন।

১৯০৭ খৃঃ, অগস্ট—পুনর্বার পাশ্চাত্যে গমন।

১৯০৯ খৃঃ, ২৬শে জানুয়ারি—নিবেদিতার উপস্থিতিতে মাতা মেরীর পরলোক গমন।

১৮ই জুলাই—কলিকাতায় প্রত্যাবর্তন।

১৯১০ খৃঃ, ১লা ফেব্রুয়ারি—The Master as I Saw Him গ্রন্থের প্রথম প্রকাশ। এই সময়ে কর্মযোগিন্ পত্রিকার সম্পাদনার ভারগ্রহণ।

জুন—কেদারবদরীর পথে তীর্থযাত্রা।

১৫ই নভেম্বর—মিসেস বুলের গুরুতর পীড়ার সংবাদে বস্টনে আগমন।

১৯১১ খৃঃ, ১৮ই জানুয়ারি—মিসেস বুলের শেষ নিঃশ্বাস ত্যাগ।

৯ই এপ্রিল—কলিকাতায় প্রত্যাবর্তন। পূজাবকাশে দার্জিলিঙ যাত্রা।

১৩ই অক্টোবর, শুক্রবার—সকাল সাতটায় মহাপ্রয়াণ।

# বজ্র

ভগিনী নিবেদিতা প্রতীকরূপে গ্রহণ করেছিলেন বজ্র চিহ্নকে। তিনি তাঁর অতি সূক্ষ্ম চিন্তা ও বোধশক্তি দ্বারা পৌরাণিক কাহিনীর অন্তরালবর্তী মহান্ ত্যাগাদর্শ অনুধাবন করতে পেরেছিলেন। একদা দধীচিমুনির অস্থিদ্বারা বজ্র নির্মিত হয়েছিল ;—সেই বজ্রে নিহত হন বৃত্রাসুর, ইন্দ্র তাঁর হৃতরাজ্য পুনরুদ্ধার করেন। আত্মত্যাগ ভিন্ন কোন মহৎ প্রাপ্তি লাভ ঘটতে পারে না। আত্মোৎসর্গই শক্তির উৎস। সেই শক্তিশালী বজ্রদ্বারাই সম্ভব হয়েছিল অন্যায়ের উচ্ছেদ এবং ধর্ম ও ন্যায় স্থাপন করা।



নিবেদিতা ১৯০৪ খৃঃ রবীন্দ্রনাথ, জগদীশচন্দ্র, যদুনাথ সরকার ইত্যাদির সঙ্গে বুদ্ধগয়া দর্শনে যান। সেখানে এক চালার নীচে তাঁরা বজ্রখোদিত একটি বিরাট গোলাকার প্রস্তর খণ্ড দেখতে পান। কথিত আছে, ঐ বজ্রাসনটি বুদ্ধদেবকে দান করেছিলেন স্বয়ং দেবরাজ ইন্দ্র। বজ্রাসনটি দেখে নিবেদিতা বলেন—যখন কেউ সমগ্র মানবজাতির কল্যাণসাধনের জন্য নিজের যথাসর্বস্ব ত্যাগ করেন, তখন তিনি দেবতার হস্তস্থিত বজ্রের মতই শক্তিসম্পন্ন হন।

১৯০৫ ও ১৯০৬ খৃষ্টাব্দে নিবেদিতা স্বয়ং ভারতের যে জাতীয় পতাকার পরিকল্পনা করেন, তার মধ্যস্থলে দেখা যায় এই বজ্রচিহ্ন। পরে এই বজ্রকেই তিনি প্রতীকরূপে গ্রহণ করেন। তাঁর গ্রন্থরাজিতে এবং বিদ্যালয়ের প্রতীকরূপে বজ্রই অঙ্কিত দেখা যায়।

বিজ্ঞানাচার্য জগদীশচন্দ্রের স্বপ্রতিষ্ঠিত 'বসু ইনস্টিটিউট'-এর ভবনশীর্ষে ধাতু নির্মিত বজ্র মহীয়সী নিবেদিতার প্রতি তাঁর মৌন শ্রদ্ধা নিবেদনের নিদর্শন রূপেই আজ পথচারীর দৃষ্টি আকর্ষণ করে।

---

# নিবেদিতার মহাপ্রয়াণ

ভগিনী নিবেদিতার মহাপ্রয়াণের পর 'উদ্বোধন' পত্রিকায় (কার্তিক, ১৩১৮) স্বামী সারদানন্দজী কর্তৃক এই মর্মান্তিক দুঃসংবাদ ঘোষিত হয়—

"শ্রীরামকৃষ্ণগগনের আর একটি উজ্জ্বল জ্যোতিষ্কের স্নিগ্ধোজ্জ্বল কিরণমালার অমৃতবর্ষণ হইতে ভারত এবং সমগ্র পৃথিবী আজ বঞ্চিত হইয়াছে। স্বামী বিবেকানন্দের দ্বারা শ্রীশ্রীউমামহেশ্বরের পরমপদে নিবেদিত কুমারী নিবেদিতা, শ্রীগুরুসকাশে বহুজনহিতায় যে ব্রতাবলম্বন করিয়াছিলেন, তাহা অক্ষুণ্ণভাবে পূর্ণ করিয়া নিজ শরীর-মন অদ্য আহুতিস্বরূপে প্রদানপূর্বক অভয়ধামে গমন করিয়াছেন এবং তথা হইতে উচ্চতর কার্য করিবার অধিকার প্রাপ্ত হইয়াছেন। নিজ প্রতীক উপহারদানকালে শ্রীগুরু একদিন আশীর্বাদ করিয়া বলিয়াছেন—'তুমি ভারতের ভাবী বংশধরগণের শিক্ষয়িত্রী হও!'—সিস্টার নিবেদিতাও চতুর্দশ-বর্ষ ঐ আদেশ কায়মনোবাক্যে বর্ণে বর্ণে পালন করিয়া অদ্য ঈশ্বরকৃপায় জ্বলন্ত জীবন্ত মৃতসঞ্জীবক ভাব-তনুতে পরিণত হইয়াছেন এবং স্বীয়গুরুর সহিত প্রত্যেক ভারত—ভারতীয় হৃদয় সম্পূর্ণভাবে আলোকিত করিয়া রহিবার এবং সূক্ষ্মপ্রেরণাশক্তিরূপে তাহাদিগকে কল্যাণের পথে নিত্য চালিত করিবার অধিকার প্রাপ্ত হইয়াছেন। সূক্ষ্মই স্থূলের প্রেরক, মনই জড়ের নিয়ামক—অতএব কে বলিবে, নারীদেহে প্রকাশিতা নিবেদিতারূপ ভাবরাশির কার্য এখন হইতে প্রকৃষ্টরূপে আরম্ভ হইল কিনা? সূক্ষ্মদৃষ্টি সম্পন্ন সাধক জন্ম-মৃত্যুর পারে দেখিয়া ঐ তত্ত্ব হৃদয়ঙ্গম করিয়া এ গভীর বিষাদেও আনন্দিত হইতে পারেন—কিন্তু স্বার্থ-গন্ধহীন নিবেদিতার অদর্শনে ব্যথিতপ্রাণ স্থূলদৃষ্টি আমরা এ গভীর বিষাদরজনীর অবসান দেখিতে না পাইয়া মুহ্যমান হইয়া পাঠককে জানাইতেছি—

বিগত ২৬শে আশ্বিন (১৩ই অক্টোবর, ১৯১১) শুক্রবার দিবা ৭।। ঘটিকার সময় ভারতের চির-কল্যাণাকাঙ্ক্ষিণী পরমাত্মীয়া ব্রহ্মচারিণী নিবেদিতা ভূস্বর্গ হিমালয়ের দার্জিলিং শহরে আমাশয় রোগে কিঞ্চিদধিক দুই সপ্তাহকাল যন্ত্রণানুভব করিয়া নশ্বর স্থূল দেহ রক্ষা করিয়াছেন। হরিঃ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।"

# ভগিনী নিবেদিতা

শ্রীতারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

ভগিনী নিবেদিতার শতবার্ষিকী জয়ন্তীতে অগণিত ভারত-সন্তানের এক জন হিসেবে এই শত-বর্ষবয়স্কা পরম শ্রদ্ধেয়া অগ্রজাকে কনিষ্ঠ ভ্রাতার সশ্রদ্ধ প্রণাম নিবেদন করি। সেই সঙ্গে সমগ্র জাতি তাঁর জন্য অন্তরে অন্তরে যে সশ্রদ্ধ কৃতজ্ঞতা বহন করে প্রতিদিনের সেই কৃতজ্ঞতা তাঁকে নিবেদন করি। তাঁকে আমরা একান্ত আপন জনের মত জ্ঞান করি, তাই অন্তরের মমতা ও প্রীতিনিবেদন করি সেই কৃতজ্ঞতার সঙ্গে। সমগ্র জাতির তিনি জ্যেষ্ঠা ভগ্নীতুল্য। জ্যেষ্ঠা ভগ্নীর সব সম্মান, সব শ্রদ্ধা, সকল প্রীতি ও মমতা তাঁকে নিবেদন করি।

তাঁর সমগ্র জীবনকথা আলোচনা করলে একটি কথাই যেন স্পষ্ট হয়ে ওঠে। তাঁর প্রতি আমাদের যে শ্রদ্ধা, কৃতজ্ঞতা, প্রীতি ও মমতা তার পরিমাণবিচার তাঁর কর্ম ও কীর্তির আপেক্ষিক নয়, তা তাঁর কর্ম ও কীর্তি নিরপেক্ষ। তাঁর কথা মনে হলেই বার বার মনে হয় ভারতবর্ষের মানুষের এক ভগ্নী বিধাতার কোন্ সকৌতুক নির্দেশে, ভারতবর্ষ থেকে বহুদূরে সমুদ্রপারে, ভিন্ন এক সংস্কৃতির মধ্যে জন্মগ্রহণ করে-ছিলেন। তারপর যেন বিধাতারই অমোঘনির্দেশে আবার নিজের জীবনব্যাপী সাধনায় সেই হারানো মাতৃভূমিকে এবং ভ্রাতৃকুলকে পুনরাবিষ্কার করে আবার দ্বিগুণিত মমতায় তাকে আপনার হৃদয়ে ফিরে পেয়েছিলেন। ভগ্নী নিবেদিতার জীবন-সাধনা এই ফিরে পাবার সাধনা। তিনি আমাদের পাবার জন্য তপস্যা করেছিলেন। আমরা তাঁকে পাবার জন্য কোন তপস্যা করিনি। তাঁর সমস্ত তপস্যা আমাদের আপনার করে পাবার জন্য ব্যয়িত হয়েছে। দূরান্তরবাসিনী জ্যেষ্ঠা ভগ্নী আবার স্বগৃহে ফিরে এসেছেন। আমাদের তাঁর স্নেহ-সমাদরে আপ্লুত করতে, আমাদের নষ্ট চরিত্রকে স্বমহিমায় পুনরায় সুপ্রতিষ্ঠিত করতে তিনি তাঁর সমস্ত প্রচেষ্টাকে নিয়োজিত করেছেন। তাই আমাদের অন্তরের যা শ্রেষ্ঠ সম্পদ, তা সবই তাঁর প্রাপ্য।

তাঁর প্রাপ্যের স্বরূপটি কেমন তা তাঁর জীবনের একটি ঘটনা বিবৃত করলেই স্পষ্ট হয়ে উঠবে। ১৯০২ সালের ৪ঠা জুলাই স্বামীজী দেহত্যাগ করেন। ২রা জুলাই বাগবাজার থেকে নিবেদিতা গিয়েছিলেন বেলুড় মঠে গুরুর সঙ্গে সাক্ষাৎ করতে এবং কিছু আলোচনা করতে। কথাবার্তার মাঝখানে স্বামীজী একবার বললেন—'আমি মৃত্যুর জন্য প্রস্তুত হচ্ছি।'

সেদিন ছিল একাদশী। স্বামীজী নিজে উপবাস করেছিলেন। কিন্তু নিবেদিতাকে আহার করাবার জন্য তিনি ব্যস্ত হয়ে উঠলেন এবং নিজেই শিষ্যাকে আহার্য পরিবেশন করলেন। আহারের মধ্যে কাঁঠালের বিচিসিদ্ধ, আলুসিদ্ধ, ভাত আর বরফ দিয়ে ঠাণ্ডা করা দুধ। আহারান্তে হাত ধোবার জন্য তিনি নিজেই নিবেদিতার হাতে জল ঢেলে দিলেন এবং তোয়ালে দিয়ে হাত মুছিয়ে দিলেন।

স্বামীজী গুরু, নিবেদিতা শিষ্যা—সুতরাং তাঁরই এসব করা উচিত, তাই নিবেদিতা প্রতিবাদ করে বললেন,—"স্বামীজী, এ সব আমারই আপনার জন্য করা উচিত, আপনার আমার জন্য নয়।"

স্বামীজী উত্তরে বললেন—"ঈশা তো তাঁর শিষ্যদের পা ধুইয়ে দিয়েছিলেন।"

উপরে যে স্নেহ ও সমাদরের প্রকাশ আমরা দেখতে পাই, এই স্নেহ ও সমাদরই ভগ্নী নিবেদিতার প্রাপ্য ভারতবর্ষের মানুষের কাছে।

ভারতবর্ষে নিবেদিতা এসেছিলেন ভারতবর্ষকে ভালবাসতে। সংস্কারকরূপে তিনি আসেননি। ভালবাসার জন্যই তিনি সংস্কারের কাজে হাত দিয়েছিলেন। তাই সে সংস্কারের মধ্যে কোন এক বিশেষ জাতীয় সংস্কারকেই তিনি বেছে নেননি। তার আশে পাশের মানুষের, যাদের তিনি ভালবাসেন, ভালবাসতে এসেছেন, তাদের জীবনে যেখানেই তিনি ভ্রষ্টতা বা আচ্ছন্নতা দেখেছেন তাকেই সংস্কার করবার জন্যে তিনি এগিয়ে গিয়েছেন। মা যেমন শিশুর দেহের কোন অংশে ময়লা লাগলে তা একান্ত স্নেহে পরিষ্কার করে দেন তেমনি মন এবং দৃষ্টি নিয়েই সংস্কারের কাজে এগিয়ে যেতেন।

এদেশে এসে এদেশের হৃদয়কে জয় করা তাঁর পক্ষে সহজ হয়নি। তাঁর হৃদয়-অন্তঃপুরে যেমন ভারতবর্ষের বিরাট মূর্তিকে স্থাপন করে নিয়েই তিনি এদেশে এসেছিলেন তেমনি এদেশে এসে তিনিও নিজের স্থান খুঁজেছিলেন এখানকার হৃদয়-অন্তঃপুরে। কলকাতায় এসে তিনি স্বামীজীর নির্দেশে বাঙালী সমাজের অন্তঃপুরে বাগবাজারে নিজের সাধনার আসন পেতেছিলেন। তখনকার দিনের রীতি অনুযায়ী তাঁকে অনেক অনেক বিরোধিতা সহ্য করতে হয়েছে—অধিকাংশ ক্ষেত্রেই সে বিরোধিতা অতি সূক্ষ্ম অথচ যার আঘাতে অন্তর ছিন্নভিন্ন হয়। সে সব আঘাত, সব বিরোধিতা তিনি দিনে দিনে তিলে তিলে সহ্য করেছেন এবং সে সবকে জয় করেছেন। যদি তাঁর অন্তরে অসীম প্রেম না থাকত তাহলে তাঁকে রণে ভঙ্গ দিতে হত। সেই প্রেমই তাঁকে সমাজের অন্তঃপুর থেকে হৃদয়ের অন্তঃপুরে নিয়ে গিয়েছে।

এই প্রেমের জন্যই বিদেশে আমেরিকায় যখন তিনি অর্থ সংগ্রহ অভিযান আরম্ভ করেন তখন সংবাদপত্রে ভারতের বহুবিবাহ, জাতিভেদ, মেয়েদের উপর নানান অবিচার, শিক্ষার অভাব, নানাবিধ কুসংস্কার, গঙ্গাসাগরে শিশু বিসর্জন প্রভৃতি উপলক্ষ্য করে মিশনারীদের প্রচারিত কুৎসার জবাব দিতে তিনি ক্রুদ্ধ ও ক্ষুব্ধ হতেন। কন্যার যেমন জননীর নিন্দা সহ্য হয় না, মা যেমন সন্তানের কুৎসা সহ্য করতে পারেন না তেমনি নিবেদিতার কাছে ভারতবর্ষের কুৎসা অসহ্য ছিল।

তার মন প্রাণ ও প্রীতির অন্তরালে যে ভারতপ্রেম ছিল তাই তাকে আমাদের আপনজন করে দিয়েছিল। স্বামীজী তাকে আশীর্বাদ করে গিয়েছিলেন :

মায়ের হৃদয় আর বীরের দৃঢ়তা,
মলয়-সমীরে যথা স্নিগ্ধ মধুরতা
যে পবিত্র-কান্তি, বীর্য, আর্য-বেদীতলে,
নিত্য রাজে, বাধাহীন দীপ্ত শিখানলে,

এসব তোমার হোক—আরও হোক শত
অতীত জীবনে যাহা ছিল স্বপ্নাতীত;
ভবিষ্যৎ ভারতের সন্তানের তরে
সেবিকা, বান্ধবী, মাতা তুমি একাধারে।

ভারত-সন্তানের সেই একাধারে সেবিকা-বান্ধবী-মাতা, ভগ্নী নিবেদিতাকে তাঁর জন্মশতবর্ষ জয়ন্তীতে প্রণাম নিবেদন করে বলি—আজ শতবর্ষ পরে যে প্রণাম তাঁকে আমরা নিবেদন করছি আরও বহু শতাব্দী পরে সে প্রণাম এমনি অম্লান থাকবে।

''আড়ম্বরহীনতাই ভারতীয় সভ্যতার বৈশিষ্ট্য, আর সভ্যতারও ঐটিই শ্রেষ্ঠ লক্ষণ

# নিবেদিতা শতবর্ষ জন্ম-জয়ন্তীর উদ্বোধন লগ্নে

শুভ ২৮শে অক্টোবর—তখনো রাত্রির অন্ধকার সম্পূর্ণ দূর হয়নি, অরুণোদয়ের পূর্বেই সাড়ে চারটায় শঙ্খঘণ্টা ধ্বনির সঙ্গে সঙ্গে সারদামন্দির-বাসিনীরা মিলিত হলেন আলোকিত ঠাকুর ঘরে। মঙ্গল আরাত্রিক পর সমবেত কণ্ঠে গীত হোল—'অরূপ সায়রে লীলা লহরী উঠিল মৃদুল করুণাবায়'। তারপর নিঃশব্দ চরণে সকলে এসে দাঁড়ালেন বিদ্যালয় ভবনের প্রবেশ পথের সম্মুখে ভগিনী নিবেদিতার নূতন প্রতিকৃতির কাছে। শ্বেতপদ্ম ও রজনীগন্ধায় সুসজ্জিত অতি অপূর্ব ও জীবন্ত প্রতিকৃতির দুই পাশে জ্বলে উঠলো একশত প্রদীপ—মহীয়সী নিবেদিতার আবির্ভাবের শততম দিবসে। ভবনের বহির্ভাগে পূর্বেই উজ্জ্বল হয়ে জ্বলে উঠেছিল আলোকমালা। নহবত থেকে সানাইয়ের সুমধুর সুর প্রত্যূষের আকাশ বাতাস রোমাঞ্চিত করে শুভ জন্মদিনের বার্তা ছড়িয়ে দিল চারিদিকে। সন্ন্যাসিনী, ব্রহ্মচারিণী ও ছাত্রীবৃন্দের সমবেত স্তবস্তোত্র, বেদগানের মধ্যে প্রব্রাজিকা ভারতীপ্রাণা (ভগিনীর ছাত্রী, বর্তমানে শ্রীসারদা মঠের অধ্যক্ষা) কর্পূর-আরতি করে পাদমূলে নিবেদন করলেন অর্ঘ্য। এই মঙ্গল অনুষ্ঠান প্রত্যক্ষ করতে প্রতিবেশীরাও একে একে এসে দাঁড়ালেন ভবনদ্বারের সম্মুখে পথের উপরে।

শ্রীশ্রীঠাকুর ও শ্রীশ্রীমার বিশেষ পূজা হোম ও ভোগরাগ পবিত্র দিনটিকে অধিকতর পবিত্রতামণ্ডিত করে তোলে। সকাল ৭-২৫ মিনিটে সমবেত শঙ্খধ্বনির মধ্যে বিদ্যালয়ের প্রার্থনাগৃহে ছাত্রীদের অনুষ্ঠান আরম্ভ হয়। সুললিত কণ্ঠে মিলিতভাবে বেদধ্বনি, গীতাপাঠ, স্তব, সঙ্গীত, আবৃত্তি ও ভগিনীর জীবনী পাঠ এক ভাবগম্ভীর পরিবেশের সৃষ্টি করে। অনুষ্ঠানের পর একটি বিশেষ হোমাগ্নি প্রজ্বলিত হয়। পূর্ণাহুতির পর সমবেত কণ্ঠে উচ্চারিত হয়:

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

ঐ উপলক্ষ্যে ভগিনী নিবেদিতার বাণীসম্বলিত সুদৃশ্য কাগজের বাক্সে সমাগত সকলকে প্রসাদ বিতরণ করা হয়।

বিকাল পাঁচটায় রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ পরমপূজ্য শ্রীমৎ স্বামী বীরেশ্বরানন্দজী, সহ-অধ্যক্ষ শ্রীমৎস্বামী ওঁঙ্কারানন্দজী সাধারণ সম্পাদক শ্রীমৎস্বামী গম্ভীরানন্দজী এবং অন্যান্য প্রবীণ সন্ন্যাসিগণ ভগিনী নিবেদিতার প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করতে তাঁর বিদ্যালয়ে পদার্পণ করেন। তাঁদের উপস্থিতিতে সার্থক হয়ে ওঠে জন্মদিনের উৎসব।

ভগিনীর এই শুভ আবির্ভাব দিবসে প্রভাত থেকে রাত্রি পর্যন্ত শত শত নরনারী বিদ্যালয়ের প্রাঙ্গণে এসে দাঁড়িয়েছিলেন ভগিনীর প্রতি তাঁদের অন্তরের শ্রদ্ধা নিবেদন করতে। সমগ্র দিন-ব্যাপী যে আনন্দময় পরিবেশের সৃষ্টি হয়েছিল বিদ্যালয়ের ইতিহাসে তা চিরস্মরণীয় হয়ে থাকবে।

সন্ধ্যা ৬টায় মহাজাতি সদনে একটি সাধারণ সভার অধিবেশন হয়। সভাপতির পদ অলঙ্কৃত করেন পরম পূজনীয় শ্রীমৎ স্বামী বীরেশ্বরানন্দজী। বক্তারূপে উপস্থিত ছিলেন জাতীয় অধ্যাপক শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়, অধ্যক্ষা ডঃ রমা চৌধুরী ও অধ্যাপক শ্রীশঙ্করীপ্রসাদ বসু। সাহিত্যিক শ্রীতারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় অসুস্থতার জন্য সভায় উপস্থিত হতে পারেননি। তাঁর লিখিত ভাষণ পাঠ করা হয়।

সভাপতি বরণ, মঙ্গলাচরণ, উদ্বোধন সঙ্গীত ও নিবেদিতা বন্দনার পর উপস্থিত শ্রোতৃবৃন্দকে স্বাগত ভাষণ জানান শ্রীসারদামঠের সাধারণ সম্পাদিকা প্রব্রাজিকা মুক্তিপ্রাণা। নিবেদিতা শতবর্ষ জয়ন্তী আন্তর্বিদ্যালয় আবৃত্তি ও বক্তৃতা প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারিণী চারজন ছাত্রীর আবৃত্তি ও বক্তৃতার পর শতবর্ষ উৎসবের উদ্বোধনী ভাষণ দেন পরম পূজনীয় প্রেসিডেণ্ট মহারাজ। এরপর যথাক্রমে শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়, ডঃ রমা চৌধুরী, শ্রীশঙ্করীপ্রসাদ বসু নিজেদের ভাষণে ভগিনী নিবেদিতার জীবন ও চিন্তাধারার বিভিন্ন দিকের প্রতি আলোকপাত করেন।

নিবেদিতা বিদ্যালয়ের সম্পাদিকা প্রব্রাজিকা শ্রদ্ধাপ্রাণার ধন্যবাদ জ্ঞাপনের পর সভার কাজের সমাপ্তি ঘটে রাত্রি সাড়ে আটটায়। রামকৃষ্ণ মঠ ও মিশনের বহু সন্ন্যাসী উপস্থিত থাকায় সভার গৌরব বিশেষভাবে বর্ধিত হয়।

এই স্মরণীয় সন্ধ্যায় মহাজাতি সদনের বিরাট সভা কক্ষটিতে তিলমাত্র স্থান ছিল না। স্থানাভাবে বহুজনকে দুঃখিত অন্তরে ফিরে যেতে হয়। শ্রোতৃবৃন্দ এসেছিলেন ভগিনীর প্রতি গভীর শ্রদ্ধা অন্তরে বহন করে, তাই কোথাও ছিল না বিশৃঙ্খলা বা কোলাহল। অনেকেই বলেছেন এমন সুশৃঙ্খল ও অভূতপূর্ব জন সমাবেশ কলকাতা শহরে বহুকাল দেখা যায়নি।

ভগিনীর শতবর্ষ জন্ম-জয়ন্তীর শুভলগ্নে আর একটি উল্লেখযোগ্য ঘটনা হোল চারখানি পুস্তকের প্রকাশন: ভগিনীর সম্পূর্ণ রচনাবলীর (Complete Works of Sister Nivedita) ৩য় ভাগ, The Story of Sister Nivedita, Voice of India ও ভারত-তীর্থে নিবেদিতা। প্রব্রাজিকা আত্মপ্রাণা রচিত Sister Nivedita গ্রন্থটির দ্বিতীয় সংস্করণও প্রকাশিত হয়।

"Let us also then, undertake great tasks. Let us be faithful even in little things. A single wheel or screw may be small, even minute, yet a whole machine may turn on it. Let us be responsible, trustworthy. Let our word be our bond."

- *Sister Nivedita*

*With the best compliments of :*

**Hindusthan Construction & Commercial Corporation**

**218A, Chittaranjan Avenue,**
**CALCUTTA-6.**

**Phone : Off. : 34-8105**
**Res. : 55-5736**

**Gram : HINDCONST.**

## THE NIVEDITA GIRLS' SCHOOL

### MANAGING COMMITTEE

*(Appointed by the Governing Body of the Ramakrishna Mission)*

**1929—1933**

| | |
|---|---|
| Swami Virajananda | Secretary |
| Swami Atmabodhananda | Treasurer |

**1934**

| | |
|---|---|
| Swami Virajananda | President |
| ,, Atmabodhananda | Secretary |
| ,, Dayananda | Treasurer |
| ,, Madhavananda | Member |
| ,, Nirvedananda | ,, |

**1935—1937**

| | |
|---|---|
| Swami Madhavananda | President |
| Sri Sanat Kumar Roy Choudhury | Vice-President |
| Swami Atmabodhananda | Secretary |
| ,, Dayananda | Treasurer |
| Sreemati Mira Devi | Member |
| ,, Bani Ghosh | ,, |
| Pandit Dakshina Charan Bhattacharyya | ,, |
| Dr. Shymapada Mukherjee | ,, |

**1938—1940**

| | |
|---|---|
| Swami Madhavananda | President |
| Sri Sanat Kumar Roy Choudhury | Vice-President |
| Swami Nirvedananda | Chief Supervisor |
| ,, Atmabodhananda | Secretary |
| ,, Dayananda | Treasurer |

**Gram : THERMAL (P), CALCUTTA.** **Phone : 44-7551 (4 lines)**

# Steam & Mining Equipment (India) Private Ltd.

**207/B, Park Street,**
**Calcutta-17.**

*Factories at :*

71/, Canal Circular Road,
Calcutta-54.

**Brentford Electric (I) Ltd.**
P25, Transport Depot Road,
Calcutta-27.

*HT & LT Switchgear :*

**11 KV 150 Amps Outdoor Oil Fuse Circuit Breaker**
**11 KV 400 Amps Outdoor Load Break Oil Switch.**
**LT Switchfuse Units up to 800 Amps.**
**LT Switchboards incorporating OCBs and Switchfuses.**
**LT Outdoor type Kiosks.**
**Drop-out Fuses 11, 22 and 33 KV**
**Metering Kiosks 11, 22 and 33 KV**
**Flameproof Air Circuit Breakers up to 200 Amps.**

**Voltage Boosters and Stabilizers up to 11 KV, 2000 KVA.**

**Voltage Regulators for Testing Electroplating, Electrolytic Plant etc.**

**Also**

**Distribution Transformers up to 11 KV 500 KVA in collaboration with Brentford Electric Ltd., U.K.**

*Cable Joint Boxes :*

**11, 22 and 33 KV Outdoor and Indoor types.**
**Trifurcating and Straight Through Boxes.**
**Also Sealing ends for Single Core Cables.**

Also Sole Selling Agents in India for 'Loadmaster' Miniature Circuit Breakers and Distribution Boards for Lighting being manufactured by **M/s. Morarji** Dorman Smith Ltd., Bombay.

*Branches at :* **NEW DELHI - BOMBAY - MADRAS - RANCHI - KANPUR.**
*Also Agents at :* **BANGALORE · COCHIN · JAIPUR · NAGPUR.**

| | |
|---|---|
| Sreemati Bani Ghosh | Asst Secretary |
| ,, Mira Devi | Member |
| Pandit Dakshina Charan Bhattacharyya | ,, |
| Dr. Shyamapada Mukherjee | ,, |

**1940—1942**

| | |
|---|---|
| Sir Hari Sankar Paul | President |
| Sri Sanat Kumar Roy Choudhury | Vice-President |
| Swami Nirvedananda | Chief Supervisor |
| ,, Dayananda | Treasurer |
| ,, Atmabodhananda | Secretary |
| Sreemati Bani Ghosh | Asst. Secretary |
| ,, Mira Devi | Member |
| Dr. Shyamapada Mukherjee | ,, |
| Pandit Dakshina Charan Bhattacharyya | ,, |
| Sri Kshitish Chandra Chakravarty | ,, |

**1942—1944**

| | |
|---|---|
| Sir Hari Sankar Paul | President |
| Sri Sanat Kumar Roy Choudhury | Vice-President |
| Swami Nirvedananda | Chief Supervisor |
| ,, Atmabodhananda | Secretary |
| Sreemati Bani Ghosh | Asst Secretary |
| Swami Dayananda | Treasurer |
| Sreemati Mira Devi | Member |
| ,, Karuna Kana Gupta | ,, |
| Pandit Dakshina Charan Bhattacharyya | ,, |
| Dr. Shyamapada Mukherjee | ,, |
| Sri Kshitish Chandra Chakravarty | ,, |

**1943—1946**

| | |
|---|---|
| Sir Hari Sankar Paul | President |
| Sri Sanat Kumar Roy Choudhury | Vice-President |
| Swami Nirvedananda | Vice-President |
| ,, Bodhatmananda | Secretary |
| Sreemati Bani Ghosh | Asst. Secretary |

*Our homage to*
*Sister Nivedita*
*On her Centenary*
*Birthday Celebration*

SCIENTIFIC SYNDICATE

*MANUFACTURERS, IMPORTERS & COMPLETE LABORATORY FURNISHERS*

172, BEPIN BEHARI GANGULY STREET,
CALCUTTA 12

GRAM SCIENSYN PHONE 34-5166

| | |
|---|---|
| Swami Dayananda | Treasurer |
| Sreemati Mira Devi | Member |
| ,, Karuna Kana Gupta | ,, |
| ,, Renuka Devi | ,, |
| Dr. Shyamapada Mukherjee | ,, |
| Pandit Dakshina Charan Bhattacharyya | ,, |
| Dr. Bhupendra Nath Basu | ,, |
| Brahmachari Gouri Mohan | ,, |

**1948—1949**

| | |
|---|---|
| Rai Bahadur N. C. Ghosh | President |
| Sreemati Manisha Ray | Vice-President |
| Swami Nirvedananda | Vice-President |
| Sreemati Renuka Devi | Secretary |
| ,, Lakshmi Devi | Asst Secretary |
| Swami Santoshananda | Treasurer |
| ,, Gambhirananda | Member |
| ,, Bodhatmananda | ,, |
| ,, Nirmohananda | ,, |
| Dr. Nanda Gopal Mukherjee | ,, |
| Sri Sachin Sen | ,, |
| ,, Ban Behari Basu | ,, |

**1950—1951**

| | |
|---|---|
| Rai Bahadur N. C. Ghosh | President |
| Swami Nirvedananda | Vice-President |
| Sreemati Manisha Ray | Vice-President |
| ,, Renuka Devi | Secretary |
| ,, Lakshmi Devi | Asst. Secretary |
| Swami Santoshananda | Treasurer |
| ,, Gambhirananda | Member |
| ,, Bodhatmananda | ,, |
| ,, Nirmohananda | ,, |
| Sreemati Asha Devi | ,, |
| Dr. Nanda Gopal Mukherjee | ,, |
| Sri Sachin Sen | ,, |
| ,, Ban Behari Basu | ,, |

*With best compliments of :*

# LARSEN & TOUBRO LIMITED

BOMBAY • CALCUTTA • NEW DELHI • MADRAS

**AHMEDABAD · BARODA · BELGAUM · BHOPAL**
**BANGALORE · CHANDIGARH · COIMBATORE**
**DURGAPUR · ERNAKULAM · HYDERABAD**
**TRIVANDRUM · ROURKELA · RAIPUR**
**LUCKNOW · VIZAG**
**G O A**

**1952**

| | |
|---|---|
| Rai Bahadur N. C. Ghosh | President |
| Sreemati Manisha Ray | Vice-President |
| ,, Renuka Devi | Secretary |
| ,, Asha Devi | Treasurer |
| ,, Lakshmi Devi | Asst. Secretary |
| Swami Nirmohananda | Member |
| ,, Santoshananda | ,, |
| Dr. Nanda Gopal Mukherjee | ,, |
| Sri Ban Behari Basu | ,, |
| ,, Sachin Sen | ,, |

**1953—1954**

| | |
|---|---|
| Rai Bahadur N. C. Ghosh | President |
| Sreemati Manisha Ray | Vice-President |
| ,, Renuka Devi | Treasurer |
| ,, Asha Devi | Secretary |
| ,, Lakshmi Devi | Asst. Secretary |
| Swami Santoshananda | Member |
| ,, Nirmohananda | ,, |
| Sreemati Gouri Devi | ,, |
| ,, Bijali Devi | ,, |
| ,, Jaya Devi | ,, |
| Dr. Nanda Gopal Mukherjee | ,, |
| Sri Ban Behari Basu | ,, |

**1955**

| | |
|---|---|
| Rai Bahadur N. C. Ghosh | President |
| Sreemati Manisha Ray | Vice-President |
| Brahmacharini Lakshmi | Secretary |
| Sreemati Suhasini Devi | Asst. Secretary |
| Brahmacharini Gouri | Treasurer |
| Swami Santoshananda | Member |
| Brahmacharini Asha | ,, |
| ,, Renuka | ,, |
| Dr. Nanda Gopal Mukherjee | ,, |

# TO KNOW GOVT.'S ACTIVITIES

***Read***

## WEST BENGAL GOVERNMENT

*News Magazines*

| | | |
|---|---|---|
